মহাভারতম্

জন্মশতবার্ষিক-সংস্করণম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

৪৩

দর্শনাচার্য্য-
শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-
সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণেন
শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া
ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-
বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা-৭০০০০৯

মহাভারতম্

৪৩

আশ্রমবাসিকপৰ্ব্ব

মৌসল পৰ্ব্ব

মহাপ্রস্থানিকপৰ্ব্ব

স্বর্গারোহনপৰ্ব্ব

ভারত সাবিত্রী

প্রকাশকের নিবেদন

'মহাভারতম্' মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীমদ্ হরিদাস সিদ্ধান্তবাগীশ মহাশয়ের তপস্যালব্ধ অমৃতময় ফল। সে আশ্চর্য্য তপশ্চর্য্যার কাহিনী আজ সকলেই জানেন। প্রায় একুশ বছর তিনি ছিলেন 'মহাভারতম্'-এর তপস্যায় মগ্ন—এবং সে একক ও দুশ্চর তপস্যায় তাঁর পাণ্ডিত্য ও প্রজ্ঞার সঙ্গে মিলিত হয়েছিল অসীম ধৈর্য্য, অশেষ নিষ্ঠা ও অলৌকিক আয়াস। ফলে তিনি আমাদের জন্য রেখে গেছেন তাঁর 'মহাভারতম্'—এক আশ্চর্য্য ঐশ্বর্য্য। 'মহাভারতম্'-এর দ্বিতীয় সংস্করণ প্রকাশনার মূলে আছে আমাদের সেই জাতীয় ঐশ্বর্য্য সংরক্ষণের এবং জন্মশতবর্ষপূর্ত্তি উপলক্ষে ঋষি হরিদাসের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করার পুণ্য প্রেরণা ও প্রয়াস। সুধীজনের সানন্দ সমর্থনে আমাদের প্রয়াস সার্থক হোক—এইমাত্র কামনা।

জন্মশতবার্ষিক-সংস্করণম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

আশ্রমবাসিকপর্ব্ব

দর্শনাচার্য্য-

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণেন

শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

বিশ্ববাণী প্রকাশনী

কলিকাতা-৭০০০০৯

নিবেদন

সর্ব্বশক্তিমান্ ভগবানের অনুগ্রহে আশ্রমবাসিকপর্ব্ব প্রকাশিত হইল। এই পর্ব্বটি মহাভারতের পঞ্চদশ পর্ব্ব। ইহা অপেক্ষাকৃত ক্ষুদ্র হইলেও ইহার বৃত্তান্তগুলি অত্যন্ত হৃদয়গ্রাহী, উল্লিখিত মানবচরিত্রের বৈচিত্র্য সকল সম্পূর্ণ স্বাভাবিক এবং মহর্ষি শ্রীকৃষ্ণ-দ্বৈপায়ন-বেদব্যাসের তপস্যার মহিমা বা যোগপ্রভাব যোগদর্শনানুমোদিত, অত্যাশ্চর্য্য এবং সর্ব্বথা বিশ্বাসযোগ্য।

এস্থলে ইহা উল্লেখযোগ্য যে, বৈশম্পায়নের মুখে পূর্ব্বোক্ত কাহিনী শুনিয়াও জনমেজয় বিশ্বাস করিতে চাহেন নাই যে, বেদব্যাসের যোগলব্ধক্ষমতা-নিবন্ধন ধৃতরাষ্ট্র, যুধিষ্ঠির-প্রভৃতির সম্মুখে গঙ্গাগর্ভ হইতে কুরুক্ষেত্রে নিহত বীরগণ পুনরায় আবির্ভূত হইয়া জীবিত-গণের সহিত সম্মেলন করিয়াছিলেন এবং পরে স্ব স্ব লোকে প্রস্থান করিয়াছিলেন, কিন্তু জনমেজয়ের ইচ্ছানুসারে যখন সর্পসত্রযজ্ঞে সদস্যরূপে নিরত বেদব্যাস জনমেজয়ের পর-লোকগত পিতা পরীক্ষিতকে আনয়ন করিয়া জনমেজয়কে দর্শন করাইলেন, তখন জনমেজয় যোগপ্রভাব দর্শন করিয়া আনন্দে ও বিস্ময়ে অভিভূত হইলেন।

বর্ত্তমান কালে তপস্বী বা সাধক আমাদের সম্মুখে নাই। তৈলঙ্গস্বামী, ভাস্করানন্দস্বামী এবং শ্রীরামকৃষ্ণদেবও দেহরক্ষা করাইয়াছেন। হায়! অবিশ্বাসিগণকে বিশ্বাস করাইবার জন্য আজ আমাদের সম্মুখে কলির প্রভাবে যোগী বা তপস্বীর একান্ত অভাব—ইহাই সর্ব্বাপেক্ষা দুঃখ ও পরিতাপের বিষয়। ইতি—

কলিকাতা, ইণ্টালী, ৪১ নং দেব লেন,
১৭ই মাঘ, ১৩৬৫ সাল।

শ্রীহরিদাসদেবশর্ম্মা।

পাঠক্রমে মহাভারতের বৃহৎ সূচীপত্র।

—ঃ*ঃ—

আশ্রমবাসিকপর্ব্ব

—ঃ০ঃ—

আশ্রমবাসিকপর্ব্বের সূচীপত্র সমাপ্ত ॥০॥

—:০:—

আশ্রমবাসিকপর্ব্বের উপপর্ব্ব

—০—

আশ্রমবাসিকপর্ব্বের অধ্যায় ও শ্লোকসংখ্যা।

—ঃ*ঃ—

মহর্ষি বেদব্যাস আদিপর্ব্বের দ্বিতীয় অধ্যায়ে আশ্রমবাসিকপর্ব্বের অধ্যায় ও শ্লোকসংখ্যা গণনা করিয়া লিখিয়া গিয়াছেন—

"এতদাশ্রমবাসাখ্যং পর্ব্বোক্তং সুমহাদ্ভুতম্।
দ্বিচত্বারিংশদধ্যায়াঃ পর্ব্বৈতদভিসংখ্যয়া ॥৩৫২॥
সহস্রমেকং শ্লোকানাং পঞ্চশ্লোকশতানি চ।
ষড়েব চ তথা শ্লোকাঃ সংখ্যাতাস্তত্ত্বদর্শিনা ॥৩৫৩॥"

অর্থাৎ মহর্ষি বেদব্যাস আশ্রমবাসিকপর্ব্বে ৪২টি অধ্যায় এবং ১১১১টি শ্লোক বলিয়াছেন।

পাঠকমহোদয়গণ! নিম্নলিখিত তালিকাটি দেখিলে জানিতে পারিবেন যে, এই আশ্রমবাসিকপর্ব্বে উক্ত অধ্যায় ও শ্লোকসংখ্যার সম্পূর্ণ মিল রহিয়াছে।

অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা
১	২৭	১৫	১৫	২৯	৩৭
২	১৩	১৬	১৮	৩০	২৬
৩	১৭	১৭	১৩	৩১	২৫
৪	৪৩	১৮	৩২	৩২	৫৫
৫	৪৭	১৯	২১	৩৩	২৪
৬	২২	২০	২৫	৩৪	১৫
৭	৪৭	২১	১৮	৩৫	২১
৮	২১	২২	২২	৩৬	৩৫
৯	২৩	২৩	১৬	৩৭	১৮
১০	২৩	২৪	১৬	৩৮	১৮
১১	২১	২৫	২৬	৩৯	৫৩
১২	৫৪	২৬	১৮	৪০	৪৫
১৩	২৫	২৭	২০	৪১	২১
১৪	১৩	২৮	১৯	৪২	৩৩
	৩৯৬		২৭৯		৪৩৬

একুন = ৩৯৬ + ২৭৯ + ৪৩৬ = ১১১১

আশ্রমবাসিকপর্ব্ব

(১। আশ্রমবাস পর্ব্ব)

প্রথমোঽধ্যায়ঃ।

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীঞ্চৈব ততো জয়মুদীরয়েৎ ॥

জনমেজয় উবাচ।

প্রাপ্য পৈতামহং রাজ্যং মম পূর্ব্বপিতামহাঃ।
কথমাসন্ মহারাজে ধৃতরাষ্ট্রে মহাত্মনি ॥১॥

ভারতকৌমুদী

নমো গণেশায়।

অহো মহাকাল। মদীয়কালঃ ক্রমাৎ ক্ষয়ং যাতি সমেতি কালঃ।
লভে ন কালং ভবদর্চ্চনায়ৈ নিরুদ্ধি কালং কলয়া দয়ায়াঃ ॥১॥
সমাগতেঽত্রাশ্রমবাসকালে পর্ব্বণ্যমুত্রাশ্রমবাসনাম্নি।
কর্ত্তুং প্রবৃত্তস্য সহায়বাদাং টীকাং সহায়ো ভব মে ভব! ক্ষম্ ॥২॥

অথ প্রাগস্থচিতমপি জিজ্ঞাসুনা জনমেজয়েন পৃচ্ছতা সূচ্যমানমাশ্রমবাসিকপর্ব্বারভতে জনমেজয় উবাচ। প্রাপ্যেতি। মম পূর্ব্বপিতামহাঃ প্রপিতামহপর্য্যায়গতা যুধিষ্ঠিরাদয়ঃ পাণ্ডবাঃ, পৈতামহং রাজ্যং যুদ্ধজয়েন প্রাপ্য, মহাত্মনি তদানীং প্রশস্তচিত্তে মহারাজে ধৃতরাষ্ট্রে বিষয়ে, কথং কাদৃশাঃ কীদৃগ্ব্যবহারাঃ, আসন্ ॥১॥

জনমেজয় বলিলেন—'আমার প্রপিতামহ যুধিষ্ঠিরপ্রভৃতি পাণ্ডবগণ পৈতৃক রাজ্য লাভ করিয়া মহাত্মা মহারাজ ধৃতরাষ্ট্রের প্রতি কি প্রকার ব্যবহার করিতেন? ॥১॥

---

(১)…পাণ্ডবা মে পিতামহাঃ—পি বঙ্গ বর্দ্ধ।

স তু রাজা হতামাত্যো হতপুত্রো নিরাশ্রয়ঃ।
কথমাসীদ্ধতৈশ্বর্য্যো গান্ধারী চ তপস্বিনী ॥২॥
কিয়ন্তং চৈব কালং তে মম পূর্ব্বপিতামহাঃ।
স্থিতা রাজ্যে মহাত্মানস্তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥৩॥

বৈশম্পায়ন উবাচ।

প্রাপ্য রাজ্যং মহাত্মানঃ পাণ্ডবা হতশত্রবঃ।
ধৃতরাষ্ট্রং পুরস্কৃত্য পৃথিবীং পর্য্যপালয়ন্ ॥৪॥

ভারতকৌমুদী

স ইতি। স ধৃতরাষ্ট্রঃ। কথং কীদৃশঃ পাণ্ডবান্ প্রতি কীদৃগ্ ব্যবহার আসীৎ, হতৈশ্বর্য্যো বিনষ্টসম্পৎ, তপস্বিনী পুত্রশোকার্ত্ততয়া শোচ্যা ॥২॥

কিয়ন্তমিতি। ব্যাখ্যাতুং বিশেষেণ বক্তুম্ ॥৩॥

প্রাপ্যেতি। হতাঃ শত্রবো যৈস্তে। পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য সর্বেষেব কার্য্যেষু ধৃতরাষ্ট্রস্যানুমতিং গৃহীত্বেত্যর্থঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

শ্রীগণেশায় নমঃ।

শ্রীনারায়ণলক্ষ্মণৌ গুরুপদং ধীরেশগঙ্গাধরৌ
গোপালং চ নিধায় চেতসি শিবং চিন্তামণিং চাদদৎ।
পর্ব্বস্বাশ্রমবাসিকাদিষু চতুর্ষ্বারভ্যতে ভারতে
পূর্ব্বাচার্য্যমতানুগেন বিদুষা ভাবপ্রদীপোঽদ্ভুতঃ ॥

পূর্ব্বত্র অঙ্গোপাঙ্গসহিতা ব্রহ্মবিদ্যা সমাপিতা, তত্র সর্ব্বভোগত্যাগপূর্ব্বকং শমাদ্যুপসম্পত্তির্বনবাসিনামেব ভবতীতি ধৃতরাষ্ট্রাদ্যাচারপ্রদর্শনেন সূচয়ংস্ততোঽধিগন্তব্যং জগজ্জীবেশ্বরতত্ত্বং চাশ্চর্য্যপ্রদর্শনব্যাজেন প্রতিপাদয়িষ্যন্ উত্তরগ্রন্থমারভতে—প্রাপ্য রাজ্যং মহাত্মান ইতি ॥১—৪॥

আবার শত পুত্র, অমাত্যবর্গ ও সমস্ত সম্পত্তি বিনষ্ট হওয়ায় নিরাশ্রয় হইয়া সেই রাজা ধৃতরাষ্ট্র এবং শোচনীয়া গান্ধারীই বা পাণ্ডবগণের প্রতি কি প্রকার ব্যবহার করিতেন? ॥২॥

মহর্ষি! আমার সেই মহাত্মা প্রপিতামহেরা 'কত কাল রাজ্যে ছিলেন, তাহা আপনি আমার নিকট বলুন' ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! শত্রুগণ বিনষ্ট হইলে মহাত্মা পাণ্ডবেরা রাজত্ব পাইয়া ধৃতরাষ্ট্রকে অগ্রবর্ত্তী করিয়া পৃথিবী পালন করিতে লাগিলেন ॥৪॥

---

(২) ..গান্ধারী চ যশস্বিনী—পি বঙ্গ বর্দ্ধ।

ধৃতরাষ্ট্রমুপাতিষ্ঠদ্বিদুরঃ সঞ্জয়স্তথা।
বৈশ্যাপুত্রশ্চ মেধাবী যুযুৎসুঃ কুরুসত্তম! ॥৫॥
পাণ্ডবাঃ সর্ব্বকার্য্যেষু পর্য্যপৃচ্ছন্ত তং নৃপম্।
চক্রুস্তেনাভ্যনুজ্ঞাতা বর্ষাণি দশ পঞ্চ চ ॥৬॥
সদা হি গত্বা তে বীরাঃ পর্য্যুপাসত তং নৃপম্।
পাদাভিবাদনং কৃত্বা ধর্ম্মরাজমতে স্থিতাঃ ॥৭॥
তে মূর্দ্ধ্নি সমুপাঘ্রাতাঃ সর্ব্বকার্য্যাণি চক্রিরে।
কুন্তিভোজসুতা চৈব গান্ধারীমন্ববর্ত্তত ॥৮॥
দ্রৌপদী চ সুভদ্রা চ যাশ্চান্যাঃ পাণ্ডবস্ত্রিয়ঃ।
সমাং বৃত্তিমবর্ত্তন্ত তযোঃ শ্বশ্ব্রো[১]র্যথাবিধি ॥৯॥
শয়নানি মহার্হাণি বাসাংস্যাভরণানি চ।
রাজার্হাণি চ সর্ব্বাণি ভক্ষ্যভোজ্যান্যনেকশঃ ॥১০॥

ভারতকৌমুদী

ধৃতেতি। উপাতিষ্ঠৎ উপাসকভাবেনোপস্থিত আসীৎ। মেধাবী বুদ্ধিমান্ ॥৫॥
পাণ্ডবা ইতি। তং ধৃতরাষ্ট্রম্। তেন ধৃতরাষ্ট্রেণ ॥৬॥
সদেতি। তে ভীমাদয়শ্চত্বারঃ, তং ধৃতরাষ্ট্রম্ ॥৭॥
ত ইতি। তে পাণ্ডবাঃ, সমুপাঘ্রাতা ধৃতরাষ্ট্রেণ। কুন্তিভোজসুতা পৃথা ॥৮॥
দ্রৌপদীতি। সমাং তুল্যাম্, বৃত্তিং ব্যবহারমাশ্রিত্যেতি শেষঃ, তয়োঃ কুন্তীগান্ধার্য্যোঃ ॥৯॥

কৌরবশ্রেষ্ঠ! বিদুর, সঞ্জয় এবং বৈশ্যাপুত্র বুদ্ধিমান্ যুযুৎসু বিনয়-নম্রভাবে সর্ব্বদাই ধৃতরাষ্ট্রের নিকট উপস্থিত থাকিতেন ॥৫॥

পাণ্ডবেরা পনের বৎসর যাবৎ ধৃতরাষ্ট্রের নিকট সমস্ত কার্য্যের বিষয়ই জিজ্ঞাসা করিতেন এবং ধৃতরাষ্ট্রের অনুমতিক্রমে তাঁহারা সকল কার্য্য করিতেন ॥৬॥

যুধিষ্ঠিরের মতানুবর্ত্তী ভীমসেনপ্রভৃতি সেই বীরগণ যাইয়া নমস্কার করিয়া সর্ব্বদাই ধৃতরাষ্ট্রের সেবা করিতেন ॥৭॥

তখন ধৃতরাষ্ট্র তাঁহাদের মস্তকাঘ্রাণ করিলে তাঁহারা সমস্ত কার্য্য করিতেন এবং কুন্তী গান্ধারীর অনুসরণ করিয়া চলিতেন ॥৮॥

দ্রৌপদী, সুভদ্রা এবং পাণ্ডবগণের অন্যান্য ভার্য্যাগণ যথাবিধানে সেই শ্বশ্রূদ্বয়ের প্রতি সমান ব্যবহারই করিতেন ॥৯॥

---

(১) সতাং বৃত্তিমবর্ত্তন্ত...পি বঙ্গ বর্দ্ধ।

যুধিষ্ঠিরো মহারাজ ! ধৃতরাষ্ট্রেঽভ্যুপাহরৎ ।
তথৈব কুন্তী গান্ধার্য্যাং গুরুবৃত্তিমবর্ত্তত ॥১১॥ (যুগ্মকম্)
বিদুরঃ সঞ্জয়শ্চৈব যুযুৎসুশ্চৈব কৌরব ! ।
উপাসতে স্ম তং বৃদ্ধং হতপুত্রং জনাধিপম্ ॥১২॥
শ্যালো দ্রোণস্য যশ্চাসীদ্দয়িতো ব্রাহ্মণো মহান্ ।
স চ তস্মিন্ মহেষ্বাসঃ কৃপঃ সমভবত্তদা ॥১৩॥
ব্যাসশ্চ ভগবান্ নিত্যমাসাঞ্চক্রে নৃপেণ হ ।
কথাঃ কুর্ব্বন্ পুরাণর্ষির্দেবর্ষিপিতৃরক্ষসাম্ ॥১৪॥
ধর্ম্মযুক্তানি কার্য্যাণি ব্যবহারান্বিতানি চ ।
ধৃতরাষ্ট্রাভ্যনুজ্ঞাতো বিদুরস্তান্যকারয়ৎ ॥১৫॥

ভারতকৌমুদী

শয়নানীতি । শয়নানি শয্যাঃ, মহার্হাণি মহামূল্যানি । রাজার্হাণি রাজযোগ্যানি । অভ্যুপাহরৎ অদদাৎ । গুরুবৃত্তিং গুরাবিব ব্যবহারমাশ্রিত্য ॥১০—১১॥

বিদুর ইতি । উপাসতে সেবন্তে তদীয়শোকলাঘবার্থমিতি ভাবঃ ॥১২॥

শ্যাল ইতি । দয়িতঃ প্রিয়ঃ । মহান্ ইষ্বাসো ধনুর্যস্য সঃ, সমভবৎ সর্বদা সন্নিহিত ইতি শেষঃ ॥১৩॥

ব্যাস ইতি । আসাঞ্চক্রে উপবিবেশ, নৃপেণ ধৃতরাষ্ট্রেণ সহ ॥১৪॥

ধর্ম্মেতি । ব্যবহারান্বিতানি লোকাচারসিদ্ধানি ॥১৫॥

ভারতভাবদীপঃ

উপাতিষ্ঠদারাধিতবান্ ॥৫—১২॥ তস্মিন্ ধৃতরাষ্ট্রে সমভবত্তন্নিকটে অভবৎ ॥১৩—১৮॥

মহারাজ ! যুধিষ্ঠির ধৃতরাষ্ট্রকে মহামূল্য শয্যা, বস্ত্র, অলঙ্কার এবং রাজার যোগ্য সর্ব্বপ্রকার অনেক খাদ্য ও পেয় দান করিতেন। সেইরূপ কুন্তীও গান্ধারীর প্রতি গুরুজনের ন্যায় ব্যবহার করিয়া চলিতেন ॥১০—১১॥

কৌরবনন্দন ! বিদুর, সঞ্জয় ও যুযুৎসু হতপুত্র ও বৃদ্ধ সেই রাজা ধৃতরাষ্ট্রের সর্ব্বদা সেবা করিতেন ॥১২॥

যিনি দ্রোণাচার্য্যের প্রিয় শ্যালক, সেই প্রশস্তহৃদয় ও মহাধনুর্দ্ধর ব্রাহ্মণ কৃপাচার্য্য সর্ব্বদা ধৃতরাষ্ট্রের নিকটে থাকিতেন ॥১৩॥

প্রাচীন ঋষি ভগবান্ বেদব্যাস সর্ব্বদা দেবগণ, ঋষিগণ, পিতৃগণ ও রাক্ষসগণের উপাখ্যান বলিতে থাকিয়া ধৃতরাষ্ট্রের সহিত এক স্থানে উপবিষ্ট থাকিতেন ॥১৪॥

বিদুর ধৃতরাষ্ট্রের অনুমতিক্রমে তাঁহার ধর্ম্মকার্য্য ও লৌকিক কার্য্য সকল করাইতেন ॥১৫॥

সামন্তেভ্যঃ প্রিয়াণ্যস্য কার্য্যাণি সুবহূন্যপি।
প্রাপ্যন্তেঽর্থৈঃ সুলঘুভিঃ সুনয়াদ্‌বিদুরস্য বৈ ॥১৬॥
অকরোদ্বন্ধমোক্ষঞ্চ বধ্যানাং মোক্ষণং তথা।
ন চ ধর্ম্মসুতো রাজা কদাচিৎ কিঞ্চিদব্রবীৎ ॥১৭॥
বিহারযাত্রাসু পুনঃ কুরুরাজো যুধিষ্ঠিরঃ।
সর্ব্বান্ কামানুপস্থাপ্য ধৃতরাষ্ট্রে ন্যবেদয়ৎ ॥১৮॥
আরালিকাঃ সূপকারা রাগখাণ্ডবিকাস্তথা।
উপাতিষ্ঠন্ত রাজানং ধৃতরাষ্ট্রং যথা পুরা ॥১৯॥

ভারতকৌমুদী

সামন্তেভ্য ইতি। সামন্তেভ্যঃ অধীনভূস্বামিভ্যঃ, অস্য ধৃতরাষ্ট্রস্য। প্রাপ্যন্তে সম্পাদ্যন্তে স্ম,সুলঘুভিরতিমনোহরৈঃ অর্থৈঃ দ্রব্যৈঃ সহ সুনয়াৎ নীতিকৌশলাৎ ॥১৬॥

অকরোদিতি। ধৃতরাষ্ট্রো বদ্ধানাং মোক্ষং মুক্তিম্, তথা বধ্যানাং সর্ব্বথা মোক্ষণমকরোৎ ॥১৭॥

বিহারেতি। বিহারযাত্রাসু আমোদপ্রয়াণেষু। কামান্ অভীষ্টান্ ॥১৮॥

আরালিকা ইতি। আরালিকাঃ খাদ্যবিশেষনির্ম্মাতারঃ, সূপকারাঃ সাধারণপাচকাঃ, রাগখাণ্ডবিকা বহুবস্তুমিশ্রিতখাদ্যকারকাঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

আরালিকাঃ অরয়া শস্ত্রবিশেষেণ লূনং ছিন্নং শাকাদি আরালু তৎ সংস্কুর্ব্বন্তি তে আরালিকাঃ শাকবিশেষকর্ত্তারঃ। রাগখাণ্ডবং পিপ্পলীশুণ্ঠীশর্করোপেতো মুদ্গযূষস্তং

বিদুরের নীতিকৌশলে অধীন ভূস্বামিগণের নিকট হইতে ধৃতরাষ্ট্রের নিকট সুন্দর সুন্দর দ্রব্য উপহার আসিত এবং তাঁহার প্রিয় বহুতর কার্য্য সম্পন্ন হইত ॥১৬॥

ধৃতরাষ্ট্র নিজের ইচ্ছানুসারে কারাবদ্ধদিগের মুক্তি এবং বধ্যগণের মোচন করিতেন। তাহাতে যুধিষ্ঠির কখন কিছু বলিতেন না ॥১৭॥

আবার কুরুরাজ যুধিষ্ঠির বিহারযাত্রার সময়ে সমস্ত অভীষ্ট বস্তু উপস্থিত করাইয়া তাহা ধৃতরাষ্ট্রকে জানাইতেন ॥১৮॥

মোদকনির্ম্মাতা, সাধারণ পাচক ও বহু বস্তুমিশ্রিত খাদ্যদ্রব্যনির্ম্মাতারা পূর্ব্বের ন্যায় রাজা ধৃতরাষ্ট্রের নিকট উপস্থিত থাকিত ॥১৯॥

---

(১৮) সর্ব্বান্ কামান্মহাতেজাঃ প্রদদাবম্বিকাসুতে—পি বঙ্গ বর্দ্ধ।

বাসাংসি চ মহার্হাণি মাল্যানি বিবিধানি চ।
উপাজহ্রুর্যথাকালং ধৃতরাষ্ট্রস্য পাণ্ডবাঃ ॥২০॥
মৈরেয়মৎস্যমাংসানি পানকানি মধূনি চ।
চিত্রান্ ভক্ষবিকারাংশ্চ চক্রুস্তস্য যথা পুরা ॥২১॥
যে চাপি পৃথিবীপালাঃ সমাজগ্মুস্ততস্ততঃ।
উপাতিষ্ঠন্ত তে সর্ব্বে কৌরবেন্দ্রং যথা পুরা ॥২২॥
কুন্তী চ দ্রৌপদী চৈব সাত্বতী চ যশস্বিনী।
উলূপী নাগকন্যা চ দেবী চিত্রাঙ্গদা তথা ॥২৩॥
ধৃষ্টকেতোশ্চ ভগিনী জরাসন্ধসুতা তথা।
এতাশ্চান্যাশ্চ বহ্ব্যো বৈ যোষিতঃ পুরুষর্ষভ ।।
কিঙ্করাঃ পর্য্যুপাতিষ্ঠন্ সর্ব্বাঃ সুবলজাং তথা ॥২৪॥ (যুগ্মকম্)
যথা পুত্রবিযুক্তোঽয়ং ন কিঞ্চিদ্দুঃখমাপ্নুযাৎ।
ইতি তানন্বশাদ্‌ভ্রাতৄন্নিত্যমেব যুধিষ্ঠিরঃ ॥২৫॥

ভারতকৌমুদী

বাসাংসীতি। মহার্হাণি মহামূল্যানি। উপাজহ্রুর্ভোগার্থম্ ॥২০॥

মৈরেয়েতি। মৈরেয়ং মদ্যবিশেষঃ, পানকানি পানীয়ানি ॥২১॥

য ইতি। উপাতিষ্ঠন্ত উপাসত, কৌরবেন্দ্রং ধৃতরাষ্ট্রম্ ॥২২॥

কুন্তীতি। সাত্বতী সাত্বতবংশজাতা সুভদ্রা, কিঙ্করা ভৃত্যা ইব, সুবলজাং গান্ধারীম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩—২৪॥

যথেতি। পুত্রৈর্বিযুক্তো বিচ্ছিন্নঃ অয়ং ধৃতরাষ্ট্রঃ। অন্বশাদুপদিষ্টবান্ ॥২৫॥

পাণ্ডবেরা যথাকালে ধৃতরাষ্ট্রকে মহামূল্য বস্ত্র ও নানাবিধ মাল্য উপহার দিতেন ॥২০॥

তাঁহারা পূর্ব্বের ন্যায় ধৃতরাষ্ট্রের জন্য মৈরেয় (মদ্যবিশেষ) মৎস্য, মাংস, পানীয়, মধু ও বিচিত্র খাদ্য প্রস্তুত করিয়া দিতেন ॥২১॥

যে সকল রাজা নানা স্থান হইতে আসিতেন, তাঁহারা সকলেও পূর্ব্বের ন্যায় ধৃতরাষ্ট্রের উপাসনা করিতেন ॥২২॥

নরশ্রেষ্ঠ! কুন্তী, দ্রৌপদী, যশস্বিনী সুভদ্রা, নাগকন্যা উলূপী, চিত্রাঙ্গদা, ধৃষ্টকেতুর ভগিনী ও জরাসন্ধের তনয়া—ইঁহারা এবং অন্যান্য বহুতর মহিলা সকলেই দাসীদিগের ন্যায় গান্ধারীর সেবা করিতেন ॥২৩—২৪॥

পুত্রবিহীন ধৃতরাষ্ট্র যাহাতে কোন দুঃখ না পান, এই জন্য যুধিষ্ঠির সর্ব্বদাই সেই ভ্রাতৃগণকে উপদেশ দিতেন ॥২৫॥

---

(২০) উপাজহর্যথান্যায়ং—বঙ্গ বর্দ্ধ।

এবং তে ধর্ম্মরাজস্য শ্রুত্বা বচনমর্থবৎ।
সবিশেষমবর্ত্তন্ত ভীমমেকং তদা বিনা ॥২৬॥
ন হি তত্তস্য বীরস্য হৃদয়াদপসর্পতি।
ধৃতরাষ্ট্রস্য দুর্বুদ্ধ্যা যদ্‌বৃত্তং দ্যূতকারিতম্ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিকপর্ব্বণি আশ্রমবাসে যুধিষ্ঠিররাজ্যপালনে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

এবং সম্পূজিতো রাজা পাণ্ডবৈরম্বিকাসুতঃ।
বিজহার যথাপূর্ব্বমৃষিভিঃ পর্য্যুপাসিতঃ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। অর্থবৎ যুক্তিযুক্তম্। সবিশেষং সাতিরেকম্, একং ভীমং বিনা তস্য তু দুঃখভোগাতিরেকেণ ধৃতরাষ্ট্রং প্রতি দ্বেষাতিরেকস্য চিরস্থিরত্বাদিত্যাশয়ঃ ॥২৬॥

উক্তভাবার্থমেব স্পষ্টমাহ নেতি। তস্য ভীমস্য। দ্যূতেন কারিতং সম্পাদিতম্ ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য—শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

—০—

এবমিতি। সম্পূজিতঃ শুশ্রূষাদিভিঃ সন্তোষিতঃ, অম্বিকাসুতো ধৃতরাষ্ট্রঃ ॥১॥

ভারতভাবদীপঃ

কর্ণ্যারো রাগখাণ্ডবিকাঃ ॥১৯-২৪॥ অবশাদহৃ শিক্ষিতবান্ ॥২৫—২৭॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিকপর্ব্বণি আশ্রমবাসে প্রথমোঽধ্যায়ঃ ॥১॥

এবং এক ভীম ব্যতীত সেই ভ্রাতারাও ধর্ম্মরাজের যুক্তিযুক্ত বাক্য শুনিয়া ধৃতরাষ্ট্রের বিষয়ে যুধিষ্ঠিরোক্ত অপেক্ষাও বিশেষভাবে চলিতেন ॥২৬॥

কারণ, ধৃতরাষ্ট্রের দুর্বুদ্ধিবশতঃ দ্যূতসভায় যাহা ঘটিয়াছিল, তাহা মহাবীর ভীমের হৃদয় হইতে অপসৃত হয় নাই ॥২৭॥

—০—

বৈশম্পায়ন বলিলেন—পাণ্ডবেরা এইভাবে সন্তুষ্ট করিতে থাকিলে এবং ঋষিরা আসিয়া সান্ত্বনার ব্যবহার করিতে লাগিলে, রাজা ধৃতরাষ্ট্র পূর্ব্বের ন্যায় আমোদ করিতেন ॥১॥

ব্রহ্মদেয়াগ্রহারাংশ্চ প্রদদৌ স কুরূদ্বহঃ।
তচ্চ কুন্তীসুতো রাজা সর্ব্বমেবাভ্যমোদত ॥২॥
আনৃশংস্যপরো রাজা প্রীয়মাণো যুধিষ্ঠিরঃ।
উবাচ স তদা ভ্রাতৄন্ সামাত্যাংশ্চ মহীপতিঃ।
ময়া চৈব ভবদ্ভিশ্চ মান্য এষ নরাধিপঃ ॥৩॥
নিদেশে ধৃতরাষ্ট্রস্য যস্তিষ্ঠতি স মে সুহৃৎ।
বিপরীতশ্চ মে শত্রুর্নিয়ম্যশ্চ ভবেন্নরঃ ॥৪॥
পরিবৃত্তেষু চাহঃসু পুত্রাণাং শ্রাদ্ধকর্ম্মণি।
দদৌ চ রাজা বিত্তানি যাবদস্য চিকীর্ষিতম্ ॥৫॥
অতঃ স রাজা কৌরব্যো ধৃতরাষ্ট্রো মহামনাঃ।
ব্রাহ্মণেভ্যো যথার্হেভ্যো দদৌ বিত্তান্যনেকশঃ ॥৬॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। ব্রহ্মেভ্যো ব্রাহ্মণেভ্যো দেয়া যে অগ্রহারা দ্রব্যাণাম্ অগ্রভাগাস্তান্, স ধৃতরাষ্ট্রঃ ॥২॥

আনৃশংস্যেতি। আনৃশংস্যপরঃ কৃপাপরায়ণঃ। এষ ধৃতরাষ্ট্রঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩॥

নিদেশ ইতি। নিদেশে আদেশে। নিয়ম্যো দণ্ডনীয়ঃ ॥৪॥

পরীতি। পরিবৃত্তেষু গচ্ছৎসু, শ্রাদ্ধকর্ম্মণি প্রাপ্তে। চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্, তচ্চ চকারেতি শেষঃ ॥৫॥

তত ইতি। যথার্হেভ্যো যোগ্যেভ্যঃ, বিত্তানি ধনানি ॥৬॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—৪॥ পিতৃবৃত্তেষু পিতা বৃত্তঃ প্রমিতো যেষু তেষু ক্ষয়াহেষু ॥৫—৩০॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিকপর্ব্বণি
আশ্রমবাসে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥২॥

কৌরবশ্রেষ্ঠ ধৃতরাষ্ট্র ব্রাহ্মণগণকে দাতব্য সমস্ত দ্রব্যের অগ্রভাগ দান করিতেন এবং রাজা যুধিষ্ঠির সে সমস্তই অনুমোদন করিতেন ॥২॥

দয়াপরায়ণ রাজা যুধিষ্ঠির তখন সন্তুষ্ট হইয়া অমাত্যগণের সহিত ভ্রাতৃগণকে বলিতেন—'আমার ও আপনাদের এই রাজা মাননীয় ॥৩॥

সুতরাং যিনি ইঁহার আদেশে থাকিবেন, তিনিই আমার সুহৃদ্ হইবেন, আর যে ইঁহার আদেশ অগ্রাহ্য করিবে সে আমার শত্রু ও দণ্ডনীয় হইবে' ॥৪॥

এইভাবে দিন যাইতে থাকিলে পুত্রকর্ত্তব্য শ্রাদ্ধকার্য্য উপস্থিত হইলে, রাজার যত দূর ইচ্ছা, তিনি তত দূর কার্য্য করিতেন এবং ধনদান করিতেন ॥৫॥

তাহার পর মহামনা কৌরবনন্দন রাজা ধৃতরাষ্ট্র যোগ্য ব্রাহ্মণগণকে প্রচুর ধন বিতরণ করিতেন ॥৬॥

---

(২)···সর্ব্বমেবাম্বপদ্যত—বঙ্গ বর্দ্ধ। (৫) পিতৃবৃত্তেষু চাহঃসু—পি বঙ্গ বর্দ্ধ।

ধর্ম্মরাজশ্চ ভীমশ্চ সব্যসাচী যমাবপি।
তৎসর্ব্বমন্ববর্ত্তন্ত তস্য প্রিয়চিকীর্ষয়া ॥৭॥
কথং নু রাজা বৃদ্ধঃ স পুত্রপৌত্রবধার্দ্দিতঃ।
শোকমস্মৎকৃতং প্রাপ্য ন ম্রিয়েতেতি চিন্ত্যতে ॥৮॥
যাবদ্ধি কুরুবীরস্য জীবৎপুত্রস্য বৈ সুখম্।
তাবৎ সুখমবাপ্নোতি ভোগাংশ্চৈব ব্যবস্থিতান্ ॥৯॥
ততস্তে সহিতাঃ পঞ্চ ভ্রাতরঃ পাণ্ডুনন্দনাঃ।
তথাশীলাঃ সমাতস্থুর্ধৃতরাষ্ট্রস্য শাসনে ॥১০॥
ধৃতরাষ্ট্রশ্চ তান্ সর্ব্বান্ বিনীতান্নিয়মে স্থিতান্।
শিষ্যবৃত্তিং সমাপন্নান্ গুরুবৎ প্রত্যপদ্যত ॥১১॥

ভারতকৌমুদী

ধর্ম্মেতি। সব্যসাচী অর্জ্জুনঃ, যমৌ নকুলসহদেবৌ। অন্ববর্ত্তন্ত অন্বমোদন্ত ॥৭॥

কথমিতি। অস্মাভিঃ কৃতং তেষাং পুত্রপৌত্রাদীনাং হননাদিত্যাশয়ঃ, চিন্ত্যতে স্ম পাণ্ডবৈঃ ॥৮॥

যাবদিতি। কুরুবীরস্য ধৃতরাষ্ট্রস্য। ব্যবস্থিতান্ পাণ্ডবৈঃ ॥৯॥

তত ইতি। তথাশীলাঃ সৎস্বভাবাঃ, শাসনে আদেশে ॥১০॥

ধৃতেতি। নিয়মে যোগ্যব্যবহারে। প্রত্যপদ্যত ব্যবহারেণ প্রাপ্নোৎ ॥১১॥

যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব ধৃতরাষ্ট্রের প্রিয় কার্য্য করিবার ইচ্ছায় তাঁহার সমস্ত কার্য্যেরই অনুমোদন করিতেন ॥৭॥

তৎকালে পাণ্ডবেরা এইরূপ চিন্তা করিতেন যে, পুত্রপৌত্র-বধে পীড়িত এবং বৃদ্ধ রাজা ধৃতরাষ্ট্র আমাদের কৃত শোক পাইয়া মৃত্যুমুখে পতিত হন না কেন? ॥৮॥

পুত্রগণ জীবিত থাকিতে ধৃতরাষ্ট্রের যত সুখ হইত, আমাদের ব্যবস্থার গুণে এখনও তত সুখ ও ভোগ পাইতেছেন ॥৯॥

তাহার পর, সৎস্বভাবসম্পন্ন সেই পাণ্ডবেরা পঞ্চভ্রাতাই ধৃতরাষ্ট্রের আদেশে থাকিতে লাগিলেন ॥১০॥

পাণ্ডবেরা সকলে বিনীত, যথানিয়মে প্রবৃত্ত ও শিষ্যের ন্যায় ব্যবহারসম্পন্ন হইয়া চলিতে লাগিলে, ধৃতরাষ্ট্রও গুরুর ন্যায়ই তাঁহাদের উপরে ব্যবহার করিতে লাগিলেন ॥১১॥

---

(৭)…ধৃতরাষ্ট্রব্যপেক্ষয়া—নি।

(৯) বভূব তদবাপ্নোতি ভোগাংশ্চেতি ব্যবস্থিতাঃ—পি বঙ্গ বর্দ্ধ।

গান্ধারী চৈব পুত্রাণাং বিবিধৈঃ শ্রাদ্ধকর্ম্মভিঃ।
আনৃণ্যমগমৎ কামান্ বিপ্রেভ্যঃ প্রতিপাদ্য সা ॥১২॥
এবং ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
ভ্রাতৃভিঃ সহিতো ধীমান্ পূজয়ামাস তং নৃপম্ ॥১৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-পর্ব্বণি আশ্রমবাসে পাণ্ডবব্যবহারে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

তৃতীয়োঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

স রাজা সুমহাতেজা বৃদ্ধঃ কুরুকুলোদ্বহঃ।
ন দদর্শ তদা কিঞ্চিদপ্রিয়ং পাণ্ডুনন্দনে ॥১॥

ভারতকৌমুদী

গান্ধারীতি। কামান্ অভীষ্টদ্রব্যাণি, প্রতিপাদ্য দত্ত্বা ॥১২॥

এবমিতি। পূজয়ামাস সদ্ব্যবহারৈঃ সন্তোষয়ামাস ॥১৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি আশ্রমবাসে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

স ইতি। স ধৃতরাষ্ট্রঃ। অপ্রিয়মপ্রীতিকরং কার্য্যম্, পাণ্ডুনন্দনে যুধিষ্ঠিরে ॥১॥

এবং গান্ধারীও ব্রাহ্মণগণকে অভীষ্ট বস্তু দান করিয়া পুত্রগণের উদ্দেশে নানাবিধ শ্রাদ্ধদ্বারা তাঁহাদের ঋণ শোধ করিতে থাকিলেন ॥১২॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ ধর্ম্মরাজ বুদ্ধিমান্ যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত মিলিত হইয়া এইভাবে ধৃতরাষ্ট্রকে সন্তুষ্ট করিতে লাগিলেন ॥১৩॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—মহাতেজা, বৃদ্ধ, কুরুকুলশ্রেষ্ঠ রাজা ধৃতরাষ্ট্র তখন যুধিষ্ঠিরের কোন কার্য্যেই নিজের অপ্রিয় দেখিতে পাইতেন না ॥১॥

---

* অত্র অধ্যায়সমাপ্তির্নাস্তি বঙ্গবর্দ্ধনি।

বর্ত্তমানেষু সদ্বৃত্তিং পাণ্ডবেষু মহাত্মসু।
প্রীতিমানভবদ্রাজা ধৃতরাষ্ট্রোঽম্বিকাসুতঃ ॥২॥
সৌবলেয়ী চ গান্ধারী পুত্রশোকমপাস্য তম্।
সদৈব প্রীতিমত্যাসীত্তনয়েষু নিজেম্বিব ॥৩॥
প্রিয়াণ্যেব তু কৌরব্যো নাপ্রিয়াণি কুরূদ্বহঃ।
বৈচিত্রবীর্য্যে নৃপতৌ সমাচরত সর্বদা ॥৪॥
যদ্‌যদ্‌ব্রূতে চ কিঞ্চিৎ স ধৃতরাষ্ট্রো জনাধিপঃ।
গুরু বা লঘু বা কার্য্যং গান্ধারী চ তপস্বিনী ॥৫॥
তং স রাজা মহারাজ। পাণ্ডবানাং ধুরন্ধরঃ।
পূজয়িত্বা বচস্তত্তদকার্ষীৎ পরবীরহা ॥৬॥ (যুগ্মকম্)
তেন তস্যাভবৎ প্রীতো বৃত্তেন স নরাধিপঃ।
অন্বতপ্যত সংস্মৃত্য পুত্রং তং মন্দচেতসম্ ॥৭॥

ভারতকৌমুদী

বর্ত্তেতি। সদ্বৃত্তিং সদ্ব্যবহারম্ আশ্রিতেষ্বিতি শেষঃ ॥২॥
সৌবেতি। সুবলস্যাপত্যং স্ত্রীতি সৌবলেয়ী। প্রীতিমত্যাসীৎ পাণ্ডবেষু ॥৩॥
প্রিয়াণীতি। কৌরব্যো যুধিষ্ঠিরঃ। বৈচিত্রবীর্য্যে বিচিত্রবীর্য্যপুত্রে ধৃতরাষ্ট্রে ॥৪॥
যদিতি। তপস্বিনী পুত্রশোকেন শোচ্যা। পরবীরহা বিপক্ষবীরহন্তা যুধিষ্ঠিরঃ ॥৫—৬॥
তেনেতি। তস্য যুধিষ্ঠিরস্য, বৃত্তেন ব্যবহারেণ। তং দুর্য্যোধনম্ ॥৭॥

মহাত্মা পাণ্ডবেরা সদ্ব্যবহার অবলম্বন করিয়া চলিতে থাকিলে, অম্বিকার পুত্র রাজা ধৃতরাষ্ট্র সর্ব্বদা সন্তুষ্ট থাকিতে লাগিলেন ॥২॥

এবং সুবলনন্দিনী গান্ধারীও সেই পুত্রশোক পরিত্যাগ করিয়া সর্ব্বদাই নিজের পুত্রগণের উপরে যেমন, তেমন পাণ্ডবগণের উপরে প্রীতিমতী থাকিতে লাগিলেন ॥৩॥

কুরুকুলশ্রেষ্ঠ বীর্য্যবান্ যুধিষ্ঠির রাজা ধৃতরাষ্ট্রের বিষয়ে সর্ব্বদা প্রীতিজনক ব্যবহারই করিতেন; কিন্তু কখনও অপ্রীতিকর ব্যবহার করিতেন না ॥৪॥

মহারাজ! রাজা ধৃতরাষ্ট্র বা শোচনীয়া গান্ধারী বৃহৎ বা ক্ষুদ্র যে কোন কার্য্যের কথা বলিতেন, বিপক্ষবীরহন্তা যুধিষ্ঠির তাঁহাদের ও তাঁহাদের বাক্যের সম্মান দেখাইয়া সেই সেই কার্য্যই করিতেন ॥৫—৬॥

রাজা ধৃতরাষ্ট্র, যুধিষ্ঠিরের সেই ব্যবহারে প্রীত হইতেন, কিন্তু মন্দবুদ্ধি সেই দুর্য্যোধনকে স্মরণ করিয়া অনুতাপ করিতেন ॥৭॥

(৪) বৈচিত্রবীর্য্যে নৃপতৌ সমাচরত বীর্য্যবান্—পি বঙ্গ বর্দ্ধ।

সদা চ প্রাতরুত্থায় কৃতজপ্যঃ শুচির্নৃপঃ।
আশাস্তে পাণ্ডুপুত্রাণাং সমরেষ্বপরাজয়ম্ ॥৮॥
ব্রাহ্মণান্ স্বস্তি বাচ্যাগ্নি হুত্বা চৈব হুতাশনম্।
আয়ুংষি পাণ্ডুপুত্রাণামাশংসত নরাধিপঃ ॥৯॥
ন তাং প্রীতিং পরামাপ পুত্রেভ্যঃ স তদা পুরা।
যাং প্রীতিং পাণ্ডুপুত্রেভ্যঃ সদাবাপ নরাধিপঃ ॥১০॥
ব্রাহ্মণানাং যথাবৃত্তঃ ক্ষত্রিয়াণাং যথাবিধঃ।
তথা বিট্শূদ্রসঙ্ঘানামভবৎ স প্রিয়স্তদা ॥১১॥
যচ্চ কিঞ্চিত্তদা পাপং ধৃতরাষ্ট্রসুতৈঃ কৃতম্।
অকৃত্বা হৃদি তৎ পাপং তং নৃপং সোঽন্ববর্ত্তত ॥১২॥
যশ্চ-কশ্চিন্নরঃ কিঞ্চিদপ্রিয়ং চাম্বিকাসুতে।
কুরুতে দ্বেষ্যতামেতি স কৌন্তেয়স্য ধীমতঃ ॥১৩॥

ভারতকৌমুদী

সদেতি। কৃতং জপ্যম্ ইষ্টমন্ত্রজপো যেন সঃ। আশাস্তে আশীর্বিষয়ং চকার ॥৮॥
ব্রাহ্মণানিতি। বাচ্য বাচয়িত্বা। আশংসত আশীর্বিষয়মকরোৎ ॥৯॥
নেতি। পরামুত্তমাম্। আপ লেভে, পুত্রেভ্যো নিজতনয়েভ্যঃ ॥১০॥
ব্রাহ্মণানামিতি। বৃত্তঃ প্রিয়ো জাতঃ, যথাবিধঃ প্রিয়ো বৃত্তঃ। বিশো বৈশ্যাঃ ॥১১॥
যদিতি। পাপমনিষ্টম্। তং ধৃতরাষ্ট্রম্, স যুধিষ্ঠিরঃ ॥১২॥
য ইতি। অম্বিকাসুতে ধৃতরাষ্ট্রং প্রতি। কৌন্তেয়স্য যুধিষ্ঠিরস্য ॥১৩॥

ধৃতরাষ্ট্র প্রত্যহ প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া পবিত্র হইয়া ইষ্টমন্ত্র জপ সমাধান করিয়া, যুদ্ধে পাণ্ডবগণের জয়লাভের আশীর্ব্বাদ করিতেন ॥৮॥

আর তিনি ব্রাহ্মণগণদ্বারা স্বস্তিবাচন করাইয়া এবং অগ্নিতে হোম করিয়া পাণ্ডবগণের দীর্ঘায়ু লাভের আশীর্ব্বাদ করিতেন ॥৯॥

ধৃতরাষ্ট্র তৎকালে সর্বদা পাণ্ডবগণ হইতে যে সন্তোষ লাভ করিতেন, পূর্বে নিজের পুত্রগণ হইতেও সে সন্তোষ লাভ করেন নাই ॥১০॥

ধৃতরাষ্ট্র ব্রাহ্মণগণের যেরূপ প্রিয় এবং ক্ষত্রিয়গণের যে প্রকার প্রিয় ছিলেন, তৎকালে বৈশ্যগণ এবং শূদ্রগণেরও সেই প্রকারই প্রিয় ছিলেন ॥১১॥

পূর্বে ধৃতরাষ্ট্রের পুত্রেরা পাণ্ডবগণের যে কিছু অনিষ্টাচরণ করিয়াছিল, তাহা মনে না করিয়া যুধিষ্ঠির সর্ব্বদাই ধৃতরাষ্ট্রের অনুসরণ করিতেন ॥১২॥

---

(১৩) যঃ কশ্চিদপি যৎ কিঞ্চিৎ প্রমাদাদম্বিকাসুতে—নি।

ন রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য ন চ দুর্য্যোধনস্য বৈ।
উবাচ দুষ্কৃতং কশ্চিদ্‌যুধিষ্ঠিরভয়ান্নরঃ ॥১৪॥
ধৃত্যা তুষ্টো নরেন্দ্রঃ স গান্ধারী বিদুরস্তথা।
অজাতশত্রোর্বৃত্তেন ন তু ভীমস্য পার্থিব ! ॥১৫॥
অন্ববর্ত্তত ভীমোঽপি নিশ্চিতো ধর্ম্মজং নৃপম্।
ধৃতরাষ্ট্রঞ্চ সংপ্রেক্ষ্য সদা ভবতি দুর্ম্মনাঃ ॥১৬॥
রাজানমনুবর্ত্তন্তং ধর্ম্মপুত্রেমমিত্রহা।
অন্ববর্ত্তত সংক্রুদ্ধো হৃদয়েন পরাঙ্মুখঃ ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-পর্ব্বণি আশ্রমবাসে ভীমব্যবহারে তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩॥ *

ভারতকৌমুদী

নেতি। দুষ্কৃতং পাণ্ডবান্‌ প্রত্যনিষ্টাচরণম্‌ ॥১৪॥

ধৃত্যেতি। ধৃত্যা ধৈর্য্যেণ। অজাতশত্রোর্যুধিষ্ঠিরস্য বৃত্তেন ব্যবহারেণ ॥১৫॥

অম্বিতি। নিশ্চিতো ধৃতরাষ্ট্রস্বভাবে নিশ্চয়বান্‌, ধর্ম্মজং যুধিষ্ঠিরম্‌। দুর্ম্মনা দ্বেষাকুল-চিত্তঃ ॥১৬॥

রাজানমিতি। রাজানং ধৃতরাষ্ট্রম্‌, অনুবর্ত্তন্তমনুসরন্তম্‌, অমিত্রহা ভীমসেনঃ। ধৃতরাষ্ট্রং প্রতি সংক্রুদ্ধ ইতি হৃদয়েন তস্মাৎ পরাঙ্মুখো নিবৃত্তভক্তিপ্রণয়ঃ ॥১৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি আশ্রমবাসে তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩॥

যে কোন লোক ধৃতরাষ্ট্রের প্রতি যে কোন অপ্রিয় কার্য্য করিত, সেই লোকই বুদ্ধিমান্‌ যুধিষ্ঠিরের বিদ্বেষের পাত্র হইত ॥১৩॥

এই জন্য কোন লোকই যুধিষ্ঠিরের ভয়ে রাজা ধৃতরাষ্ট্রের বা দুর্য্যোধনের কোন অন্যায় কার্য্যের উল্লেখ করিত না ॥১৪॥

রাজা। ধৃতরাষ্ট্র, গান্ধারী ও বিদুর যুধিষ্ঠিরের ধৈর্য্য ও ব্যবহারে সন্তুষ্ট ছিলেন বটে ; কিন্তু ভীমের ব্যবহারে সন্তুষ্ট ছিলেন না ॥১৫॥

ভীম ও যুধিষ্ঠিরের অনুসরণ করিতেন বটে, কিন্তু ধৃতরাষ্ট্রের স্বভাব নিশ্চিত-ভাবে জানিতেন বলিয়া, ধৃতরাষ্ট্রকে দেখিয়া সর্বদাই দ্বেষাকুলচিত্ত হইতেন ॥১৬॥

যুধিষ্ঠির ধৃতরাষ্ট্রের অনুসরণ করিতে থাকিলে, ভীম সে বিষয়ে মনে মনে বিমুখ থাকিয়াই তাঁহার অনুসরণ করিতেন ॥১৭॥

---

(১৫) শোচেন চাজাতশত্রোর্ন তু ভীমস্য শত্রুহন্‌।—বঙ্গ বর্দ্ধ। (১৭) অন্ববর্ত্তত কৌরব্যো হৃদয়েন পরাঙ্মুখঃ—পি বঙ্গ বর্দ্ধ। * '...দ্বিতীয়োঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি।

চতুর্থোঽধ্যায়ঃ

—ঃ০ঃ—

বৈশম্পায়ন উবাচ।

যুধিষ্ঠিরস্য নৃপতের্দুর্য্যোধনপিতুস্তদা।
নান্তরং দদৃশূ রাজ্যে পুরুষাঃ প্রণয়ং প্রতি ॥১॥
যদা তু কৌরবো রাজা পুত্রং সস্মার দুর্ম্মতিম্।
তদা ভীমং হৃদা রাজন্নপধ্যাতি স পার্থিবঃ ॥২॥
তথৈব ভীমসেনোঽপি ধৃতরাষ্ট্রং জনাধিপম্।
নামর্ষয়ত রাজেন্দ্র! সদৈব দুষ্টবদ্‌হৃদা ॥৩॥
অপ্রকাশান্যপ্রিয়াণি চকারাস্য বৃকোদরঃ।
আজ্ঞাং প্রত্যাহরচ্চাপি কৃতকৈঃ পুরুষৈঃ সদা ॥৪॥
স্মরন্ দুর্ম্মন্ত্রিতং তস্য বৃত্তান্যপ্যস্য কানিচিৎ।
অসকৃচ্চাপ্যুবাচেদং হতাস্তে মন্দচেতসঃ ॥৫॥

ভারতকৌমুদী

যুধীতি। অন্তরং ভেদং বৈষম্যম্। প্রণয়ং প্রতি মমতাবিষয়ে ॥১॥
যদেতি। রাজা ধৃতরাষ্ট্রঃ, পুত্রং দুর্য্যোধনম্। অপধ্যাতি শত্রুতয়া ধ্যায়তি স্ম তজ্জননাৎ ॥২॥
তথেতি। নামর্ষয়ত নাসহত, দুষ্টবদ্‌হৃদা দোষগ্রস্তমনসা ॥৩॥
অপ্রেতি। অস্য ধৃতরাষ্ট্রস্য। প্রত্যাহরৎ ব্যাহতবান্, কৃতকৈর্ব্বশীকৃতৈঃ ॥৪॥
স্মরন্নিতি। তস্য ধৃতরাষ্ট্রস্য, বৃত্তানি ব্যবহারান্। তে দুর্য্যোধনাদয়ঃ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তৎকালে তত্রত্য লোকেরা রাজ্যের প্রতি মমতা বিষয়ে রাজা যুধিষ্ঠির ও ধৃতরাষ্ট্রের কোন বৈষম্য দেখিতে পাইত না।১॥

রাজা! যখন ধৃতরাষ্ট্র, দুর্ম্মতি পুত্র দুর্য্যোধনকে স্মরণ করিতেন, তখনই তিনি মনে মনে ভীমকে শত্রু বলিয়া ধারণা করিতেন ॥২॥

রাজশ্রেষ্ঠ! সেই ভীমও দূষিত চিত্তে সর্ব্বদাই রাজা ধৃতরাষ্ট্রকে সহ্য করিতে পারিতেন না ॥৩॥

সুতরাং ভীম অপ্রকাশ্য ভাবে ধৃতরাষ্ট্রের অপ্রিয় কার্য্য করিতেন এবং নিজের বশীভূত লোকগণদ্বারা ধৃতরাষ্ট্রের আদেশের ব্যাঘাত করাইতেন ॥৪॥

এবং ভীম ধৃতরাষ্ট্রের দুষ্ট পরামর্শ ও কতকগুলি ব্যবহার স্মরণ করিয়া,

অথ ভীমঃ সুহৃন্মধ্যে বাহুশব্দং তথাকরোৎ।
সংশ্রবে ধৃতরাষ্ট্রস্য গান্ধার্য্যাশ্চাপ্যমর্ষণঃ ॥৬॥
স্মৃত্বা দুর্য্যোধনং শত্রুং কর্ণদুঃশাসনাবপি।
প্রোবাচেদং সুসংরব্ধো ভীমঃ স পরুষং বচঃ ॥৭॥
অন্ধস্য নৃপতেঃ পুত্রা ময়া পরিঘবাহুনা।
নীতা লোকমমুং সর্ব্বে নানাশস্ত্রাস্ত্রযোধিনঃ ॥৮॥
ইমৌ তৌ পরিঘপ্রখ্যৌ ভুজৌ মম দুরাসদৌ।
যযোরন্তরমাসাদ্য ধার্ত্তরাষ্ট্রাঃ ক্ষয়ং গতাঃ ॥৯॥
ইমৌ পীনৌ সুবৃত্তৌ মে ভুজৌ নাগকরোপমৌ।
যাবাসাদ্য রণে মূঢ়া ধার্ত্তরাষ্ট্রাঃ ক্ষয়ং গতাঃ ॥১০॥
তাবিমৌ চন্দনেনাক্তৌ বন্দনীয়ৌ চ মে ভুজৌ।
যাভ্যাং দুর্য্যোধনো নীতঃ ক্ষয়ং সসুতবান্ধবঃ ॥১১॥

ভারতকৌমুদী

অথেতি। বাহুশব্দং গর্ব্বসূচকমিত্যাশয়ঃ। সংশ্রবে শ্রবণযোগ্যস্থানে।৬॥
স্মৃত্বেতি। সুসংরব্ধঃ অতীবক্রুদ্ধঃ, পরুষং নিষ্ঠুরম্ ॥৭॥
অন্ধস্যেতি। পরিঘো মুদ্গরবিশেষাবিব বাহূ যস্য তেন। অমুং লোকং লোকান্তরম্।৮॥
ইমাবিতি। দুরাসদৌ দুর্দ্ধর্ষৌ। অন্তরং মধ্যম্ ॥৯॥
ইমাবিতি। পীনৌ স্থূলৌ, সুবৃত্তৌ সুগোলৌ, নাগকরোপমৌ হস্তিশুণ্ডাতুল্যৌ ॥১০॥

বার বার এই কথা বলিতেন—'দুষ্ট চিত্ত সেই ধার্ত্তরাষ্ট্রগণকে সংহার করিয়াছি' ॥৫॥

তাহার পর ভীম ক্রুদ্ধ হইয়া ধৃতরাষ্ট্র ও গান্ধারীর শ্রবণযোগ্য স্থানে নিজের বন্ধুগণের মধ্যে বাহুশব্দ করিতেন ॥৬॥

ক্রমে ভীম শত্রু দুর্য্যোধন, দুঃশাসন ও কর্ণকে স্মরণ করিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইয়া এইরূপ নিষ্ঠুর বাক্য বলিতেন—॥৭॥

'আমার বাহুযুগল পরিঘতুল্য, সুতরাং আমি নানা শস্ত্র ও অস্ত্রদ্বারা যুদ্ধকারী এই অন্ধরাজার সকল পুত্রকেই লোকান্তরে প্রেরণ করিয়াছি ॥৮॥

এই ধৃতরাষ্ট্রের পুত্রগণ যে বাহুযুগলের মধ্যে আসিয়া বিনষ্ট হইয়াছে, এই সেই পরিঘতুল্য আমার দুর্দ্ধর্ষ বাহুযুগল ॥৯॥

মূর্খ ধৃতরাষ্ট্রের পুত্রেরা যুদ্ধে যে বাহুযুগলের সংস্পর্শে আসিয়া ধ্বংসপ্রাপ্ত হইয়াছে, এই সেই স্থূল, গোল ও হস্তিশুণ্ডের তুল্য আমার বাহুযুগল ॥১০॥

---

(১১) চন্দনার্হৌ চ মে ভুজৌ—পি বঙ্গ বর্দ্ধ।

এতাশ্চান্যাশ্চ বিবিধাঃ শল্যভূতা নরাধিপঃ।
বৃকোদরস্য তা বাচঃ শ্রুত্বা নির্ব্বেদমাগমৎ ॥১২॥
সা চ বুদ্ধিমতী দেবী কালপর্য্যায়বেদিনী।
গান্ধারী সর্বধর্ম্মজ্ঞা তান্যলীকানি শুশ্রুবে ॥১৩॥
কুন্তীং বর্য্যাস্তু সংবীক্ষ্য শাপে নাস্যাকরোন্মতিম্।
ততঃ পঞ্চদশে বর্ষে সমতীতে নরাধিপঃ ॥১৪॥
রাজা নির্বেদমাপেদে ভীমবাগ্‌বাণপীড়িতঃ।
সুখাসক্তং কৃচ্ছ্রপরং জ্ঞাত্বা চৈব যুধিষ্ঠিরম্ ॥১৫॥
তপোযোগাত্তপস্তপ্তুং মনশ্চক্রে মহামতিঃ;
নান্ববুধ্যত তদ্রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ॥১৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তানিতি। বন্দনীয়ৌ বীরাণাং সম্মানযোগ্যৌ ॥১১॥

এতা ইতি। শল্যভূতাঃ শঙ্কুস্বরূপা মর্ম্মব্যথাজনিকা ইত্যর্থঃ, নরাধিপো ধৃতরাষ্ট্রঃ ॥১২॥

সেতি। কালপর্য্যায়বেদিনী কালক্রমাভিজ্ঞা কালে সুখং দুঃখঞ্চ সোঢব্যমিতি জানতী-ত্যর্থঃ ॥১৩॥

অথ সাধ্বী গান্ধারী কথং ভীমস্য শাপং ন দদাবিত্যাহ কুন্তীমিতি। বর্য্যাং সৌভাগ্যে প্রধানাম্, অস্য ভীমস্য। রাজা ধৃতরাষ্ট্রঃ, নির্ব্বেদমাত্মগ্লানিম্, আপেদে প্রাপ। তপোযোগাৎ পূর্ব্বজন্মকৃততপস্যাসম্বন্ধাৎ ॥১৪—১৬॥

যে বাহুযুগল পুত্র ও বন্ধুবর্গের সহিত দুর্য্যোধনকে সংহার করিয়াছে, এই সেই চন্দনাক্ত ও বীরগণের বন্দনীয় আমার বাহুযুগল' ॥১১॥

রাজা ধৃতরাষ্ট্র ভীমসেনের এই সকল এবং অন্যান্য বহুবিধ শল্যস্বরূপ বাক্য শুনিয়া আত্মগ্লানি অনুভব করিতে লাগিলেন ॥১২॥

বুদ্ধিমতী, কালক্রমাভিজ্ঞা ও সর্ব্বধর্ম্মবিৎ সেই গান্ধারীদেবীও সেই সকল অপ্রিয় বাক্য শুনিতে থাকিলেন ॥১৩॥

কিন্তু তিনি ভাগ্যবতী কুন্তীর দিকে দৃষ্টিপাত করিয়া ভীমের উপরে অভিসম্পাত করিতে ইচ্ছা করেন নাই। তাহার পর পঞ্চদশ বৎসর অতীত হইলে মহামতি রাজা ধৃতরাষ্ট্র ভীমের বাক্যবাণে পীড়িত হইয়া একদিন অত্যন্ত আত্মগ্লানি অনুভব করিলেন; কিন্তু যুধিষ্ঠির সুখে আসক্ত রহিয়াছেন, আর নিজেরা কষ্ট পাইতেছেন ইহা জানিয়া, পূর্ব্বজন্মের তপস্যা ছিল বলিয়া তপস্যা করিবার-জন্য ইচ্ছা করিলেন; কিন্তু কুন্তীনন্দন যুধিষ্ঠির তাহা বুঝিতে পারিলেন না ॥১৪—১৬॥

---

(১৪) প্রথমার্দ্ধং পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

শ্বেতাশ্বো বাথ কুন্তী বা দ্রৌপদী বা যশস্বিনী।
মাদ্রীপুত্রৌ চ ধর্ম্মজ্ঞৌ চিত্তং তস্যান্ববর্ত্ততাম্ ॥১৭॥
রাজ্ঞস্তু চিত্তং রক্ষন্তৌ নোচতুঃ কিঞ্চিদপ্রিয়ম্।
ততঃ সমানয়ামাস ধৃতরাষ্ট্রঃ সুহৃজ্জনম্ ॥১৮॥
বাষ্পসন্দিগ্ধমত্যর্থমিদমাহ চ তান্ ভৃশম্।
বিদিতং ভবতামেতদ্‌যথাবৃত্তঃ কুরুক্ষয়ঃ ॥১৯॥
মমাপরাধাত্তৎ সর্বমনুজ্ঞাতঞ্চ কৌরবৈঃ।
যোঽহং দুষ্টমতিং মন্দো জ্ঞাতীনাং ভয়বর্দ্ধনম্ ॥২০॥
দুর্য্যোধনং কৌরবাণামাধিপত্যেঽভ্যষেচয়ম্।
যচ্চাহং বাসুদেবস্য নাশ্রৌষং বাক্যমর্থবৎ ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শ্বেতেতি। শ্বেতাশ্বোঽর্জ্জুনঃ। তস্য ধৃতরাষ্ট্রস্য ॥১৭॥

রাজ্ঞ ইতি। রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য, নোচতুর্মাদ্রীপুত্রাবিত্যন্বয়ঃ। সমানযামাস সমানিনায ॥১৮॥

বাষ্পেতি। বাষ্পেণ সন্দিগ্ধং লিপ্তং যথা স্যাত্তথা। বৃত্তঃ সঞ্জাতঃ ॥১৯॥

মমেতি। অপরাধাৎ অপরাধেনাঽনুমোদনাৎ। মন্দো মূঢ়ঃ। অর্থবৎ যুক্তিযুক্তং সন্ধি-বিষয়ত্বাদিত্যাশয়ঃ ॥২০—২১॥

অর্জ্জুন, কুন্তী, যশস্বিনী দ্রৌপদী, ধর্ম্মজ্ঞ নকুল ও সহদেব ধৃতরাষ্ট্রের চিত্তের অনুসরণ করিতেন ॥১৭॥

নকুল ও সহদেব ধৃতরাষ্ট্রের মনোভাবের আনুকূল্য করিতে থাকিয়া কোন অপ্রিয় কথা বলিতেন না। তাহার পর ধৃতরাষ্ট্র নিজের বন্ধুবর্গকে আনয়ন করিলেন ॥১৮॥

এবং তিনি অত্যন্ত বাষ্পাকুলভাবে সেই বন্ধুবর্গকে এই কথা বলিলেন—'বন্ধুগণ! যেভাবে কুরুবংশের ধ্বংস হইয়াছে, তাহা আপনাদের জানা আছে ॥১৯॥

যে মূর্খ আমি দুষ্টবুদ্ধি ও জ্ঞাতিবর্গের ভয়বর্দ্ধক দুর্য্যোধনকে কৌরবগণের আধিপত্যে অভিষিক্ত করিয়াছিলাম এবং যে আমি কৃষ্ণের যুক্তিযুক্ত বাক্য শ্রবণ করি নাই ; সেই আমারই অপরাধে কৌরবেরা সেই সমস্তই অনুমোদন করিয়াছিলেন ॥২০—২১॥

---

(১৯) প্রথমার্দ্ধাৎ পরং 'ধৃতরাষ্ট্র উবাচ' ইত্যধিকং দৃশ্যতে বঙ্গ বর্দ্ধ।

বধ্যতাং সাধ্বয়ং পাপঃ সামাত্য ইতি দুর্ম্মতিঃ।
পুত্রস্নেহাভিভূতস্তু হিতমুক্তো মনীষিভিঃ ॥২২॥
বিদুরেণাথ ভীষ্মেণ দ্রোণেন চ কৃপেণ চ।
পদে পদে ভগবতা ব্যাসেন চ মহাত্মনা ॥২৩॥
সঞ্জয়েনাথ গান্ধার্য্যা তদিদং তপ্যতে ময়া।
যচ্চাহং পাণ্ডুপুত্রেষু গুণবৎসু মহাত্মসু ॥২৪॥
ন দত্তবান্ শ্রিয়ং দীপ্তাং পিতৃপৈতামহীমিমাম্।
বিনাশং পশ্যমানো হি সর্ব্বরাজ্ঞাং গদাগ্রজঃ ॥২৫॥
এতচ্ছ্রেয়স্তু পরমমমন্যত জনার্দ্দনঃ।
সোঽহমেতান্যলীকানি দুর্ব্বৃত্তান্যাত্মনস্তদা ॥২৬॥
হৃদয়ে শল্যভূতানি ধারয়ামি সহস্রশঃ।
বিশেষতস্তু পশ্যামি বর্ষে পঞ্চদশেঽদ্য বৈ ॥২৭॥ (কুলকম্)

ভারতকৌমুদী

বধ্যতামিতি। বধ্যতাং কারাগারে সংযম্যতাম্। পুত্রস্নেহাভিভূতোঽহম্ ॥২২॥

বিদুরেণেতি। বিদুরাদিভিশ্চ তাদৃশং হিতমুক্ত ইত্যনুবৃত্তিঃ। তৎ তস্মাৎ। পশ্যমান উৎপ্রেক্ষমাণঃ, গদস্য তদাখ্যস্য যাদববিশেষস্য অগ্রজঃ। এতৎ সন্ধিকরণম্। অলীকানি অপ্রিয়াণি। বিশেষতস্তু পশ্যামি অপ্রিয়াণ্যনুভবামি ভীমতিরস্কারাৎ ॥২৩—২৭॥

আমি পুত্রস্নেহে অভিভূত ছিলাম; অথচ বুদ্ধিমান্ লোকেরা আমাকে এই হিতবাক্য বলিয়াছিলেন যে, 'এই দুর্ম্মতি পাপাত্মা দুর্য্যোধনকে উহার অমাত্যবর্গের সহিত আপনি কারাগারে সমীচীনভাবে আবদ্ধ করিয়া রাখুন' ॥২২॥

বিদুর, ভীষ্ম, দ্রোণ, কৃপ, ভগবান্ ও মহাত্মা বেদব্যাস, সঞ্জয় এবং গান্ধারীও পদে পদে আমাকে সেই কথাই বলিয়াছিলেন; কিন্তু আমি পুত্রস্নেহে অভিভূত থাকিয়া তাহা করি নাই বলিয়া এখন সন্তপ্ত হইতেছি। তারপর, আমি গুণবান্ ও মহাত্মা পাণ্ডবগণকে উজ্জ্বল পৈতৃক এই রাজলক্ষ্মী যে দান করি নাই এবং কৃষ্ণ সকল রাজার ধ্বংস সম্ভাবনা করিয়া দুর্য্যোধনের এই কারাগারে স্থাপনই উত্তম মনে করিয়াছিলেন, তাহাও যে আমি করি নাই; সেই আমি নিজের এই সকল দুষ্ক্রিয়া এবং হৃদয়ের শল্যস্বরূপ সহস্র সহস্র ব্যাপার হৃদয়ে ধারণ করিতেছি এবং আজ পঞ্চদশ বর্ষে সেই শল্য বিশেষভাবে অনুভব করিতেছি ॥২৩—২৭॥

অস্য পাপস্য শুদ্ধ্যর্থং নিয়তোঽস্মি সুদুর্ম্মতিঃ।
চতুর্থে নিয়তে কালে কদাচিদপি চাষ্টমে ॥২৮॥
তৃষ্ণাবিনয়নং ভুঙ্ক্তে গান্ধারী বেদ তন্মম।
করোত্যাহারমিতি মাং সর্ব্বঃ পরিজনঃ সদা ॥২৯॥
যুধিষ্ঠিরভয়াদেতি ভৃশং তপ্যতি পাণ্ডবঃ।
ভূমৌ শয়ে জপ্যপরো দর্ভেষ্বজিনসংবৃতঃ ॥৩০॥
নিয়মব্যপদেশেন গান্ধারী চ যশস্বিনী।
হতং শতন্তু পুত্রাণাং সংগ্রামেষ্বপলায়িনম্ ॥৩১॥
নানুতপ্যামি তচ্চাহং ক্ষত্রধর্ম্মং হি তে বিদুঃ।
ইত্যুক্ত্বা ধর্ম্মরাজানমভ্যভাষত কৌরবঃ ॥৩২॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

অস্যেতি। নিয়তো ভোজনবিষয়ে নিয়মবান্। নিয়তে নির্দ্দিষ্টে চতুর্থে কালে একদিনানন্তরং দ্বিতীয়দিনে রাত্রৌ, কদাচিদপি চ অষ্টমে দিনত্রয়ানন্তরং চতুর্থদিনে রাত্রৌ ॥২৮॥

তৃষ্ণেতি। তৃষ্ণাবিনয়নং ক্ষুধানিবৃত্তিপর্য্যন্তম্। অয়ং তাদৃশে কালে আহারং করোতীতি সর্ব্বঃ পরিজনো মাং সদা বেদ ॥২৯॥

যুধীতি। পাণ্ডবো যুধিষ্ঠিরো মম তাদৃশনিয়মদর্শনাৎ ভৃশং তপ্যতি। যুধিষ্ঠিরভয়াৎ এতি সর্ব্বঃ পরিজনো মম শুশ্রূষার্থমাগচ্ছতি। শয়ে স্বপিমি, অজিনসংবৃতো মৃগচর্ম্মাবৃতগাত্রঃ। যশস্বিনী গান্ধারী চ তস্যৈব নিয়মস্য ব্যপদেশেন তথৈব ভূমৌ শেতে। তে পুত্রাঃ। কৌরবো ধৃতরাষ্ট্রঃ ॥৩০—৩২॥

ভারতভাবদীপঃ

যুধিষ্ঠিরস্যেতি ॥১—২৮॥ তৃষ্ণাবিনয়নং তৃষামাত্রাপহং মণ্ডাদি ন তু ক্ষুধ্যাধিহরম্ ॥২৯—৪৩॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে চতুর্থোঽধ্যায়ঃ ॥৪॥

আমি অতি দুর্বুদ্ধি কিনা, তাই এই পাপের শুদ্ধির নিমিত্ত প্রায়ই এক-দিনের পর দ্বিতীয় দিন রাত্রিতে এবং কখন তিন দিনের পর চতুর্থ দিন রাত্রিতে নিয়মিতভাবে ভোজন করিতেছি ॥২৮॥

তারপর ক্ষুধা নিবৃত্তি পর্য্যন্তই ভোজন করি; আমার সে নিয়ম গান্ধারী জানেন এবং সকল পরিজনও আমাকে এইরূপ জানে যে, ইনি উক্ত নিয়মে আহার করেন ॥২৯॥

আমার এই নিয়ম দেখিয়া যুধিষ্ঠির অত্যন্ত সন্তপ্ত হইতেছেন এবং যুধিষ্ঠিরের ভয়ে সকল পরিজনই আমার শুশ্রূষার জন্য আসিয়া থাকে। তারপর,

ভদ্রং তে যাদবীমাতর্বচশ্চেদং নিবোধ মে।
সুখমধ্যুষিতঃ পুত্র! ত্বয়া সুপরিপালিতঃ ॥৩৩॥
মহাদানানি দত্তানি শ্রাদ্ধানি চ পুনঃ পুনঃ।
প্রকৃষ্টঞ্চ ময়া পুত্র! পুণ্যং চীর্ণং যথাবলম্ ॥৩৪॥
গান্ধারী হতপুত্রেয়ং ধৈর্য্যেণোদীক্ষতে চ মাম্।
দ্রৌপদ্যা হ্যপকর্ত্তারস্তব চৈশ্বর্য্যহারিণঃ ॥৩৫॥
সমতীতা নৃশংসাস্তে স্বধর্ম্মেণ হতা যুধি।
ন তেষু প্রতিকর্ত্তব্যং পশ্যামি কুরুনন্দন! ॥৩৬॥ (যুগ্মকম্)
সর্ব্বে শস্ত্রভৃতাং লোকান্ গতাস্তেঽভিমুখং হতাঃ।
আত্মনস্তু হিতং পুণ্যং প্রতিকর্ত্তব্যমদ্য বৈ ॥৩৭॥

ভারতকৌমুদী

ভদ্রমিতি। ভদ্রং মঙ্গলমস্তু, যাদবী যদুবংশজাতা কুন্তী মাতা যস্য তৎসম্বোধনম্। অধ্যুষিতঃ স্থিতঃ ॥৩৩॥

মহেতি। শ্রাদ্ধানি কৃতানি। পুণ্যং দেবপূজাদিকম্, চীর্ণমাচরিতম্ ॥৩৪॥

গান্ধারীতি। উদীক্ষতে পর্য্যবেক্ষতে। অপকর্ত্তারো বসনাকর্ষণাদিনা অপমানকারিণঃ, ঐশ্বর্য্যহারিণো রাজ্যাদিহর্ত্তারঃ। তে মম পুত্রাঃ ॥৩৫—৩৬॥

আমি জপে প্রবৃত্ত থাকিয়া ভূতলে কুশের উপরে মৃগচর্ম্মাবৃত দেহে শয়ন করিয়া থাকি এবং যশস্বিনী গান্ধারীও নিয়মের ব্যপদেশে তাহাই করেন। তারপর, আমার একশত পুত্র পলায়ন না করিয়া যুদ্ধে যে নিহত হইয়াছে, তাহার জন্য আমি অনুতাপ করি না। কারণ, তাহারা ক্ষত্রিয়ের ধর্ম্ম জানিত।' ধৃতরাষ্ট্র বন্ধুবর্গের নিকট এই সকল কথা বলিয়া যুধিষ্ঠিরকে বলিলেন—॥৩০—৩২॥

'পুত্র কুন্তীনন্দন! তোমার মঙ্গল হউক, তুমি আমার এই বাক্য শ্রবণ কর। তুমি আমাকে সুষ্ঠুভাবে পরিপালন করিয়াছ, আমিও সুখে বাস করিয়াছি ॥৩৩॥

পুত্র! আমি অনেকবার মহাদান ও শ্রাদ্ধ করিয়াছি এবং শক্তি অনুসারে প্রকৃষ্ট পুণ্য কার্য্যও করিয়াছি ॥৩৪॥

তারপর এই গান্ধারী হতপুত্রা হইয়াও ধৈর্য্যানুসারেই আমার পর্য্যবেক্ষণ করিয়া আসিতেছেন। বিশেষতঃ, দ্রৌপদীর অপমানকারী এবং তোমার রাজ্যাপহারী আমার সেই নৃশংস পুত্রেরা আপন ধর্ম্মানুসারে যুদ্ধে নিহত হইয়া স্বর্গে চলিয়া গিয়াছে; অতএব কুরুনন্দন! তাহাদের বিষয়ে আমার কোন প্রতিকার কর্ত্তব্য আছে বলিয়া দেখিতেছি না ॥৩৫—৩৬॥

গান্ধার্য্যাশ্চৈব রাজেন্দ্র! তদনুজ্ঞাতুমর্হসি।
ত্বন্তু শস্ত্রভৃতাং শ্রেষ্ঠঃ সততং ধর্ম্মবৎসলঃ ॥৩৮॥ (যুগ্মকম্)
রাজা গুরুঃ প্রাণভৃতাং তস্মাদেতদ্‌ব্রবীম্যহম্।
অনুজ্ঞাতস্ত্বয়া বীর! সংশ্রয়েয়ং বনান্যহম্ ॥৩৯॥
চীরবল্কলভৃদ্‌রাজন্! গান্ধার্য্যা সহিতোঽনয়া।
তবাশিষঃ প্রযুঞ্জানো ভবিষ্যামি বনেচরঃ ॥৪০॥
উচিতং নঃ কুলে তাত! সর্বেষাং ভরতর্ষভ!।
পুত্রেষ্বৈশ্বর্য্যমাধায় বয়সোঽন্তে বনং নৃপ! ॥৪১॥
তত্রাহং বায়ুভক্ষো বা নিরাহারোঽপি বা বসন্।
পত্ন্যা সহানয়া বীর! চরিষ্যামি তপঃ পরম্ ॥৪২॥

ভাবতকৌমুদী

সর্ব্ব ইতি। শস্ত্রভৃতাং লোকান্ স্বর্গান্ গতাঃ, অভিমুখহতত্বাদেব। তথা চ স্মৃতিঃ—"দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদিনৌ। পরিব্রাড্‌যোগযুক্তশ্চ রণে চাভিমুখো হতঃ॥" ধর্ম্মবৎসলত্বাদেব ত্বমেদমনুজ্ঞাতব্যাসিতি ভাবঃ ॥৩৭—৩৮॥

রাজেতি। তস্মাৎ সর্বকার্য্যেষেব গুরোরাদেশস্যৈব গ্রাহ্যত্বাৎ ॥৩৯॥

চীরেতি। চীরং কৌপীনং বল্কলঞ্চ বিভর্ত্তীতি সঃ। প্রযুঞ্জানঃ কুর্বন্ ॥৪০॥

উচিতমিতি। নঃ অস্মাকম্। ঐশ্বর্য্যং রাজ্যাদিপ্রভুত্বম্, আধায় স্থাপয়িত্বা ॥৪১॥

তত্রেতি। তত্র বনে। পরমুত্তমম্ ॥৪২॥

তাহারা সকলেই সম্মুখযুদ্ধে নিহত হইয়াছে বলিয়া বীরলোক লাভ করিয়াছে; কিন্তু এখন নিজের ও গান্ধারীর হিতজনক পুণ্যকার্য্য করা কর্ত্তব্য; অতএব রাজশ্রেষ্ঠ! তুমি সর্ব্বদাই ধর্ম্মবৎসল এবং অস্ত্রধারিশ্রেষ্ঠ; সুতরাং আমাকে অনুমতি করিতে পার ॥৩৭—৩৮॥

রাজা প্রাণিগণের গুরু; সেই জন্যই আমি এই কথা বলিতেছি। বীর! তুমি অনুমতি করিলে আমি বনবাস অবলম্বন করিব ॥৩৯॥

রাজা! আমি এই গান্ধারীর সহিত কৌপীন ও বল্কল ধারণ করিয় তোমাকে আশীর্ব্বাদ করিতে থাকিয়া বনবাসী হইব ॥৪০॥

বৎস ভরতশ্রেষ্ঠ রাজা! আমাদের বংশে সকলেরই অন্তিম বয়সে পুত্রদে উপরে প্রভুত্ব স্থাপন করিয়া তপোবন অবলম্বন করা উচিত ॥৪১॥

বীর! আমি সেই বনে যাইয়া কেবল-বায়ুভোজী বা নিরাহার হইয়া বা করিব এবং এই পত্নীর সহিত পরম তপস্যা করিতে থাকিব ॥৪২॥

ত্বঞ্চাপি ফলভাক্ তাত ! তপসঃ পার্থিবো হ্যসি ।
ফলভাজো হি রাজানঃ কল্যাণস্যেতরস্য বা ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে ধৃতরাষ্ট্রবাক্যে চতুর্থোঽধ্যায়ঃ ॥৩॥ *

—০—

পঞ্চমোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ ।

ন মাং প্রীণয়তে রাজ্যং ত্বয্যেব্যং দুঃখিতে নৃপ ! ।
ধিঙ্ মামস্তু সুদুর্ব্বুদ্ধিং রাজ্যসক্তং প্রমাদিনম্ ॥১॥
যোঽহং ভবন্তং দুঃখার্ত্তমুপবাসকৃশং ভৃশম্ ।
যতাহারং ক্ষিতিশয়ং নাবিদং ভ্রাতৃভিঃ সহ ॥২॥

ভারতকৌমুদী

ত্বমিতি । কল্যাণস্য কল্যাণজনকস্য ধর্ম্মস্য, ইতরস্য অধর্ম্মস্য বা ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-
মাশ্রমবাসিকপর্ব্বণি চতুর্থোঽধ্যায়ঃ ॥৩॥

—ঃ*ঃ—

নেতি । রাজ্যে সক্তং ব্যাপৃতম্, প্রমাদিনং ভবন্মনোবৃত্ত্যনুসরণে অনবধানবন্তম্ ॥১॥
য ইতি । যতাহারং সংযতভোজনম্, ক্ষিতিশয়ং ভূতলশায়িনম্ ॥২॥

বৎস ! তুমি রাজা হইয়াছ ; সুতরাং তুমি এই তপস্যারও ফলভাগী হইবে । কারণ, রাজারা ধর্ম্ম ও অধর্ম্ম উভয়েরই ফলভাগী হইয়া থাকেন' ॥৪৩॥

—ঃ*ঃ—

যুধিষ্ঠির বলিলেন—'রাজা ! আপনি এইরূপ দুঃখিত হওয়ায় এই রাজত্ব আমার প্রীতি জন্মাইতেছে না । আমি অত্যন্ত দুর্ব্বুদ্ধি, রাজ্যে আসক্ত এবং অনবহিত ; সুতরাং আমাকে ধিক্ ! ॥১॥

---

* অত্র অধ্যায়সমাপ্তির্নাস্তি বঙ্গ বর্দ্ধ ।

(২) জিতাহারং ক্ষিতিশয়ং ন বিদে ভ্রাতৃভিঃ সহ—পি বঙ্গ বর্দ্ধ ।

অহোঽস্মি বঞ্চিতো মূঢ়ো ভবতা গূঢ়বুদ্ধিনা।
বিশ্বাসয়িত্বা পূর্ব্বং মাং যদিদং দুঃখমশ্নুথাঃ ॥৩॥
কিং মে রাজ্যেন ভোগৈর্বা কিং যজ্ঞৈঃ কিং সুখেন বা।
যস্য মে ত্বং মহীপাল! দুঃখান্যেতান্যবাপ্তবান্ ॥৪॥
পীড়িতং চাপি জানামি রাজ্যমাত্মানমেব চ।
অনেন বচসা তেঽদ্য দুঃখিতস্য জনেশ্বর! ॥৫॥
ভবান্ পিতা ভবান্ মাতা ভবান্নঃ পরমো গুরুঃ।
ভবতা বিপ্রহীণা বৈ ক্ব নু তিষ্ঠামহে বযম্ ॥৬॥
ঔরসো ভবতঃ পুত্রো যুযুৎসুর্নৃপসত্তম!।
অস্তু রাজা মহারাজ! যমন্যং মন্যতে ভবান্ ॥৭॥

ভারতকৌমুদী

অহো ইতি। প্রকৃত্যভাব আর্ষঃ, গূঢ়বুদ্ধিনা গুপ্তবনবাসাভিপ্রায়েণ। বিশ্বাসয়িত্বা গৃহবাসে বিশ্বাসং জনয়িত্বা। যবভাব আর্ষঃ ॥৩॥

কিমিতি। এতানি গৃহবাসজনিতানি ॥৪॥

পীডিতমিতি। পীড়িতং ভবদ্বিচ্ছেদাৎ, আত্মানং নিজম্ ॥৫॥

ভবানিতি। বিপ্রহীণা বিচ্ছিন্নাঃ ॥৬॥

ঔরস ইতি। ঔরসঃ স্বাঙ্গাজ্জাতঃ। মন্যতে রাজযোগ্যত্বেন, স বা রাজা ভবত্বিতি শেষঃ ॥৭॥

যে আমি ভ্রাতৃগণের সহিত মিলিত হইযা আপনাকে অত্যন্ত দুঃখার্ত্ত, উপবাসে কৃশ, কখন সংযতভোজন এবং ভূতলশায়ী বলিয়া জানিতে পারি নাই ॥২॥

হায়! আমি মূর্খ কিনা, তাই আপনি গুপ্তাভিপ্রায় হইয়া আমাকে বঞ্চনা করিতে বসিয়াছেন এবং যেহেতু পূর্ব্বে বাহিরে আমার বিশ্বাস জন্মাইয়া অন্তরে এইরূপ দুঃখভোগ করিতেছেন ॥৩॥

রাজা! আপনি যাহার জন্য এই সকল দুঃখভোগ করিয়াছেন, সেই আমার রাজ্য, ভোগ, যজ্ঞ ও সুখের প্রয়োজন কি? ॥৪॥

নরনাথ! আপনি দুঃখিত হইয়া এইরূপ বাক্য বলায়, আমি আমার রাজ্যকে ও নিজেকে দুঃখিত বলিয়া জানিতেছি ॥৫॥

আপনি আমাদের পিতা, আপনি আমাদের মাতা এবং আপনি আমাদের পরম গুরু, অতএব আমরা আপনাবিহীন হইয়া কোথায় থাকিব? ॥৬॥

---

(৫) অনেন বচসা তুভ্যং—বঙ্গ বর্দ্ধ।

অহং বনং গমিষ্যামি ভবান্ রাজ্যং প্রশাসতু।
ন মামযশসা দগ্ধং ভূযস্ত্বং দগ্ধুমর্হসি ॥৮॥
নাহং রাজা ভবান্ রাজা ভবতঃ পরবানহম্।
কথং গুরুং ত্বাং ধর্ম্মজ্ঞমনুজ্ঞাতুমিহোৎসহে ॥৯॥
ন মন্যুর্হৃদি নঃ কশ্চিৎ সুযোধনকৃতেঽনঘ!।
ভবিতব্যং তথা তদ্ধি বয়ং চান্যে চ মোহিতাঃ ॥১০॥
বয়ং পুত্রা হি ভবতো যথা দুর্য্যোধনাদয়ঃ।
গান্ধারী চৈব কুন্তী চ নির্ব্বিশেষা মতির্মম ॥১১॥
স মাং ত্বং যদি রাজেন্দ্র! পরিত্যজ্য গমিষ্যসি।
পৃষ্ঠতস্ত্বনুযাস্যামি সত্যমাত্মানমালভে ॥১২॥

ভারতকৌমুদী

অহমিতি। প্রশাসতু প্রশাস্তু। অযশসা জ্ঞাতিবধজনিতনিন্দযা ॥৮॥

নেতি। পরবান্ অধীনঃ। উৎসহে শক্নোমি ॥৯॥

নেতি। মন্যুঃ ক্রোধঃ, সুযোধনকৃতে দুর্য্যোধননিমিত্তকঃ। ভবিতব্যং দৈবম্, মোহিতা দৈবেন ॥১০॥

বযমিতি। নির্ব্বিশেষা তারতম্যরহিতা ইত্যেবং মম মতিঃ ॥১১॥

স ইতি। আত্মানং স্বহৃদযম্, আলভে স্পৃশামি ॥১২॥

রাজশ্রেষ্ঠ! আপনার ঔরসপুত্র এই যুযুৎসু রাজা হউন, অথবা মহারাজ! আপনি যাহাকে যোগ্য মনে করেন, তিনি রাজা হউন ॥৭॥

আমি বনে যাইব, আপনি রাজ্য শাসন করুন; কিন্তু আমি নিন্দায় দগ্ধ হইয়া রহিযাছি, এই অবস্থায় পুনরায় আমাকে দগ্ধ করিতে পারেন না ॥৮॥

আমি রাজা নহি, আপনিই রাজা, আমি আপনার অধীন; বিশেষতঃ আপনি আমার গুরু ও ধর্ম্মজ্ঞ; সুতরাং কি করিয়া আমি আপনাকে অনুমতি করিতে সমর্থ হইব ॥৯॥

নিষ্পাপ মহারাজ! আমাদের মনে দুর্য্যোধনের নিমিত্ত কোন ক্রোধ নাই; সে সমস্তই দৈববশতঃ সেরূপ হইয়াছে। আমরা বা অন্যেরা সকলেই দৈব-কর্ত্তৃক মোহিত হইয়া থাকি ॥১০॥

দুর্য্যোধনপ্রভৃতি যেমন আপনার পুত্র ছিল, আমরাও তেমনই আপনার পুত্র; তারপর গান্ধারী ও কুন্তীর মধ্যে কোন তারতম্য নাই, ইহাই আমার ধারণা ॥১১॥

---

(৮) ভবান্ রাজা প্রশাস্বিদম্—নি।

ইয়ং হি বসুসম্পূর্ণা মহী সাগরমেখলা।
ভবতা বিপ্রহীণস্য ন মে প্রীতিকরী ভবেৎ ॥১৩॥
ভবদীয়মিদং সর্ব্বং শিরসা ত্বাং প্রসাদয়ে।
ত্বদধীনাঃ স্ম রাজেন্দ্র! ব্যেতু তে মানসো জ্বরঃ ॥১৪॥
ভবিতব্যমনুপ্রাপ্তো মন্যে ত্বং বসুধাধিপ!।
দিষ্ট্যা শুশ্রূষমাণস্ত্বাং মোক্ষিষ্যে মনসো জ্বরম্ ॥১৫॥

ধৃতরাষ্ট্র উবাচ।

তাপস্যে মে মনস্তাত! বর্ত্ততে কুরুনন্দন!।
উচিতঞ্চ কুলেঽস্মাকমরণ্যগমনং প্রভো! ॥১৬॥

ভারতকৌমুদী

ইয়মিতি। বসুভির্ধনৈঃ সম্পূর্ণা, সাগর এব মেখলা কাঞ্চী যস্যাঃ সা ॥১৩॥

ভবদিতি। ব্যেতু অপগচ্ছতু, জ্বরঃ সন্তাপঃ ॥১৪॥

ভবীতি। ভবিতব্যং দৈবম্। দৈববশাদেব ভবান্ বনং যাতুমিচ্ছতীতি ভাবঃ। দিষ্ট্যা ভাগ্যেন ॥১৫॥

তাপস্য ইতি। তাপস্যে তপস্যাকরণে। উক্তমর্থং সমর্থয়ন্নাহ উচিতমিতি ॥১৬॥

রাজশ্রেষ্ঠ! এই অবস্থায় আপনি যদি আমাকে পরিত্যাগ করিয়া বনে যান, তবে আমিও আপনার পিছনে পিছনে যাইব, ইহা আমি সত্য বলিতেছি এবং হৃদয় স্পর্শ করিতেছি ॥১২॥

আপনার বিচ্ছেদ হইলে ধনপূর্ণ ও সমুদ্রবেষ্টিত এই পৃথিবী আমার প্রীতি-কারিণী হইবে না ॥১৩॥

এই সমস্তই আপনার। আমি মস্তকদ্বারা আপনাকে প্রসন্ন করিতেছি, আমরা সকলেই আপনার অধীন; অতএব রাজশ্রেষ্ঠ! আপনার মনের সন্তাপ তিরোহিত হউক ॥১৪॥

রাজা! আমি মনে করি, আপনি দৈবের বশীভূত হইয়া পড়িয়াছেন। সে যাহা হউক, আমি ভাগ্যবশতঃ আপনার শুশ্রূষা করিতে থাকিয়া, আপনার মনের সন্তাপ দূর করিব' ॥১৫॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'বৎস কৌরবনন্দন! আমার মন তপস্যা করিবার দিকে চলিতেছে। কারণ, রাজা! আমাদের বংশে অন্তিমবয়সে বনে গমন করা উচিত ॥১৬॥

চিরমধ্যুষিতঃ পুত্র ! চিরং শুশ্রূষিতস্ত্বয়া ।
বৃদ্ধং মামপ্যনুজ্ঞাতুমর্হসি ত্বং নরাধিপ ! ॥১৭॥

বৈশম্পায়ন উবাচ ।

ইত্যুক্ত্বা ধর্ম্মরাজানং বেপমানং কৃতাঞ্জলিম্ ।
উবাচ বচনং রাজা ধৃতরাষ্ট্রোঽম্বিকাসুতঃ ॥১৮॥
সঞ্জয়ঞ্চ মহাত্মানং কৃপঞ্চাপি মহারথম্ ।
অনুনেতুমিহেচ্ছামি ভবদ্ভির্বসুধাধিপম্ ॥১৯॥ (যুগ্মকম্)
গ্লায়তে মে মনো হীদং মুখঞ্চ পরিশুষ্যতি ।
বয়সা চ প্রকৃষ্টেন বাগ্‌ব্যায়ামেন চৈব হ ॥২০॥
ইত্যুক্ত্বা স তু ধর্ম্মাত্মা বৃদ্ধো রাজা কুরূদ্বহঃ ।
গান্ধারীং শিশ্রিয়ে ধীমান্ সহসৈব গতাসুবৎ ॥২১॥
তন্তু দৃষ্ট্বা সমাসীনং বিসংজ্ঞমিব কৌরবম্ ।
আর্ত্তিং রাজাগমত্তীব্রাং কৌন্তেয়ঃ পরবীরহা ॥২২॥

ভাবতকৌমুদী

চিরমিতি । অধ্যুষিতো ভবদ্‌গৃহে অবস্থিতঃ ॥১৭॥

ইতীতি । ধর্ম্মরাজানমিত্যদন্তত্বাভাব আর্ষঃ, বেপমানং দুঃখক্ষোভাৎ কম্পমানম্ । অনু-নেতুম্ অনুনয়েনৈতৎ সঙ্কল্পাৎ নিবর্ত্তয়িতুম্, বসুধাধিপং যুধিষ্ঠিরম্ ॥১৮—১৯॥

গ্লাযত ইতি । গ্লায়তে অবসীদতি । প্রকৃষ্টেন অধিকেন, বাগ্‌ব্যায়ামেন বহুবাক্যকথন-পরিশ্রমেণ ॥২০॥

ইতীতি । শিশ্রিয়ে অবলম্বে, গতাসুবৎ প্রাণহীন ইব ॥২১॥

পুত্র ! আমি তোমার গৃহে দীর্ঘকাল বাস করিলাম, তুমিও দীর্ঘকালই আমার শুশ্রূষা করিয়াছ, আমিও বৃদ্ধ হইয়া পড়িয়াছি ; অতএব নরনাথ ! তুমি আমাকে বনে যাইবার অনুমতি করিতে পার' ॥১৭॥

বৈশম্পায়ন বলিলেন—অম্বিকানন্দন রাজা ধৃতরাষ্ট্র কম্পমান ও কৃতাঞ্জলি যুধিষ্ঠিরকে এই কথা বলিয়া, মহাত্মা সঞ্জয় ও মহারথ কৃপাচার্য্যকে বলিলেন—'আপনারা অনুনয় করিয়া যুধিষ্ঠিরকে আমার অনুকূল করেন, ইহাই আমি ইচ্ছা করি ॥১৮—১৯॥

কারণ, বৃদ্ধ বয়স ও বাক্যের পরিশ্রমে আমার মন অবসন্ন হইয়াছে, মুখও শুকাইয়া যাইতেছে' ॥২০॥

এই কথা বলিয়াই ধর্ম্মাত্মা, কৌরবশ্রেষ্ঠ, বুদ্ধিমান্ ও বৃদ্ধ রাজা ধৃতরাষ্ট্র মৃতপ্রায়ের ন্যায় হইয়া তৎক্ষণাৎ গান্ধারীকে অবলম্বন করিলেন ॥২১॥

যুধিষ্ঠির উবাচ।

যস্য নাগসহস্রেণ শতসংখ্যেন বৈ বলম্।
সোঽয়ং নারীং ব্যপাশ্রিত্য শেতে রাজা গতাসুবৎ ॥২৩॥
আয়সী প্রতিমা যেন ভীমসেনস্য সা পুরা।
চূর্ণীকৃতা বলবতা সোঽবলামাশ্রিতঃ স্ত্রিয়ম্ ॥২৪॥
ধিগস্তু মামধর্ম্মজ্ঞং ধিগ্ বুদ্ধিং ধিক্ চ মে শ্রুতম্।
যৎকৃতে পৃথিবীপালঃ শেতেঽয়মতথোচিতঃ ॥২৫॥
অহমপ্যুপবৎস্যামি যথৈবায়ং গুরুর্ম্ম।
যদি রাজা ন ভুঙ্‌ক্তেঽয়ং গান্ধারী চ যশস্বিনী ॥২৬॥

বৈশম্পায়ন উবাচ।

ততোঽস্য পাণিনা রাজন্! জলশীতেন পাণ্ডবঃ।
উরো মুখঞ্চ শনকৈঃ পর্য্যমার্জ্জত ধর্ম্মবিৎ ॥২৭॥

ভারতকৌমুদী

তমিতি। বিসংজ্ঞমচেতনমিব, কৌরবং ধৃতরাষ্ট্রম্। আর্ত্তিং পীড়াম্ ॥২২॥
যস্যেতি। নাগানাং হস্তিনাং সহস্রেণ সমানমিতি শেষঃ, লক্ষহস্তিবলতুল্যং বলমিত্যর্থঃ ॥২৩॥
আয়সীতি। আয়সী লৌহময়ী, প্রতিমা প্রতিমূর্ত্তিঃ। অবলাং দুর্ব্বলাম্ ॥২৪॥
ধিগিতি। শ্রুতং শাস্ত্রজ্ঞানম্। যৎকৃতে যন্নিমিত্তম্, অতথোচিত ঈদৃশশয়নাযোগ্যঃ ॥২৫॥
অহমিতি। উপবৎস্যামি উপবাসং করিষ্যামি, গুরুর্জ্যেষ্ঠতাতঃ ॥২৬॥

বিপক্ষবীরহন্তা রাজা যুধিষ্ঠির ধৃতরাষ্ট্রকে অচেতনের ন্যায় পতিত দেখিয়া গুরুতর দুঃখ অনুভব করিলেন ॥২২॥

যুধিষ্ঠির বলিলেন—'হায়! যাঁহার লক্ষসংখ্যক হস্তীর ন্যায় বল ছিল, সেই রাজা ধৃতরাষ্ট্র প্রাণহীনের ন্যায় স্ত্রীলোককে অবলম্বন করিয়া শয়ন করিয়াছেন ॥২৩॥

যে বলবান্ রাজা পূর্ব্বে ভীমসেনের লৌহময়ী প্রতিমূর্ত্তি ভগ্ন করিয়াছিলেন, তিনি এখন দুর্ব্বলা স্ত্রীকে অবলম্বন করিয়া রহিয়াছেন ॥২৪॥

আমি ধর্ম্ম জানি না, সুতরাং আমাকে ধিক্, আমার বুদ্ধিকে ধিক্, আমার শাস্ত্রজ্ঞানকেও ধিক্। যে আমার জন্য এই রাজা এইরূপ হইবার যোগ্য না হইয়াও এইরূপ শয়িত হইয়াছেন ॥২৫॥

যদি এই রাজা এবং যশস্বিনী গান্ধারী ভোজন না করেন, তাহা হইলে আমার গুরু ইনি যেমন উপবাস করিতেছেন, আমিও তেমনই উপবাস করিব' ॥২৬॥

তেন রত্নৌষধিমতা পুণ্যেন চ সুগন্ধিনা।
পাণিস্পর্শেন রাজ্ঞঃ স রাজা সংজ্ঞামবাপ হ ॥২৮॥
স্পৃশংস্তং পাণিনা ভূয়ঃ পরিষ্বজ্য চ পাণ্ডবম্।
উবাচ রাজা ধর্ম্মজ্ঞো ধৃতরাষ্ট্রঃ শুভং বচঃ ॥২৯॥
জীবামীবাতিসংস্পর্শাত্তব রাজীবলোচন!।
মূর্দ্ধানঞ্চ তবাঘ্রাতুমিচ্ছামি মনুজাধিপ!।
পাণিভ্যাং হি পরিস্পৃষ্টং প্রীণনং হি মহন্মম ॥৩০॥
অষ্টমো হ্যস্য কালোঽয়মাহারস্য কৃতস্য মে।
যেনাহং কুরুশার্দ্দূল! শক্নোমি ন বিচেষ্টিতুম্ ॥৩১॥

ভারতকৌমুদী

তত ইতি। জলমিব শীতঃ শীতলস্তেন, পাণ্ডবো যুধিষ্ঠিরঃ। উবো বক্ষঃ ॥২৭॥

তেনেতি। রত্নমঙ্গুরীয়কনিবেশিতো মণিঃ, ওষধিস্তরুবিশেষশাখাখণ্ডঞ্চ বিদ্যতে অস্যেতি তেন। হস্তস্য তাদৃশত্বাৎ তৎস্পর্শোঽপি তথৈবোক্তঃ ॥২৮॥

স্পৃশস্তমিতি। ভূয়ঃ পুনঃ, পরিষ্বজ্য আলিঙ্গ্য ॥২৯॥

জীবামীতি। হে রাজীবলোচন! পদ্মনয়ন! পরিস্পৃষ্টং সর্বথা স্পর্শঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

অষ্টম ইতি। দিনত্রয়াৎ পরং চতুর্থদিনে দ্বিতীযঃ কালঃ অষ্টমঃ কালঃ। বিচেষ্টিতুং হস্তপদাদিকং চালযিতুম্ ॥৩১॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! তাহার পর ধর্ম্মজ্ঞ যুধিষ্ঠির জলের ন্যায় শীতল হস্তদ্বারা ধীরে ধীরে ধৃতরাষ্ট্রের বক্ষঃস্থল ও মুখ মার্জ্জন করিলেন ॥২৭॥

ক্রমে যুধিষ্ঠিরের সেই রত্ন ও ওষধিযুক্ত, পবিত্র এবং সৌরভসম্পন্ন হস্তের সংস্পর্শে ধৃতরাষ্ট্র চৈতন্য লাভ করিলেন ॥২৮॥

যুধিষ্ঠির পুনরায় হস্তদ্বারা স্পর্শ করিতে লাগিলে, ধর্ম্মজ্ঞ রাজা ধৃতরাষ্ট্র তাঁহাকে আলিঙ্গন করিয়া এই মঙ্গলজনক বাক্য বলিলেন—॥২৯॥

'পদ্মনয়ন রাজা! তোমার অত্যন্ত সংস্পর্শবশতই যেন আমি বাঁচিয়া উঠিয়াছি, এখন আমি তোমার মস্তকাঘ্রাণ করিতে ইচ্ছা করি। তোমার হস্তস্পর্শ আমার অত্যন্ত প্রীতিজনক হইয়াছে ॥৩০॥

কৌরবশ্রেষ্ঠ! পূর্ব্বে যে আমি আহার করিয়াছিলাম, তাহার পর তিন দিন গিয়াছে, অদ্য চতুর্থ দিনে দ্বিতীয় আহারের কাল উপস্থিত হইয়াছে। যাহাতে আমি হস্তপদাদি অঙ্গ সঞ্চালন করিতে পারিতেছি না ॥৩১॥

ব্যায়ামশ্চায়মত্যর্থঃ কৃতস্ত্বামভিযাচতা।
ততো গ্লানমনাস্তাত! নষ্টসংজ্ঞ ইবাভবম্ ॥৩২॥
তবামৃতসুখস্পর্শং হস্তস্পর্শমিমং প্রভো!।
লব্ধ্বা সঞ্জীবিতোঽস্মীতি মন্যে কুরুকুলোদ্বহ! ॥৩৩॥
বৈশম্পায়ন উবাচ।
এবমুক্তস্তু কৌন্তেয়ঃ পিত্রা জ্যেষ্ঠেন ভারত!।
পস্পর্শ সর্বগাত্রেষু স্নেহার্দ্রস্তং শনৈস্তদা ॥৩৪॥
উপলভ্য ততঃ প্রাণান্ ধৃতরাষ্ট্রো মহীপতিঃ।
বাহুভ্যাং সংপরিষজ্য মূর্দ্ধ্যুপাজিঘ্রত পাণ্ডবম্ ॥৩৫॥
বিদুরাদয়শ্চ তে সর্বে রুরুদুর্দুঃখিতা ভৃশম্।
অতিদুঃখাত্তু রাজানং নোচুঃ কিঞ্চন পাণ্ডবম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

ব্যায়াম ইতি। ব্যায়ামঃ পরিশ্রমঃ, অভিযাচতা বনবাসং প্রার্থয়তা ময়া ॥৩২॥
তবেতি। অমৃতস্য সুখস্পর্শমিব। সঞ্জীবিতঃ প্রাপ্তচৈতন্যঃ ॥৩৩॥
এবমিতি। কৌন্তেয়ো যুধিষ্ঠিরঃ। স্নেহেন আর্দ্রঃ শীতলীভূতঃ ॥৩৪॥
উপেতি। প্রাণান্ বলম্। মূর্দ্ধ্নি শিরসি, পাণ্ডবং যুধিষ্ঠিরম্ ॥৩৫॥
বিদুরেতি। পাণ্ডবং রাজানং যুধিষ্ঠিরম্ ॥৩৬॥

বৎস! তোমার নিকট বনবাসের প্রার্থনা করিতে থাকায় এই গুরুতর পরিশ্রম করিয়াছি, তাহাতে মন অবসন্ন হইয়াছিল; সুতরাং আমিও যেন চৈতন্যবিহীন হইয়া পড়িয়াছিলাম ॥৩২॥

রাজা কৌরবশ্রেষ্ঠ! পরে অমৃতের ন্যায় সুখজনক তোমার হস্তস্পর্শ লাভ করিয়াই আমি চৈতন্য লাভ করিয়াছি বলিয়া মনে করি' ॥৩৩॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন! জ্যেষ্ঠতাত ধৃতরাষ্ট্র এইরূপ বলিলে, তখন যুধিষ্ঠির স্নেহে আরও কোমল হইয়া ধীরে ধীরে ধৃতরাষ্ট্রের সমস্ত অঙ্গ স্পর্শ করিলেন ॥৩৪॥

তাহার পর রাজা ধৃতরাষ্ট্র দেহে শক্তি লাভ করিয়া বাহুযুগলদ্বারা যুধিষ্ঠিরকে আলিঙ্গনপূর্ব্বক তাঁহার মস্তকাঘ্রাণ করিলেন ॥৩৫॥

বিদুরপ্রভৃতি তত্রত্য সকল লোক অত্যন্ত দুঃখিত হইয়া রোদন করিতে লাগিলেন; কিন্তু অত্যন্ত দুঃখবশতঃ যুধিষ্ঠিরকে কিছুই বলিলেন না ॥৩৬॥

(৩৩) তবামৃতরসপ্রখ্যং—বঙ্গ বর্দ্ধ।
(৩৪) ··সৌহার্দ্দাত্তং শনৈস্তদা—পি বঙ্গ বর্দ্ধ।

গান্ধারী ত্বেব ধর্ম্মজ্ঞা মনসোদ্বহতী ভৃশম্।
দুঃখান্যধারয়দ্রাজন্! মৈবমিত্যেব চাব্রবীৎ ॥৩৭॥
ইতরাস্তু স্ত্রিয়ঃ সর্ব্বাঃ কুন্ত্যা সহ সুদুঃখিতাঃ।
নেত্রৈরাগতবিক্লেদৈঃ পরিবার্য্য স্থিতাভবন্ ॥৩৮॥
অথাব্রবীৎ পুনর্বাক্যং ধৃতরাষ্ট্রো যুধিষ্ঠিরম্।
অনুজানীহি মাং রাজংস্তাপস্যে ভরতর্ষভ! ॥৩৯॥
গ্লায়তে মে মনস্তাত! ভূয়ো ভূয়ঃ প্রজল্পতঃ।
ন মাগতঃ পরং পুত্র! পরিক্লেষ্টুমিহার্হসি ॥৪০॥
তস্মিংস্তু কৌরবেন্দ্রে তং তথা ব্রুবতি পাণ্ডবম্।
সর্ব্বেষামবরোধানামার্ত্তনাদো মহানভূৎ ॥৪১॥
দৃষ্ট্বা কৃশং বিবর্ণঞ্চ রাজানমতথোচিতম্।
উপবাসপরিশ্রান্তং ত্বগস্থিপরিবারণম্ ॥৪২॥

ভারতকৌমুদী

গান্ধারীতি। দুঃখানি উদ্বহতী উদ্বহন্তী। অধারয়ৎ ধৃতরাষ্ট্রম্, এবং অঙ্গানি মা সঞ্চালযেতি শেষঃ ॥৩৭॥

ইতরা ইতি। আগতবিক্লেদৈ উদ্ভূতাশ্রুজলৈঃ, স্থিতা অভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৩৮॥

অথেতি। তাপস্যে তপস্যাকরণে ॥৩৯॥

গ্লাযত ইতি। গ্লাযতে অবসীদতি ॥৪০॥

তস্মিন্নিতি। পাণ্ডবং যুধিষ্ঠিরম্। অবরোধানাম্ অন্তঃপুরস্থানাং স্ত্রীণাম ॥৪১॥

রাজা! তখন ধর্ম্মজ্ঞা গান্ধারী মনে গুরুতর দুঃখ বহন করিতে থাকিয়া ধৃতরাষ্ট্রকে ধারণ করিলেন এবং 'এইরূপ করিবেন না' এই কথা বলিলেন ॥৩৭॥

আর কুন্তীর সহিত অন্যান্য সকল স্ত্রীলোক অত্যন্ত দুঃখিত হইয়া অশ্রুসিক্ত নেত্রে ধৃতরাষ্ট্রকে পরিবেষ্টন করিয়া দাঁড়াইয়া রহিলেন ॥৩৮॥

তাহার পর ধৃতরাষ্ট্র পুনরায় যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন—'ভরতশ্রেষ্ঠ রাজা! তুমি আমাকে তপস্যা করিবার বিষয়ে অনুমতি কর ॥৩৯॥

বৎস! বার বার কথা বলায় আমার মন অবসন্ন হইয়া পড়িযাছে, অতএব পুত্র! ইহার পর তুমি আমাকে আর কষ্ট দিতে পার না' ॥৪০॥

কৌরবশ্রেষ্ঠ ধৃতরাষ্ট্র যুধিষ্ঠিরকে সেইরূপ বলিলে, তত্রত্য সকল স্ত্রীলোকের বিশাল আর্ত্তনাদ উত্থিত হইল ॥৪১॥

---

(৪১) সর্ব্বেষামেব যোধানাম্—বঙ্গ বর্দ্ধ।

ধর্ম্মপুত্রঃ স্বপিতরং পরিষ্বজ্য মহাপ্রভুম্।
শোকজং বাষ্পমুৎসৃজ্য পুনর্ব্বচনমব্রবীৎ ॥৪৩॥ (যুগ্মকম্)
ন কাময়ে নরশ্রেষ্ঠ! জীবিতং পৃথিবীং তথা।
যথা তব প্রিয়ং রাজন্! চিকীর্ষামি পরন্তপ! ॥৪৪॥
যদি চাহমনুগ্রাহ্যো ভবতো দয়িতোঽপি বা।
ক্রিয়তাং তাবদাহারস্ততো বেৎস্যাম্যহং পরম্ ॥৪৫॥
ততোঽব্রবীন্মহাতেজা ধৃতরাষ্ট্রো যুধিষ্ঠিরম্।
অনুজ্ঞাতস্ত্বয়া পুত্র! ভুঞ্জীযামিতি কাময়ে ॥৪৬॥
ইতি ব্রুবতি রাজেন্দ্রে ধৃতরাষ্ট্রে যুধিষ্ঠিরম্।
ঋষিঃ সত্যবতীপুত্রো ব্যাসোঽভ্যেত্য বচোঽব্রবীৎ ॥৪৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-পর্ব্বণি আশ্রমবাসে ধৃতরাষ্ট্রনির্বেদে পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। অতথোচিতং তাদৃগ্ভাবাযোগ্যম্। স্বপিতরং নিজজ্যেষ্ঠতাতম্ ॥৪২—৪৩॥
নেতি। পৃথিবীং রাজ্যম্। চিকীর্ষামি তথা কর্ত্তুমিচ্ছামি ॥৪৪॥
যদীতি। দয়িতঃ প্রিয়ঃ। বেৎস্যামি জ্ঞাস্যামি, পরমনন্তরকর্ত্তব্যম্ ॥৪৫॥
তত ইতি। অনুজ্ঞাতস্তপোবনগমনায়ানুমতঃ ॥৪৬॥
ইতীতি। অভ্যেত্য যুধিষ্ঠিরসমীপমাগত্য ॥৪৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি আশ্রমবাসে পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥

তখন তাদৃশ অবস্থার অযোগ্য নিজ জ্যেষ্ঠতাত মহাপ্রভাবশালী রাজা ধৃতরাষ্ট্রকে কৃশ, বিবর্ণ, উপবাসক্লান্ত ও অস্থিচর্ম্মসার দেখিয়া যুধিষ্ঠির শোক-বাষ্প বিসর্জ্জন করিয়া পুনরায় এই কথা বলিলেন—॥৪২—৪৩॥

'নরশ্রেষ্ঠ! আমি নিজের জীবন বা রাজ্য ইচ্ছা করি না, কিন্তু শত্রুদমন রাজা! যাহা আপনার প্রিয়, তাহাই করিতে ইচ্ছা করি ॥৪৪॥

আমি যদি আপনার অনুগ্রহের যোগ্য বা প্রিয় হই, তাহা হইলে আপনি অগ্রে আহার করুন, তাহার পর আমি পরকর্ত্তব্য বুঝিব' ॥৪৫॥

তদনন্তর মহাতেজা ধৃতরাষ্ট্র যুধিষ্ঠিরকে বলিলেন—'পুত্র! আমি ইচ্ছা করি, তুমি আমাকে তপোবন গমনের অনুমতি করিলে পর, আমি ভোজন করিব' ॥৪৬॥

---

* 'তৃতীয়োঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, 'চতুর্থোঽধ্যায়ঃ'—নি।

ষষ্ঠোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

ব্যাস উবাচ।

যুধিষ্ঠির! মহাবাহো! যথাহ কুরুনন্দনঃ।
ধৃতরাষ্ট্রো মহাতেজাস্তৎ কুরুষ্বাবিচারয়ন্ ॥১॥
অয়ং হি বৃদ্ধো নৃপতির্হতপুত্রো বিশেষতঃ।
নেদং কৃচ্ছ্রং চিরতরং সহেদিতি মতির্মম ॥২॥
গান্ধারী চ মহাভাগা প্রাজ্ঞা করুণবেদিনী।
পুত্রশোকং মহারাজ! ধৈর্য্যেণোদ্বহতে ভৃশম্ ॥৩॥
অহমপ্যেতদেব ত্বাং ব্রবীমি কুরু মে বচঃ।
অনুজ্ঞাং লভতাং রাজা মা বৃথেহ মরিষ্যতি ॥৪॥

ভারতকৌমুদী

যুধীতি। আহ ব্রবীতি। মহাতেজস্ত্বাদেব ভীমভৎর্সনং সোঢ়ুং ন শক্নোতীতি ভাবঃ ॥১॥
অয়মিতি। ইদং বনবাসনিবন্ধনম্। শীঘ্রমেব লোকান্তরং গচ্ছেদিত্যাশয়ঃ ॥২॥
গান্ধারীতি। করুণবেদিনী পত্যুরপি দারুণশোকাভিজ্ঞা ॥৩॥
অহমিতি। রাজা ধৃতরাষ্ট্রঃ, বৃথা তপস্যাং বিনা নিরুৎকর্ষম্ ॥৪॥

রাজশ্রেষ্ঠ ধৃতরাষ্ট্র যুধিষ্ঠিরকে এইরূপ বলিলে, সত্যবতীর পুত্র ঋষি বেদব্যাস যুধিষ্ঠিরের নিকটে যাইয়া এই কথা বলিলেন ॥৪৭॥

—ঃ*ঃ—

বেদব্যাস বলিলেন—'মহাবাহু যুধিষ্ঠির! মহাতেজা কৌরবনন্দন ধৃতরাষ্ট্র যাহা বলিতেছেন, তুমি কোন বিচার না করিয়াই তাহা কর ॥১॥

এই রাজা বৃদ্ধ হইয়াছেন; বিশেষতঃ, ইহার পুত্রগণ নিহত হইয়াছে; সুতরাং ইনি দীর্ঘকাল এই বনবাসের কষ্ট সহ্য করিবেন না, ইহাই আমার ধারণা ॥২॥

মহারাজ! তারপর মহাভাগা, বুদ্ধিমতী ও পতির শোকাভিজ্ঞা গান্ধারীও ধৈর্য্যের গুণেই গুরুতর পুত্রশোক বহন করিতেছেন ॥৩॥

আমিও তোমাকে ইহাই বলিতেছি; তুমি আমার বাক্য রক্ষা কর। এই রাজা তোমার অনুমতি লাভ করুন, এস্থানে যেন বৃথামৃত্যু প্রাপ্ত হয় না ॥৪॥

রাজর্ষীণাং পুরাণানামনুযাতু গতিং নৃপঃ।
রাজর্ষীণাং হি সর্ব্বেষামন্তে বনমুপাশ্রয়ঃ ॥৫॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্তঃ স তদা রাজা ব্যাসেনাদ্ভুতকর্ম্মণা।
প্রত্যুবাচ মহাতেজা ধর্ম্মরাজো মহামুনিম্ ॥৬॥
ভগবানেব নো মান্যো ভগবানেব নো গুরুঃ।
ভগবানস্য রাজ্যস্য কুলস্য চ পরায়ণম্ ॥৭॥
অহন্তু পুত্রো ভগবন্! পিতা রাজা গুরুশ্চ মে।
নিদেশবর্ত্তী চ পিতুঃ পুত্রো ভবতি ধর্ম্মতঃ ॥৮॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্তঃ স তু তং প্রাহ ব্যাসো বেদবিদাংবরঃ।
যুধিষ্ঠিরং মহাতেজাঃ পুনরেব মহাকবিঃ ॥৯॥
এবমেতন্মহাবাহো! যথা বদসি ভারত!।
রাজায়ং বৃদ্ধতাং প্রাপ্তঃ প্রমাণে পরমে স্থিতঃ ॥১০॥

ভারতকৌমুদী

রাজেতি। পুরাণানাং প্রাচীনানাম্, নৃপো ধৃতরাষ্ট্রঃ ॥৫॥
ইতীতি। অদ্ভুতকর্ম্মণা মহাতপস্যাচরণান্নানাগ্রন্থাদিনির্ম্মাণাচ্চেতি ভাবঃ ॥৬॥
ভগবানিতি। ভগবান্ ভবান্, নঃ অস্মাকম্। পরায়ণং পরমাশ্রয়ঃ ॥৭॥
অহমিতি। পুত্রো ধৃতরাষ্ট্রস্য, রাজা ধৃতরাষ্ট্রঃ। অহমস্যাদেশং পালয়ামীতি ভাবঃ ॥৮॥
ইতীতি। মহাকবির্ম্মহাকাব্যনির্ম্মাণযোগ্যঃ ॥৯॥

এই রাজা প্রাচীন রাজর্ষিগণের গতি লাভ করুন। কারণ, সকল রাজর্ষিরই অন্তিম বয়সে তপোবনই আশ্রয় হইয়া থাকে' ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—অদ্ভুতকর্ম্মা বেদব্যাস এই কথা বলিলে, তখন মহাতেজা রাজা যুধিষ্ঠির মহর্ষি বেদব্যাসের বাক্যের প্রত্যুত্তর করিলেন ॥৬॥

'দেব! আপনিই আমাদের মাননীয়, আপনিই আমাদের গুরু এবং আপনিই এই রাজ্য ও বংশের পরম আশ্রয় ॥৭॥

ভগবন্! তারপর আমি ইঁহার পুত্র, ইনি আমার পিতা, রাজা ও গুরু; সুতরাং পুত্র ধর্ম্মানুসারে পিতার আদেশের অনুবর্ত্তী হইয়া থাকে' ॥৮॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির এই কথা বলিলে, বেদজ্ঞশ্রেষ্ঠ, মহাতেজা ও মহাকবি বেদব্যাস পুনরায় যুধিষ্ঠিরকে বলিলেন—॥৯॥

সোঽয়ং ময়াভ্যনুজ্ঞাতস্ত্বয়া চ পৃথিবীপতিঃ।
করোতু স্বমভিপ্রায়ং মাস্য বিঘ্নকরো ভব ॥১১॥
এষ এব পরো ধর্ম্মো রাজর্ষীণাং যুধিষ্ঠির!।
সমরে বা ভবেন্মৃত্যুর্বনে বা বিধিপূর্বকম্ ॥১২॥
পিত্রা তু তব রাজেন্দ্র! পাণ্ডুনা পৃথিবীক্ষিতা।
শিষ্যবৃত্তেন রাজায়ং গুরুবৎ পর্য্যুপাসিতঃ ॥১৩॥
ক্রতুভির্দক্ষিণাবদ্ভী রত্নপর্ব্বতশোভিতৈঃ।
মহদ্ভিরিষ্টং গৌর্ভুক্তা প্রজাশ্চ পরিপালিতাঃ ॥১৪॥
পুত্রসংস্থঞ্চ বিপুলং রাজ্যং বিপ্রোষিতে ত্বয়ি।
ত্রয়োদশসমা ভুক্তং দত্তঞ্চ বিবিধং বসু ॥১৫॥

ভারতকৌমুদী

এবমিতি। এতৎ অহমিত্যাদিনা যদুক্তম্, তদেবং সত্যমিত্যর্থঃ। প্রমাণে গ্রাহ্য-বাক্যত্বে ॥১০॥

স ইতি। করোতু সফলং বিদধাতু, ত্বমস্য বিঘ্নকরো মা ভব ॥১১॥

এষ ইতি। বিধিপূর্বকং তপোঽনুষ্ঠানপূর্ব্বকম্ ॥১২॥

পিত্রেতি। পৃথিবীক্ষিতা রাজ্ঞা। শিষ্যস্যেব বৃত্তং ব্যবহারো যস্য তেন ॥১৩॥

ক্রতুভিরিতি। রত্নপর্ব্বতাঃ পর্ব্বতাকারেণ স্তূপীকৃতানি রত্নানি তৈঃ শোভিতৈঃ। ইষ্টং দেববৃন্দং পূজিতম্, গৌঃ পৃথিবী ॥১৪॥

'মহাবাহু ভরতনন্দন! তুমি যাহা বলিলে, তাহা এইরূপই বটে, এই রাজা বৃদ্ধ হইয়া পরম প্রমাণে অবস্থান করিতেছেন (ইঁহার বাক্য অবশ্যই গ্রাহ্য) ॥১০॥

আমি এবং তুমি অনুমতি করায় এই রাজা নিজের অভিপ্রায় সফল করুন। তুমি ইঁহার বিঘ্নকারী হইও না ॥১১॥

যুধিষ্ঠির! রাজর্ষিগণের ইহাই পরম ধর্ম্ম যে, যুদ্ধে মৃত্যু হইবে অথবা তপোবনে যথাবিধানে মৃত্যু হইবে ॥১২॥

রাজশ্রেষ্ঠ। তারপর তোমার পিতা রাজা পাণ্ডু শিষ্যের ন্যায় থাকিয়া গুরুর ন্যায় এই রাজার উপাসনা করিয়া গিয়াছেন ॥১৩॥

বিশেষতঃ, ইনি প্রচুর দক্ষিণাযুক্ত ও পর্ব্বতের ন্যায় রাশীকৃত রত্নে শোভিত বহুতর মহাযজ্ঞ করিয়াছেন, পৃথিবী ভোগ করিয়াছেন এবং প্রজা পালন করিয়াছেন ॥১৪॥

---

(১৩) শিষ্যভূতেন রাজায়ং—নি।

(১৪) মহদ্ভিরিষ্টং গৌর্ভুক্তা—পি বঙ্গ বর্দ্ধ।

ত্বয়া চায়ং নরব্যাঘ্র ! গুরুশুশ্রূষয়ানঘ ! ।
আরাধিতঃ সভৃত্যেন গান্ধারী চ যশস্বিনী ॥১৬॥
অনুজানীহি পিতরং সময়োঽস্য তপোবিধৌ ।
ন মন্যুর্বিদ্যতে চাস্য সুসূক্ষ্মোঽপি যুধিষ্ঠির ! ॥১৭॥
বৈশম্পায়ন উবাচ ।
এতাবদুক্ত্বা বচনমনুমান্য চ পার্থিবম্ ।
তথাস্ত্বিতি চ তেনোক্তঃ কৌন্তেয়েন যযৌ বনম্ ॥১৮॥
গতে ভগবতি ব্যাসে রাজা পাণ্ডুসুতস্তদা ।
প্রোবাচ পিতরং বৃদ্ধং মন্দং মন্দমিবানতঃ ॥১৯॥

ভারতকৌমুদী

পুত্রেতি। পুত্রে দুর্য্যোধনে সংস্থা স্থিতির্যস্য তৎ, বিপ্রোষিতে বনবাসমজ্ঞাতবাসঞ্চ গতে। সমা বৎসরান্, বসু ধনম্ ॥১৫॥

ত্বয়েতি। গুরুবৎ শুশ্রূষয়া পরিচর্য্যয়া। ভৃত্যৈঃ সহেতি তেন ॥১৬॥

অম্বিতি। তপোবিধৌ তপশ্চরণে। মন্যুঃ ক্রোধঃ ॥১৭॥

এতাবদিতি। অনুমান্য অনুমতিং দাপয়িত্বা, পার্থিবং যুধিষ্ঠিরম্। যযৌ বেদব্যাসঃ ॥১৮॥

গত ইতি। মন্দং মন্দং শনৈঃ শনৈঃ পরুষতাপরিহারার্থমিতি ভাবঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

যুধিষ্ঠিরেতি ॥১—৭॥ অহমিতি। পৌত্রোঽপি "আত্মা বৈ পুত্রনামাসি' ইতি পুত্রাভিন্নত্বাৎ পুত্র এবাহং তে তব। রাজা তু মে মম পিতা গুরুশ্চ ॥৮—৯॥ পরমে প্রমাণে উপনিষন্নতে ॥১০—১৬॥ তপোবিধৌ তপঃকরণে ॥১৭—২২॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥৬॥

তারপর, তুমি প্রবাসে চলিয়া গেলে, ত্রয়োদশ বৎসর যাবৎ পুত্রের উপরে রাখিয়া বিশাল রাজ্য ভোগ করিয়াছেন এবং বহুবিধ ধন দান করিয়াছেন ॥১৫॥

নিষ্পাপ নরশ্রেষ্ঠ! তুমিও ভৃত্যগণের সহিত মিলিত হইয়া ইঁহাকে ও যশস্বিনী গান্ধারীকে গুরুর ন্যায় পরিচর্য্যাদ্বারা সন্তুষ্ট করিয়াছ ॥১৬॥

যুধিষ্ঠির! তুমি তপোবনে যাইবার জন্য জ্যেষ্ঠতাতকে অনুমতি কর। কারণ, ইঁহার তপস্যা করিবার পক্ষে ইহাই সময়। তারপর, ইঁহার অতি অল্প ক্রোধও নাই' ॥১৭॥

বৈশম্পায়ন বলিলেন—বেদব্যাস এই পর্য্যন্ত বলিয়া যুধিষ্ঠিরকে অনুমতি করাইয়া তিনি 'তাহাই হউক' এই কথা বলিলে, তপোবনে চলিয়া গেলেন ॥১৮॥

যদাহ ভগবান্ ব্যাসো যচ্চাপি ভবতো মতম্।
যথাহ চ মহেষ্বাসঃ কৃপো বিদুর এব চ ॥২০॥
যুযুৎসুঃ সঞ্জয়শ্চৈব তৎকর্ত্তাস্ম্যহমঞ্জসা।
সর্ব্ব এব হি মান্যা মে কুলস্য হি হিতৈষিণঃ ॥২১॥ (যুগ্মকম্)
ইদন্তু যাচে নৃপতে! ত্বামহং শিরসা নতঃ।
ক্রিয়তাং তাবদাহারস্ততো গচ্ছাশ্রমং প্রতি ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-পর্ব্বণি আশ্রমবাসে ব্যাসানুজ্ঞায়াং ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

সপ্তমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।
ততো রাজ্ঞাভ্যনুজ্ঞাতো ধৃতরাষ্ট্রো মহামনাঃ।
যযৌ স্বভবনং রাজা গান্ধার্য্যানুগতস্তদা ॥১॥

ভারতকৌমুদী

যদিতি। মহান্ ইষ্বাসো ধনুর্যস্য সঃ। কর্ত্তাস্মি করিষ্যামি, অঞ্জসা দ্রুতমেব ॥২০—২১॥
ইদমিতি। আশ্রমং তপোবনম্ ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-মাশ্রমবাসিকপর্ব্বণি ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥

ভগবান্ বেদব্যাস চলিয়া গেলে, তখন রাজা যুধিষ্ঠির অবনত হইয়াই যেন ধীরে ধীরে বৃদ্ধ জ্যেষ্ঠতাতকে বলিলেন—॥১৯॥

'ভগবান্ বেদব্যাস যাহা বলিলেন, আপনারও যাহা মত এবং মহাধনুর্দ্ধর কৃপ, বিদুর, যুযুৎসু ও সঞ্জয় যাহা বলিয়াছেন, তাহা আমি সত্বরই করিতেছি। কারণ, ইঁহারা সকলেই আমার মাননীয় এবং বংশের হিতৈষী ॥২০—২১॥

তবে রাজা! আমি মস্তক অবনত করিয়া আপনাকে ইহা প্রার্থনা করি, আপনি অগ্রে আহার করুন, তাহার পর তপোবনে গমন করিবেন' ॥২২॥

* '...চতুর্থোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...পঞ্চমোঽধ্যায়ঃ'—নি।

মন্দপ্রাণগতির্ধীমান্ কৃচ্ছ্রাদিব সমুদ্বহন্।
পদানি স মহীপালো জীর্ণো গজপতির্যথা ॥২॥ (যুগ্মকম্)
তমন্বগচ্ছদ্বিদুরো বিদ্বান্ সূতশ্চ সঞ্জয়ঃ।
স চাপি পরমেষ্বাসঃ কৃপঃ শারদ্বতস্তথা ॥৩॥
স প্রবিশ্য গৃহং রাজন্! কৃতপূর্ব্বাহ্নিকক্রিয়ঃ।
তর্পয়িত্বা দ্বিজশ্রেষ্ঠানাহারমকরোত্তদা ॥৪॥
গান্ধারী চৈব ধর্ম্মজ্ঞা কুন্ত্যা সহ মনস্বিনী।
বধূভিরুপচারেণ পূজিতাভুঙ্ক্ত ভারত! ॥৫॥
কৃতাহারং কৃতাহারাঃ সর্ব্বে তে বিদুরাদযঃ।
পাণ্ডবাশ্চ কুরুশ্রেষ্ঠমুপাতিষ্ঠন্ত তং নৃপম্ ॥৬॥

ভারতকৌমুদী

তত ইতি। রাজ্ঞা যুধিষ্ঠিরেণ, মহামনাস্তপস্যাপ্রবৃত্তেঃ। মন্দে অল্পে প্রাণগতী বলগমনে যস্য সঃ। পদানি পদক্ষেপান্, সমুদ্বহন্ কুর্বন্ ॥১—২॥

তমিতি। সূতঃ সারথিবংশীয়ঃ। পরমেষ্বাস উত্তমধন্বা, শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ ॥৩॥

স ইতি। কৃতা পূর্বাহ্নিকী ক্রিয়া সন্ধ্যাবন্দনাদির্যেন সঃ ॥৪॥

গান্ধারীতি। উপচারেণ খাদ্যদানাদিনা, অভুঙ্ক্ত ভোজনমকরোৎ ॥৫॥

কৃতেতি। উপাতিষ্ঠন্ত উপাসনার্থং পর্য্যবেষ্টন্ত ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির অনুমতি করিলে, তাহার পর মহামনা রাজা ধৃতরাষ্ট্র আপন ভবনে গমন করিলেন। তখন গান্ধারীও তাঁহার পিছনে পিছনে গেলেন। তৎকালে জরাজীর্ণ হস্তিশ্রেষ্ঠের ন্যায় বুদ্ধিমান্ ধৃতরাষ্ট্র কষ্টক্রমেই যেন পদক্ষেপ করিতেছিলেন। কারণ, তাঁহার দৈহিক শক্তি ও পদক্ষেপের ক্ষমতা অল্প হইয়া গিয়াছিল ॥১—২॥

তখন বিদ্বান্ বিদুর, সূতবংশীয় সঞ্জয় এবং শরদ্বানের পুত্র মহাধনুর্দ্ধর কৃপও ধৃতরাষ্ট্রের অনুসরণ করিলেন ॥৩॥

রাজা! ক্রমে তিনি গৃহে প্রবেশপূর্ব্বক পূর্ব্বাহ্নকার্য্য সম্পন্ন করিয়া এবং ব্রাহ্মণগণকে ভোজন করাইয়া নিজে ভোজন করিলেন ॥৪॥

ভরতনন্দন! পরে ধর্ম্মজ্ঞা ও মনস্বিনী গান্ধারীও কুন্তীর সহিত মিলিত হইয়া দ্রৌপদীপ্রভৃতি বধূগণপ্রদত্ত অন্নপ্রভৃতি ভোজন করিলেন ॥৫॥

রাজা ধৃতরাষ্ট্র আহার করিলে, বিদুরপ্রভৃতি সহচরগণ ও পাণ্ডবগণ আহার করিয়া আসিয়া ধৃতরাষ্ট্রের নিকট উপবেশন করিলেন ॥৬॥

---

(২) পদাতিঃ স মহীপালঃ—পি বঙ্গ বর্দ্ধ।

ততোঽব্রবীন্মহারাজ! কুন্তীপুত্রমুপহ্বরে।
নিষণ্ণং পাণিনা পৃষ্ঠে সংস্পৃশন্নম্বিকাসুতঃ ॥৭॥
অপ্রমাদস্ত্বয়া কার্য্যঃ সর্ব্বথা কুরুনন্দন!।
অষ্টাঙ্গে রাজশার্দ্দূল! রাজ্যে ধর্ম্মপুরস্কৃতে ॥৮॥
তত্তু শক্যং মহারাজ! রক্ষিতুং পাণ্ডুনন্দন!।
রাজ্যং ধর্ম্মেণ কৌন্তেয়! বিদ্বানসি নিবোধ তৎ ॥৯॥
বিদ্যাবৃদ্ধান্ সদৈব ত্বমুপাসীথা যুধিষ্ঠির!।
শৃণুযাস্তে চ যদ্‌ব্রূয়ুঃ কুর্য্যাশ্চৈবাবিচারয়ন্ ॥১০॥
প্রাতরুত্থায় তান্ রাজন্! পূজয়িত্বা যথাবিধি।
কৃত্যকালে সমুৎপন্নে পৃচ্ছেথাঃ কার্য্যমাত্মনঃ ॥১১॥
তে তু সম্মানিতা রাজন্! ত্বয়া কার্য্যহিতার্থিনা।
প্রবক্ষ্যন্তি হিতং তাত! সর্বথা তব ভারত! ॥১২॥

ভারতকৌমুদী

তত ইতি। কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্, উপহ্বরে সমীপে। নিষণ্ণমুপবিষ্টম্ ॥৭॥
অপ্রেতি। অপ্রমাদঃ সাবধানতা। অষ্টাঙ্গে স্বাম্যমাত্যাদিযুক্তে ॥৮॥
তদিতি। তত্তস্মাৎ, নিবোধ শৃণু ॥৯॥
বিদ্যেতি। বিদ্যাভির্বৃদ্ধান্ অধিকবিদ্যাশালিনঃ, উপাসীথাস্তেষামুপদেশগ্রহণায় ॥১০॥
প্রাতরিতি। তান্ বিদ্যাবৃদ্ধান্। কৃত্যকালে কর্ত্তব্যসময়ে, কার্য্যং কর্ত্তব্যম্ ॥১১॥
ত ইতি। তে বিদ্যাবৃদ্ধাঃ, কার্য্যহিতার্থিনা কর্ত্তব্যবিষয়মঙ্গলাভিলাষিণা ॥১২॥

মহারাজ! তাহার পর ধৃতরাষ্ট্র, হস্তদ্বারা নিকটে উপবিষ্ট যুধিষ্ঠিরের পৃষ্ঠ স্পর্শ করিয়া বলিতে লাগিলেন—॥৭॥

রাজশ্রেষ্ঠ কৌরবনন্দন! তোমার রাজ্যে ধর্ম্মই প্রধান থাকিবে; সেইরূপ অষ্টাঙ্গ রাজ্যে তুমি সর্ব্বপ্রকারে সাবধান থাকিবে ॥৮॥

পাণ্ডুনন্দন মহারাজ! তুমি ধর্ম্মদ্বারাই সেই রাজ্য রক্ষা করিতে পারিবে। কুন্তীনন্দন! তুমি বিদ্বান্ হইয়াছ; সুতরাং শ্রবণ কর ॥৯॥

যুধিষ্ঠির! তুমি সর্ব্বদাই বিদ্যাবৃদ্ধ লোকদিগের সেবা করিবে এবং তাঁহারা যাহা বলিবেন, তাহা শুনিবে ও নির্ব্বিচারে তাহাই করিবে ॥১০॥

রাজা! তুমি প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া যথাবিধানে বিদ্যাবৃদ্ধ লোকদিগের সম্মান দেখাইয়া, কার্য্যকাল উপস্থিত হইলে তাঁহাদের নিকট নিজের কর্ত্তব্যবিষয় জিজ্ঞাসা করিবে ॥১১॥

ইন্দ্রিয়াণি চ সর্ব্বাণি বাজিবৎ পরিপালয়েঃ।
হিতায়ৈব ভবিষ্যন্তি রক্ষিতং দ্রবিণং যথা ॥১৩॥
অমাত্যানুপধাতীতান্ পিতৃপৈতামহান্ শুচীন্।
দান্তান্ কর্ম্মসু পুণ্যাংশ্চ পুণ্যান্ সর্ব্বেষু যোজয়েঃ ॥১৪॥
চারয়েথাশ্চ সততং চারৈরবিদিতঃ পরৈঃ।
পরীক্ষিতৈর্ব্বহুবিধৈঃ স্বরাষ্ট্রেষু পরেষু চ ॥১৫॥
পুরঞ্চ তে সুগুপ্তং স্যাদ্দৃঢ়প্রাকারতোরণম্।
অট্টাট্টালকসংবাধং ষট্‌পদং সর্ব্বতো দিশম্ ॥১৬॥

ভারতকৌমুদী

ইন্দ্রিয়াণীতি। বাজিবৎ অশ্বানিব, পরিপালয়েঃ কুপথগমনান্নিবারয়েঃ। ভবিষ্যন্তি তানি ইন্দ্রিয়াণি, দ্রবিণং ধনম্ ॥১৩॥

অমাত্যানিতি। উপধাতীতান্ ছলরহিতান্। দান্তান্ ইন্দ্রিয়দমনশীলান্ ॥১৪॥

চারয়েথা ইতি। পরৈরবিদিতস্ত্বং সত্যবাদিত্বাদিনা পরীক্ষিতৈঃ, বহুবিধৈঃ সন্ন্যাসিবেশধারিপ্রভৃতিভিঃ, চারৈর্গুপ্তচরৈঃ, স্বরাষ্ট্রেষু পরেষু রাষ্ট্রেষু চ, সততং চারয়েথাঃ সর্ব্বাবস্থাসু প্রেরয়েঃ ॥১৫॥

পুরমিতি। সুগুপ্তং সুরক্ষিতম্, দৃঢ়ানি প্রাকারতোরণানি যস্য তৎ। অট্টৈঃ স্তম্ভৈঃ অট্টালকৈস্তৎসমূহৈশ্চ সংবাধং সম্পূর্ণম্। সর্ব্বতো দিশং ষট্‌পদানি রক্ষিস্থানানি যস্য তৎ ॥১৬॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৪॥ অভুঙ্‌ক্ত ভুক্তবতী ॥৫—৭॥ অষ্টাঙ্গে স্বাম্যমাত্যাদিযুতে ॥৮—১৩॥ কর্ম্মসু পুণ্যান্ জন্মনা চ পুত্রম্ অমাত্যাংশ্চারযেথা ইত্যুত্তরেণান্বয়ঃ ॥১৪—১৫॥ অট্টাট্ট-

---

বৎস ভরতনন্দন রাজা! তুমি কর্ত্তব্য বিষয়ের হিতার্থী হইয়া সম্মানিত করিলে সেই বিদ্যাবৃদ্ধ লোকেরা সর্ব্বপ্রকারেই তোমার হিত বলিবেন ॥১২॥

বৎস! তুমি সমস্ত ইন্দ্রিয়কে অশ্বের ন্যায় কুপথে গমন হইতে নিবারণ করিবে। রক্ষিত ধনের ন্যায় রক্ষিত ইন্দ্রিয় সকল হিতসাধকই হইয়া থাকে ॥১৩॥

ছলরহিত, পিতৃপিতামহক্রমে আগত, পবিত্রস্বভাব, সংযতেন্দ্রিয় ও পুণ্যবান্ অমাত্যগণকে সমস্ত কার্য্যে নিযুক্ত করিবে ॥১৪॥

যুধিষ্ঠির! তুমি অন্যের অজ্ঞাতভাবে নিজের রাজ্যে ও পরের রাজ্যসমূহে পরীক্ষিত ও বহুবিধ গুপ্তচর সর্ব্বদা প্রেরণ করিবে ॥১৫॥

তোমার রাজধানী সুরক্ষিত থাকিবে, তাহার প্রাচীর ও তোরণ দৃঢ় হইবে, সকল দিকে এক একটী উচ্চ স্তম্ভ এবং স্থানবিশেষে উচ্চ স্তম্ভশ্রেণী রহিবে; আর ছয়টী স্থানে রক্ষিসৈন্য অবস্থান করিবে ॥১৬॥

---

(১৫) স্বরাষ্ট্রপ্রতিবাসিভিঃ—পি বঙ্গ বর্দ্ধ।

তস্য দ্বারাণি সর্ব্বাণি পর্য্যাপ্তানি বৃহন্তি চ।
সর্বতঃ সুবিভক্তানি যন্ত্রৈরারক্ষিতানি চ ॥১৭॥
পুরুষৈরলমর্থস্তে বিদিতৈঃ কুলশীলতঃ।
আত্মা চ রক্ষ্যঃ সততং ভোজনাদিষু ভারত!।
বিহারাহারকালেষু মাল্যশয্যাসনেষু চ ॥১৮॥
স্ত্রিয়শ্চ তে সুগুপ্তাঃ স্যুর্বৃদ্ধৈরাপ্তৈরধিষ্ঠিতাঃ।
শীলবদ্ভিঃ কুলীনৈশ্চ বিদ্বদ্ভিশ্চ যুধিষ্ঠির! ॥১৯॥
মন্ত্রিণশ্চৈব কুর্ব্বীথা দ্বিজান্ বিদ্যাবিশারদান্।
বিনীতাংশ্চ কুলীনাংশ্চ ধর্ম্মার্থকুশলানৃজূন্ ॥২০॥
তৈঃ সার্দ্ধং মন্ত্রয়েথাস্ত্বং নাত্যর্থং বহুভিঃ সহ।
সমস্তৈরপি চ ব্যস্তৈর্ব্যপদেশেন কেনচিৎ ॥২১॥

ভারতকৌমুদী

তস্যেতি। পর্য্যাপ্তানি যথেপ্সিতানি। যন্ত্রৈরাগ্নেয়াস্ত্রবিশেষৈঃ ॥১৭॥

পুরুষৈরিতি। কুলশীলতো বিদিতৈঃ পুরুষৈঃ, তে তব, অর্থো ধনম্, আত্মা চ, অলমত্যন্তং সততং রক্ষ্যঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

স্ত্রিয় ইতি। সুগুপ্তাঃ সুরক্ষিতাঃ আপ্তৈর্বিশ্বস্তৈঃ ॥১৯॥

মন্ত্রিণ ইতি। বিনীতান্ বিনয়ান্বিতান, ধর্ম্মার্থয়োঃ কুশলান্ নিপুণান্, ঋজূন্ সরলান্ ॥২০॥

তৈরিতি। সমস্তৈঃ সম্মিলিতৈঃ, ব্যস্তৈরেকৈকৈঃ, ব্যপদেশেন ছলেন ॥২১॥

সেই রাজধানীর সকল দ্বারই ইচ্ছানুরূপ বৃহৎ, সর্ব্বপ্রকারে সুবিভক্ত এবং যন্ত্র-(কামান) দ্বারা সুরক্ষিত থাকিবে ॥১৭॥

ভরতনন্দন। বিদিতকুলশীল পুরুষগণদ্বারা তোমার অর্থ এবং ভোজন, বিহার, দ্রব্যাহরণ, মাল্য, শয্যা ও আসন ব্যবহারের সময়ে তোমার দেহ সর্বদা রক্ষিত হইবে ॥১৮॥

যুধিষ্ঠির। বৃদ্ধ, বিদ্বান্, বিশ্বস্ত, সৎস্বভাব ও সৎকুলসম্পন্ন পুরুষগণ তোমার স্ত্রীদিগকে পর্য্যবেক্ষণ ও রক্ষা করিবেন ॥১৯॥

ব্রাহ্মণ, শাস্ত্রে বিশারদ, বিনয়ী, সৎকুলোৎপন্ন, ধর্ম্ম ও অর্থে নিপুণ এবং সরল স্বভাব ব্যক্তিদিগকে মন্ত্রী করিবে ॥২০॥

তুমি কোন ব্যপদেশে (ছলে) সম্মিলিত কিংবা এক একজন অথবা বহুতর সহ মন্ত্রিগণের সহিত মিলিত হইয়া মন্ত্রণা করিবে, কিন্তু অধিক মন্ত্রণা করিবে না ॥২১॥

সুসংবৃতং মন্ত্রগৃহং স্থলং চারুহ্য মন্ত্রয়েঃ।
অরণ্যে নিঃশলাকে বা ন চ রাত্রৌ কথঞ্চন ॥২২॥
বানরাঃ পক্ষিণশ্চৈব যে মনুষ্যানুকারিণঃ।
সর্বে মন্ত্রগৃহে বর্জ্জ্যা যে চাপি জড়পঙ্গবঃ ॥২৩॥
মন্ত্রভেদে হি যে দোষা ভবন্তি পৃথিবীক্ষিতাম্।
ন তে শক্যাঃ সমাধাতুং কথঞ্চিদিতি মে মতিঃ ॥২৪॥
দোষাংশ্চ মন্ত্রভেদস্য ব্রূয়াস্ত্বং মন্ত্রিমণ্ডলে।
অভেদে চ গুণান্ রাজন্! পুনঃ পুনররিন্দম! ॥২৫॥
পৌরজানপদানাঞ্চ শৌচাশৌচে যুধিষ্ঠির!।
যথা স্যাদ্বিদিতং রাজন্! তথা কার্য্যং কুরূদ্বহ! ॥২৬॥

ভারতকৌমুদী

সুসংবৃতমিতি। স্থলমুচ্চস্থানম্। নিঃশলাকে নির্জ্জনস্থানে ॥২২॥

বানরা ইতি। পক্ষিণঃ শুকাদয়ঃ। জড়পঙ্গবো বুদ্ধিহীনতয়া মন্ত্রং প্রকাশয়েয়ুরিতি ভাবঃ ॥২৩॥

মন্ত্রেতি। মন্ত্রস্য মন্ত্রণায়া ভেদে প্রকাশে, পৃথিবীক্ষিতাং রাজ্ঞাম্ ॥২৪॥

দোষানিতি। অভেদে মন্ত্রণায়া অপ্রকাশে ॥২৫॥

পৌরেতি। বিদিতমাত্মনো জ্ঞাতম্, কার্য্যং ত্বয়া কর্ত্তব্যম্ ॥২৬॥

ভারতভাবদীপঃ

ভাগে সঞ্চারস্থানানি, ষট্পদং ষড়্ভিঃ পদৈঃ পদনীয়ৈঃ স্থানৈর্যুক্তং তেন সপ্তপ্রাকারমিতি গম্যতে। তত্র সপ্তমস্যান্তঃপুরত্বাৎ ষড়েবান্যেষাং পদনীয়ানি স্থানানি ॥১৬—২১॥ নিঃশলাকে

যুধিষ্ঠির! তুমি সম্যক্ আবৃত মন্ত্রণাগৃহে কিংবা কোন উচ্চ স্থলে আরোহণ করিয়া অথবা বনে বা নির্জ্জন স্থানে যাইয়া মন্ত্রণা করিবে; কিন্তু কখনও রাত্রিতে মন্ত্রণা করিবে না ॥২২॥

মানুষের অনুকরণকারী যে সকল বানর ও পক্ষী কিংবা যে সকল মানুষ জড় ও পঙ্গু, তাহাদের সকলকেই মন্ত্রণাগৃহে বর্জ্জন করিবে ॥২৩॥

আমার ধারণা এই যে, মন্ত্রণা প্রকাশ হইলে রাজাদের যে দোষ হয়, তাহা কোন প্রকারেই সমাধান করিতে পারা যায় না ॥২৪॥

শত্রুদমন রাজা! তুমি মন্ত্রিমণ্ডলের নিকটে মন্ত্রণা প্রকাশের দোষ এবং মন্ত্রণা অপ্রকাশের গুণ বার বার বলিবে ॥২৫॥

---

(২৩) যে মনুষ্যানুসারিণঃ—পি বঙ্গ বর্দ্ধ।

ব্যবহারশ্চ তে তাত ! নিত্যমাপ্তৈরধিষ্ঠিতঃ ।
যোজ্যস্তুষ্টৈর্হিতৈ রাজন্ ! নিত্যং চারৈরনুষ্ঠিতঃ ॥২৭॥
পরিমাণং বিদিত্বা চ দণ্ডং দণ্ড্যেষু ভারত ! ।
প্রণয়েয়ুর্যথান্যায়ং পুরুষাস্তে যুধিষ্ঠির ! ॥২৮॥
আদানরুচয়শ্চৈব পরদারাভিমর্শিনঃ ।
উগ্রদণ্ডপ্রধানাশ্চ মিথ্যাব্যাহারিণস্তথা ॥২৯॥
আক্রোষ্টারশ্চ লুব্ধাশ্চ হর্ত্তারঃ সাহসপ্রিয়াঃ ।
সভাবিহারভেত্তারো বর্ণানাঞ্চ প্রদূষকাঃ ।
হিরণ্যদণ্ড্যা বধ্যাশ্চ কর্ত্তব্যা দেশকালতঃ ॥৩০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ব্যবেতি। ব্যবহারো দোষি-নির্দ্দোষাদিবিচারস্তদ্ভবনমিত্যর্থঃ, আপ্তৈর্বিশ্বস্তৈঃ। যোজ্যো ব্যবহার এব ॥২৭॥

পরীতি। পরিমাণং দোষস্য গৌরবং লাঘবঞ্চ। প্রণয়েয়ুর্বিদধ্যুঃ ॥২৮॥

আদানেতি। আদানে উৎকোচগ্রহণে পরস্বাপহরণে বা রুচির্যেষাং তে। উগ্রো গুরুতর-প্রহারাদির্দণ্ডঃ প্রহারো যেষাং তে, মিথ্যাব্যাহারিণো রাজদ্বারে মিথ্যাবাদিনঃ। আক্রোষ্টারো গুরুষু তিরস্কর্ত্তারঃ, লুব্ধাঃ কার্য্যাদৌ বিশেষলোভিনঃ, হর্ত্তারঃ প্রসহ্য পরস্বহারিণঃ, সাহসপ্রিয়া মনুষ্যমারণাদিপ্রবৃত্তাঃ। সভায়া বিহারস্য দেবমন্দিরস্য চ ভেত্তারো ভঙ্গকর্ত্তারঃ, বর্ণানাং ব্রাহ্মণাদীনাং প্রদূষকা জাতিনাশকারিণশ্চ। হিরণ্যেন ধনেন দণ্ড্যা, বধ্যা অপরাধাতিশয়েন হন্তব্যাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯—৩০॥

ভাবভাবদীপঃ

অত্বণে সত্বণে হ্যাপন্নঃ পরচারো জ্ঞাতুমশক্য ইতি ॥২২—২৭॥ পরিমাণং দণ্ড্যানস্যাপরাধস্য চ ॥২৮॥ আদানরুচয়ঃ উৎকোচোপজীবিনশ্চৌরা বা ॥২৯॥ হিরণ্যদণ্ড্যা বধ্যাঃ। পূর্বোক্তাঃ

কৌরবশ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠির ! পুরবাসী ও দেশবাসী লোকদিগের দোষিতা ও নির্দ্দোষতাবিষয়ে নিজের যেমন জানা থাকিবে, তেমন কার্য্য করিবে ॥২৬॥

বৎস রাজা ! তোমার ব্যবহারগৃহ (বিচারালয়) সর্ব্বদা বিশ্বস্ত লোকে অধিষ্ঠিত থাকিবে এবং সন্তুষ্ট চিত্ত ও হিতৈষী চরেরা সর্বদা ব্যবহারের অনুষ্ঠান করিবে ॥২৭॥

ভরতনন্দন যুধিষ্ঠির ! তোমার বিচারক-পুরুষেরা অপরাধীদিগের অপরাধের পরিমাণ জানিয়া ন্যায় অনুসারে যেন দণ্ড বিধান করেন ॥২৮॥

---

(২৭) ব্যবহারশ্চ তে রাজন্ !—বঙ্গ বর্দ্ধ নি।

অবরোধভূমৌ ভৃত্যৈশ্চ পানং সহ বিবর্জ্জয়েৎ।
আক্রোশন্ত্যনুমত্তাস্তে কলত্রং বাপি গৃহ্নতে ॥৩১॥
জিঘাংসন্ত্যপি শস্ত্রেণ নষ্টাঃ ক্রীড়ন্তি চোৎকটাঃ।
নানাক্ষেপা ব্যাহরন্তি গম্যাগম্যং ন জানতে ॥৩২॥ (যুগ্মকম্)
অতিপানেন রাজাপি সর্ব্বং কোশং বিনাশয়েৎ।
বিতরেদ্‌গায়কেভ্যশ্চ বৃথা চ দ্রব্যসঞ্চয়ম্ ॥৩৩॥
শব্দমাত্মনি দোষাংশ্চ পিবেদেকশ্চ জায়য়া।
যুক্ত্যা প্রকাশমযতি সুবীর্য্যস্য বিবৃদ্ধয়ে ॥৩৪॥

ভারতকৌমুদী

অবেতি। অবরোধভূমৌ অন্তঃপুরে। পানং সুরাপানম্। পানে দোষানাহ—তে পানকর্ত্তারঃ অনুমত্তাঃ সন্তঃ, আক্রোশন্তি অবাচ্যশব্দাদিনা তিরস্কুর্বন্তি, কলত্রাপি গৃহ্নতে বলাদ্‌গৃহ্নন্তি। অত্র প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্। শস্ত্রেণ জিঘাংসন্তি পরং হন্তুমিচ্ছন্তি, নষ্টা অদৃশ্যা উৎকটা ভীষণাকৃতয়শ্চ ক্রীড়ন্তি। নানা বহুবিধা আক্ষেপা নিন্দা যেষাং তে তাদৃশাঃ সন্তঃ, ব্যাহরন্তি বদন্তি ॥৩১—৩২॥

অতীতি। বৃথা নিষ্ফলম্, দ্রব্যসঞ্চয়ং ধনসমূহম্ ॥৩৩॥

শব্দমিতি। শব্দং কুৎসিতং রবম্, আত্মনি দোষাংশ্চ প্রকাশয়েদিতি শেষঃ। ইদানীং কর্ত্তব্যমাহ পিবেদিতি। তৎফলমাহ যুক্ত্যেতি। সুবীর্য্যস্য উত্তমশক্তের্বিবৃদ্ধয়ে যুক্ত্যা যোগ্যভাবেন যুদ্ধাদৌ প্রকাশম্ অয়তি প্রাপ্নোতি ॥৩৪॥

উৎকোচগ্রাহী বা চৌর, পরদারগামী, ভীষণদণ্ডকারী, রাজদ্বারে মিথ্যাবাদী, গুরুজনের তিরস্কারকারী, অতিলোভী, বলপূর্ব্বক পরস্বাপহারী, মনুষ্যমারণাদি সাহসকার্য্যপ্রিয়, সভাভঙ্গকারী, দেবমন্দিরধ্বংসকারী এবং জাতিনাশক—এই সকল অপরাধীর দেশ ও কাল অনুসারে অর্থদণ্ড বা প্রাণদণ্ড করিবে ॥২৯—৩০॥

অন্তঃপুরে কিংবা ভৃত্যগণের সহিত মিলিত হইয়া মদ্যপান করিবে না। মদ্যপান মত্ত লোকেরা গালি দেয়, বলপূর্ব্বক স্ত্রীলোককে ধরে, অস্ত্রদ্বারা অন্যকে মারিতে ইচ্ছা করে, অদৃশ্য থাকিয়া কিংবা ভীষণমূর্ত্তি হইয়া ক্রীড়া করে, নানাবিধ অবাচ্য শব্দে লোকের নিন্দা করে এবং গম্য ও অগম্য বোঝে না ॥৩১—৩২॥

রাজাও অধিক মদ্যপানের দোষে সমস্ত কোশ বিনষ্ট করেন এবং বিনাকারণে গায়কদিগকে ধনসমূহ দান করিয়া ফেলেন ॥৩৩॥

---

(৩১) ইতঃপ্রভৃতি শ্লোকচতুষ্টয়ং পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

প্রাতরেব হি পশ্যেথা যে কুর্য্যুর্ব্যয়কর্ম্ম তে।
অলঙ্কারমথো ভোজ্যমত ঊর্দ্ধং সমাচরেঃ ॥৩৫॥
পশ্যেথাশ্চ ততো যোধান্ সদা ত্বং প্রতিহর্ষয়ন্।
দূতানাঞ্চ চরাণাঞ্চ প্রদোষস্তে সদা ভবেৎ ॥৩৬॥
সদা চাপররাত্রান্তে ভবেৎ কার্য্যার্থনির্ণয়ঃ।
মধ্যরাত্রে বিহারস্তে মধ্যাহ্নে চ সদা ভবেৎ ॥৩৭॥
সর্বে ত্বৌপয়িকাঃ কালাঃ কার্য্যাণাং ভরতর্ষভ!।
তথৈবালঙ্কৃতঃ কালে তিষ্ঠেথা ভূরিদক্ষিণঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

প্রাতরিতি। পশ্যেথা ব্যয়স্য ন্যায্যত্বম্ অন্যায্যত্বং বা বিচারয়েঃ ॥৩৫॥

পশ্যেথা ইতি। প্রতিহর্ষয়ন্ দানমানাদিনা সন্তোষয়ন্। দূতানাং চরাণাঞ্চ দর্শনকালঃ প্রদোষঃ সায়ঞ্চ ॥৩৬॥

সদেতি। অপররাত্রান্তে রাত্রিশেষে, কার্য্যার্থনির্ণয়ঃ কর্ত্তব্যবিষয়নিশ্চয়ঃ। বিহারঃ স্ত্রীসংসর্গঃ, মধ্যাহ্নে চ ভোজনমিতি শেষঃ ॥৩৭॥

সর্ব্ব ইতি। ঔপয়িকা জয়লাভাদের্ন উপায়নিশ্চয়করাঃ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

সর্ব্বে দেশকালানুরোধেন দণ্ড্যা বা বধ্যা বেতি জ্ঞেয়ম্ ॥৩০—৩৫॥ প্রদোষো রজনীমুখং

সাধারণ মত্ত লোক বিকট শব্দ করে এবং নিজের দোষ প্রকাশ করিয়া থাকে। তবে অন্তঃপুরে মদ্যপান করিতে হইলে একাকী ভার্য্যার সহিত পান করিবে। নিজের উত্তম শক্তিবৃদ্ধির জন্য মদ্যপান করিলে সেই ব্যক্তি যোগ্যরূপে যুদ্ধে প্রকাশ পাইতে পারে ॥৩৪॥

যাহারা তোমার ব্যয়কার্য্য করিবে, তুমি প্রাতঃকালেই তাহাদের পর্য্যবেক্ষণ করিবে। তাহার পর অলঙ্কার ধারণ, তৎপরে ভোজন করিবে ॥৩৫॥

যুধিষ্ঠির! তাহার পর তুমি সর্ব্বদা সন্তুষ্ট রাখিয়া যোদ্ধাদিগকে পর্য্যবেক্ষণ করিবে; আর সন্ধ্যার সময় দূত ও গুপ্তচরদিগের পর্য্যবেক্ষণের কাল হইবে ॥৩৬॥

প্রত্যহই রাত্রিশেষে তোমার যেন কর্ত্তব্যবিষয়ের নির্ণয় করা হয়, মধ্যরাত্রে বিহার ও মধ্যাহ্নকালে আহার হইবে ॥৩৭॥

ভরতশ্রেষ্ঠ! কার্য্যের সমস্ত কালই যেন তোমার উপায়নির্দ্ধারক হয়, আর তুমি যথাসময়ে অলঙ্কৃত হইয়া থাকিবে এবং প্রচুর দান করিবে ॥৩৮॥

---

(৩৫)…কুর্য্যুঃ প্রিয়কর্ম্ম তে—নি।

ন বিন্দাব্য চ তিষ্ঠেত পরিহার্য্যা বিভূষণম্।
প্রযোজ্যং সর্বদৈবেহ মঙ্গল্যং পাপনাশনম্ ॥৩৯॥
চক্রবত্তাত! কার্য্যাণাং পর্য্যায়ো দৃশ্যতে সদা।
কোশস্য নিচয়ে যত্নং কুর্ব্বীথা ন্যায়তঃ সদা।
বিবিধস্য মহারাজ! বিপরীতং বিবর্জ্জয়ে ॥৪০॥
চারৈর্বিদিত্বা শত্রূংশ্চ যে বাজ্ঞামন্তরৈষিণঃ।
তানাপ্তৈঃ পুরুষৈর্দূরাদ্‌ঘাতয়েথা নরাধিপ! ॥৪১॥
কর্ম্ম দৃষ্ট্বাথ ভৃত্যাংস্ত্বং বরয়েথাঃ কুরূদ্বহ।
কারয়েথাশ্চ কর্ম্মাণি যুক্তাযুক্তৈরধিষ্ঠিতৈঃ ॥৪২॥
সেনাপ্রণেতা চ ভবেত্তব তাত! দৃঢ়ব্রতঃ।
শূরঃ ক্লেশসহশ্চৈব হিতো ভক্তশ্চ পূরুষঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

নেতি। বিন্দাব্য শত্রূন্ আক্রম্য নিরুদ্যমো ন তিষ্ঠেত, বিভূষণম্ অলঙ্করণং পরিহার্য্য ন তিষ্ঠেত। মঙ্গল্যং মঙ্গলজনকং ধ্যানজপাদিকম্ ॥৩৯॥

চক্রবদিতি। পর্য্যায়ঃ পরিবর্ত্তনম্। নিচয়ে বৃদ্ধৌ। বিপরীতমন্যায়ব্যবহারম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

চারৈরিতি। অন্তরৈষিণশ্ছিদ্রান্বেষিণঃ। আপ্তৈর্বিশ্বস্তৈঃ ॥৪১॥

কর্ম্মেতি। কর্ম্ম কার্য্যযোগ্যতান্। যুক্তাঃ পর্য্যবেক্ষণমনোযোগিনঃ, অযুক্তাঃ কর্ম্মান্তর-নিবিষ্টচিত্তাশ্চ তৈঃ পুরুষৈঃ, অধিষ্ঠিতৈর্ভৃত্যৈঃ ॥৪২॥

সেনেতি। সেনায়াঃ প্রণেতা পরিচালকঃ, দৃঢ়ব্রতো দৃঢ়াধ্যবসায়ঃ ॥৪৩॥

শত্রুকে আক্রমণ করিয়া নিরুদ্যম হইয়া থাকিবে না, অলঙ্কার ত্যাগ করিয়াও রহিবে না; আর এই জগতে সর্ব্বদাই মঙ্গলজনক ও পাপনাশক কার্য্য করিবে ॥৩৯॥

বৎস মহারাজ! সর্ব্বদাই চক্রের ন্যায় কার্য্যের পরিবর্ত্তন দেখা যায়; অতএব ন্যায় অনুসারে বিবিধ কোশবৃদ্ধি বিষয়ে যত্ন করিবে; কিন্তু অন্যায় ব্যবহার ত্যাগ করিবে ॥৪০॥

নরনাথ! যাহারা রাজাদের ছিদ্রান্বেষণ করে, গুপ্তচরদ্বারা তাহাদিগকে জানিয়া বিশ্বস্ত লোকদ্বারা দূর হইতে তাহাদিগকে হত্যা করাইবে ॥৪১॥

কৌরবশ্রেষ্ঠ! তুমি কার্য্য দেখিয়া ভৃত্যগণকে নিযুক্ত করিবে এবং নিবিষ্ট চিত্ত ও অনিবিষ্ট চিত্ত লোকদিগের নেতৃত্বে সেই ভৃত্যগণদ্বারা কার্য্য করাইবে ॥৪২॥

---

(৩৯) এষ শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

সর্ব্বে জনপদাশ্চৈব তব কর্ম্মাণি পাণ্ডব ! ।
গোবদ্রাসভবচ্চৈব কুর্য্যুর্যে ব্যবহারিণঃ ॥৪৪॥
স্বরন্ধ্রং পররন্ধ্রঞ্চ স্বেষু চৈব পরেষু চ ।
উপলক্ষয়িতব্যং তে নিত্যমেব যুধিষ্ঠির ! ॥৪৫॥
দেশজাশ্চৈব পুরুষা বিক্রান্তাঃ স্বেষু কর্ম্মসু ।
যাত্রাভিরনুরূপাভিরনুগ্রাহ্যা হিতাস্ত্বয়া ॥৪৬॥
গুণার্থিনাং গুণঃ কার্য্যো বিদুষা বৈ জনাধিপ ! ।
অবিচার্য্যাশ্চ তে তে স্যুরচলা ইব নিত্যশঃ ॥৪৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে ধৃতরাষ্ট্রোপদেশে সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সর্ব ইতি। জনপদা জনপদবাসিনো জনাঃ। রাসভবদ্গর্দ্দভা ইব, ব্যবহারিণস্ত্বয়া সার্দ্ধং কার্য্যকারকাঃ ॥৪৪॥

স্বেতি। স্বস্যাত্মনো রন্ধ্রং দুর্বলস্থানম্, স্বেষু রাজ্যেষু, পরেষু রাজ্যেষু চ ॥৪৫॥

দেশজা ইতি। কর্ম্মসু যুদ্ধাদিষু। যাত্রাভির্মহোৎসবৈঃ ॥৪৬॥

ভাবতভাবদীপঃ

দূতাদীনাং দর্শনকালঃ ॥৩৬॥ তেভ্যঃ শ্রুতানামর্থানাং নির্ণয়ে অপররাত্রঃ ॥৩৭—৪৩॥ গবাদিবদাহারমাত্রবেতনাঃ। বিষ্টিগৃহীতানামপ্যাহারমাত্রং দেয়মিত্যর্থঃ, ব্যবহারিণঃ কারুশিল্পিপ্রভৃতয়ঃ ॥৪৪—৪৭॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে সপ্তমোঽধ্যায়ঃ ॥৭॥

বৎস ! দৃঢ়োদ্যম, বীর, কষ্টসহিষ্ণু, হিতৈষী ও অনুরক্ত পুরুষ যেন তোমার সেনাপতি হয় ॥৪৩॥

পাণ্ডুনন্দন ! তোমার সহিত যাহাদের কার্য্যব্যবহার থাকিবে, সেই সকল দেশবাসী লোক যেন গো ও গর্দ্দভের ন্যায় তোমার কার্য্য করে ॥৪৪॥

যুধিষ্ঠির ! তোমার নিজের রাজ্যে বা পরের রাজ্যে নিজের বা পরের ছিদ্র তুমি সর্ব্বদাই লক্ষ্য করিবে ॥৪৫॥

বৎস ; আপন আপন কার্য্যে বিক্রমশালী ও তোমার হিতৈষী দেশবাসী লোকদিগকে তুমি উপযুক্ত মহোৎসবের অনুষ্ঠান করিয়া অনুগৃহীত করিবে ॥৪৬॥

---

* '…পঞ্চমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '…ষষ্ঠোঽধ্যায়ঃ'—নি।

অষ্টমোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

ধৃতরাষ্ট্র উবাচ।

মণ্ডলানি চ বুধ্যেথাঃ পরেষামাত্মনস্তথা।
উদাসীনগণানাঞ্চ মধ্যস্থানাঞ্চ ভারত! ॥১॥
চতুর্ণাং শত্রুজাতানাং সর্ব্বেষামাততায়িনাম্।
মিত্রং চামিত্রমিত্রঞ্চ বোদ্ধব্যং তেঽরিকর্ষণ! ॥২॥

ভারতকৌমুদী

গুণেতি। বিদুষা অভিজ্ঞজনেন, গুণার্থিনাং উৎকর্ষলিপ্সূনাং জনানাম্, গুণ উৎকর্ষঃ, কার্য্যাস্তয়া পারিতোষিকদানাদিনা বিধেয়ঃ। যেন হি তে গুণার্থিনো জনাঃ, অচলাঃ পর্ব্বতা ইব, নিত্যশঃ, তে তব সকাশাৎ, অবিচার্য্যা অন্যৈরচালনীয়া স্যুঃ। চিরমেব তবানুরক্তা ভবেয়ুরিত্যর্থঃ ॥৪৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি
আশ্রমবাসে সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

মণ্ডলানীতি। হে ভারত! পরেষাং শত্রূণাম্, তথা আত্মন উদাসীনগণানাম্ উভয়পক্ষ-নিরপেক্ষাণাং মধ্যস্থানাম্ উভয়পক্ষসাপেক্ষাণাং জনানাম্, মণ্ডলানি সমূহান্, বুধ্যেথাঃ সবলত্ব দুর্ব্বলত্বাদিনা বিশেষেণাবগচ্ছেঃ ॥১॥

চতুর্ণামিতি। হে অরিকর্ষণ শত্রুদমন! চতুর্ণাং শত্রুষু জাতানাং শত্রুপক্ষবর্ত্তিনামিত্যর্থঃ। শত্রুঃ, শত্রুমিত্রম্, শত্রুজয়ার্থী, আত্মনঃ পরাজয়ার্থী চেতি চত্বার এব শত্রুপক্ষবর্ত্তিনঃ। "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ ॥" ইত্যুক্তানাং সর্ব্বেষামাততায়িনাঞ্চ মিত্রম্, অমিত্রস্য শত্রোর্মিত্রঞ্চ, তে তব বোদ্ধব্যং চারৈরবগন্তব্যম্ ॥২॥

নরনাথ! তুমি অভিজ্ঞ লোকদ্বারা পারিতোষিক দান করিয়া উৎকর্ষলিপ্সু লোকদিগের উৎকর্ষ বিধান করিবে। তাহা হইলে তাহারা সর্ব্বদাই তোমার পক্ষে পর্ব্বতের ন্যায় অচল হইয়া থাকিবে' ॥৪৭॥

—ঃ*ঃ—

ধৃতরাষ্ট্র বলিলেন—'ভরতনন্দন! স্বপক্ষ, বিপক্ষ, নিরপেক্ষ ও মধ্যস্থগণকে বিশেষভাবে অবগত হইবে ॥১॥

তথামাত্যা জনপদা দুর্গাণি বিবিধানি চ ;
বলানি চ কুরুশ্রেষ্ঠ ! ভবন্ত্যেষাং যথেচ্ছকম্ ॥৩॥
তে চ দ্বাদশ কৌন্তেয় ! রাজ্ঞাং বৈ বিষয়াত্মকাঃ ।
মন্ত্রিপ্রধানাশ্চ গুণাঃ ষষ্টির্দ্বাদশ চ প্রভো ! ॥৪॥
এতন্মণ্ডলমিত্যাহুরাচার্য্যা নীতিকোবিদাঃ ।
অত্র ষাড়্গুণ্যমায়ত্তং যুধিষ্ঠির ! নিবোধ তৎ ॥৫॥

ভারতকৌমুদী

এতে কিং কুর্বন্তীত্যাহ তথেতি । হে কুরুশ্রেষ্ঠ ! এষাং শত্রুজাতানাম্, অমাত্যা আত্মনঃ সচিবাঃ, জনপদা, বিবিধানি দুর্গাণি, বলানি চ, এতৎ সর্বং যথেচ্ছকং ভেদ্যমভেদ্যঞ্চ ভবতি । অতো যথা শত্রুপক্ষঃ অমাত্যাদিষু ভেদং ন জনয়েৎ, তথা ত্বয়া যতিতব্যমিতি ভাবঃ ।৩।

গণয়তি ত ইতি । হে কৌন্তেয় প্রভো ! রাজ্ঞাম্, বিষয়াত্মকা রাজ্যবিষয়াঃ, মন্ত্রিণ এব প্রধানা যেষু তে । প্রথমং দ্বাদশ গুণা অবান্তরভেদকরণে চ ষষ্টির্দ্বাদশ চ গুণা ভবন্তি । তথা চ শত্রুঃ, মিত্রম্, শত্রুমিত্রম্, মিত্রমিত্রম্, শত্রুমিত্রমিত্রম্, আত্মনঃ পশ্চাৎ সাহায্যার্থং স্বয়মাগতঃ, তথা শত্রোঃ সাহায্যার্থং স্বয়মাগতঃ, স্বপক্ষে আহূতঃ, বিপক্ষে আহূতঃ, জয়াভিলাষী, তৃতীয়ঃ, মধ্যস্থঃ, প্রবলশক্তিরুদাসীনশ্চেতি দ্বাদশ । পার্ষ্ণিগ্রাহাদিনা তেষাং পঞ্চগুণনে ষষ্টিঃ, ষড়্গুণনে চ দ্বিসপ্ততিরিতি ।৪।

পূর্বোক্তমণ্ডলপদং ব্যাচষ্টে এতদিতি । ষাড্গুণ্যমিতি স্বার্থে ষণ্ । সন্ধিঃ, বিগ্রহঃ,

ভারতভাবদীপঃ

মণ্ডলানীতি । মণ্ডলানি অরির্মিত্রমিত্যাদীনি উদাসীনাদন্যো মধ্যমো দ্বয়োরপি ইষ্টাকাঙ্ক্ষী ।১। চতুর্ণাং শত্রুপক্ষে জাতানাং শত্রুঃ শত্রুমিত্রম্ উভয়ো জয়ার্থী পরাজয়ার্থী চেতি ॥২॥ যথেচ্ছকং পরৈর্ভেদ্যত্বমভেদ্যত্বঞ্চ ভবতি তস্মাদবহিতস্তিষ্ঠেৎ, যথা ভেদো ন ভবেদিতি ।৩। দ্বাদশ চত্বারঃ শত্রুজাতাঃ, ষট্ আততায়িনঃ । মিত্রমমিত্রমিত্রং চেতি ষষ্টিগুণাঃ । কৃষ্যাদীন্যষ্টৌ সন্ধানকর্ম্মাণি বাগাদয়ো বিংশতিবসন্ধেয়াঃ । নাস্তিক্যাদয়শ্চতুর্দ্দশদোষাঃ । মন্ত্রাদীন্যষ্টাদশ তীর্থানীতি ।

শত্রুদমন রাজা ! শত্রু, শত্রুর মিত্র, শত্রুর জয়ার্থী ও নিজের পরাজয়ার্থী—এই চারিপ্রকারই শত্রু । অগ্নিদাতা, বিষদাতা, প্রহারার্থ শস্ত্রধারী, ধনাপহারী, ক্ষেত্রহারী ও ভার্য্যাহরণকারী—এই ছয়প্রকার আততায়ী মিত্র ও শত্রুর মিত্র—এই লোকগুলিকে তোমার বুঝিতে হইবে ॥২॥

কুরুশ্রেষ্ঠ ! উক্ত শত্রুপ্রভৃতির অমাত্য, জনপদ, নানাবিধ দুর্গ ও বল—ইহাদের মধ্যে ইচ্ছানুসারে ভেদ ও অভেদ ঘটাইয়া থাকে ॥৩॥

কুন্তীনন্দন রাজা ! রাজ্যের মধ্যে মন্ত্রীই প্রধান । সেই রাজ্যে প্রথমে রাজাদের দ্বাদশ প্রকার ও অবান্তর ভেদ ধরিয়া ষষ্টি ও দ্বিসপ্ততিপ্রকার গুণ হইয়া থাকে (টীকা দ্রষ্টব্য) ॥৪॥

বৃদ্ধিক্ষয়ৌ চ বিজ্ঞেয়ৌ স্থানঞ্চ কুরুসত্তম ! ।
দ্বিসপ্তত্যাং মহাবাহো ! ততঃ ষাড়্গুণ্যজা গুণাঃ ॥৬॥
যদা স্বপক্ষো বলবান্ পরপক্ষস্তথাবলঃ ।
বিগৃহ্য শত্রূন্ কৌন্তেয় ! যায়াৎ ক্ষিতিপতিস্তদা ॥৭॥
যদা পরে তু বলিনঃ স্বপক্ষশ্চৈব দুর্ব্বলঃ ।
সার্দ্ধং বিদ্বাংস্তদা ক্ষীণঃ পরৈঃ সন্ধিং সমাশ্রয়েৎ ॥৮॥
দ্রব্যাণাং সঞ্চয়শ্চৈব কর্ত্তব্যঃ সুমহাংস্তদা ।
যদা সমর্থো যানায় নচিরেণৈব ভারত ! ॥৯॥
তদা সর্ব্বং বিধেয়ং স্যাৎ স্থানেন স বিচারয়েৎ ;
ভূমিরল্পফলা দেয়া বিপরীতস্য ভারত ! ॥১০॥

ভারতকৌমুদী

আক্রমণায় প্রয়াণম্, যথাবদবস্থানম্, কূটকৌশলেন দ্বিবিধভাবঃ, প্রবলাশ্রয়শ্চেতি ষড়্গুণাঃ। আয়ত্তং কর্ত্তব্যম্ ॥৫॥

বৃদ্ধীতি। উক্তায়াং দ্বিসপ্তত্যাম্ এতে ভবন্তীতি ভাবঃ ॥৬॥

যদেতি। অবলো দুর্ব্বলঃ। বিগৃহ্য বিগ্রহীতুমুদ্দিশ্য ॥৭॥

যদেতি। বিদ্বান্ উভয়াবস্থাভিজ্ঞঃ, ক্ষীণো দুর্ব্বলঃ ॥৮॥

দ্রব্যাণামিতি। দ্রব্যাণাং সমরোপযোগিনাং বস্তূনাম্, সঞ্চয়ঃ সংগ্রহঃ। যদা যথা ॥৯॥

যুধিষ্ঠির ! নীতিবিৎ আচার্য্যেরা এইগুলিকে মণ্ডল বলেন। সন্ধিপ্রভৃতি ছয় গুণ সেই মণ্ডলেরই অধীন জানিবে ॥৫॥

কৌরবশ্রেষ্ঠ মহাবাহু। বৃদ্ধি, ক্ষয় ও যথাযথভাবে অবস্থিতি অবগত হইবে এবং উক্ত দ্বিসপ্ততি গুণের মধ্যে সন্ধিপ্রভৃতি ষড়্গুণের উৎকর্ষ জানিবে ॥৬॥

কুন্তীনন্দন। যখন রাজা স্বপক্ষকে বলবান্ এবং বিপক্ষকে দুর্ব্বল বলিয়া জানিতে পারিবেন, তখনই তিনি শত্রুকে আক্রমণ করিবার জন্য যাত্রা করিবেন ॥৭॥

যখন বিপক্ষগণ প্রবল এবং নিজপক্ষ দুর্ব্বল হইবে, তখন অভিজ্ঞ দুর্ব্বল রাজা বিপক্ষগণের সহিত সন্ধি করিবেন ॥৮॥

ভরতনন্দন। পরে তিনি প্রচুর পরিমাণে যুদ্ধের উপযোগী দ্রব্য সংগ্রহ করিবেন, যাহাতে তিনি অচিরকালমধ্যেই আবার আক্রমণ করিবার জন্য যাইতে সমর্থ হন ॥৯॥

হিরণ্যং কুপ্যভূয়িষ্ঠং মিত্রং ক্ষীণমথো বলম্।
বিপরীতান্নিগৃহ্নীয়াৎ স্বয়ং সন্ধিবিশারদঃ ॥১১॥
সন্ধ্যর্থং রাজপুত্রং বা লিপ্সেথা ভরতর্ষভ।।
বিপরীতং ন তচ্ছ্রেয়ঃ পুত্র! কস্যাঞ্চিদাপদি ॥১২॥
তস্যাঃ প্রমোক্ষে যত্নঞ্চ কুর্য্যাঃ সোপায়মন্ত্রবিৎ।
প্রকৃতীনাঞ্চ রাজেন্দ্র! রাজা দীনান্ বিভাবয়েৎ ॥১৩॥

ভারতকৌমুদী

তদেতি। তদা সন্ধেঃ কর্ত্তব্যত্বে, সর্ব্বং প্রণয়যোগ্যমাচরণম্, স্থানেন স্বস্থানাবস্থানেন, বিচারয়েৎ কিংদেয়মদেয়ং বেতি। বিপরীতস্য কেবলধনগ্রহণবিমুখস্য ॥১০॥

হিরণ্যমিতি। কুপ্যানি স্বর্ণরজতভিন্নানি দ্রব্যাণি ভূয়িষ্ঠানি বহুলানি যত্র তৎ, তাদৃশং হিরণ্যং ধনম্। যথা মিত্রং বলঞ্চ ক্ষীণং তদেত্যর্থঃ। বিপরীতান্ দুর্ব্বলান্ ॥১১॥

সন্ধীতি। রাজ্ঞো বিপক্ষস্য পুত্রম্, লিপ্সেথাঃ স্বসন্নিধৌ রক্ষিতুমিতি শেষঃ। বিপরীতং স্বপক্ষস্য দুর্ব্বলত্বঞ্চেৎ, তদা তৎ রাজপুত্ররক্ষণং ন শ্রেষ্ঠঃ ॥১২॥

তস্যা ইতি। তস্যা আপদঃ, প্রমোক্ষে প্রকর্ষেণ মুক্তৌ। প্রকৃতীনাং প্রজানাং মধ্যে। বিভাবয়েৎ ভরণার্থং চিন্তয়েৎ ॥১৩॥

ভারতভাবদীপঃ

এতেষু কেচিদ্দানার্থং জ্ঞাতব্যাঃ; কেচিদুপাদানার্থম্ ॥৪॥ ষাড়্গুণ্যাদয়ঃ প্রাগেব ব্যাখ্যাতাঃ ॥৫—১১॥ সন্ধ্যর্থমিতি। সার্দ্ধঃ। যঃ সন্ধিং করোতি তস্য পুত্রং স্বনিকটে স্থাপয়েদিত্যর্থঃ। তদকরণে মহত্যাপদায়াতি, কদাচিত্তস্যামপ্যাগতায়ামমোক্ষে তৎপরিহারে যত্নোঽপি কর্ত্তব্যঃ

ভরতনন্দন! আর সন্ধির সময়ে প্রণয়ের উপযোগী সমস্ত ব্যবহারই তাঁহার করিতে হইবে এবং স্বস্থানে থাকিয়া তিনি কর্ত্তব্য বিষয় বিচার করিবেন। বিপক্ষগণ কেবল ধন লইতে পরাঙ্মুখ হইলে, যাহাতে ফল অল্প হয়, সেইরূপ ভূমি ছাড়িয়া দিবেন ॥১০॥

নিজের মিত্র ও শক্তি ক্ষীণ হইলে কাংস্য ও পিত্তলাদি প্রচুর ও অন্য ধন অল্প দিবেন; আর শত্রুপক্ষ দুর্ব্বল হইলে সন্ধিবিশারদ রাজা নিজেই সেই বিপক্ষকে নিগৃহীত করিবেন ॥১১॥

ভরতশ্রেষ্ঠ! তুমি সন্ধি করিবার নিমিত্ত বিপক্ষ রাজার পুত্রকে নিকটে রাখিবে; কিন্তু পুত্র! বিপক্ষ প্রবল হইলে কিংবা নিজের কোন বিপদ উপস্থিত থাকিলে, তাহা সঙ্গত হইবে না ॥১২॥

রাজশ্রেষ্ঠ! তুমি উপায় জানিয়া ও মন্ত্রণা করিয়া সেই বিপদের মুক্তি-বিষয়ে যত্ন করিবে এবং সকল রাজাই প্রজাদের মধ্যে দরিদ্রদের জন্য চিন্তা করিবেন ॥১৩॥

ক্রমেণ যুগপৎ সর্ব্বং ব্যবসায়ং মহাবলঃ।
পীড়নং স্তম্ভনঞ্চৈব কোশভঙ্গস্তথৈব চ ॥১৪॥
কার্য্যং যত্নেন শত্রূণাং স্বরাজ্যং রক্ষতা স্বয়ম্।
ন হিংস্যোঽভ্যুপগতঃ সামন্তো বৃদ্ধিমিচ্ছতা ॥১৫॥ (যুগ্মকম্)
কৌন্তেয়! তং ন হিংসেথা যো মহীং বিজিগীষতে।
গণানাং ভেদনে যোগমীপ্সেথাঃ সহ মন্ত্রিভিঃ ॥১৬॥
সাধুসংগ্রহণাচ্চৈব পাপনিগ্রহণাত্তথা।
আত্মসাৎকরণে নিত্যং পালনানি গৃহে তথা ॥১৭॥
দুর্ব্বলাশ্চৈব সততং নান্বেষ্টব্যা বলীয়সা।
তিষ্ঠেথা রাজশার্দ্দূল! বৈতসীং বৃত্তিমাস্থিতঃ ॥১৮॥

ভারতকৌমুদী

ক্রমেণেতি। ব্যবসায়ং জয়াধ্যবসায়ম্। স্তম্ভনম্ অবরোধনম্। শত্রূণামেতৎ সর্ব্বং যত্নেন কার্য্যম্। সামন্তো বিপক্ষাধীনো ভূস্বামী ॥১৪—১৫॥

কৌন্তেয়েতি। বিজিগীষতে বিজেতুমিচ্ছতি। গণানাং বিপক্ষমন্ত্রিপ্রভৃতীনাম্, যোগমুপায়ম্ ॥১৬॥

সাধ্বিতি। সাধূনাং সজ্জনানাং সংগ্রহণাৎ দানমানাদিনা আয়ত্তীকরণাৎ, পাপানাং দুর্জ্জনানাং নিগ্রহাৎ দণ্ডেন দমনাৎ বর্ত্তেথা ইতি শেষঃ। আত্মসাৎকরণে অসন্তুষ্টানামপি স্বকীয়ত্ববিধানে, গৃহে পালনানি কুর্ব্বীথা ইতি শেষঃ ॥১৭॥

দুর্ব্বলা ইতি। নান্বেষ্টব্যা বিজেতুং মার্গিতব্যা। তথা প্রবলস্য সমীপে বৈতসীং বৃত্তিং বেতসলতাব্যবহারম্ আস্থিতঃ আশ্রিত ইত্যর্থঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

॥১২॥ দীনানন্ধবধিরাদীন্, বিভাবয়েৎ পূজয়েৎ ॥১৩॥ যুগপদ্বেতি কুর্য্যাদিতি চ শেষঃ ॥১৪—১৫॥

প্রবল রাজা শত্রুপক্ষের পীড়ন, অবরোধ ও কোষ লুণ্ঠন—এই সকল কার্য্য ক্রমশঃ বা একদাই করিবেন এবং যত্নপূর্ব্বক নিজের রাজ্য রক্ষা করিতে থাকিবেন; আর উন্নতিকামী রাজা বিপক্ষের অধীন কোন ভূস্বামী নিজের নিকটে উপস্থিত হইলে, তাহাকে হিংসা করিবেন না ॥১৪—১৫॥

কুন্তীনন্দন! যিনি পৃথিবী জয় করিতে ইচ্ছা করিবেন, তাঁহার হিংসা করিবে না; কিন্তু তুমি মন্ত্রিগণের সহিত মিলিত হইয়া বিপক্ষের মন্ত্রীদিগের মধ্যে ভেদ জন্মাইবার চেষ্টা করিবে ॥১৬॥

তুমি দানাদিদ্বারা সজ্জনদিগকে ও দমনদ্বারা দুর্জ্জনগণকে আত্মীয় করিয়া তাহাদিগকে নিজ গৃহে পালন করিবে ॥১৭॥

যদ্যেনমভিযায়াচ্চ বলবান্ দুর্ব্বলং নৃপঃ।
সামাদিভিরুপায়ৈস্তং ক্রমেণ বিনিবর্ত্তয়েঃ ॥১৯॥
অশক্নুবংশ্চ যুদ্ধায় নিষ্পতেৎ সহ মন্ত্রিভিঃ।
কোশেন পৌরৈর্দণ্ডেন যে চাস্য প্রিয়কারিণঃ ॥২০॥
অসম্ভবে তু সর্বস্য যথা মুখ্যেন নিষ্পতেৎ।
ক্রমেণানেন মুক্তিঃ স্যাচ্ছরীরং প্রতি কেবলম্ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে ধৃতরাষ্ট্রোপদেশে অষ্টমোঽধ্যায়ঃ ॥৮॥ *

ভারতকৌমুদী

যদীতি। অভিযায়াদাক্রমণায়। তং বলবন্তম্ ॥১৯॥
অশক্নুবন্নিতি। কোশেন ধনেন, দণ্ডেন সৈন্যেন, প্রিয়কারিণস্তৈশ্চ সহ ॥২০॥
অসম্ভব ইতি। সর্বস্য পৌরাদেঃ, মুখ্যেন মন্ত্রিবর্গেণ। শরীরং প্রতি শরীরস্য ॥২১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি
আশ্রমবাসে অষ্টমোঽধ্যায়ঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

তেন হিংসেৎ স জিগীষুরিতি শেষঃ ॥১৬—১৭॥ নান্বেষ্টব্যা নোচ্ছেদনীয়াঃ। বৈতসীং বৃত্তিং প্রবলেম্বিতি শেষঃ ॥১৮॥ এনং ত্বাম্ ॥১৯—২০॥ অসম্ভবে উপায়ান্তরস্য মুখ্যেন শরীরেণৈব যুদ্ধায় নিষ্পতেৎ এবং শরীরমোক্ষণে মুক্তিঃ শূরস্য স্যাদিত্যর্থঃ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে অষ্টমোঽধ্যায়ঃ ॥৮॥

রাজশ্রেষ্ঠ! বলবানদিগের দুর্ব্বলদিগকে আক্রমণের জন্য অন্বেষণ করা উচিত নহে; আর তুমি প্রবলের নিকটে বৈতসীবৃত্তি অর্থাৎ আনুগত্য অবলম্বন করিয়া রহিবে ॥১৮॥

কোন প্রবল রাজা যদি দুর্ব্বল বলিয়া তোমাকে আক্রমণ করিতে আসেন, তাহা হইলে তুমি সামপ্রভৃতি উপায়দ্বারা ক্রমে তাঁহাকে ফিরাইবে ॥১৯॥

তুমি যুদ্ধ করিতে অসমর্থ হইলে মন্ত্রিগণ, পুরবাসিগণ, সৈন্যগণ এবং যাঁহারা তোমার প্রিয়কারী সেইরূপ লোকগণের সহিত মিলিত হইয়া, ধন লইয়া রাজধানী হইতে নির্গত হইবে ॥২০॥

উক্ত সমস্ত লইয়া নির্গত হওয়া অসম্ভব হইলে, কেবল প্রধানদিগকে লইয়া নির্গত হইবে। এই নিয়মে কেবল তোমার দেহের মুক্তি হইতে পারে' ॥২১॥

* '...ষষ্ঠোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '...সপ্তমোঽধ্যায়ঃ' নি।

নবমোঽধ্যায়ঃ ;

—ঃ*ঃ—

ধৃতরাষ্ট্র উবাচ।

সন্ধিবিগ্রহসম্প্যত্র পশ্যেথা রাজসত্তম!।
দ্বিযোনিং বিবিধোপায়ং বহুকল্পং যুধিষ্ঠির! ॥১॥
কৌরব্য! পর্য্যুপাসীথাঃ স্থিত্বা দ্বৈবিধ্যমাত্মনঃ।
তুষ্টপুষ্টবলঃ শত্রুরাত্মবানিতি চ স্মরেৎ ॥২॥
পর্য্যুপাসনকালে তু বিপরীতং বিধীয়তে।
আমর্দ্দকালে রাজেন্দ্র! ব্যপসর্পেত্ততঃ পরম্ ॥৩॥

ভারতকৌমুদী

সন্ধীতি। দ্বে যোনী কারণে যস্য তম্। তথা চ বিপক্ষস্য প্রবলত্বে সন্ধিরিতি সন্ধিং প্রতি বিপক্ষপ্রবলত্বং কারণম্, বিপক্ষস্য দুর্ব্বলত্বে চ বিগ্রহ ইতি বিগ্রহং প্রতি বিপক্ষদুর্ব্বলত্বং কারণমিতি ভাবঃ। বিবিধা উপায়া নীতিশাস্ত্রোক্তা যস্য তম্, বহবঃ কল্পাঃ প্রকারা যস্য তঞ্চ। সন্ধিনা যুক্তো বিগ্রহ ইতি সন্ধিবিগ্রহস্তম্। মধ্যপদলোপী সমাসঃ ॥১॥

কৌরব্যেতি। হে কৌরব্য! স্থিত্বা স্থিরো ভূত্বা, আত্মনো দ্বৈবিধ্যং প্রবলত্বং দুর্ব্বলত্বঞ্চ বিচার্য্যেতি শেষঃ। পর্য্যুপাসীথা আত্মনো দুর্ব্বলত্বে শত্রূন্ শরণং গচ্ছেঃ। তুষ্টং পুষ্টঞ্চ বলং সৈন্যং যস্য সঃ, আত্মবান্ জয়ং প্রতি যত্নবাংশ্চ শত্রুরিতি চ ভবান্ স্মরেৎ ॥২॥

পরীতি। বিপরীতম্ আত্মনস্তাবদতুষ্টপুষ্টবলত্বম্, বিধীযতে নীতিশাস্ত্রেণ। আমর্দ্দকালে যুদ্ধসঙ্ঘর্ষসময়ে। আত্মনঃ অতুষ্টপুষ্টবলত্বে পরং ততঃ সমরাঙ্গনাদ্ব্যপসর্পেৎ ভবান্ পলায়েত ॥৩॥

ভারতভাবদীপঃ

সন্ধীতি। প্রবলপ্রতিযোগিকৌ দুর্ব্বলপ্রতিযোগিকৌ চেতি দ্বিযোনী সন্ধিবিগ্রহৌ ॥১॥ স্থিত্বা স্থিরো ভূত্বা, দ্বৈবিধ্যং বলাবলং জ্ঞাত্বা, শত্রুং পর্য্যুপাস্বেতি ভাবঃ। স্মরেজ্জয়োপায়ং

ধৃতরাষ্ট্র বলিলেন—'রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির! এই রাজত্ববিষয়ে বহুবিধ উপায়-যুক্ত এবং নানাপ্রকার সন্ধি ও বিগ্রহের বিষয় পর্য্যালোচনা করিবে। স্বপক্ষ ও বিপক্ষের সবলতা ও দুর্বলতাই সেই উভয়ের প্রতি কারণ বলিয়া মনে করিবে ॥১॥

কৌরবনন্দন! নিজে স্থির থাকিয়া স্বপক্ষের সবলতা ও দুর্বলতা বিচার করিয়া স্বপক্ষের দুর্ব্বলতা বুঝিলে শত্রুর শরণাপন্ন হইবে। শত্রুর সৈন্যগণ সন্তুষ্ট ও অস্ত্রশস্ত্রাদিদ্বারা পরিপুষ্ট এবং শত্রু জয়লাভের জন্য সর্বদাই সচেষ্ট, ইহা স্মরণ রাখিবে ॥২॥

ব্যসনং ভেদনং চৈব শত্রূণাং কারয়েত্ততঃ।
কর্ষণং ভীষণং চৈব যুদ্ধে চৈব বলক্ষয়ম্ ॥৪॥
প্রযাস্যমানো নৃপতিস্ত্রিবিধাং পরিচিন্তয়েৎ।
আত্মনশ্চৈব শত্রোশ্চ শক্তিং শাস্ত্রবিশারদঃ ॥৫॥
উৎসাহপ্রভুশক্তিভ্যাং মন্ত্রশক্ত্যা চ ভারত।
উপপন্নো নৃপো যায়াদ্বিপরীতশ্চ বর্জ্জয়েৎ ॥৬॥
আদদীত বলং রাজা মৌলং মিত্রবলং তথা।
অটবীনং ভৃতং চৈব তথা শ্রেণীবলঞ্চ যৎ ॥৭॥

ভারতকৌমুদী

ব্যসনমিতি। ব্যসনং কেনাপ্যুপায়েন বিপদ্ঘটনম্, ভেদনং ভেদজননম্। কর্ষণং বিপৎসঙ্কুল-স্থানে আনয়নম্, ভীষণং ভয়জননম্ ॥৪॥

প্রযাস্যেতি। ত্রিবিধাং প্রভাবোৎসাহমন্ত্রজনিতান্ ॥৫॥

উদিতি। উপপন্নো যুক্তঃ, যায়াৎ শত্রুমাক্রমিতুং গচ্ছেৎ, বিপরীতম্ উক্তত্রিবিধশক্ত্যনুপপন্নশ্চেৎ তদা যানং বর্জ্জয়েৎ ॥৬॥

আদদীতেতি। মৌলং ধনসম্বন্ধি বলম্। অটবীনং বন্যং ব্যাধাদিবলম্, ভৃতং ধনেন সংগৃহীতম্, শ্রেণীবলং স্বজাতিবলম্ ॥৭॥

ভাবতভাবদীপঃ

বিচারয়েন্ন ত্বকস্মাৎ প্রযায়াৎ ॥২॥ বিপরীতমতুষ্টপুষ্টবলং প্রযায়াদিত্যর্থঃ ॥৩॥ স্মরেদিত্যুক্তং বিস্পষ্টয়তি ব্যসনমিতি ॥৪॥ ত্রিবিধাং শক্তিম্ ॥৫॥ তামেবাহ—উৎসাহেতি ॥৬॥ মৌলং

রাজশ্রেষ্ঠ! স্বপক্ষের দুর্বলতা থাকিলেই শত্রুর শরণাপন্ন হইবে, ইহা নীতিশাস্ত্রে বিহিত আছে; আর যুদ্ধের সময়ে স্বপক্ষের দুর্বলতা দেখিলে, তৎক্ষণাৎ সমরস্থল হইতে অপসৃত হইবে ॥৩॥

তারপর, শত্রুপক্ষের মধ্যে বিপদ ও ভেদ ঘটাইবে, বিপৎসঙ্কুলস্থানে শত্রু-পক্ষকে আকর্ষণ করিয়া আনিবে, ভয় দেখাইবে এবং যুদ্ধে বলক্ষয় করাইবে ॥৪॥

নীতিশাস্ত্রবিশারদ রাজা শত্রুকে আক্রমণ করিতে যাইবার পূর্বে নিজের ও শত্রুর প্রভাব, উৎসাহ ও মন্ত্রজনিত শক্তির আলোচনা করিবেন ॥৫॥

ভরতনন্দন! প্রভাব, উৎসাহ ও মন্ত্রশক্তিসম্পন্ন রাজাই বিপক্ষকে আক্রমণ করিতে যাইবেন; কিন্তু উক্ত তিনটী শক্তি না থাকিলে যাইবেন না ॥৬॥

রাজা ধনবল, মিত্রবল, বন্যবল, অর্থদ্বারা সংগৃহীত বল এবং যাহা স্বজাতীয় বল তাহা—এই পঞ্চবিধ বল গ্রহণ করিবেন ॥৭॥

---

(৭) অটবীবলং ভৃতং চৈব তথা শ্রেণীবলং প্রভো।—বঙ্গ বর্দ্ধ নি।

তত্র মিত্রবলং রাজন্! মৌলং চৈব বিশিষ্যতে।
শ্রেণীবলং ভৃতং চৈব তুল্যে এবেতি মে মতিঃ ॥৮॥
তথা চারবলং চৈব পরস্পরসমং নৃপ!।
বিজ্ঞেয়ং বহুকালেষু রাজ্ঞা কাল উপস্থিতে ॥৯॥
আপদশ্চাপি বোদ্ধব্যা বহুরূপা নরাধিপ!।
ভবন্তি রাজ্ঞাং কৌরব্য! যাস্তাঃ প্রথমতঃ শৃণু ॥১০॥
বিকল্পা বহুধা রাজন্! আপদাং পাণ্ডুনন্দন!।
সামাদিভিরুপন্যস্য গণয়েত্তান্ নৃপঃ সদা ॥১১॥
যাত্রাং গচ্ছেদ্বলৈর্যুক্তো রাজা সদ্ভিঃ পরন্তপ!।
যুক্তশ্চ দেশকালাভ্যাং বলৈরাত্মগুণৈস্তথা ॥১২॥

ভারতকৌমুদী

তত্রেতি। তত্র তেষু পঞ্চসু মধ্যে। এতেনাটবীনং নিকৃষ্টমিতি সূচিতম্ ॥৮॥

তথেতি। চারবলং গুপ্তচরবলম্, পরস্পরসমম্ উভয়পক্ষসমানম্ ॥৯॥

আপদা ইতি। বহুরূপা অনেকপ্রকারাঃ ॥১০॥

বিকল্পা ইতি। বিকল্পাঃ প্রকারাঃ। উপন্যস্য আশিঙ্ক্য, সামাদিভিরুপায়ৈঃ, তান্ বিকল্পান্, গণয়েৎ নিবার্য্যত্বেনাবধারয়েৎ ॥১১॥

যাত্রামিতি। গচ্ছেৎ কুর্য্যাৎ। দেশকালাভ্যামনুকূলাভ্যাম্, বলৈর্দৈবৈঃ, আত্মগুণৈর্নিজ-প্রভাবাদিভিঃ ॥১২॥

রাজা! আমার ধারণা এই যে, উক্ত পঞ্চবিধ বলের মধ্যে মিত্রবল ও ধন-বলই শ্রেষ্ঠ এবং শ্রেণীবল ও অর্থসংগৃহীত বল সমান ॥৮॥

রাজা! বহুকালের মধ্যে নিজের প্রয়োজনীয় কাল উপস্থিত হইলে, রাজা চারবলকে পরস্পর সমান বলিয়া জানিবেন ॥৯॥

কৌরবনন্দন নরনাথ! তুমি বহুপ্রকার আপদ আছে বলিয়া জানিবে। রাজাদের যে সকল আপদ হইয়া থাকে, তাহা তুমি প্রথমে শ্রবণ কর ॥১০॥

পাণ্ডুনন্দন রাজা! বহুপ্রকার আপদ হয়; অতএব রাজা সর্ব্বদাই সেই আপদ্গুলিকে প্রকাশ করিয়া সামাদি উপায়দ্বারা সেগুলিকে দূর করিবার চেষ্টা করিবেন ॥১১॥

শত্রুসন্তাপক যুধিষ্ঠির! রাজা উত্তম বল, অনুকূল দেশ ও কাল, দৈববল এবং আত্মগুণসম্পন্ন হইয়া যুদ্ধযাত্রা করিবেন ॥১২॥

(১০) যাস্তাঃ পৃথগতঃ শৃণু—বঙ্গ বর্দ্ধ নি।

হৃষ্টপুষ্টবলো গচ্ছেদ্‌রাজা বৃদ্ধ্যুদয়ে রতঃ।
অকৃশশ্চাপ্যথো যাযাদনৃতাবপি পাণ্ডব ! ॥১৩॥
তূণাশ্মানাং বাজিরথপ্রবাহাং ধ্বজদ্রুমৈঃ সংবৃতকূলরোধসম্‌।
পদাতিনাগৈর্বহুকর্দ্দমাং নদীং সপত্নাশে নৃপতিঃ প্রযোজয়েৎ ॥১৪॥
অথোপপত্ত্যা শকটং পদ্মবজ্রঞ্চ ভারত !।
উশনা বেদ যচ্ছাস্ত্রং তত্রৈতদ্বিহিতং প্রভো ! ॥১৫॥
চারয়িত্বা পরবলং কৃত্বা স্ববলদর্শনম্‌।
স্বভূমৌ যোজয়েদ্‌যুদ্ধং পরভূমৌ তথৈব চ ॥১৬॥

ভারতকৌমুদী

হৃষ্টেতি। বৃদ্ধ্যুদয়ে আত্মোন্নতিসাধনে। অকৃশঃ পরিপুষ্টশক্তিঃ, অনৃতাবপি বর্ষাদাবপ্রশস্তকালেঽপি ॥১৩॥

তূণেতি। নৃপতিঃ তূণা বাণা এব অশ্মানঃ পাষাণা যস্যাস্তাম্‌, বাজিনো ঘোটকা রথাশ্চ প্রবাহা যস্যাস্তাম্‌, ধ্বজা এব দ্রুমাস্তৈঃ, সংবৃতানি কূলানি সৈন্যপৃষ্ঠভাগা এব রোধাংসি তীরাণি যস্যাস্তাম্‌। "অথ কূলং তটে স্তূপে সৈন্যপৃষ্ঠভাগয়োঃ" ইতি মেদিনী। পদাতয়ো নাগা হস্তিনশ্চ তৈঃ। অভেদে তৃতীয়া। বহবঃ কর্দ্দমা যস্যাস্তাঞ্চ, সেনারূপাং নদীম্‌, সপত্নস্য তীরান্তররূপস্য শত্রোর্নাশে, প্রযোজয়েৎ ॥১৪॥

অথেতি। উপপত্ত্যা যুক্ত্যা স্ববিধানুরূপ্যেণ, শকটং তদাখ্যং ব্যূহম্‌, পদ্মবজ্রঞ্চ ব্যূহদ্বয়ং রচয়েদিতি শেষঃ। উশনা শুক্রঃ, শাস্ত্রং যুদ্ধবিষয়ম্‌ ॥১৫॥

ভারতভাবদীপঃ

ধনবলম্‌ ॥৭—১০॥ বিকল্পা ঈতিপ্রভৃতয়ঃ, তানুপলভ্য গণয়েন্ন তু গোপয়িত্বাঽবহেলয়েৎ ॥১১—১২॥ অনৃতাবকালেঽপি শিশিরাদৌ ॥১৩—১৪॥ শকটাদয়ো ব্যূহবিশেষাঃ ॥১৫—২৩॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিকপর্ব্বণি আশ্রমবাসে নবমোঽধ্যায়ঃ ॥৯॥

পাণ্ডুনন্দন। নিজোন্নতিসাধনে নিরত রাজা সৈন্যগণ যখন হৃষ্টপুষ্ট থাকিবে, সেই সময়ে শত্রুকে আক্রমণ করিতে গমন করিবেন। নিজে যখন পরিপুষ্টি থাকিবেন, তখন অসময়েও গমন করিতে পারেন ॥১৩॥

রাজা শত্রুকে ধ্বংস করিবার উদ্দেশ্যে সেনারূপ নদী প্রেরণ করিবেন। তূণীর যে নদীর প্রস্তর, অশ্ব ও রথ যাহার প্রবাহ, ধ্বজরূপ বৃক্ষে সৈন্যপৃষ্ঠরূপ যাহার তীর আবৃত থাকে এবং পদাতি ও হস্তী যাহার প্রচুর কর্দ্দমস্বরূপ হয় ॥১৪॥

রাজা! শুক্রাচার্য্য যে শাস্ত্র জানেন, সেই শাস্ত্রে ইহা বিহিত আছে যে, রাজা যুদ্ধের সময়ে শকট, পদ্ম ও বজ্রনামক ব্যূহ রচনা করিবেন ॥১৫॥

বলং প্রসাদয়েদ্রাজা নিক্ষিপেদ্বলিনো নরান্।
জ্ঞাত্বা স্ববিষয়ং তত্র সামাদিভিরুপক্রমেৎ ॥১৭॥
সর্ব্বথৈব মহারাজ! শরীরং ধারয়েদিহ।
প্রেত্য চেহ চ কর্ত্তব্যমাত্মনিঃশ্রেয়সং পরম্ ॥১৮॥
এবমেতন্মহারাজ! রাজা সম্যক্ সমাচরন্।
প্রেত্য স্বর্গমবাপ্নোতি প্রজা ধর্ম্মেণ পালযন্ ॥১৯॥
এবং ত্বযা কুরুশ্রেষ্ঠ! বর্ত্তিতব্যং প্রজাহিতম্।
উভযোর্লোকয়োস্তাত! প্রাপ্তয়ে নিত্যমেব হি ॥২০॥
ভীষ্মেণ সর্বমুক্তোঽসি কৃষ্ণেন বিদুরেণ চ।
ময়াঽপ্যবশ্যং বক্তব্যং প্রীত্যা তে নৃপসত্তম! ॥২১॥

ভারতকৌমুদী

চারেতি। চারয়িত্বা ক্রমেণাপসার্য্য, স্ববলস্ত নিজসৈন্যস্ত দর্শনং হৃষ্টপুষ্টাবস্থা-পর্য্যবেক্ষণম্ ॥১৬॥

বলমিতি। বলং সৈন্যং দানমানাভ্যাং প্রসাদয়েৎ, নিক্ষিপেৎ বিপক্ষং প্রতি প্রেরয়েৎ। তত্র যুদ্ধে, স্ববিষয়ং নিজদুর্ব্বলাবস্থাম্, উপক্রমেৎ বিপক্ষোপশমং কর্ত্তুম্ আরভেত ॥১৭॥

সর্ব্বথেতি। ধারয়েৎ রক্ষেৎ। প্রেত্য পরলোকে ইহ লোকে চ, আত্মনিঃশ্রেয়সং নিজ-মঙ্গলম্ ॥১৮॥

এবমিতি। প্রেত্য অস্মাল্লোকাৎ প্রস্থায় ॥১৯॥

এবমিতি। বর্ত্তিতব্যং বর্ত্তয়িতব্যং কর্ত্তব্যমিত্যর্থঃ। প্রাপ্তয়ে মঙ্গললাভায় ॥২০॥

রাজা নিজের সৈন্যগণের অবস্থা পর্য্যবেক্ষণ করিয়া বিপক্ষসৈন্যকে সরাইয়া দিয়া নিজভূমি বা বিপক্ষভূমিতে যুদ্ধারম্ভ করিবেন ॥১৬॥

রাজা আপন সৈন্যগণকে সন্তুষ্ট রাখিবেন এবং তাহার মধ্যে বলবান্ সৈন্য-দিগকেই যুদ্ধে প্রেরণ করিবেন। তখন নিজের দুর্বল অবস্থা জানিয়া সাম ও দানাদি উপায়দ্বারা শত্রুকে শান্ত করিবার চেষ্টা করিবেন ॥১৭॥

মহারাজ! রাজা সর্বপ্রকারেই নিজের শরীর রক্ষা করিবেন এবং ইহ-লোক ও পরলোকে হিতের জন্য নিজের মঙ্গলসাধন করিবেন ॥১৮॥

মহারাজ! রাজা এইরূপে সমীচীনভাবে এই প্রকার কার্য্য করিয়া ধর্ম্মানু-সারে প্রজা পালন করিতে থাকিয়া মৃত্যুর পরে স্বর্গ লাভ করেন ॥১৯॥

বৎস কৌরবশ্রেষ্ঠ! তুমি এইভাবে ইহলোকে ও পরলোকে সুখ-লাভের নিমিত্ত সর্ব্বদাই প্রজাবর্গের হিতসাধন করিবে ॥২০॥

---

(১৯) এবং কুর্ব্বন্ শুভা বাচো লোকেঽস্মিন্ শৃণুতে নৃপ।—নি।

এতৎ সর্ব্বং যথান্যায়ং কুর্ব্বীথা ভূরিদক্ষিণ ! ।
প্রিয়স্তথা প্রজানাং ত্বং স্বর্গে সুখমবাপ্স্যসি ॥২২॥
অশ্বমেধসহস্রেণ যো যজেৎ পৃথিবীপতিঃ ।
পালয়েদ্বাপি ধর্ম্মেণ প্রজাস্তুল্যং ফলং লভেৎ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে ধৃতরাষ্ট্রোপদেশে নবমোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ০ঃ—

দশমোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ ।
এবমেতৎ করিষ্যামি যথাত্থ পৃথিবীপতে ! ।
ভূয়শ্চৈবানুশাস্যোঽহং ভবতা পার্থিবর্ষভ ! ॥১॥

ভারতকৌমুদী

ভীষ্মেণেতি । বক্তব্যং তে তব হিতমিতি শেষঃ ॥২১॥

এতদিতি । ভূরি প্রচুরা যজ্ঞাদৌ দক্ষিণা যস্য তৎসম্বোধনম্ । প্রিয়ো হিতসাধনেন প্রীতিকরঃ সন্ ॥২২॥

অশ্বেতি । যশ্চ ধর্ম্মেণ প্রজাঃ পালয়েৎ স উভয় এব ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-
মাশ্রমবাসিকপর্ব্বণি নবমোঽধ্যায়ঃ ॥০॥

রাজশ্রেষ্ঠ ! যদিও ভীষ্ম, কৃষ্ণ এবং বিদুর তোমাকে সমস্তই বলিয়াছেন, তথাপি প্রীতিবশতঃ তোমার হিত আমার বলা উচিত (সুতরাং আমি এই সমস্ত বলিলাম) ॥২১॥

প্রচুর দক্ষিণাদাতা যুধিষ্ঠির ! তুমি যথানিয়মে এই সমস্ত করিবে, তাহা হইলে তুমি প্রজাবর্গের প্রিয় হইয়া স্বর্গে সুখ লাভ করিতে পারিবে ॥২২॥

যে রাজা সহস্র অশ্বমেধযজ্ঞ করেন এবং যে রাজা ধর্ম্মানুসারে প্রজাপালন করিয়া থাকেন, তাঁহারা উভয়েই সমান ফল লাভ করেন' ॥২৩॥

* 'সপ্তমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, 'অষ্টমোঽধ্যায়ঃ'—নি ।

(১)···তথাত্থ পৃথিবীপতে !—বঙ্গ বর্দ্ধ ।

ভীষ্মে স্বর্গমনুপ্রাপ্তে গতে চ মধুসূদনে।
বিদুরে সঞ্জয়ে চৈব কোঽন্যো মাং বক্তুমর্হতি ॥২॥
যত্তু মামনুশাস্তীহ ভবানস্য'হিতে স্থিতঃ।
কর্ত্তাস্মি তন্মহীপাল! নির্ব্বৃতো ভব পার্থিব! ॥৩॥
বৈশম্পায়ন উবাচ।
এবমুক্তঃ স রাজর্ষির্ধর্ম্মরাজেন ধীমতা।
কৌন্তেয়ং সমনুজ্ঞাতুমিয়েষ ভরতর্ষভ! ॥৪॥
পুত্র! বিশ্রামত্যাং তাবন্মমাপি বলবান্ শ্রমঃ।
ইত্যুক্ত্বা প্রাবিশদ্রাজা গান্ধার্য্যা ভবনং তদা ॥৫॥
তমাসনগতং দেবী গান্ধারী ধর্ম্মচারিণী।
উবাচ কালে কালজ্ঞা প্রজাপতিসমং পতিম্ ॥৬॥

ভারতকৌমুদী

এবমিতি। আথ ত্বং ব্রবীষি। ভূয়শ্চ পুনরপি, অনুশাস্ত উপদেশ্যঃ ॥১॥
ভীষ্ম ইতি। বিদুরে সঞ্জয়ে চ গতে ভবতা সার্দ্ধমাশ্রমং প্রাপ্তে সতি ॥২॥
যদিতি। অনুশাস্তি উপদিশতি। নির্ব্বৃতস্তত্তদকরণোদ্বেগরহিতঃ ॥৩॥
এবমিতি। সমনুজ্ঞাতুং বিশ্রামায়েতি শেষঃ ॥৪॥
পুত্রেতি। বিশ্রামত্যাং বাগ্‌বিরামেণ বিশ্রামং করোতু, শ্রমো বহুভাষণাৎ ॥৫॥
তমিতি। কালজ্ঞা অবসরবেদিনী ॥৬॥

যুধিষ্ঠির বলিলেন—'রাজা! আপনি যাহা বলিলেন, আমি ইহা এইরূপই করিব। রাজশ্রেষ্ঠ! আপনি আমাকে পুনরায় উপদেশ দিন ॥১॥

ভীষ্ম স্বর্গ লাভ করিলে, কৃষ্ণ দ্বারকায় চলিয়া গেলে এবং বিদুর ও সঞ্জয় আপনার সহিত তপোবনে গমন করিলে, অন্য কোন্ ব্যক্তি আমাকে উপদেশ দিবে? ॥২॥

রাজা! আমার হিতে নিরত আপনি আজ আমাকে যাহা উপদেশ দিলেন, তাহা আমি করিব; সুতরাং আপনি নিরুদ্বেগ হউন' ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—বুদ্ধিমান্ যুধিষ্ঠির এইরূপ বলিলে, রাজর্ষি ধৃতরাষ্ট্র যুধিষ্ঠিরকে বিশ্রাম করিতে অনুমতি করিবার ইচ্ছা করিলেন ॥৪॥

'পুত্র! তুমি বিশ্রাম কর, আমারও গুরুতর পরিশ্রম হইয়াছে' এই কথা বলিয়া তখন ধৃতরাষ্ট্র গান্ধারীর গৃহে প্রবেশ করিলেন ॥৫॥

---

(৫) পুত্র! সংশাম্যতাং তাবৎ—পি বঙ্গ বর্দ্ধ।

অনুজ্ঞাতঃ স্বয়ং তেন ব্যাসেন ত্বং মহর্ষিণা।
যুধিষ্ঠিরস্যানুমতে কদারণ্যং গমিষ্যসি ॥৭॥

ধৃতরাষ্ট্র উবাচ।

গান্ধার্য্যাহমনুজ্ঞাতঃ স্বযং পিত্রা মহাত্মনা।
যুধিষ্ঠিরস্যানুমতে গন্তাস্মি নচিরাদ্বনম্ ॥৮॥
অহং হি তাবৎ সর্ব্বেষাং তেষাং দুর্দ্যূতদেবিনাম্।
পুত্রাণাং দাতুমিচ্ছামি প্রেতভাবানুগং বসু।
সর্বপ্রকৃতিসান্নিধ্যং কারয়িত্বা স্ববেশ্মনি ॥৯॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্ত্বা ধর্ম্মরাজায় প্রেষযামাস বৈ তদা।
স চ তদ্বচনাৎ সর্ব্বং সমানিন্যে মহীপতিঃ ॥১০॥

ভারতকৌমুদী

অম্বিতি। অনুমতে অনুমতৌ সত্যাম্, অরণ্যং তপোবনম্ ॥৭॥

গান্ধারীতি। পিত্রা ব্যাসেন। গন্তাস্মি গমিষ্যামি ॥৮॥

অহমিতি। দুষ্টেন দ্যূতেন দীব্যন্তি ক্রীড়ন্তীতি তেষাম্। প্রেতভাবানুগং মৃতত্বানুগামি পরলোকফলকমিত্যর্থঃ। বসু ধনম্। সর্ব্বাসাং প্রকৃতীনাং প্রজানাং সান্নিধ্যম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

ইতীতি। প্রেষয়ামাস বাচিকমিতি শেষঃ। সর্ব্বং প্রজাবর্গম্ ॥১০॥

ধৃতরাষ্ট্র সেই গৃহে যাইযা আসনে উপবেশন করিলে, ধর্ম্মচারিণী ও অবসবজ্ঞা গান্ধারীদেবী তখন প্রজাপতির তুল্য স্বামী ধৃতরাষ্ট্রকে বলিলেন—॥৬॥

'মহারাজ! মহর্ষি সেই বেদব্যাস স্বয়ং আপনাকে অনুমতি দিযাছেন, যুধিষ্ঠিরও অনুমতি করিয়াছে; অতএব আপনি কবে তপোবনে যাইবেন?' ॥৭॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'গান্ধারি! স্বয়ং মহাত্মা পিতা আমাকে অনুমতি দিয়াছেন, যুধিষ্ঠিরও অনুমতি করিয়াছে; অতএব আমি অচিরকালমধ্যেই তপোবনে যাইব ॥৮॥

কিন্তু আমি আপন ভবনে সকল প্রজাকে আনাইয়া সেই দুষ্ট পাশকক্রীড়াকারী পুত্রগণের উদ্দেশে পরলোকে ফলজনক ধন দান করিতে ইচ্ছা করি' ॥৯॥

বৈশম্পায়ন বলিলেন—এই কথা বলিয়া ধৃতরাষ্ট্র তখনই যুধিষ্ঠিরের নিকটে সংবাদ পাঠাইলেন। রাজা যুধিষ্ঠিরও ধৃতরাষ্ট্রের আদেশঅনুসারে সকল প্রজাকে আনয়ন করিলেন ॥১০॥

ততো প্রতীতমনসো ব্রাহ্মণাঃ কুরুজাঙ্গলাঃ।
ক্ষত্রিয়াশ্চৈব বৈশ্যাশ্চ শূদ্রাশ্চৈব সমাযযুঃ ॥১১॥
ততো নিষ্ক্রম্য নৃপতিস্তস্মাদন্তঃপুরাত্তদা।
দদৃশে তং জনং সর্ব্বং সর্ব্বাশ্চ প্রকৃতীস্তথা ॥১২॥
সমবেতাংশ্চ তান্ সর্ব্বান্ পৌরান্ জানপদাংস্তথা।
তানাগতানভিপ্রেক্ষ্য সমস্তঞ্চ সুহৃজ্জনম্ ॥১৩॥
ব্রাহ্মণাংশ্চ মহীপাল! নানাদেশসমাগতান্।
উবাচ মতিমান্ রাজা ধৃতরাষ্ট্রোঽম্বিকাসুতঃ ॥১৪॥ (যুগ্মকম্)
ভবন্তঃ কুরবশ্চৈব চিরকালং সহোষিতাঃ।
পরস্পরস্য সুহৃদঃ পরস্পরহিতে রতাঃ ॥১৫॥
যদিদানীমহং ব্রূযামস্মিন্ কাল উপস্থিতে।
তথা ভবদ্ভিঃ কর্ত্তব্যমবিচার্য্য বচো মম ॥১৬॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রতীতমনসঃ সন্তুষ্টচিত্তাঃ, কুরুজাঙ্গলাস্তদাখ্যতদ্দেশবাসিনঃ ॥১১॥
তত ইতি। নৃপতির্ধৃতরাষ্ট্রঃ। প্রকৃতীঃ প্রজাঃ ॥১২॥
সমবেতানিতি। আগতান্ দূরদেশাৎ। মতিমান্ কর্ত্তব্যবোধান্বিতি ভাবঃ ॥১৩—১৪॥
ভবন্ত ইতি। সহোষিতা একত্র স্থিতাঃ ॥১৫॥
যদিতি। অবিচার্য্য ঔচিত্যেনানৌচিত্যেন বা বিচারমকৃত্বা ॥১৬॥

তাহার পর কুরুজাঙ্গলবাসী ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রগণ সন্তুষ্ট চিত্তে আগমন করিলেন ॥১১॥

তদনন্তর ধৃতরাষ্ট্র তখনই সেই অন্তঃপুর হইতে নির্গত হইয়া সেই সমস্ত লোক ও সকল প্রজাকে দর্শন করিলেন ॥১২॥

রাজা! সেই সকল পুরবাসী, দেশবাসী, অন্যান্য দূর দেশ হইতে আগত অন্যান্য লোক, নানাদেশ হইতে আগত ব্রাহ্মণগণ এবং সমস্ত সুহৃজ্জন আসিয়া সমবেত হইয়াছেন দেখিয়া অম্বিকানন্দন বুদ্ধিমান্ রাজা ধৃতরাষ্ট্র বলিলেন—॥১৩—১৪॥

'আপনারা এবং কুরুবংশীয়েরা চিরকাল একসঙ্গে বাস করিয়াছেন; সুতরাং পরস্পরের সুহৃৎ হইয়া পরস্পরের হিতে নিরত রহিয়াছেন ॥১৫॥

এই সময়ে এখন আমি যাহা বলিব, আপনারা কোন বিচার না করিয়া আমার সেই বাক্য রক্ষা করুন ॥১৬॥

---

(১৪)…ধৃতরাষ্ট্রো মহীপতিঃ—পি বঙ্গ বর্দ্ধ।

অরণ্যগমনে বুদ্ধির্গান্ধারীসহিতস্য মে।
ব্যাসস্যানুমতে রাজ্ঞস্তথা কুন্তীসুতস্য চ।
ভবন্তোঽপ্যনুজানন্তু মা চ বোঽভূদ্বিচারণা ॥১৭॥
অস্মাকং ভবতাং চৈব যেয়ং প্রীতির্হি শাশ্বতী।
ন চ সাঽন্যেষু দেশেষু রাজ্ঞামিতি মতির্মম ॥১৮॥
শান্তোঽস্মি বয়সানেন তথা পুত্রবিনাকৃতঃ।
উপবাসকৃশশ্চাস্মি গান্ধারীসহিতোঽনঘাঃ! ॥১৯॥
যুধিষ্ঠিরগতে রাজ্যে প্রাপ্তশ্চাস্মি সুখং মহৎ।
মন্যে দুর্য্যোধনৈশ্বর্য্যাদ্বিশিষ্টং বহুভির্গুণৈঃ ॥২০॥
মম চান্ধস্য বৃদ্ধস্য হতপুত্রস্য কা গতিঃ।
ঋতে বনং মহাভাগাঃ! তন্মানুজ্ঞাতুমর্হথ ॥২১॥

ভারতকৌমুদী

অরণ্যেতি। অরণ্যগমনে তপোবনপ্রস্থানে, বুদ্ধির্জাতেতি শেষঃ। বো যুষ্মাকম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

অস্মাকমিতি। শাশ্বতী নিত্যা। সা প্রীতিঃ ॥১৮॥

শান্ত ইতি। শান্তঃ শমগুণান্বিতো বিষয়বাসনাবিহীন ইত্যর্থঃ, পুত্রৈর্বিনাকৃতো বিরহিতঃ ॥১৯॥

যুধীতি। যুধিষ্ঠিরে গতে স্থিতে। দুর্য্যোধনস্য ঐশ্বর্য্যাৎ প্রভুত্বাৎ, বিশিষ্টং যুধিষ্ঠিরৈশ্বর্য্যমিতি শেষঃ ॥২০॥

আমি গান্ধারীর সহিত তপোবনে যাইব বলিয়া ইচ্ছা করিয়াছি, এই বিষয়ে বেদব্যাস ও রাজা যুধিষ্ঠির অনুমতি করিয়াছেন, এখন আপনারাও অনুমতি করুন, এবিষয়ে আপনাদের যেন কোন বিচার উপস্থিত হয় না ॥১৭॥

আমাদের এবং আপনাদের মধ্যে এই যে চিরন্তনী প্রীতি চলিয়া আসিতেছে, এইরূপ প্রীতি অন্যান্য দেশে রাজাদের মধ্যে নাই, ইহাই আমার ধারণা ॥১৮॥

হে নিষ্পাপ মহাত্মগণ! আমি গান্ধারীর সহিতই এই বয়সের গুণে শমগুণান্বিত হইয়া পড়িয়াছি এবং পুত্রবিহীন ও উপবাসে কৃশ হইয়াছি ॥১৯॥

তারপর এই রাজ্য যুধিষ্ঠিরের হস্তগত হইলে, তাহাতে থাকিয়া আমি গুরুতর সুখ অনুভব করিয়াছি। কারণ, বহু গুণে দুর্য্যোধনের প্রভুত্ব অপেক্ষা যুধিষ্ঠিরের প্রভুত্ব উৎকৃষ্ট, ইহা আমি মনে করি ॥২০॥

(১৯) শ্রান্তোঽস্মি বয়সানেন—পি বঙ্গ বর্দ্ধ। (২০)…বিশিষ্টমিতি সত্তমা!—বঙ্গ বর্দ্ধ।

তস্য তদ্বচনং শ্রুত্বা সর্ব্বে তে কুরুজাঙ্গলাঃ।
বাষ্পসন্দিগ্ধয়া বাচা রুরুদুর্ভরতর্ষভ! ॥২২॥

তানবিব্রুবতঃ কিঞ্চিৎ সর্ব্বান্ শোকপরায়ণান্।
পুনরেব মহাতেজা ধৃতরাষ্ট্রোঽব্রবীদিদম্ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে ধৃতরাষ্ট্রবনগমনপ্রার্থনে দশমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০—

একাদশোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

শান্তনুঃ পালয়ামাস যথাবদ্বসুধামিমাম্।
তথা বিচিত্রবীর্য্যশ্চ ভীষ্মেণ পরিপালিতঃ ॥১॥

পালয়ামাস বস্তাতো বিদিতার্থো ন সংশয়ঃ।
যথা চ পাণ্ডুর্ভ্রাতা মে দয়িতো ভবতামভূৎ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

মমেতি। ঋতে বিনা, মা মাম্, অনুজ্ঞাতুং বনগমনায় ॥২১॥

তস্যেতি। কুরুজাঙ্গলাঃ কুরুজাঙ্গলাখ্যদেশবাসিনঃ। বাষ্পেণ সন্দিগ্ধয়া লিপ্তয়া, বাচা হেতুনা ॥২২॥

তানিতি। অবিব্রুবতঃ অকথয়তঃ ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি
আশ্রমবাসে দশমোঽধ্যায়ঃ ॥০॥

মহাভাগগণ! আমি অন্ধ এবং এখন বৃদ্ধ ও পুত্রবিহীন; অতএব আমার তপোবনে গমন ভিন্ন অন্য কি গতি আছে? সুতরাং আপনারা আমার তপোবনগমনে অনুমতি করুন' ॥২১॥

ভরতশ্রেষ্ঠ! তাঁহার সেই বাক্য শুনিয়া সেই কুরুজাঙ্গলবাসীরা সকলেই বাষ্পাকুল হইয়া রোদন করিতে লাগিলেন ॥২২॥

তাঁহারা সকলেই শোকার্ত্ত হইয়া কোন কথাই না বলিতে থাকিলে, মহাতেজা ধৃতরাষ্ট্র পুনরায় এই কথা বলিতে লাগিলেন ॥২৩॥

---

* '...অষ্টমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...নবমোঽধ্যায়ঃ'—নি।

স চাপি পালয়ামাস যথাবত্তচ্চ বেত্থ হ।
অনন্তরং হি পিতরমনুজ্ঞাতো যুধিষ্ঠিরঃ ॥৩॥
নাত্র কিঞ্চিন্মৃষা জাতু ভাষতেতি মতির্মম।
ময়া চ ভবতাং সম্যক্ শুশ্রূষা যা কৃতানঘাঃ! ॥৪॥
অসম্যগ্‌বা মহাভাগাঃ! তৎ ক্ষন্তব্যমতন্দ্রিতৈঃ।
যদা দুর্য্যোধনেনেদং ভুক্তং রাজ্যমকণ্টকম্ ॥৫॥
অপি তত্র ন বো মন্দো দুর্ব্বুদ্ধিরপরাদ্ধবান্।
তস্যাপরাধাদ্‌দুর্ব্বুদ্ধেরভিমানান্মহীক্ষিতাম্ ॥৬॥
বিমর্দ্দঃ সুমহানাসীদনয়াৎ স্বকৃতাদথ।
ঘাতিতাঃ কৌরবেয়াশ্চ পৃথিবী চ বিনাশিতা ॥৭॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

শান্তনুরিতি। শান্তনুর্নাম রাজা। বিচিত্রবীর্য্যশ্চ তৎপুত্রঃ। বো যুষ্মান্, বিদিতার্থো জ্ঞাতরাজ্যবিষয়ঃ। দয়িতঃ প্রিয়ঃ ॥১—২॥

স ইতি। বেত্থ যূয়ং জানীথ। পিতরং পাণ্ডুমনুকৃত্যেতি শেষঃ, অনুজ্ঞাতো ময়া ॥৩॥

নেতি। ভাষতে এষ জন ইতি শেষঃ। সন্ধাবপি পুনঃ সন্ধিরার্ষঃ। শুশ্রূষা পালনেন পরিচর্য্যা, তদপি বেত্থেত্যনুবৃত্তিঃ ॥৪॥

অসম্যগিতি। বাশব্দাৎ সম্যগ্‌বা। তত্র তদা, বো যুষ্মাকং সম্বন্ধে। মহীক্ষিতাং রাজ্ঞাম্। বিমর্দ্দো যুদ্ধম্, অনয়াৎ দুর্নীতেঃ ॥৫—৭॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'রাজা শান্তনু যথাযথভাবে এই পৃথিবী পালন করেন। তৎপরে আমার পিতা বিদিতবেদ্য বিচিত্রবীর্য্য ভীষ্মকর্ত্তৃক রক্ষিত হইয়া আপনাদিগকে পালন করিয়াছিলেন, ইহা আপনাদের জানা আছে, এ বিষয়ে কোন সন্দেহ নাই। তৎপরে আমার ভ্রাতা পাণ্ডু আপনাদের যে প্রিয় হইয়াছিলেন, তাহাও আপনাদের জানা আছে ॥১—২॥

পাণ্ডুও যথাযথভাবে রাজ্য পালন করেন, তাহাও আপনারা জানেন। তদনন্তর যুধিষ্ঠির পিতা পাণ্ডুর অনুকরণ করিয়া আমার অনুমতিক্রমে এখন রাজ্য পালন করিতেছেন ॥৩॥

এই ব্যক্তি এই বিষয়ে কখনও কোন কথাই মিথ্যা বলিতেছে না, ইহাই আমার ধারণা। হে নিষ্পাপ মহাত্মগণ! আমিও সমীচীনভাবে আপনাদের যে শুশ্রূষা করিয়াছি, তাহাও আপনারা জানেন ॥৪॥

অথবা মহাভাগগণ! আমি যদি অসমীচীনভাবে কিছু করিয়া থাকি, আপনারা সতর্ক হইয়া তাহা ক্ষমা করিবেন। তারপর দুর্য্যোধন যখন এই

তন্ময়া সাধু বাপীদং যদি বাসাধু বৈ কৃতম্।
তদ্বো হৃদি ন কর্ত্তব্যং ময়া বদ্ধোঽয়মঞ্জলিঃ ॥৮॥
বৃদ্ধোঽয়ং হতপুত্ত্রোঽয়ং দুঃখিতোঽয়ং নরাধিপঃ।
পূর্ব্বরাজ্ঞাঞ্চ পুত্ত্রোঽয়মিতি কৃত্বানুজানথ ॥৯॥
ইয়ঞ্চ কৃপণা বৃদ্ধা হতপুত্ত্রা তপস্বিনী।
গান্ধারী পুত্ত্রশোকার্ত্তা যুষ্মান্ যাচতি বৈ ময়া ॥১০॥
হতপুত্ত্রাবিমৌ বৃদ্ধৌ বিদিত্বা দুঃখিতৌ তথা।
অনুজানীত ভদ্রং বো ব্রজাবঃ শরণঞ্চ বঃ ॥১১॥
অয়ঞ্চ কৌরবো রাজা কুন্তীপুত্ত্রো যুধিষ্ঠিরঃ।
সর্ব্বৈর্ভবদ্ভির্দ্রষ্টব্যঃ সমেষু বিষমেষু চ ॥১২॥

ভারতকৌমুদী

তদিতি। তদ্দুর্য্যোধনস্থানিবারণম্। তদনিবারণম্, বো যুষ্মাকম্ ॥৮॥

বৃদ্ধ ইতি। পূর্ব্বরাজ্ঞাং বিচিত্রবীর্য্যাদীনামস্মদুপকারিণামিতি ভাবঃ। অনগ্নত্বাভাবঃ অনুজানথেতি ঈকারাভাবশ্চ আর্ষঃ ॥৯॥

ইয়মিতি। কৃপণা ক্ষুদ্রা, তপস্বিনী শোচ্যা। ময়া করণেন ॥১০॥

হতেতি। ভদ্রং মঙ্গলমস্তু, বো যুষ্মাকম্ ॥১১॥

এই নিষ্কণ্টক রাজ্য ভোগ করিয়াছিল, তখন সেই মূর্খ এবং দুর্ব্বুদ্ধিও আপনাদের নিকট কোন অপরাধ করে নাই ; তবে সেই মূর্খ ও দুর্ব্বুদ্ধির অপরাধে ও অভিমানে এবং আমার নিজকৃত দুর্নীতির ফলে রাজাদের গুরুতর যুদ্ধ হইয়াছিল। সেই যুদ্ধে কৌরবগণ নিহত হইয়াছেন, পৃথিবীও বিনষ্ট হইয়াছে ॥৫—৭॥

এই সেই কার্য্য আমি ভাল করিয়াছি বা মন্দ করিয়াছি, তাহা আপনারা মনে করিবেন না। আমি এই অঞ্জলি বন্ধন করিলাম ॥৮॥

এই রাজা বৃদ্ধ, হতপুত্ত্র, দুঃখিত এবং প্রাচীন রাজাদের বংশধর, ইহা মনে করিয়া আমার বনগমনে অনুমতি করুন ॥৯॥

ক্ষুদ্রা, বৃদ্ধা, হতপুত্ত্রা, পুত্ত্রশোকার্ত্তা এবং শোচনীয়া এই গান্ধারীও আমাদ্বারা আপনাদের নিকট এই বিষয়ই প্রার্থনা করিতেছেন ॥১০॥

ইহারা বৃদ্ধ, হতপুত্ত্র ও দুঃখিত—ইহা জানিয়া আপনারা আমাদের বনগমনে অনুমতি করুন। আপনাদের মঙ্গল হউক, আমরা আপনাদের শরণাপন্ন হইলাম ॥১১॥

---

(১০) ..তুল্যং যাচতি বো ময়া—নি।

ন জাতু বিষমঞ্চৈব গমিষ্যতি কদাচন।
চত্বারঃ সচিবা যস্য ভ্রাতরো বিপুলৌজসঃ ॥১৩॥
লোকপালাসমা হ্যেতে সর্ব্বধর্ম্মার্থদর্শিনঃ।
চতুর্ণাং লোকপালানাং মধ্যে বিপরিবর্ত্ততে ॥১৪॥
ব্রহ্মেব ভগবানেষ সর্ব্বভূতজগৎপতিঃ।
এবমেব মহাবাহুর্ভীমার্জ্জুনযমৈর্বৃতঃ ॥১৫॥
যুধিষ্ঠিরো মহাতেজা ভবতঃ পালয়িষ্যতি।
অবশ্যমেব বক্তব্যমিতি কৃত্বা ব্রবীমি বঃ ॥১৬॥
এষ ন্যাসো ময়া দত্তঃ সর্ব্বেষাং বো যুধিষ্ঠিরঃ।
ভবন্তোঽস্য চ বীরস্য ন্যাসভূতাঃ কৃতা ময়া ॥১৭॥

ভারতকৌমুদী

অয়মিতি। সমেষু ভাবেষু সম্পৎস্বিত্যর্থঃ, বিষমেষু ভাবেষু বিপৎস্বিতি তাৎপর্য্যম্ ॥১২॥

আত্মনঃ সম্ভাবনামাহ নেতি। জাতু কদাচিৎ, বিষমং বিপদম্। উক্তার্থে হেতুমাহ চত্বার ইতি ॥১৩॥

লোকেতি। এতে ভ্রাতরঃ। চতুর্ণাং ইন্দ্র-যম-বরুণ-কুবেরাণাম্, মধ্যে তুল্যতায়াম্, বিপরিবর্ত্ততে এতদ্ভ্রাতৃচতুষ্টয়ম্ ॥১৪॥

ব্রহ্মেতি। সর্ব্বভূতজগৎপতির্ভগবান্ ব্রহ্মা হিরণ্যগর্ভ ইব এষ যুধিষ্ঠিরঃ, এবমেব ব্রহ্মেব, ভীমশ্চ অর্জ্জুনশ্চ যমৌ নকুলসহদেবৌ চ তৈর্বৃতঃ ॥১৫॥

যুধীতি। বক্তব্যমেতন্ময়া, শুভাহধ্যায়িত্বাৎ ॥১৬॥

এষ ইতি। ন্যাসো নিক্ষেপঃ। অস্য যুধিষ্ঠিরস্য, ন্যাসভূতা নিক্ষেপরূপাঃ ॥১৭॥

আপনারা সকলেই সম্পদে ও বিপদে এই কুরুবংশীয় কুন্তীপুত্র রাজা যুধিষ্ঠিরকে দেখিবেন ॥১২॥

তবে আমার ধারণা এই যে, এই যুধিষ্ঠির কখনও বিপদাপন্ন হইবেন না। কারণ, মহাতেজা চারিটী ভ্রাতাই যাঁহার মন্ত্রী ॥১৩॥

বিশেষতঃ, এই চারিজন সর্ব্বধর্ম্মার্থদর্শী ও দিক্‌পালতুল্য। এমন কি, ইঁহারা চারিজন দিক্‌পালের মধ্যেই গণ্য হইতে পারেন ॥১৪॥

সমস্ত প্রাণী ও সমস্ত জগতের অধিপতি ভগবান্ ব্রহ্মার ন্যায় এই যুধিষ্ঠির এবং ব্রহ্মা যেমন দিক্‌পালগণে পরিবেষ্টিত থাকেন, তেমন এই মহাবাহু যুধিষ্ঠিরও ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেবকর্ত্তৃক পরিবেষ্টিত রহিয়াছেন ॥১৫॥

এই মহাতেজা যুধিষ্ঠির আপনাদিগকে পরিপালন করিবেন, এই কথা আমার অবশ্যই বক্তব্য, ইহা মনে করিয়া আমি আপনাদিগকে বলিতেছি ॥১৬॥

যদেব তৈঃ কৃতং কিঞ্চিদ্ব্যলীকং বঃ সুতৈর্ম্ম।
যদন্যেন মদীয়েন তদনুজ্ঞাতুমর্হথ ॥১৮॥
ভবদ্ভির্ন হি মে মন্যুঃ কৃতপূর্ব্বঃ কথঞ্চন।
অত্যন্তগুরুভক্তানামেষোঽঞ্জলিরিদং নমঃ ॥১৯॥
তেষামস্থিরবুদ্ধীনাং লুব্ধানাং কামচারিণাম্।
কৃতে যাচেঽদ্য বঃ সর্ব্বান্ গান্ধারীসহিতোঽনঘাঃ। ॥২০॥
ইত্যুক্তাস্তেন তে সর্ব্বে পৌরজানপদা জনাঃ
নোচুর্বাষ্পকলাঃ কিঞ্চিদ্বীক্ষাঞ্চক্রুঃ পরস্পরম্ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-পর্ব্বণি আশ্রমবাসে ধৃতরাষ্ট্রপ্রার্থনে একাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

যদিতি। ব্যলীকমপ্রিয়ং কর্ম্ম। "ব্যলীকন্ত্বপ্রিয়েঽনৃতে" ইত্যমরঃ। তৎ ক্ষন্তেতি শেষঃ ॥১৮॥
ভবদ্ভিরিতি। মন্যুর্দৈন্যমপ্রিয়মিত্যর্থঃ। অত্যন্তগুরুভক্তানাং ভবতাং সম্বন্ধে ॥১৯॥
তেষামিতি। তেষাং মৎপুত্রাণাম্। কৃতে নিমিত্তম্, যাচে ক্ষমাং প্রার্থয়ে ॥২০॥
ইতীতি। তেন ধৃতরাষ্ট্রেণ। বাষ্পাণাং কলা অংশা নয়নেষু যেষাং তে ॥২১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি আশ্রমবাসে একাদশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

শান্তনুরিতি ॥১—১৭॥ অন্যেন ভৃত্যেন, অনুজ্ঞাতুং ক্ষন্তুম্ ॥১৮—২১॥
ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিক-পর্ব্বণি আশ্রমবাসে একাদশোঽধ্যায়ঃ ॥১১॥

মহাত্মগণ! আমি এই যুধিষ্ঠিরকে আপনাদের সকলের নিকট গচ্ছিত রাখিলাম এবং আপনাদিগকেও এই বীর যুধিষ্ঠিরের হস্তে গচ্ছিত করিলাম ॥১৭॥

আমার সেই পুত্রেরা কিংবা আমার অন্যান্য আত্মীয়লোকেরা আপনাদের যে কিছু অপ্রিয় কার্য্য করিয়া গিয়াছে, আপনারা সে বিষয়ে ক্ষমা করিয়া আমাকে অনুমতি করুন ॥১৮॥

আপনারা পূর্ব্বে আমার কোন অপ্রিয় কার্য্য করেন নাই, অথচ আপনারা অত্যন্ত গুরুভক্ত; সুতরাং আমি আপনাদের নিকটে এই অঞ্জলিবন্ধন ও এই নমস্কার করিলাম ॥১৯॥

হে নিষ্পাপ মহাত্মগণ! আমি গান্ধারীর সহিত মিলিত হইয়া আপনাদের সকলের নিকটেই আজ আমার সেই অস্থিরবুদ্ধি, লুব্ধ ও স্বেচ্ছাচারী পুত্রগণের নিমিত্ত ক্ষমাপ্রার্থনা করিতেছি' ॥২০॥

---

* '...নবমোঽধ্যায়ঃ'—বঙ্গ বৰ্দ্ধ, '...দশমোঽধ্যায়ঃ'—নি।

দ্বাদশোঽধ্যায়ঃ .

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তাস্তু তে তেন পৌরজানপদা জনাঃ।
বৃদ্ধেন রাজ্ঞা কৌরব্য! নষ্টসংজ্ঞা ইবাভবন্ ॥১॥
তূষ্ণীংভূতাংস্ততস্তাংস্তু বাষ্পকণ্ঠান্ মহীপতিঃ।
ধৃতরাষ্ট্রো মহীপাল। পুনরেবাভ্যভাষত ॥২॥
বৃদ্ধঞ্চ হতপুত্রঞ্চ ধর্ম্মপত্ন্যা সহানয়া।
বিলপন্তং বহুবিধং কৃপণঞ্চৈব সত্তমাঃ। ॥৩॥
পিত্রা স্বয়মনুজ্ঞাতং কৃষ্ণদ্বৈপায়নেন বৈ।
বনবাসায় ধর্ম্মজ্ঞা ধর্ম্মজ্ঞেন নৃপেণ হ ॥৪॥
সোঽহং পুনঃ পুনর্যাচে শিরসাবনতোঽনঘাঃ।।
গান্ধার্য্যা সহিতং তস্মাং সমনুজ্ঞাতুমর্হথ ॥৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

এবমিতি। নষ্টসংজ্ঞা ধৃতরাষ্ট্রবিচ্ছেদসম্ভাবনয়া লুপ্তচৈতন্যাঃ ॥১॥
তূষ্ণীমিতি। তূষ্ণীংভূতান্ নীরবীভূয় স্থিতান্ ॥২॥
বৃদ্ধমিতি। অনয়া গান্ধার্য্যা। কৃপণং দীনম্। ধর্ম্মজ্ঞা যূয়ম্। সমনুজ্ঞাতুং বনগমনায় ॥৩—৫॥

ধৃতরাষ্ট্র এই কথা বলিলে, পুরবাসী ও দেশবাসী সমস্ত লোকই বাষ্পাকুল হইয়া কিছুই বলিলেন না; কিন্তু পরস্পর দৃষ্টিপাত করিলেন ॥২১॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—কৌরবনন্দন। বৃদ্ধ রাজা ধৃতরাষ্ট্র এইরূপ বলিলে, পুরবাসী ও দেশবাসী সেই লোকেরা দুঃখে যেন অচৈতন্য হইয়া পড়িল ॥১॥

রাজা। তদনন্তর ধৃতরাষ্ট্র বাষ্পরুদ্ধকণ্ঠ ও নীরব দেখিয়া পুনর্বার তাঁহাদিগকে বলিলেন—॥২॥

'হে নিষ্পাপ ও ধর্ম্মজ্ঞ সাধুশ্রেষ্ঠগণ। আমি মস্তক অবনত করিয়া বার বার প্রার্থনা করিতেছি যে, আমি বৃদ্ধ, হতপুত্র, দীন এবং এই ধর্ম্মপত্নী গান্ধারীর সহিত বহুবিধ বিলাপ করিতেছি। তারপর পিতা কৃষ্ণদ্বৈপায়ন স্বয়ং এবং

বৈশম্পায়ন উবাচ।

তচ্ছ্রুত্বা কুরুরাজস্য বাক্যানি করুণানি বৈ।
রুরুদুঃ সর্বশো রাজন্! সমেতাঃ কুরুজাঙ্গলাঃ ॥৬॥
উত্তরীয়ৈঃ করৈশ্চাপি সংছাদ্য বদনানি বৈ।
রুরুদুঃ শোকসন্তপ্তা মুহূর্ত্তং পিতৃমাতৃবৎ ॥৭॥
হৃদয়ৈঃ শূন্যভূতৈস্তে ধৃতরাষ্ট্রপ্রবাসজম্।
দুঃখং সন্ধারয়ন্তো হি নষ্টসংজ্ঞা ইবাভবন্ ॥৮॥
তে বিনীয় তমাযাসং ধৃতরাষ্ট্রবিয়োগজম্।
শনৈঃ শনৈস্তদান্যোন্যমব্রুবন্ স্বমতান্যুত ॥৯॥
ততঃ সঞ্চিন্ত্য তে সর্বে বাক্যান্যথ সমাসতঃ।
একস্মিন্ ব্রাহ্মণে রাজন্! নিবেশ্যোচুর্নরাধিপম্ ॥১০॥

ভারতকৌমুদী

তদিতি। কুরুরাজস্য ধৃতরাষ্ট্রস্য। কুরুজাঙ্গলাস্তদাখ্যদেশবাসিনঃ ॥৬॥
উত্তরীয়ৈরিতি। উত্তরীয়ৈর্বস্ত্রৈঃ ॥৭॥
হৃদয়ৈরিতি। ধৃতরাষ্ট্রস্য প্রবাসাৎ প্রবাসসম্ভাবনায়া জায়তে ইতি তৎ ॥৮॥
ত ইতি। বিনীয় অপনীয়, আয়াসং কষ্টম্ ॥৯॥
তত ইতি। সমাসতঃ সংক্ষেপেণ। নিবেশ্য স্থাপয়িত্বা, সর্ব্বেষাং বচনম্ এক এবাব্রবীদিত্যর্থঃ ॥১০॥

ধর্ম্মজ্ঞ রাজা যুধিষ্ঠির বনবাসের জন্য আমাকে অনুমতি করিয়াছেন; অতএব এখন আপনারাও গান্ধারীর সহিত আমাকে সে বিষয়ে অনুমতি করুন' ॥৩—৫॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! ধৃতরাষ্ট্রের সেই করুণ বাক্য শুনিয়া সমবেত কুরুজাঙ্গলবাসী লোকেরা সকলেই রোদন করিতে লাগিল ॥৬॥

তাঁহারা পিতা ও মাতার ন্যায় শোকসন্তপ্ত হইয়া উত্তরীয় বস্ত্র ও হস্তদ্বারা মুখমণ্ডল আবৃত করিয়া মুহূর্ত্ত কাল রোদন করিলেন ॥৭॥

সেই সমাগত লোকেরা শূন্যহৃদয়ে ধৃতরাষ্ট্রের প্রবাসসম্ভাবনাজনিত দুঃখ বহন করিয়া যেন অচৈতন্যের ন্যায় হইয়া পড়িল ॥৮॥

তখন তাহারা ধৃতরাষ্ট্রের বিচ্ছেদজনিত দুঃখ দূর করিয়া, ধীরে ধীরে আপন আপন মত পরস্পর বলিল ॥৯॥

রাজা! তাহার পর তাহারা সকলে এক ব্রাহ্মণের উপরে সংক্ষেপে আপন আপন বাক্য স্থাপন করিয়া রাজাকে বলিল ॥১০॥

ততঃ স্বাচরণো বিপ্রঃ সম্মতোঽর্থবিশারদঃ।
সম্ভাব্যো বহ্বৃচো রাজন্! বক্তুং সমুপচক্রমে ॥১১॥
অনুমান্য মহারাজং তৎসদঃ সম্প্রসাদ্য চ।
বিপ্রঃ প্রগল্ভো মেধাবী স রাজানমুবাচ হ ॥১২॥
রাজন্! বাক্যং জনস্যাস্য ময়ি সর্ব্বং সমর্পিতম্।
বক্ষ্যামি তদহং বীর! তজ্জুষস্ব নরাধিপ! ॥১৩॥
যথা বদসি রাজেন্দ্র! সর্বমেতত্তথা বিভো!।
নাত্র মিথ্যা বচঃ কিঞ্চিৎ সুহৃত্ত্বং নঃ পরস্পরম্ ॥১৪॥
ন জাত্বস্য চ বংশস্য রাজ্ঞাং কশ্চিৎ কদাচন।
রাজাসীদ্যঃ প্রজাপালঃ প্রজানামপ্রিয়োঽভবৎ ॥১৫॥
পিতৃবদ্ভ্রাতৃবচ্চৈব ভবন্তঃ পালয়ন্তি নঃ।
ন চ দুর্য্যোধনঃ কিঞ্চিদযুক্তং কৃতবান্ নৃপঃ ॥১৬॥

ভারতকৌমুদী

তত ইতি। স্বাচরণঃ সদাচারঃ, অর্থবিশারদঃ কার্য্যজ্ঞঃ। বহ্বৃচ ঋগ্‌বেদবিৎ ॥১১॥
অন্বিতি। অনুমান্য সম্মান্য, সদঃ সভাম্। প্রগল্ভো ধৃষ্টঃ ॥১২॥
রাজন্নিতি। সমর্পিতং সর্ব্বৈর্ন্যস্তম্। জুষস্ব সেবস্ব শৃণ্বিত্যর্থঃ ॥১৩॥
যথেতি। তথা সত্যমিত্যর্থঃ। নঃ অস্মাকম্ ॥১৪॥
নেতি। জাতু কদাচিৎ। প্রজাং পালয়তীতি প্রজাপালঃ সন্ ॥১৫॥

রাজা! তদনন্তর সদাচারসম্পন্ন, ঋগ্‌বেদবিৎ ও কার্য্যজ্ঞ সেই ব্রাহ্মণ বলিতে সম্মত হইয়া বিবেচনা করিয়া বলিতে আরম্ভ করিলেন ॥১১॥

ক্রমে বাক্পটু ও বুদ্ধিমান্ সেই ব্রাহ্মণ ধৃতরাষ্ট্রকে সম্মান দেখাইয়া এবং সভাকে প্রসন্ন করিয়া ধৃতরাষ্ট্রকে বলিতে লাগিলেন—॥১২॥

'রাজা! এই সকল লোক ইঁহাদের সমস্ত বাক্য আমার উপরে সমর্পণ করিয়াছেন, অতএব বীর রাজা! আমি তাহা বলিতেছি, আপনি শ্রবণ করুন ॥১৩॥

রাজশ্রেষ্ঠ প্রভু! আপনি যাহা বলিতেছেন সে সমস্তই সত্য, এবিষয়ে কোন বাক্যই মিথ্যা নহে; বিশেষতঃ আপনি আমাদের পরস্পর সুহৃৎ ॥১৪॥

এই বংশের রাজাদের মধ্যে কখন এমন কোন রাজা ছিলেন না, যিনি প্রজাপালন করিতে থাকিয়া প্রজাদের অপ্রিয় হইয়াছিলেন ॥১৫॥

(১৬) পিতৃবদ্ভ্রাতৃবচ্চৈব—বঙ্গ বর্দ্ধ।

প্রিয়াণি কুর্বন্ সর্ব্বেষামনুবৃত্ত্যর্থমুদ্যতঃ।
যথা ব্রবীতি ধর্ম্মাত্মা মুনিঃ সত্যবতীসুতঃ ॥১৭॥
তথা কুরু মহারাজ! স হি নঃ পরমো গুরুঃ।
ত্যক্তা বয়ন্তু ভবতা দুঃখশোকপরায়ণাঃ ॥১৮॥
ভবিষ্যামশ্চিরং রাজন্! ভবদ্‌গুণশতৈর্য্যুতাঃ।
যথা শান্তনুনা গুপ্তা রাজ্ঞা চিত্রাঙ্গদেন চ ॥১৯॥
ভীষ্মবীর্য্যোপগূঢ়েন পিত্রা তব চ পার্থিব!।
ভবদ্‌বুদ্ধিযুজা চৈব পাণ্ডুনা পৃথিবীক্ষিতা ॥২০॥
তথা দুর্য্যোধনেনাপি রাজ্ঞা সুপরিপালিতাঃ।
ন স্বল্পমপি পুত্রস্তে ব্যলীকং কৃতবান্ নৃপ! ॥২১॥ (কুলকম্)
পিতরীব সুবিশ্বস্তাস্তস্মিন্নপি নরাধিপে।
বয়সাস্ম যথা সম্যগ্‌ভবতো বিদিতং তথা ॥২২॥

ভারতকৌমুদী

পিতৃবদিতি। অযুক্তং প্রজাস্বসঙ্গতং কার্য্যম্। অনুবৃত্ত্যর্থং মনোঽনুসরণার্থম্ উদ্যত আসীৎ। সত্যবতীসুতো ব্যাসঃ। ভবতা বনং গচ্ছতা। যুতাঃ পাল্যপালকসম্বন্ধেন সম্বদ্ধাঃ। ভীষ্মস্য বীর্য্যেণ উপগূঢো রক্ষিতস্তেন, পিত্রা বিচিত্রবীর্য্যেণ। ভবতো বুদ্ধিং যুঙ্‌ক্তে গৃহ্লাতীতি তেন, পৃথিবীক্ষিতা রাজ্ঞা। সুপরিপালিতা বয়ম্। পুত্রো দুর্য্যোধনঃ, ব্যলীকমস্মাকমপ্রিয়ম্ ॥১৬—২১॥

আপনারা পিতা ও মাতার ন্যায় আমাদিগকে পালন করিয়া আসিতেছেন; তারপর দুর্য্যোধনও রাজা হইয়া আমাদের সম্বন্ধে কোন অসঙ্গত কার্য্য করেন নাই; বরং তিনি সকল প্রজারই প্রিয়কার্য্য করিতে থাকিয়া তাহাদের মনোবৃত্তির অনুসরণের জন্যই উদ্যত ছিলেন। মহারাজ! ধর্ম্মাত্মা সত্যবতীর পুত্র বেদব্যাস যাহা বলিয়াছেন, আপনি তাহাই করুন। কারণ, তিনি আমাদের পরম গুরু। তবে রাজা! আমরা আপনার শত শত গুণে মোহিত; সুতরাং আপনি আমাদিগকে পরিত্যাগ করিলে আমরা চিরকালের জন্য দুঃখিত ও শোকার্ত্ত হইব। রাজা! শান্তনু, চিত্রাঙ্গদ এবং ভীষ্মপরিরক্ষিত আপনার পিতা বিচিত্রবীর্য্য এবং আপনার বুদ্ধিগ্রাহী রাজা পাণ্ডু আমাদিগকে যেরূপ পরিপালন করিতেন, দুর্য্যোধনও রাজা হইয়া তেমন ভাবেই পরিপালন করিয়াছেন। রাজা! আপনার সেই পুত্র আমাদের সম্বন্ধে অত্যল্পও অপ্রিয় কার্য্য করেন নাই ॥১৬—২১॥

(২০) ভবদ্বীক্ষণাচ্চৈব—বঙ্গ বর্দ্ধ।

তথা বর্ষসহস্রাণি কুন্তীপুত্রেণ ধীমতা।
পাল্যমানা ধৃতিমতা সুখং বিন্দামহে নৃপ ! ॥২৩॥
রাজর্ষীণাং পুরাণানাং ভবতাং পুণ্যকর্ম্মণাম্।
কুরুসংবরণাদীনাং ভরতস্য চ ধীমতঃ ॥২৪॥
বৃত্তং সমনুযাত্যেষ ধর্ম্মাত্মা ভূরিদক্ষিণঃ।
নাত্র বাচ্যং মহারাজ ! সুসূক্ষ্মমপি বিদ্যতে ॥২৫॥ (যুগ্মকম্)
উষিতাঃ স্ম সুখং নিত্যং ভবতা পরিপালিতাঃ।
সুসূক্ষ্মঞ্চ ব্যলীকং তে সপুত্রস্য ন বিদ্যতে ॥২৬॥
যত্তু জ্ঞাতিবিমর্দ্দেঽস্মিন্নাত্থ দুর্য্যোধনং প্রতি।
ভবন্তমনুনেষ্যামি তত্রাপি কুরুনন্দন ! ॥২৭॥

ভারতকৌমুদী

পিতরীতি। তস্মিন্ দুর্য্যোধনে। আস্ম স্থিতা অভূম ॥২২॥

তথেতি। কুন্তীপুত্রেণ যুধিষ্ঠিরেণ। ধৃতিমতা ধৈর্য্যশালিনা, বিন্দামহে লভামহে ॥২৩॥

রাজেতি। কুরুঃ সংবরণশ্চ পুরাণৌ রাজর্ষী। বৃত্তং ব্যবহারম্, সমনুযাতি সম্যগনুকরোতি। অত্র যুধিষ্ঠিরে, বাচ্যং নিন্দনীয়ং কর্ম ॥২৪—২৫॥

উষিতা ইতি। উষিতা বাসং কৃতবন্তঃ। ব্যলীকমপ্রিয়ম্ ॥২৬॥

যদিতি। জ্ঞাতিবিমর্দ্দে পাণ্ডবৈঃ সহ যুদ্ধে, ত্বং দুর্য্যোধনং প্রতি যদাত্থ ব্রবীষি। তত্রাপি ভবন্তমনুনেষ্যামি দোষারোপাকরণায়েতি শেষঃ ॥২৭॥

পিতার ন্যায় সেই রাজা দুর্য্যোধনের উপরেও আমরা অত্যন্ত বিশ্বস্ত হইয়াই যেভাবে বাস করিয়াছিলাম, তাহা আপনার সমীচীনভাবে জানা আছে ॥২২॥

রাজা। আমরা বুদ্ধিমান্ ও ধৈর্য্যশীল যুধিষ্ঠিরকর্ত্তৃক পরিপালিত হইতে থাকিয়া সহস্র বৎসর পর্য্যন্ত সুখ লাভ করিব (এইরূপই আশা করি) ॥২৩॥

কারণ, মহারাজ। প্রচুর দক্ষিণাদাতা ও ধর্ম্মাত্মা এই যুধিষ্ঠির আপনাদের পূর্ব্বপুরুষ কুরু ও সংবরণপ্রভৃতি পুণ্যকর্ম্মা রাজর্ষিগণের এবং ধীমান্ ভরতের চরিত্রেরই অনুকরণ করিতেছেন ; অতএব এই যুধিষ্ঠিরের বিষয়ে অত্যন্ত অল্পও নিন্দনীয় বিষয় নাই ॥২৪—২৫॥

তারপর, আমরা আপনার পরিপালনাধীন থাকিয়া সর্ব্বদা সুখেই বাস করিয়া আসিতেছি ; অতএব পুত্রগণের সহিত আপনার অতিসূক্ষ্মও অপ্রিয় আচরণ নাই ॥২৬॥

ন তদ্দুর্য্যোধনকৃতং ন চ তদ্ভবতা কৃতম্।
ন কর্ণসৌবলাভ্যাঞ্চ কুরবো যৎ ক্ষয়ং গতাঃ ॥২৮॥
দৈবং তত্তু বিজানীমো যন্ন শক্যং প্রবাধিতুম্।
দৈবং পুরুষকারেণ ন শক্যমপি বাধিতুম্ ॥২৯॥
অক্ষৌহিণ্যো মহারাজ! দশাষ্টৌ চ সমাগতাঃ।
অষ্টাদশাহেন হতাঃ কুরুভির্যোধপুঙ্গবৈঃ ॥৩০॥
ভীষ্মদ্রোণকৃপাদ্যৈশ্চ কর্ণেন চ মহাত্মনা।
যুযুধানেন বীরেণ ধৃষ্টদ্যুম্নেন চাহবে ॥৩১॥
চতুর্ভিঃ পাণ্ডুপুত্রৈশ্চ ভীমার্জ্জুনযমৈস্তথা।
ন চ ক্ষয়োঽয়ং নৃপতে! ঋতে দৈববলাদভূৎ ॥৩২॥ (বিশেষকম্)
অবশ্যমেব সংগ্রামে ক্ষত্রিয়েণ বিশেষতঃ।
কর্ত্তব্যং নিধনং কালে মর্ত্তব্যং ক্ষত্রবন্ধুনা ॥৩৩॥

ভারতকৌমুদী

উক্তার্থে হেতুমাহ নেতি। কর্ণঃ সৌবলঃ শকুনিশ্চ তাভ্যাম্ ॥২৮॥

দৈবমিতি। দৈবং দৈবকৃতম্। পুরুষকারেণ পুরুষচেষ্টয়া ॥২৯॥

অক্ষৌহিণ্য ইতি। অক্ষৌহিণ্য আদিপর্ব্বণ্যেব গণিতা দ্রষ্টব্যা। যুযুধানেন সাত্যকিনা। যমৌ নকুলসহদেবৌ। ঋতে বিনা ॥৩০—৩২॥

কৌরবনন্দন! এই জ্ঞাতিযুদ্ধে আপনি দুর্য্যোধনের প্রতি যাহা বলিলেন, সে বিষয়েও আমি তাঁহার উপরে দোষারোপ না করিবার জন্যই আপনাকে অনুনয় করিতেছি ॥২৭॥

কারণ, কৌরবগণ যে ক্ষয়প্রাপ্ত হইয়াছেন, তাহা দুর্য্যোধন করেন নাই, আপনিও করেন নাই কিংবা কর্ণ এবং শকুনিও করেন নাই ॥২৮॥

সে সমস্তই দৈবকৃত বলিয়া আমরা বিশেষভাবে জানি। যে দৈবের বাধা করিতে পারা যায় না। কারণ, কেহই পুরুষকারদ্বারা দৈবকে নিবারণ করিতে পারে না ॥২৯॥

মহারাজ! ভীষ্ম, দ্রোণ, কৃপ ও যোদ্ধৃশ্রেষ্ঠ কুরুবংশীয়গণ, মহাত্মা কর্ণ, বীর সাত্যকি, ধৃষ্টদ্যুম্ন এবং ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব—এই চারিজন পাণ্ডুর পুত্র অষ্টাদশ দিনে যুদ্ধে আঠার অক্ষৌহিণী সৈন্য সংহার করিয়াছেন। রাজা! দৈব ব্যতীত এই ধ্বংস হয় নাই ॥৩০—৩২॥

---

(৩১) ..ধৃষ্টদ্যুম্নেন চৈব হ—বঙ্গ বর্দ্ধ।

তৈরিয়ং পুরুষব্যাঘ্রৈর্বিদ্যাবাহুবলান্বিতৈঃ।
পৃথিবী নিহতা সর্ব্বা সহয়া সরথদ্বিপা ॥৩৪॥
ন স রাজ্ঞাং বধে সূনুঃ কারণং তে মহাত্মনাম্।
ন ভবান্ ন চ তে ভৃত্যা ন কর্ণো ন চ সৌবলঃ ॥৩৫॥
যদ্বিশস্তাঃ কুরুশ্রেষ্ঠ! রাজানশ্চ সহস্রশঃ।
সর্বং দৈবকৃতং বিদ্ধি কোঽত্র কিং বক্তুমর্হতি ॥৩৬॥
গুরুর্মতো ভবানস্য কৃৎস্নস্য জগতঃ প্রভুঃ।
ধর্ম্মাত্মানমতস্তুভ্যমনুজানীমহে সুতম্ ॥৩৭॥
লভতাং বীরলোকং স সসহায়ো নরাধিপঃ।
দ্বিজাগ্র্যৈঃ সমনুজ্ঞাতস্ত্রিদিবে মোদতাং সুখম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

অবশ্যমিতি। নিধনং শত্রুহননম্, ক্ষত্রবন্ধুনা ক্ষত্রিয়বৎ ক্ষত্রিয়মিত্রেণাপি ॥৩৩॥
তৈরিতি। তৈর্ভীমাদিভিঃ। সহয়া অশ্বসহিতা, রথৈর্দ্বীপৈর্হস্তিভিশ্চ সহেতি সা ॥৩৪॥
নেতি। সূনুঃ পুত্রো দুর্য্যোধনঃ। সৌবলঃ শকুনিঃ ॥৩৫॥
যদিতি। বিশস্তা যুদ্ধে পরস্পরং হিংসিতাঃ। "শসু হিংসায়া"মিত্যস্ত তে প্রয়োগঃ ॥৩৬॥
গুরুরিতি। তুভ্যং তব, ধর্ম্মাত্মানং সুতং দুর্য্যোধনম্, অনুজানীমহে অনুমোদামহে ॥৩৭॥
লভতামিতি। স দুর্য্যোধনঃ, সহায়ৈঃ কর্ণাদিভিঃ সহেতি সঃ ॥৩৮॥

বিশেষভাবে ক্ষত্রিয়ের যুদ্ধে অবশ্যই শত্রুসংহার করিতে হয় এবং যথাসময়ে ক্ষত্রিয়েব ন্যায় ক্ষত্রিয়বন্ধুরও মরিতে হয় ॥৩৩॥

বিদ্যাবল এবং বাহুবলসম্পন্ন সেই পুরুষশ্রেষ্ঠেরা হস্তী, অশ্ব ও রথের সহিত এই সমগ্র পৃথিবীটাকেই সংহার করিয়াছেন ॥৩৪॥

কিন্তু আপনার সেই পুত্র কিংবা আপনি অথবা আপনার ভৃত্যগণ, কর্ণ ও শকুনি সেই মহাত্মা রাজাদের বধে হেতু নহেন ॥৩৫॥

কৌরবশ্রেষ্ঠ! কুরুক্ষেত্রযুদ্ধে সহস্র সহস্র রাজা যে নিহত হইয়াছেন, সে সমস্তই দৈবকৃত বলিয়া আপনি অবগত হউন; অতএব এ বিষয়ে কে কি বলিতে পারে ॥৩৬॥

আপনি এই সমগ্র জগতেব উপদেষ্টা ও প্রভু বলিয়া অভিমত; অতএব আপনার পুত্র দুর্য্যোধনকে আমরা অনুমোদন করিতেছি ॥৩৭॥

সেই রাজা সহচবগণের সহিত বীরলোক লাভ করুন এবং ব্রাহ্মণশ্রেষ্ঠগণের অনুমতিক্রমে তিনি অনায়াসে স্বর্গে আমোদ অনুভব করুন ॥৩৮॥

প্রাপ্স্যতে চ ভবান্ পুণ্যং ধর্ম্মে চ পরমাং স্থিতিম্।
বেদ ধর্ম্মং মহাবাহো। লৌক্যং বৈদিকমেব চ ॥৩৯॥
দৃষ্টিপ্রদানমপি তে পাণ্ডবান্ প্রতি নো বৃথা।
সমর্থাস্ত্রিদিবস্যাপি পালনে কিং পুনঃ ক্ষিতেঃ ॥৪০॥
অনুবৎ'স্যন্তি বা ধীমন্! সমেষু বিষমেষু চ।
প্রজাঃ কুরুকুলশ্রেষ্ঠ। পাণ্ডবান্ শীলভূষণান্ ॥৪১॥
ব্রহ্মদেয়াগ্রহারাংশ্চ পারিবর্হাংশ্চ পার্থিবঃ।
পূর্ব্বরাজাভিপন্নাংশ্চ পালয়ত্যেব পাণ্ডবঃ ॥৪২॥

ভারতকৌমুদী

প্রাপ্স্যত ইতি। প্রাপ্স্যতে তপোবনং গত্বেতি শেষঃ। লৌক্যং লৌকিকম্, ধর্ম্মম্ আচারম্ ॥৩৯॥

দৃষ্টীতি। তে তব, নঃ অস্মাকম্। তত্র হেতুমাহ সমর্থা ইতি ॥৪০॥

অম্বিতি। অনুবৎ'স্যন্তি অনুবৃত্তিং করিষ্যন্তি, সমেষু সম্পৎসু, বিষমেষু বিপৎসু চ ॥৪১॥

ব্রহ্মেতি। ব্রহ্মদেয়ানি ব্রাহ্মণেভ্যো দাতব্যানি ধনানি, তেষামগ্রহারান্ শ্রেষ্ঠতয়া অগ্রভাগ-গ্রাহিণো ব্রাহ্মণান্ পারিবর্হান্ পরিচ্ছদরূপান্ আত্মীয়ান্, পূর্ব্বান্ রাজ্ঞঃ অভিপন্নান্ আশ্রিতান্। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ ॥৪২॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—৩৯॥ দৃষ্টিপ্রদানমপ্যস্মদবেক্ষার্থং পাণ্ডবেষস্মাকং সমর্পণম্ ॥৪০—৫৪॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে দ্বাদশোঽধ্যায়ঃ ॥১২॥

আপনিও তপোবনে যাইয়া পুণ্য ও ধর্ম্মে দৃঢ়ভাবে অবস্থিতি লাভ করিবেন। কারণ, মহাবাহু! আপনি লৌকিক আচার ও বেদোক্ত ধর্ম্ম সমস্তই জানেন ॥৩৯॥

তারপর, পাণ্ডবগণের উপরে আমাদের দৃষ্টিদান করাও নিরর্থক। কারণ, তাঁহারা স্বর্গরাজ্য পালনেও সমর্থ, তাহাতে পৃথিবী পালনের কথা আর কি বলিব? ॥৪০॥

ধীমন্ কুরুকুলশ্রেষ্ঠ! প্রজারা সকলেই সম্পদে ও বিপদে স্বভাবভূষণ পাণ্ডব-গণের অনুসরণ করিবে ॥৪১॥

রাজা যুধিষ্ঠির অগ্রভাগগ্রাহী ব্রাহ্মণগণ, আত্মীয়গণ এবং প্রাচীন রাজ-গণের আশ্রিত প্রজাগণকে ত পালন করিতেছেনই ॥৪২॥

দীর্ঘদর্শী মৃদুর্দান্তঃ সদা বৈশ্রবণো যথা।
অক্ষুদ্রসচিবশ্চায়ং কুন্তীপুত্রো মহামনাঃ ॥৪৩॥
অপ্যমিত্রে দয়াবাংশ্চ শুচিশ্চ ভরতর্ষভঃ।
ঋজু পশ্যতি মেধাবী পুত্রবৎ পাতি নঃ সদা ॥৪৪॥
বিপ্রিয়ঞ্চ জনস্যাস্য সংসর্গাদ্ধর্ম্মজস্য বৈ।
ন করিষ্যন্তি রাজর্ষে! তথা ভীমার্জ্জুনাদয়ঃ ॥৪৫॥
মন্দা মৃদুষু কৌরব্য! তীক্ষ্ণেষ্বাশীবিষোপমাঃ।
বীর্য্যবন্তো মহাত্মানঃ পৌরাণাঞ্চ হিতে রতাঃ ॥৪৬॥
ন কুন্তী ন চ পাঞ্চালী ন চোলূপী ন সাত্বতী।
অস্মিন্ জনে করিষ্যন্তি প্রতিকূলানি কর্হিচিৎ ॥৪৭॥

ভারতকৌমুদী

দীর্ঘেতি। দান্ত ইন্দ্রিয়দমনযুক্তঃ, বৈশ্রবণঃ কুবেরঃ। অক্ষুদ্রা উদারস্বভাবাঃ সচিবা যস্য সঃ ॥৪৩॥

অপীতি। অমিত্রে শত্রাবপি। ঋজু সরলম্, পাতি রক্ষতি ॥৪৪॥

বিপ্রিয়মিতি। অস্য জনস্য প্রজাবর্গস্য, ধর্ম্মজস্য যুধিষ্ঠিরস্য সংসর্গাৎ ॥৪৫॥

ভীমার্জ্জুনাদীন্ বিশিনষ্টি মন্দা ইতি। মৃদুষু কোমলেষু জনেষু মন্দা কোমলাঃ, তীক্ষ্ণেষু জনেষু আশীবিষোপমাঃ সর্পতুল্যাঃ ॥৪৬॥

নেতি। সাত্বতী সাত্বতবংশজা সুভদ্রা। জনে প্রজাবর্গে, প্রতিকূলানি কর্ম্মাণি ॥৪৭॥

এই প্রশস্তহৃদয় যুধিষ্ঠির কুবেরের ন্যায় সর্ব্বদাই দূরদর্শী, কোমলস্বভাব এবং জিতেন্দ্রিয়; আর ইঁহার মন্ত্রিগণও উদারপ্রকৃতি ॥৪৩॥

বিশেষতঃ, এই ভরতশ্রেষ্ঠ যুধিষ্ঠির শত্রুর প্রতিও দয়ালু, পবিত্রস্বভাব এবং বুদ্ধিমান্; সুতরাং ইনি আমাদিগকে সরল দৃষ্টিতেই দেখেন এবং পুত্রের ন্যায় পালন করেন ॥৪৪॥

রাজর্ষি! তারপর, এই যুধিষ্ঠিরের সংসর্গবশতঃ ভীমপ্রভৃতি পাণ্ডবগণও এই প্রজাবর্গের অপ্রিয় কার্য্য করিবেন না ॥৪৫॥

কারণ, কৌরবনন্দন! ইঁহারা কোমলের প্রতি কোমল, তীক্ষ্ণের প্রতি সর্পের তুল্য, বলবান্, মহাত্মা এবং পুরবাসিগণের হিতে নিরত ॥৪৬॥

তারপর, কুন্তী, দ্রৌপদী, উলূপী এবং সুভদ্রা—ইঁহারাও কোন সময়েই এই প্রজাবর্গের প্রতিকূল কার্য্য করিবেন না ॥৪৭॥

---

(৪৭) অস্মিন্ ক্ষণে করিষ্যন্তি—পি বঙ্গ বর্দ্ধ।

ভবৎকৃতমিমং স্নেহং যুধিষ্ঠিরবিবর্দ্ধিতম্।
ন পৃষ্ঠতঃ করিষ্যন্তি পৌরজানপদা জনাঃ ॥৪৮॥
অধর্ম্মিষ্ঠানপি সতঃ কুন্তীপুত্রা মহারথাঃ।
মানবান্ পালয়িষ্যন্তি ভূত্বা ধর্ম্মপরায়ণাঃ ॥৪৯॥
স রাজন্! মানসং দুঃখমপনীয় যুধিষ্ঠিরাৎ।
কুরু কার্য্যাণি ধর্ম্ম্যাণি নমস্তে পুরুষর্ষভ! ॥৫০॥

বৈশম্পায়ন উবাচ।

তস্য তদ্বচনং ধর্ম্ম্যমনুমান্য গুণোত্তরম্।
সাধু সাধ্বিতি সর্ব্বঃ স জনঃ প্রতিগৃহীতবান্ ॥৫১॥
ধৃতরাষ্ট্রশ্চ তদ্বাক্যমভিপূজ্য পুনঃ পুনঃ।
বিসর্জ্জয়ামাস তদা প্রকৃতীস্তু শনৈঃ শনৈঃ ॥৫২॥
স তৈঃ সংপূজিতো রাজা শিবেনাবেক্ষিতস্তথা।
প্রাঞ্জলিঃ পূজয়ামাস তং জনং ভরতর্ষভ! ॥৫৩॥

ভারতকৌমুদী

ভবদিতি। পৃষ্ঠতো ন করিষ্যন্তি নাবজ্ঞাস্যন্তি চিরমেব গণয়িষ্যন্তীত্যর্থঃ ॥৪৮॥

অধর্ম্মিষ্ঠানিতি। সতো ভবতঃ ॥৪৯॥

স ইতি। যুধিষ্ঠিরাদযুধিষ্ঠিরব্যবহারাৎ। ধৃতরাষ্ট্রস্য রাজতয়া সম্মানসূচকো নমস্কারঃ সঙ্গচ্ছতে ॥৫০॥

তস্যেতি। ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতম্, অনুমান্য সমর্থ্য, গুণৈরুত্তরমুৎকৃষ্টম্ ॥৫১॥

ধৃতেতি। অভিপূজ্য প্রশস্য। প্রকৃতীঃ প্রজাঃ ॥৫২॥

এবং এই পুরবাসী ও দেশবাসী লোকেরাও আপনার রোপিত এবং যুধিষ্ঠিরের বর্দ্ধিত এই স্নেহের কখনও অবজ্ঞা করিবে না ॥৪৮॥

প্রজারা অধার্ম্মিক হইলেও মহারথ কুন্তীপুত্রেরা ধার্ম্মিক হইয়া তাহাদিগকে পালন করিবেন ॥৪৯॥

রাজা! আপনি যুধিষ্ঠিরের ব্যবহারে মনের দুঃখ দূর করিয়া ধর্ম্মসঙ্গত কার্য্য করিতে থাকুন। পুরুষশ্রেষ্ঠ! আপনাকে নমস্কার' ॥৫০॥

বৈশম্পায়ন বলিলেন—তত্রত্য সকল লোকই সেই ব্রাহ্মণের সেই ধর্ম্ম-সঙ্গত ও গুণোৎকৃষ্ট বাক্যের অনুমোদন করিয়া, 'সাধু সাধু' বলিয়া তাহা স্বীকার করিল ॥৫১॥

তখন ধৃতরাষ্ট্রও সেই বাক্যের বার বার প্রশংসা করিয়া প্রজাবর্গকে ধীরে ধীরে বিদায় দিলেন ॥৫২॥

তততো বিবেশ ভবনং গান্ধার্য্যা সহিতো নিজম্ ।
আগতায়াঞ্চ শর্ব্বর্য্যাং সুখং শেতে নরাধিপঃ ॥৫৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে প্রকৃতিসান্ত্বনে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

—.—

ত্রয়োদশোঽধ্যায়ঃ .

—:*:—

বৈশম্পায়ন উবাচ ।
ততো রজন্যাং ব্যুষ্টায়াং ধৃতরাষ্ট্রোঽম্বিকাসুতঃ ।
বিদুরং প্রেষযামাস যুধিষ্ঠিরনিবেশনম্ ॥১॥

ভারতকৌমুদী

স ইতি। শিবেন মঙ্গলময়েন চক্ষুষা ॥৫৩॥
তত ইতি। শর্ব্বর্য্যাং রাত্রৌ, সুখং শেতে বনগমনাঽমোদনেনাশাপূরণাদিতি ভাবঃ ॥৫৪॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি
আশ্রমবাসে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। ব্যুষ্টায়াং প্রভাতায়াম্। "ব্যুষ্টং দিনে প্রভাতে চ ফলে পর্য্যুসিতেঽপি চ" ইতি বিশ্বঃ ॥১॥

ভরতশ্রেষ্ঠ! সেই প্রজারা বিশেষ সম্মান করিয়া মঙ্গলময় দৃষ্টিতে দর্শন করিলে, রাজা ধৃতরাষ্ট্রও কৃতাঞ্জলি হইয়া সেই লোকগুলির সম্মান করিলেন ॥৫৩॥

তাহার পর ধৃতরাষ্ট্র গান্ধারীর সহিত নিজগৃহে প্রবেশ করিলেন; পরে রাত্রি আসিলে সুখে শয়ন করিলেন ॥৫৪॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর রাত্রি প্রভাত হইলে, অম্বিকার পুত্র ধৃতরাষ্ট্র বিদুরকে যুধিষ্ঠিরের গৃহে প্রেরণ করিলেন ॥১॥

---

(৫৪) ব্যুষ্টায়াঞ্চৈব শর্ব্বর্য্যাং বচ্চকার নিবোধ তৎ—পি বঙ্গ বর্দ্ধ। * '...দশমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...একাদশোঽধ্যায়ঃ'—নি।

স গত্বা রাজবচনাদুবাচাচ্যুতমীশ্বরম্।
যুধিষ্ঠিরং মহাতেজাঃ সর্ব্ববুদ্ধিমতাংবরঃ ॥২॥
ধৃতরাষ্ট্রো মহারাজো বনবাসায় দীক্ষিতঃ।
গমিষ্যতি বনং রাজন্! আগতাং কার্ত্তিকীমিমাম্ ॥৩॥
স ত্বাং কুরুকুলশ্রেষ্ঠ! কিঞ্চিদর্থমভীপ্সতি।
শ্রাদ্ধমিচ্ছতি দাতুং স গাঙ্গেয়স্য মহাত্মনঃ ॥৪॥
দ্রোণস্য সোমদত্তস্য বাহ্লীকস্য চ ধীমতঃ।
পুত্রাণাঞ্চৈব সর্ব্বেষাং যে চান্যে সুহৃদো হতাঃ।
যদি চাপ্যনুজানীষে সৈন্ধবাপসদস্য চ ॥৫॥ (যুগ্মকম্)
এতচ্ছ্রুত্বা তু বচনং বিদুরস্য যুধিষ্ঠিরঃ।
হৃষ্টঃ সংপূজয়ামাস গুড়াকেশশ্চ পাণ্ডবঃ ॥৬॥
ন চ ভীমো দৃঢ়ক্রোধস্তদ্বচো জগৃহে তদা।
বিদুরস্য মহাতেজা দুর্য্যোধনকৃতং স্মরন্ ॥৭॥

ভারতকৌমুদী

স ইতি। রাজবচনাদ্ধৃতরাষ্ট্রাদেশাৎ। অচ্যুতং ধর্ম্মাদভ্রষ্টম্, ঈশ্বরং রাজানম্ ॥২॥
ধৃতেতি। দীক্ষিতঃ সঙ্কল্পান্বিতঃ। কার্ত্তিকীং কার্ত্তিকপূর্ণিমাং প্রাপ্য ॥৩॥
স ইতি। অভীপ্সতি যাচতে। গাঙ্গেয়স্য ভীষ্মস্য। পুত্রাণাং দুর্য্যোধনাদীনাম্। সৈন্ধবাপসদস্য নিকৃষ্টসিন্ধুরাজজয়দ্রথস্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪—৫॥
এতদিতি। সংপূজয়ামাস প্রশশংস, গুড়াকেশোঽর্জ্জুনঃ। অস্য ব্যুৎপত্তিঃ প্রাক্ দর্শিতা ॥৬॥
নেতি। জগৃহে স্বীচকার। দুর্য্যোধনকৃতমনর্থম্ ॥৭॥

মহাতেজা ও সকল বুদ্ধিমান্দের মধ্যে শ্রেষ্ঠ বিদুর ধৃতরাষ্ট্রের আদেশক্রমে সত্যবাদী রাজা যুধিষ্ঠিরের নিকটে যাইয়া বলিলেন—॥২॥

'রাজা! বনবাসের অভিলাষী মহারাজ ধৃতরাষ্ট্র আগামী এই কার্ত্তিকী-পূর্ণিমাতে তপোবনে গমন করিবেন ॥৩॥

কৌরবশ্রেষ্ঠ! তিনি আপনার নিকট কিছু ধন প্রার্থনা করেন। কারণ, তিনি মহাত্মা ভীষ্ম, দ্রোণ, ধীমান্ বাহ্লিক, সোমদত্ত, দুর্য্যোধনপ্রভৃতি সকল পুত্র এবং অন্য যে সকল বন্ধু নিহত হইয়াছেন তাঁহাদের, আর আপনি যদি অনুমতি করেন, তবে নিকৃষ্টস্বভাব জয়দ্রথেরও শ্রাদ্ধ করিতে ইচ্ছা করেন ॥৪—৫॥

যুধিষ্ঠির ও অর্জ্জুন বিদুরের এই কথা শুনিয়া আনন্দিত হইয়া ধৃতরাষ্ট্রের প্রশংসা করিলেন ॥৬॥

অভিপ্রায়ং বিদিত্বা তু ভীমসেনস্য ফাল্গুনঃ।
কিরীটী কিঞ্চিদানম্য তমুবাচ নরর্ষভম্ ॥৮॥
ভীম ! রাজা পিতা বৃদ্ধো বনবাসায় দীক্ষিতঃ।
দাতুমিচ্ছতি সর্ব্বেষাং সুহৃদামৌর্দ্ধদেহিকম্ ॥৯॥
ভবতা নির্জ্জিতং বিত্তং দাতুমিচ্ছতি কৌরবঃ।
ভীষ্মাদীনাং মহাবাহো ! তদনুজ্ঞাতুমর্হসি ॥১০॥
দিষ্ট্যা ত্বস্য মহাবাহো ! ধৃতরাষ্ট্রঃ প্রযাচতে।
যাচিতো যঃ পুরাস্মাভিঃ পশ্য কালস্য পর্য্যয়ম্ ॥১১॥
যোঽসৌ পৃথিব্যাঃ কৃৎস্নায়াঃ ভর্ত্তা ভূত্বা নরাধিপঃ।
পরৈর্বিনিহতামাত্যো বনং গন্তুমভীপ্সতি ॥১২॥

ভারতকৌমুদী

অভীতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ। কিরীটী তদানীমপি কিরীটধারী ॥৮॥
ভীমেতি। পিতা পিতৃপর্য্যায়ঃ, দীক্ষিতঃ কৃতসঙ্কল্পঃ ॥৯॥
ভবতেতি। নির্জ্জিতং জয়েন লব্ধম্, বিত্তং ধনম্, কৌরবো ধৃতরাষ্ট্রঃ ॥১০॥
দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন, প্রযাচতে অস্মান্। পর্য্যয়ং পরিবর্ত্তনম্ ॥১১॥
য ইতি। কৃৎস্নায়াঃ সর্ব্বস্যাঃ। বিনিহতা অমাত্যাঃ পুত্রাদয়ঃ সচিবা যস্য সঃ ॥১২॥

কিন্তু দৃঢ় ক্রোধ ও মহাতেজা ভীম দুর্য্যোধনের কার্য্য স্মরণ করিয়া তখন তাঁহার বাক্য গ্রাহ্য করিলেন না ॥৭॥

কিরীটধারী অর্জ্জুন ভীমের অভিপ্রায় বুঝিয়া একটু অবনত হইয়া সেই নরশ্রেষ্ঠ ভীমকে বলিলেন—॥৮॥

'আর্য্য ! ধৃতরাষ্ট্র রাজা, আমাদের পিতৃপর্য্যায়, বৃদ্ধ এবং বনবাসের সঙ্কল্প করিয়াছেন ; এই অবস্থায় তিনি সমস্ত বন্ধুবর্গের ঔর্দ্ধদেহিক কার্য্য করিবার ইচ্ছা করেন ॥৯॥

মহাবাহু ! তিনি আপনার বিজিত ধন লইয়া তাহাদ্বারা ভীষ্মপ্রভৃতির ঔর্দ্ধদেহিক কার্য্য করিতে ইচ্ছা করেন ; অতএব আপনি সেই বিষয়ে অনুমতি করুন ॥১০॥

মহাবাহু ! পূর্ব্বে আমরা যাঁহার নিকট প্রার্থনা করিতাম, সেই ধৃতরাষ্ট্র আজ ভাগ্যবশতঃ আমাদের নিকট প্রার্থনা করিতেছেন। কালের পরিবর্ত্তন দেখুন ॥১১॥

ঐ যিনি সমগ্র পৃথিবীর প্রতিপালক রাজা হইয়া অন্যকর্ত্তৃক সহায়সম্পদ্ নিহত হওয়ায় বর্ত্তমান সময়ে বনে গমন করিবার ইচ্ছা করিতেছেন ॥১২॥

মা তেঽন্যৎ পুরুষব্যাঘ্র! দানাদ্ভবতু দর্শনম্।
অযশস্যমতোঽন্যৎ স্যাদধর্ম্মশ্চ মহাভুজ! ॥১৩॥
রাজানমুপতিষ্ঠস্ব জ্যেষ্ঠং ভ্রাতরমীশ্বরম্।
অর্হস্ত্বমসি দাতুং বৈ নাদাতুং ভরতর্ষভ! ॥১৪॥
এবং ব্রুবাণং বীভৎসুং ধর্ম্মরাজোঽপ্যপূজয়ৎ।
ভীমসেনস্তু সক্রোধমুবাচ বিজয়ং তদা ॥১৫॥
বয়ং ভীষ্মস্য দাস্যামঃ প্রেতকার্য্যন্তু ফাল্গুন!।
সোমদত্তস্য নৃপতের্ভূরিশ্রবস এব চ ॥১৬॥
বাহ্লীকস্য চ রাজর্ষের্দ্রোণস্য চ মহাত্মনঃ।
অন্যেষাং চৈব সর্ব্বেষাং কুন্তী কর্ণায় দাস্যতি ॥১৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

মেতি। দানাদ্ধৃতরাষ্ট্রায় ধনার্পণাৎ, অন্যৎ দর্শনং জ্ঞানম্ অভিপ্রায়ো মা ভবতু, যেন হি অতো দানাদন্যৎ অযশস্যং নিন্দাজনকম্ ॥১৩॥

রাজানমিতি। উপতিষ্ঠস্ব সেবস্ব, ঈশ্বরং প্রভুং যুধিষ্ঠিরং তদভিপ্রায়মনুসরেত্যর্থঃ। অর্হো যোগ্যঃ ॥১৪॥

এবমিতি। বীভৎসুম্ অর্জ্জুনম্, অপূজয়ৎ প্রাশংসৎ। বিজয়মর্জ্জুনম্ ॥১৫॥

বয়মিতি। হে ফাল্গুন! অর্জ্জুন!। ধৃতরাষ্ট্রস্য প্রথমাধিকারিত্বেঽপি অস্মাকং পরাধিকারিত্বাৎ প্রেতকার্য্যে তথাত্বেঽপি ফলোদয়দর্শনাৎ "রাজ্ঞা বা ধনহারিণা" স্মৃতেঃ। কর্ণস্য তু কুন্ত্যা এব মাতৃতয়া প্রধানাধিকারিত্বাদিতি ভাবঃ ॥১৬—১৭॥

অতএব পুরুষশ্রেষ্ঠ! আপনার যেন তাঁহাকে ধনদান ভিন্ন অন্য ইচ্ছা হয় না। কারণ, মহাবাহু! তাঁহাকে ধন দান না করা নিন্দা ও পাপের কারণ হইবে ॥১৩॥

ভরতশ্রেষ্ঠ! রাজা (যুধিষ্ঠির) আমাদের জ্যেষ্ঠ ভ্রাতা ও প্রভু; অতএব তাঁহার মতের অনুসরণ করুন; আপনারও দান করাই উচিত; কিন্তু দান না করা উচিত নহে' ॥১৪॥

অর্জ্জুন এইরূপ বলিলে, যুধিষ্ঠিরও তাঁহার প্রশংসা করিলেন; কিন্তু ভীম তখন ক্রোধের সহিত অর্জ্জুনকে বলিলেন— ॥১৫॥

'অর্জ্জুন! আমরা ভীষ্ম, রাজর্ষি বাহ্লীক, রাজা সোমদত্ত, ভূরিশ্রবা, মহাত্মা

(১৪) রাজানমুপশিক্ষস্ব—পি বঙ্গ বর্দ্ধ।

(১৫) ভীমসেনস্তু সক্রোধঃ প্রোবাচেদং বচস্তদা—পি বঙ্গ বর্দ্ধ।

শ্রাদ্ধানি পুরুষব্যাঘ্র ! মা প্রাদাৎ কৌরবো নৃপঃ।
ইতি মে বর্ত্ততে বুদ্ধির্মা নো নন্দন্তু শত্রবঃ ॥১৮॥
কষ্টাৎ কষ্টতরং যান্তু সর্বে দুর্য্যোধনাদয়ঃ।
যৈরিয়ং পৃথিবী কৃৎস্না ঘাতিতা কুলপাংসনৈঃ ॥১৯॥
কুতস্ত্বমদ্য বিস্মৃত্য বৈরং দ্বাদশবার্ষিকম্।
অজ্ঞাতবাসং গহনং দ্রৌপদীশোকবর্দ্ধনম্ ॥২০॥
ক্ব তদা ধৃতরাষ্ট্রস্য স্নেহোঽস্মদ্গোচরো গতঃ।
কৃষ্ণাজিনোপসংবীতো হৃতাভরণভূষণঃ ॥২১॥

ভারতকৌমুদী

শ্রাদ্ধানীতি। কৌরবো নৃপো ধৃতরাষ্ট্রঃ। নন্দন্তু ধৃতরাষ্ট্রকর্ত্তৃকশ্রাদ্ধদানেন নানন্দমনুভবন্তু ॥১৮॥

কষ্টাদিতি। কষ্টতরমধিকং কষ্টম্, যান্তু শ্রাদ্ধাকরণেন প্রাপ্নুবন্তু। এতেন দুর্য্যোধনাদীনাং শ্রাদ্ধাকরণমেব ভীমস্যাভিপ্রেতমিতি সূচিতম্ ॥১৯॥

কুত ইতি। দ্বাদশবার্ষিকং গহনং বনবাসম্, বিস্মৃত্য এবং ভাষস ইতি শেষঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৩॥ কিঞ্চিদর্থং কিঞ্চিৎ কার্য্যং কর্ত্তুং ত্বামভীপ্সতি দ্রষ্টুমিতি শেষঃ। তদেবাহ—শ্রাদ্ধমিতি ॥৪—১৯॥ কুতো হেতোর্বৈরং বিস্মৃত্য অসি জীবসি ॥২০—২৫॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥১৩॥

দ্রোণ এবং অন্যান্য সকলের শ্রাদ্ধ করিব; আর কুন্তীদেবী কর্ণের শ্রাদ্ধ করিবেন ॥১৬—১৭॥

কিন্তু নরশ্রেষ্ঠ ! রাজা ধৃতরাষ্ট্র যেন কাহারও শ্রাদ্ধ না করেন, ইহাই আমার মত। আমাদের শত্রুরা যেন আনন্দিত না হয় ॥১৮॥

যে কুলাঙ্গারেরা এই সমগ্র পৃথিবীটাকেই বিধ্বস্ত করিয়াছে, সেই দুর্য্যোধনপ্রভৃতি সকলেই পরলোকে সাধারণ কষ্ট অপেক্ষা গুরুতর কষ্ট ভোগ করুক ॥১৯॥

অর্জুন ! দ্রৌপদীর শোকবর্দ্ধক নানাবিধ শত্রুতা, দ্বাদশ বৎসর বনবাস এবং এক বৎসর অজ্ঞাত বাস বিস্মৃত হইয়া আজ তুমিও এরূপ বলিতেছ কেন ? ॥২০॥

---

(২০) কুতস্ত্বমসি বিস্মৃত্য—পি বঙ্গ বর্দ্ধ।

সার্দ্ধং পাঞ্চালপুত্র্যা ত্বং রাজানমুপজগ্মিবান্।
ক তদা দ্রোণভীষ্মৌ তৌ সোমদত্তোঽপি বাভবৎ ॥২২॥ (যুগ্মকম্)
যত্র দ্বাদশ বর্ষাণি বনে বন্যেন জীবথ।
ন তদা ত্বাং পিতা জ্যেষ্ঠঃ পিতৃত্বেনাভিবীক্ষতে ॥২৩॥
কিং তে তদ্‌বিস্মৃতং পার্থ! যদেষ কুলপাংসনঃ।
দুর্ব্বুদ্ধির্বিদুরং প্রাহ দ্যূতে কিং জিতমিত্যুত ॥২৪॥
তমেবংবাদিনং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
উবাচ বচনং ধীমান্ জোষমাস্বেতি ভর্ৎসয়ন্ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিকপর্ব্বণি আশ্রমবাসে ভীমবাক্যে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

কেতি। কৃষ্ণাজিনেন কৃষ্ণমৃগচর্ম্মণা উপসংবীত আবৃতগাত্রঃ, হৃতানি আভরণভূষণানি অলঙ্কারকৃতশোভা যস্য সঃ। রাজানং যুধিষ্ঠিরম্। অভবৎ অতিষ্ঠৎ ॥২১—২২॥

যত্রেতি। বন্যেন বনজাতেন ফলমূলাদিনা। জ্যেষ্ঠঃ পিতা ধৃতরাষ্ট্রঃ ॥২৩॥

কিমিতি। তে ত্বয়া, এষ ধৃতরাষ্ট্রঃ, কুলপাংসনো বংশাধমঃ ॥২৪॥

তমিতি। তং ভীমম্। জোষং নীরবং যথা স্যাত্তথা আস্স্ব উপবিশ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-মাশ্রমবাসিকপর্ব্বণি ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

তখন আমাদের উপরে ধৃতরাষ্ট্রের স্নেহ কোথায় গিয়াছিল এবং কৌরবেরা যখন তোমার অলঙ্কার অপহরণ করিয়াছিল, তুমিও যখন কৃষ্ণমৃগের চর্ম্ম পরিধান করিয়া দ্রৌপদীর সহিত রাজা যুধিষ্ঠিরের নিকটে গিয়াছিলে, তখন সেই দ্রোণ, ভীষ্ম বা সোমদত্ত কোথায় ছিলেন ? ॥২১—২২॥

তারপর, তোমরা যখন বনে যাইয়া বার বৎসর যাবৎ বন্য ফলমূলাদিদ্বারা জীবন ধারণ করিতেছিলে, তখন ত জ্যেষ্ঠ পিতা ধৃতরাষ্ট্র পিতৃত্বপুরস্কারে তোমাকে দেখেন নাই ॥২৩॥

পৃথানন্দন! কুরুকুলাধম ও দুর্ব্বুদ্ধি এই ধৃতরাষ্ট্র দ্যূতক্রীড়ার সময়ে বিদুরকে যে বলিয়াছিল, 'দুর্য্যোধন কি জয় করিল!' তুমি কি তাহা বিস্মৃত হইয়াছ ?' ॥২৪॥

---

(২৩) যত্র ত্রয়োদশসমা—পি বঙ্গ বৰ্দ্ধ।

* '…একাদশোঽধ্যায়ঃ'—বঙ্গ বৰ্দ্ধ, '…দ্বাদশোঽধ্যায়ঃ'—নি।

চতুর্দ্দশোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

অর্জ্জুন উবাচ।

ভীম ! জ্যেষ্ঠো গুরুর্মে ত্বং নাতোঽন্যদ্‌বক্তুমুৎসহে।
ধৃতরাষ্ট্রস্তু রাজর্ষিঃ সর্বথা মানমর্হতি ॥১॥
ন স্মরন্ত্যপরাদ্ধানি স্মরন্তি সুকৃতান্যপি।
অসংভিন্নার্থমর্য্যাদাঃ সাধবঃ পুরুষোত্তমাঃ ॥২॥
ইতি তস্য বচঃ শ্রুত্বা ফাল্গুনস্য মহাত্মনঃ।
বিদুরং প্রাহ ধর্ম্মাত্মা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৩॥
ইদং মদ্‌বচনাৎ ক্ষত্তঃ ! কৌরবং ব্রূহি পার্থিবম্।
যাবদিচ্ছতি পুত্রাণাং দাতুং তাবদ্‌দদাম্যহম্ ॥৪॥

ভারতকৌমুদী

ভীমেতি। হে ভীম ! ত্বং মে জ্যেষ্ঠো ভ্রাতা অতএব গুরুঃ। তেন চাহম্ অত উচ্যমানাৎ অন্যদধিকং বক্তুং নোৎসহে ন শক্নোমি ॥১॥

নেতি। সাধবঃ পুরুষোত্তমাঃ কেবলানি অপরাদ্ধানি অপরাধান্ ন স্মরন্তি, অপি তু সুকৃতান্যপি সদ্‌ব্যবহারানপি স্মরন্তি। কিন্তু, অসংভিন্না অপরিত্যক্তা অর্থমর্য্যাদা বিষয়যোগ্যতা যৈস্তে তাদৃশা ভবন্তি লোকানাং গুরুলাঘবমপি চিন্তয়ন্তীত্যর্থঃ ॥২॥

ইতীতি। ফাল্গুনস্য অর্জ্জুনস্য। প্রাহ ব্রবীতি স্ম ॥৩॥

ভীমসেন এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে কুন্তীপুত্র বুদ্ধিমান্ রাজা যুধিষ্ঠির ভর্ৎসনা করতঃ এই কথা বলিলেন—'নীরব থাক' ॥২৫॥

—ঃ*ঃ—

অর্জ্জুন বলিলেন—'আর্য্য ভীম। আপনি আমার জ্যেষ্ঠ ভ্রাতা বলিয়া গুরুজন; অতএব আমি ইহা অপেক্ষা অধিক বলিতে সমর্থ নহি। রাজর্ষি ধৃতরাষ্ট্র সর্ব্বপ্রকারে আমাদের নিকট সম্মান পাইবার যোগ্য ॥১॥

সচ্চরিত্র পুরুষশ্রেষ্ঠগণ কেবল দুর্ব্ব্যবহার স্মরণ করেন না, সদ্‌ব্যবহারও স্মরণ করিয়া থাকেন এবং কাহারই মর্য্যাদা লঙ্ঘন করেন না' ॥২॥

মহাত্মা অর্জ্জুনের এই বাক্য শ্রবণ করিয়া ধর্ম্মাত্মা যুধিষ্ঠির বিদুরকে বলিলেন—॥৩॥

ভীষ্মাদীনাঞ্চ সর্ব্বেষাং সুহৃদামুপকারিণাম্।
মম কোপাদিতি বিভো! মা ভূদ্ভীমঃ সুদুর্ম্মনাঃ ॥৫॥ (যুগ্মকম্)

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্ত্বা ধর্ম্মরাজস্তমর্জ্জুনং প্রত্যপূজয়ৎ।
ভীমসেনঃ কটাক্ষেণ বীক্ষাঞ্চক্রে ধনঞ্জয়ম্ ॥৬॥
ততঃ স বিদুরং ধীমান্ বাক্যমাহ যুধিষ্ঠিরঃ।
ন ভীমসেনে কোপং স নৃপতিঃ কর্ত্তুমর্হতি ॥৭॥
পরিক্লিষ্টো হি ভীমোঽপি হিমবৃষ্ট্যাতপাদিভিঃ।
দুঃখৈর্বহুবিধৈর্ধীমানরণ্যে বিদিতং তব ॥৮॥
কিন্তু মদ্বচনাদ্‌ব্রূহি রাজানং ভরতর্ষভম্।
যদ্যদিচ্ছসি যাবচ্চ গৃহ্যতাং মদ্গৃহাদিতি ॥৯॥

ভারতকৌমুদী

ইদমিতি। হে ক্ষত্তঃ! বিদুর! পার্থিবং ধৃতরাষ্ট্রম্। পুত্রাণাং দুর্য্যোধনাদীনাং ভীষ্মাদীনাঞ্চ, শ্রাদ্ধাদিসম্পাদনায়েতি শেষঃ। মম কোশাৎ কেবলমদীয়ধনাধারাৎ ন তু সাধারণকোশাৎ তাবদ্ধনং দদামি ॥৪—৫॥

ইতীতি। প্রত্যপূজয়ৎ প্রাশংসৎ। কটাক্ষেণ বৈমত্যসূচকদৃষ্টিপাতেন ॥৬॥

তত ইতি। ধীমত্ত্বাদেব ভীমদুরুক্তিদোষং পরিহরতি স্মেতি ভাবঃ ॥৭॥

পরীতি। অপিশব্দাদেবং চত্বারোঽপি ॥৮॥

কিন্ত্বিতি। রাজানং ধৃতরাষ্ট্রম্। মদ্গৃহাদ্ ন তু সাধারণগৃহাদিত্যাশয়ঃ ॥৯॥

'বিদুর! আপনি আমার বাক্যানুসারে কুরুরাজ জ্যেষ্ঠ তাতকে বলুন যে, 'প্রভু! আপনি পুত্রগণ এবং ভীষ্মপ্রভৃতি সমস্ত উপকারী বন্ধুগণের শ্রাদ্ধ করিবার জন্য যত ধন ইচ্ছা করেন, তত ধন আমি আমার কোশ হইতে দিব; কিন্তু ভীম যেন অত্যন্ত দুঃখিত চিত্ত না হন' ॥৪—৫॥

বৈশম্পায়ন বলিলেন—এই কথা বলিয়া যুধিষ্ঠির অর্জ্জুনের প্রশংসা করিলেন; আর ভীম কটাক্ষ দৃষ্টিতে অর্জ্জুনকে দেখিলেন ॥৬॥

তাহার পর বুদ্ধিমান্ যুধিষ্ঠির বিদুরকে এই কথা বলিলেন—'রাজা ধৃতরাষ্ট্র ভীমের প্রতি ক্রোধ করিতে পারেন না ॥৭॥

বিদুর! ইহা আপনার জানা আছে যে, ভীমসেনও বনমধ্যে হিম, বৃষ্টি ও আতপপ্রভৃতি নানাবিধ দুঃখজনক ব্যাপারে সর্ব্বপ্রকার কষ্টভোগ করিয়াছেন ॥৮॥

কিন্তু আপনি যাইয়া আমার বাক্যানুসারে রাজা ধৃতরাষ্ট্রকে বলুন যে,

যন্মাৎসর্য্যময়ং ভীমঃ করোতি ভৃশদুঃখিতঃ।
ন তন্মনসি কর্ত্তব্যমিতি বাচ্যঃ স পার্থিবঃ ॥১০॥
যন্মমাস্তি ধনং কিঞ্চিদর্জ্জুনস্য চ বেশ্মনি।
তস্য স্বামী মহারাজ ইতি বাচ্যঃ স পার্থিবঃ ॥১১॥
দদাতু রাজা বিপ্রেভ্যো যথেষ্টং ক্রিয়তাং ব্যয়ঃ।
পুত্ত্রাণাং সুহৃদাং চৈব গচ্ছত্বানৃণ্যমদ্য সঃ ॥১২॥
ইদং চাপি শরীরং মে তবায়ত্তং জনাধিপ!।
ধনানি চেতি বিদ্ধি ত্বং ক্ষত্তঃ! নাস্ত্যত্র সংশয়ঃ ॥১৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-পর্ব্বণি আশ্রমবাসে যুধিষ্ঠিরানুমোদনে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

যদিতি। মাৎসর্য্যং ধৃতরাষ্ট্রং প্রতি বিদ্বেষম্। স ধৃতরাষ্ট্রঃ ॥১০॥
যদিতি। ধৃতরাষ্ট্রায় ধনদানে অর্জ্জুনস্যেচ্ছাসত্ত্বাদর্জ্জুনস্যেত্যুক্তিঃ সঙ্গচ্ছতে ॥১১॥
দদাত্বিতি। রাজা ধৃতরাষ্ট্রঃ। আনৃণ্যং গচ্ছতু-তেষামৌর্দ্ধদেহিকক্রিয়াকরণেন ॥১২॥
ইদমিতি। ধনানি চ তবায়ত্তানি। হে ক্ষত্তঃ! বিদুর! ॥১৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি
আশ্রমবাসে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥

আপনি যে যে ধন যত পরিমাণে লইতে ইচ্ছা করেন, তাহা আমার গৃহ হইতে গ্রহণ করুন ॥৯॥

অত্যন্ত দুঃখিত ভীমসেন যে বিদ্বেষ করিতেছেন, তাহা আপনি মনে করিবেন না, ইহা আপনি সেই রাজাকে বলিবেন ॥১০॥

আমার বা অর্জ্জুনের গৃহে যে কিছু ধন আছে, মহারাজ ধৃতরাষ্ট্র তাহার স্বামী, ইহাও সেই রাজাকে আপনি বলিবেন ॥১১॥

রাজা ধৃতরাষ্ট্র ব্রাহ্মণগণকে দান করুন, ইচ্ছানুসারে ব্যয় করুন, আর আজ পুত্রগণ ও বন্ধুগণের নিকট অনৃণী হউন ॥১২॥

রাজা! আমার এই দেহ এবং ধন আপনারই অধীন, ইহা আপনি অবগত হউন। বিদুর! এবিষয়ে কোন সন্দেহ নাই' ॥১৩॥

---

(১৩) ন মে তত্রাস্তি সংশয়ঃ—বঙ্গ বর্দ্ধ, * '...দ্বাদশোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...ত্রয়োদশোঽধ্যায়ঃ'—নি।

পঞ্চদশোঽধ্যায়ঃ।

—:০:—

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তস্তু রাজ্ঞা স বিদুরো বুদ্ধিসত্তমঃ।
ধৃতরাষ্ট্রমুপেত্যৈবং বাক্যমাহ মহার্থবৎ ॥১॥
উক্তো যুধিষ্ঠিরো রাজা ভবদ্বচনমাদিতঃ।
স চ সংশ্রুত্য বাক্যং তে প্রশশংস মহাদ্যুতিঃ ॥২॥
বীভৎসুশ্চ মহাতেজা নিবেদয়তি তে গৃহান্।
বসু তস্য গৃহে যচ্চ প্রাণানপি চ কেবলান্ ॥৩॥
ধর্ম্মরাজশ্চ পুত্রস্তে রাজ্যং প্রাণান্ ধনানি চ।
অনুজানাতি রাজর্ষে! যচ্চান্যদপি কিঞ্চন ॥৪॥
ভীমশ্চ সর্ব্বদুঃখানি সংস্মৃত্য বহুলান্যত।
কৃচ্ছ্রাদিব মহাবাহুরনুজজ্ঞে বিনিঃশ্বসন্ ॥৫॥

ভারতকৌমুদী

এবমিতি। বুদ্ধ্যা সত্তমঃ সাধুশ্রেষ্ঠঃ। মহার্থবৎ যুক্তিযুক্তার্থযুক্তম্ ॥১॥
উক্ত ইতি। সংশ্রুত্য প্রতিশ্রুত্য ভবতে ধনদানমঙ্গীকৃত্যেত্যর্থঃ ॥২॥
বীভৎসুরিতি। বীভৎসুরর্জ্জুনঃ, নিবেদয়তি দদাতি। বসু ধনম্, কেবলান্ মুখ্যান্ ॥৩॥
ধর্ম্মেতি। তে অনুজানাতি দাতুমনুমোদতে ॥৪॥
ভীম ইতি। অনুজজ্ঞে ধনং দাতুমনুমেনে ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির এইরূপ বলিলে, বুদ্ধিমানদিগের মধ্যে শ্রেষ্ঠ বিদুর ধৃতরাষ্ট্রের নিকটে যাইয়া এই যুক্তিযুক্ত বাক্য বলিলেন—॥১॥

'মহারাজ! আপনার বাক্য প্রথম হইতে বলিলে, মহাতেজা রাজা যুধিষ্ঠির ধন দান করিতে স্বীকার করিয়া আপনার বাক্যের প্রশংসা করিয়াছেন ॥২॥

এবং মহাতেজা অর্জ্জুনও নিজের গৃহ, তাঁহার গৃহে যে ধন আছে তাহা এবং দেহীর প্রধান প্রাণও আপনাকে নিবেদন করিয়াছেন ॥৩॥

রাজর্ষি! আপনার পুত্র যুধিষ্ঠিরও রাজ্য, প্রাণ, ধন এবং অন্য যে কিছু আছে, সে সমস্তই আপনাকে দিতে স্বীকার করিয়াছেন ॥৪॥

কিন্তু মহাবাহু ভীম বহুতর সকল দুঃখ স্মরণ করিয়া নিঃশ্বাস ত্যাগ করিতে থাকিয়া কষ্টক্রমেই যেন ধন দান করিবার অনুমোদন করিয়াছেন ॥৫॥

স রাজন্ ! ধর্ম্মশীলেন রাজ্ঞা বীভৎসুনা তথা ।
অনুনীতো মহাবাহুঃ সৌহৃদে স্থাপিতোঽপি চ ॥৬॥
ন চ মন্যুস্ত্বয়া কার্য্য ইতি ত্বাং প্রাহ ধর্ম্মরাট্ ।
সংস্মৃত্য ভীমস্তদ্বৈরং যদন্যায়বদাচরৎ ॥৭॥
এবংপ্রায়ো হি ধর্ম্মোঽয়ং ক্ষত্রিয়াণাং নরাধিপ ! ।
যুদ্ধে ক্ষত্রিয়ধর্ম্মে চ নিরতোঽয়ং বৃকোদরঃ ॥৮॥
বৃকোদরকৃতে চাহমর্জ্জুনশ্চ পুনঃ পুনঃ ।
প্রসীদ যাচে নৃপতে ! ভবান্ প্রভুরিহাস্তি যৎ ॥৯॥
তদ্দদাতু ভবান্ বিত্তং যাবদিচ্ছসি পার্থিব ! ।
ত্বমীশ্বরোঽস্য রাজ্যস্য প্রাণানামপি ভারত ! ॥১০॥
ব্রহ্মদেয়াগ্রহারাংশ্চ পুত্রাণামৌর্দ্ধদেহিকম্ ।
ইতো রত্নানি গাশ্চৈব দাসীদাসমজাবিকম্ ॥১১॥

ভাবতকৌমুদী

স ইতি । স ভীমঃ, রাজ্ঞা যুধিষ্ঠিরেণ, বীভৎসুনা অর্জ্জুনেন চ । সৌহৃদে প্রণয়ে ॥৬॥
নেতি । মন্যুঃ ক্রোধঃ । অন্যায়বৎ ন পুনর্বাস্তবিকমন্যায়ং বৈরস্য বাস্তবিকত্বাদিতি ভাবঃ ॥৭॥
এবমিতি । এবংপ্রায়ঃ প্রায়েণেদৃশঃ । এতেন ক্বচিদ্ব্যভিচারোঽপি যথা যুধিষ্ঠিরার্জ্জুনয়োরিতি ভাবঃ ॥৮॥
বৃকোদরেতি । বৃকোদরকৃতে বৃকোদরং প্রতি ক্ষমানিমিত্তম্ ॥৯॥
তদিতি । বিত্তং ধনম্ । ঈশ্বরঃ স্বামী, প্রাণানামস্মাকম্ ॥১০॥

রাজা ! তখন ধার্ম্মিক যুধিষ্ঠির ও অর্জ্জুন অনুনয় করিয়া মহাবাহু ভীমকে আপনার সৌহার্দ্দ্যে স্থাপন করিয়াছেন ॥৬॥

এবং যুধিষ্ঠির আপনাকে বলিয়াছেন যে, ভীম পূর্ব্বের শত্রুতা স্মরণ করিয়া অন্যায্যের ন্যায় যে আচরণ করিলেন, তাহার জন্য আপনি ক্রোধ করিবেন না ॥৭॥

এবং নরনাথ ! ক্ষত্রিয়গণের ধর্ম্মই প্রায়ই এই প্রকার । বিশেষতঃ, এই ভীম যুদ্ধে ও ক্ষত্রিয়ধর্ম্মে নিরত রহিয়াছেন ॥৮॥

রাজা ! যেহেতু এখনও আপনি আমাদের প্রভু রহিয়াছেন, সেই হেতু আমি ও অর্জ্জুন ভীমের নিমিত্ত বার বার আপনাকে প্রার্থনা করি যে, আপনি ভীমের উপরে প্রসন্ন হউন ॥৯॥

ভরতনন্দন রাজা ! আপনি এই রাজ্যের এবং আমাদের প্রাণেরও অধিপতি, অতএব আপনি যত ধন ইচ্ছা করেন, তাহাই দান করুন ॥১০॥

অর্চ্চয়িত্বা কুরুশ্রেষ্ঠো ব্রাহ্মণেভ্যঃ প্রযচ্ছতু ।
দীনান্ধকৃপণেভ্যশ্চ তত্র তত্র নৃপাজ্ঞয়া ॥১২॥ (যুগ্মকম্)
বহ্বন্নরসপানাঢ্যাঃ সভা বিদুর ! কারয় ।
গবাং নিপানান্যন্যচ্চ বিবিধং পুণ্যকং কুরু ॥১৩॥
ইতি মামব্রবীদ্রাজা পার্থশ্চৈব ধনঞ্জয়ঃ ।
যদত্রানন্তরং কার্য্যং তদ্ভবান্ বক্তুমর্হতি ॥১৪॥
ইত্যুক্তে বিদুরেণাথ ধৃতরাষ্ট্রোঽভিনন্দ্য তান্ ।
মনশ্চক্রে মহাদানে কার্ত্তিক্যাং জনমেজয় ! ॥১৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-পর্ব্বণি আশ্রমবাসে বিদুরবাক্যে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। ব্রহ্মেভ্যো ব্রাহ্মণেভ্যো দেযানাং ধনানাম্ অগ্রং হরন্তীতি তান্ ব্রাহ্মণশ্রেষ্ঠা-নিত্যর্থঃ অর্চ্চয়িত্বেতি সম্বন্ধঃ। ইতো মম সকাশাৎ নীত্বেতি শেষঃ, অজাশ্চাগাশ্চ অবয়ো মেষাশ্চ তৎ। সমাহারদ্বন্দ্বত্বম্। নৃপস্য ধৃতরাষ্ট্রস্যাজ্ঞয়া ॥১১—১২॥

বহ্বিতি। নিপানানি পানকুণ্ডানি, অন্যৎ ব্যজনবাতাদিব্যবস্থাকর্ম ॥১৩॥

ইতীতি। পার্থঃ পৃথাপুত্রো যুধিষ্ঠিরঃ। কার্য্যং মযা কর্ত্তব্যম্ ॥১৪॥

ইতীতি। অভিনন্দ্য প্রশস্য, তান্ পাণ্ডবান্। কার্ত্তিক্যাং কার্ত্তিকমাসপূর্ণিমায়াম্ ॥১৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি আশ্রমবাসে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥০॥

বিদুর! কৌরবশ্রেষ্ঠ ধৃতরাষ্ট্র আমার নিকট হইতে রত্ন, গো, দাসী, দাস, ছাগ ও মেষ লইয়া ব্রাহ্মণশ্রেষ্ঠগণকে পূজা করিয়া তাঁহাদিগকে পুত্রগণের ঔর্দ্ধদেহিক দান করুন এবং আপনিও ধৃতরাষ্ট্রের আদেশ অনুসারে সেই সেই স্থানে যাইয়া দরিদ্র, অন্ধ ও ক্ষুদ্র লোকদিগকে বিতরণ করুন ॥১১—১২॥

বিদুর! আপনি প্রচুর অন্ন, রস ও পানীযযুক্ত বহুতর সভা নির্ম্মাণ করান এবং গোগণের পানীয় স্থান ও নানাবিধ অন্যান্য পুণ্যকার্য্য করুন' ॥১৩॥

মহারাজ! রাজা যুধিষ্ঠির ও অর্জ্জুন আমাকে এইরূপ বলিয়াছেন ; অতএব ইহার পরে আমার যাহা কর্ত্তব্য, তাহা আপনি বলিতে পারেন' ॥১৪॥

রাজা জনমেজয়! বিদুর এইরূপ বলিলে, ধৃতরাষ্ট্র পাণ্ডবগণের প্রশংসা করিয়া, কার্ত্তিকী পূর্ণিমাতে প্রচুর দানের ইচ্ছা করিলেন ॥১৫॥

---

* '.. ত্রয়োদশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '.. চতুর্দ্দশোঽধ্যায়ঃ'—নি।

ষোড়শোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

বিদুরেণৈবমুক্তস্তু ধৃতরাষ্ট্রো জনাধিপঃ।
প্রীতিমানভবদ্রাজন্! রাজ্ঞো জিষ্ণোশ্চ কর্ম্মণা ॥১॥
ততোঽভিরূপান্ ভীষ্মায় ব্রাহ্মণানৃষিসত্তমান্।
পুত্রার্থে সুহৃদাঞ্চৈব স সমীক্ষ্য সহস্রশঃ ॥২॥
কারয়িত্বান্নপানানি যানান্যাচ্ছাদনানি চ।
সুবর্ণমণিরত্নানি দাসীদাসমজাবিকম্ ॥৩॥
কম্বলানি চ রত্নানি গ্রামান্ ক্ষেত্রং তথা ধনম্।
সালঙ্কারান্ গজানশ্বান্ কন্যাশ্চৈব বরস্ত্রিয়ঃ ॥৪॥
উদ্দিশ্যোদ্দিশ্য সর্ব্বেভ্যো দদৌ স নৃপসত্তমঃ।
দ্রোণং সঙ্কীর্ত্ত্য ভীষ্মঞ্চ সোমদত্তঞ্চ বাহ্লিকম্ ॥৫॥
দুর্য্যোধনঞ্চ রাজানং পুত্রাংশ্চৈব পৃথক্ পৃথক্।
জয়দ্রথপুরোগাংশ্চ সুহৃদশ্চাপি সর্বশঃ ॥৬॥ (কুলকম্)

ভারতকৌমুদী

বিদুরেণেতি। রাজ্ঞো যুধিষ্ঠিরস্ত, জিষ্ণোরর্জ্জুনস্ত চ ॥১॥

তত ইতি। অভিরূপান্ পণ্ডিতান্। "অভিরূপো বুধমনজ্ঞয়োঃ" ইত্যমরঃ। সুহৃদাঞ্চৈব অর্থ ইত্যন্বয়বৃত্তিঃ, সমীক্ষ্য দৃষ্ট্বা আহূয়েতি শেষঃ। কারয়িত্বা তৈস্তৈর্ভৃত্যৈরিতি শেষঃ। ক্ষেত্রং শস্যযোগ্যাং ভূমিম্। উদ্দিশ্যোদ্দিশ্য ভীষ্মাদীন্। সঙ্কীর্ত্ত্য দানবাক্যেষূল্লিখ্য। জয়দ্রথঃ পুরোগঃ অগ্রবর্ত্তী যেষাং তান্ সঙ্কীর্ত্ত্য দদাবিতি সম্বন্ধঃ ॥২—৬॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! বিদুর এইরূপ বলিলে, রাজা ধৃতরাষ্ট্র যুধিষ্ঠির ও অর্জ্জুনের কার্য্যে সন্তুষ্ট হইলেন ॥১॥

তাহার পর রাজশ্রেষ্ঠ ধৃতরাষ্ট্র দেখিয়া দেখিয়া সহস্র সহস্র বিদ্বান্ ব্রাহ্মণ ও ঋষিশ্রেষ্ঠগণকে আহ্বানপূর্ব্বক আনয়ন করিয়া ভীষ্ম, পুত্রগণ ও সুহৃদ্গণের নিমিত্ত খাদ্য ও পানীয় নির্ম্মাণ করাইয়া তাহা এবং যান, বস্ত্র, স্বর্ণ, মণিশ্রেষ্ঠ, দাসী, দাস, ছাগ, মেষ, কম্বল, রত্ন, গ্রাম, ক্ষেত্র ও সাধারণ ধন, অলঙ্কৃত হস্তী, অশ্ব, কন্যা ও উত্তম স্ত্রী—এই সকল দ্রব্য সকলের উদ্দেশে দান

স শ্রাদ্ধযজ্ঞো ববৃতে বহুগোধনদক্ষিণঃ।
অনেকধনরত্নৌঘো যুধিষ্ঠিরমতে তদা ॥৭॥
অনিশং যত্র পুরুষা গণকা লেখকাস্তদা।
যুধিষ্ঠিরস্য বচনাদপৃচ্ছন্ত স্ম তং নৃপম্ ॥৮॥
আজ্ঞাপয কিমেতেভ্যঃ প্রদেযং দীয়তামিতি।
তদুপস্থিতমেবাত্র বচনান্তে দদুস্তদা ॥৯॥

ভারতকৌমুদী

স ইতি। শ্রাদ্ধমেব মহাড়ম্বরপূর্ণত্বাদ্‌যজ্ঞঃ শ্রাদ্ধযজ্ঞঃ। ইদং শ্রাদ্ধং পতিতমমাবস্যায়াং সাংবৎসরিকমেব ভীষ্মাদীনাং মরণাৎ পরং পঞ্চদশবর্ষাতিক্রমস্য প্রাগুক্তত্বাৎ। বহূনি গাবো ধনানি চ দক্ষিণা যস্য সঃ। অনেকো ধনরত্নানাম্ ওঘঃ সমূহো যত্র সঃ। ইদন্তু ব্যয়ার্থং সম্পাদিতমিতি বোধ্যম্। ববৃতে মুখ্যচান্দ্রাশ্বিনামাবস্যায়াং সংবৃত্তঃ। তথা চ কুরুক্ষেত্রযুদ্ধাৎ পরং চৈত্রপূর্ণিমায়ামশ্বমেধযজ্ঞো বভূবেত্যাশ্বমেধিকপর্ব্বণ্যুক্তম্, অত্রাশ্রমবাসিকপর্ব্বণ্যস্মিন্ প্রকরণে চ অশ্বমেধাৎ পরং পঞ্চদশবর্ষাণ্যতীতানি, ততঃ শ্রাদ্ধযজ্ঞো ববৃতে, ততো দশাহং যাবদ্দানানি সংবৃত্তানি ততশ্চ কার্ত্তিক্যাং ধৃতরাষ্ট্রস্য তপোবনে যাত্রেতি দর্শনাৎ মুখ্য-চান্দ্রাশ্বিনামাবস্যায়ামেব সাংবৎসরিকশ্রাদ্ধবিধয়া ভীষ্মাদীনাং মহাড়ম্বরপূর্ণং শ্রাদ্ধং বভূব। শান্তিপর্ব্বোক্তজলপ্রদানকাল এব প্রেতশ্রাদ্ধকরণসম্ভবাৎ বিভিন্নদিনমৃতানাং মৃততিথ্যব-ধারণাসম্ভবেন কৃষ্ণৈকাদশ্যমাবাস্যয়োরেব চ অবিদিতমৃততিথিকানাং শ্রাদ্ধবিধানাৎ কার্ত্তিকী-সান্নিধ্যাৎ শুক্লপক্ষে চ দানপ্রশস্ত্যাচ্চেতি সুধীভিরূহ্যেয়ম্। গবেষণানিপুণৈশ্চাস্মৎপ্রণীতং যুধিষ্ঠিরসময়নিরূপণপ্রবন্ধমিমং প্রবন্ধঞ্চ পর্য্যালোচ্য বৎসরোঽপি নিরূপয়িতুং শক্য ইতি ॥৭॥

অনিশমিতি। গণকাঃ কিয়ন্তো লোকা ইতি লোকসংখ্যাদিকারকাঃ। তং নৃপং যুধিষ্ঠিরম্, অপৃচ্ছন্ত ॥৮॥

কিমপৃচ্ছন্তেত্যাহ আজ্ঞাপয়েতি। তেষাম্ উপস্থিতম্ উপস্থিতিমাত্রমেব ॥৯॥

করিলেন এবং দ্রোণ, ভীষ্ম, বাহ্লীক, সোমদত্ত, রাজা দুর্য্যোধন, অন্যান্য পুত্র ও জয়দ্রথপ্রভৃতি সকল সুহৃদ্‌বর্গের নাম উল্লেখ করিয়া তাহাদের উদ্দেশেও ঐ সকল দ্রব্য পৃথক্ পৃথক্ ভাবে দান করিলেন ॥২—৬॥

তখন যুধিষ্ঠিরের মতানুসারে সেই শ্রাদ্ধযজ্ঞ চলিতে লাগিল। তাহাতে বহুতর গো ও ধন দক্ষিণারূপে প্রদত্ত হইতে থাকিল এবং সেইস্থানে অনেক ধনরত্ন ব্যয়ের জন্য প্রস্তুত রহিল ॥৭॥

যে স্থানে লোকসংখ্যাকারী ও লেখকপুরুষেরা তখন যুধিষ্ঠিরের বাক্যানু-সারে তাঁহাকে জিজ্ঞাসা করিয়াছিল—॥৮॥

'মহারাজ! ইহাকে কি দেওয়া উচিত, আমরাই বা কি দিব' তাহা আ

শতে দেয়ে দশশতং সহস্রে চাযুতং তথা।
দীয়তে বচনাদ্রাজ্ঞঃ কুন্তীপুত্রস্য ধীমতঃ ॥১০॥
এবং স বসুধারাভির্বর্ষমাণো নৃপাম্বুদঃ।
তর্পয়ামাস বিপ্রাংস্তান্ বর্ষন্ শস্যমিবাম্বুদঃ ॥১১॥
ততোঽনন্তরমেবাত্র সর্ব্ববর্ণান্ মহামতে!।
অন্নপানরসৌঘেন প্লাবয়ামাস পার্থিবঃ ॥১২॥
সবস্ত্রধনরত্নৌঘো মৃদঙ্গনিনদো মহান্।
গবাশ্বমকরাবর্ত্তো নানারত্নমহাকরঃ ॥১৩॥
গ্রামাগ্রহারদ্বীপাঢ্যো মণিহেমজলার্ণবঃ।
জগৎ সংপ্লবয়ামাস ধৃতরাষ্ট্রোড়ুপোদ্ধতঃ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শত ইতি। সহস্রে দেয়ে, অযুতং দশসহস্রাণি ॥১০॥

এবমিতি। বসূনাং ধনানাং ধারাভিঃ, নৃপ এব অম্বুদো মেঘঃ সঃ ॥১১॥

তত ইতি। সর্ব্ববর্ণান্ ব্রাহ্মণাদীন্। পার্থিবো যুধিষ্ঠিরঃ ॥১২॥

সেতি। সবস্ত্রাণি ধনান্যেব রত্নানি তেষামোঘো যত্র সঃ, মৃদঙ্গানাং নিনদ এব কল্লোলনিনাদো যত্র সঃ। গাবঃ অশ্বাশ্চৈব মকরা জলজন্তুবিশেষাস্তেষামাবর্ত্তো ভ্রমির্যত্র সঃ, নানারত্নানাম্ আকরঃ খনিঃ। গ্রামা অগ্রহারাঃ পূর্ব্বদেয়দ্রব্যাণি চ দ্বীপানি তৈরাঢ্যো যুক্তঃ, মণয়ো হেমানি স্বর্ণানি চ তেষামর্ণবঃ সমুদ্রঃ। ধৃতরাষ্ট্র এব উড়ুপং প্রবস্তেন উদ্ধত উদ্রিক্তঃ ॥১৩—১৪॥

করুন। তখন যুধিষ্ঠিরের আদেশের পরে সেই সকল লোক উপস্থিত হইবামাত্র সেই পুরুষেরা তাহা দান করিতে লাগিল ॥৯॥

বুদ্ধিমান্ কুন্তীনন্দন যুধিষ্ঠিরের আদেশানুসারে সেই লোকেরা এক শত দেওয়ার স্থলে এক সহস্র এবং এক সহস্র দেওয়ার স্থলে দশ সহস্র দান করিতে লাগিল ॥১০॥

মেঘ যেমন বর্ষণ করিয়া শস্যকে সন্তুষ্ট করে, সেইরূপ যুধিষ্ঠিররূপ মেঘ এইভাবে ধনধারা বর্ষণ করিয়া ব্রাহ্মণগণকে সন্তুষ্ট করিলেন ॥১১॥

মহামতি জনমেজয়! তাহার পর যুধিষ্ঠির অন্ন, পানীয় ও রসসমূহদ্বারা সকল বর্ণকেই আপ্যায়িত করিলেন ॥১২॥

তৎকালে সেই মণি ও স্বর্ণস্বরূপ জলের মহাসমুদ্র সমগ্র জগৎকে প্লাবিত করিয়াছিল। তাহাতে বস্ত্রসংযুক্ত ধনরূপ রত্নসমূহ ছিল, মৃদঙ্গের শব্দই তরঙ্গের শব্দরূপে চলিতেছিল, গো ও অশ্বই মকররূপে ঘুরিতেছিল, বহুবিধ রত্নের

এবং স পুত্রপৌত্রাণাং পিতৃণামাত্মনস্তথা।
গান্ধার্য্যাশ্চ মহারাজ! প্রদদাবৌর্দ্ধদেহিকম্ ॥১৫॥
পরিশ্রান্তো যদাসীৎ স দদদ্দানান্যনেকশঃ।
নিবর্ত্তযামাস তদা দানযজ্ঞং নরাধিপঃ ॥১৬॥
এবং স রাজা কৌরব্য! চক্রে দানমহাক্রতুম্।
নটনর্ত্তকলাস্যাঢ্যং বহ্বন্নরসদক্ষিণম্ ॥১৭॥
দশাহমেবং দানানি দত্ত্বা রাজাম্বিকাসুতঃ।
বভূব পুত্রপৌত্রাণামনৃণো ভরতর্ষভ! ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈয়াসিক্যামাশ্রমবাসিকপর্ব্বণি আশ্রমবাসে দানযজ্ঞে ষোড়শোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এবমিতি। স ধৃতরাষ্ট্রঃ, পিতৄণাং ভীষ্মাদীনাম্ ॥১৫॥

পরীতি। দদৎ কুর্ব্বন্। নিবর্ত্তযামাস সমাপ্তবান্ ॥১৬॥

এবমিতি। দানমেব মহাক্রতুর্মহাযজ্ঞস্তম্। নটনর্ত্তকানাং লাস্যেনাঢ্যং নৃত্যযুক্তম্, বহূনাম্ অন্নানাং রসানাঞ্চ দক্ষিণা দানং যত্র তম্ ॥১৭॥

দশেতি। দশাহং দশদিনং যাবৎ, দত্ত্বা কৃত্বা ॥১৮॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতাযাং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযা-
মাশ্রমবাসিকপর্ব্বণি ষোড়শোঽধ্যাযঃ ॥০॥

আকবরূপে তাহা দেখা যাইতেছিল, গ্রাম ও আসনাদি দ্রব্য দ্বীপরূপে দৃষ্টিগোচর হইতেছিল এবং ধৃতরাষ্ট্ররূপ ভেলা ভাসিতেছিল ॥১৩—১৪॥

মহারাজ! এইভাবে ধৃতরাষ্ট্র পুত্রগণ, পৌত্রগণ, পিতৃগণ, নিজের ও গান্ধারীর ঔর্দ্ধদেহিক দান করিলেন ॥১৫॥

রাজা ধৃতরাষ্ট্র যখন বহুতর দান করিতে থাকিয়া পরিশ্রান্ত হইলেন, তখন তিনি সেই দানযজ্ঞ সমাপ্ত করিলেন ॥১৬॥

কৌরবনন্দন! এইভাবে রাজা ধৃতরাষ্ট্র সেই দানরূপ মহাযজ্ঞ করিয়াছিলেন। তাহাতে নট ও নর্ত্তকদিগের নৃত্য চলিতেছিল এবং বহুতর অন্ন ও পানীয় বিতরণ হইতেছিল ॥১৭॥

ভরতশ্রেষ্ঠ! রাজা ধৃতরাষ্ট্র দশ দিন যাবৎ এইভাবে দান করিয়া, পুত্র ও পৌত্রপ্রভৃতির ঋণমুক্ত হইয়াছিলেন ॥১৮॥

---

* '…চতুর্দ্দশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '…পঞ্চদশোঽধ্যায়ঃ'—নি।

সপ্তদশোঽধ্যায়ঃ।

—:০:—

বৈশম্পায়ন উবাচ।

ততঃ প্রভাতে রাজা স ধৃতরাষ্ট্রোঽম্বিকাসুতঃ।
আহূয় পাণ্ডবান্ বীরান্ বনবাসে কৃতক্ষণঃ ॥১॥
গান্ধারীসহিতো ধীমানভ্যনন্দদ্‌যথাবিধি।
কার্ত্তিক্যাং কারয়িত্বেষ্টিং ব্রাহ্মণৈর্বেদপারগৈঃ ॥২॥ (যুগ্মকম্)
অগ্নিহোত্রং পুরস্কৃত্য বল্কলাজিনসংবৃতঃ।
বধূজনবৃতো রাজা নির্যযৌ ভবনাত্ততঃ ॥৩॥
ততঃ স্ত্রিয়ঃ কৌরবপাণ্ডবানাং যাশ্চাপরাঃ কৌরবরাজবংশ্যাঃ।
তাসাং নাদঃ প্রাদুরাসীত্তদানীং বৈচিত্রবীর্য্যে নৃপতৌ প্রয়াতে ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। কৃতঃ ক্ষণ উৎসবো যেন সঃ। "নির্ব্যাপারস্থিতৌ কালবিশেষোৎসবয়োঃ ক্ষণঃ" ইত্যমরঃ। অভ্যনন্দৎ আশীরালিঙ্গনাদিনা সমাদৃতবান্। কার্ত্তিক্যাং কার্ত্তিকমাসপূর্ণিমায়াম্, ইষ্টিং যাত্রাপূর্ব্বকর্ত্তব্যং যাগম্ ॥১—২॥

অগ্নীতি। অগ্নিহোত্রং তদুপকরণকুণ্ডাদিকম্, পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য ॥৩॥

তত ইতি। নাদো বিচ্ছেদার্ত্তনাদঃ, বৈচিত্রবীর্য্যে বিচিত্রবীর্য্যপুত্রে ধৃতরাষ্ট্রে ॥৪॥

ভারতভাবদীপঃ

তদনেন প্রবন্ধেন প্রব্রজিষ্যতাং কুটুম্বানুমতিঃ পিতৃতর্পণং চাবশ্যকং তদন্যতরাকরণে প্রব্রজ্যাফলানিষ্পত্তিরিতি চ প্রদর্শ্য ধৃতরাষ্ট্রপ্রব্রজ্যাং বর্ণয়তি—ততঃ প্রভাতে ইত্যাদিনা ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর রাত্রি প্রভাত হইলে অম্বিকানন্দন বুদ্ধিমান্ রাজা ধৃতরাষ্ট্র গান্ধারীর সহিত বনবাসে কৃতসঙ্কল্প হইয়া, পাণ্ডবগণকে আহ্বান করিয়া বেদপারদর্শী ব্রাহ্মণগণদ্বারা যথাবিধানে কার্ত্তিকী পূর্ণিমাতে যাত্রাকালীন দেবপূজাদি করাইয়া সকলেরই অভিনন্দন করিলেন ॥১—২॥

ক্রমে রাজা ধৃতরাষ্ট্র, বল্কল ও মৃগচর্ম্ম পরিধানপূর্ব্বক অগ্নিহোত্রের উপকরণ হোমকুণ্ডপ্রভৃতি লইয়া বধূজনে পরিবেষ্টিত হইয়া সেই গৃহ হইতে নির্গত হইলেন ॥৩॥

তদনন্তর রাজা ধৃতরাষ্ট্র, প্রস্থানে উদ্যত হইলে কৌরব ও পাণ্ডবগণের যে সকল স্ত্রী এবং কৌরবরাজবংশজাত যে সমস্ত স্ত্রী উপস্থিত ছিলেন, তাঁহাদের তখন আর্ত্তনাদ উত্থিত হইল ॥৪॥

ততো লাজৈঃ সুমনোভিশ্চ রাজা বিচিত্রাভিস্তদ্‌গৃহং পূজয়িত্বা।
সম্পূজ্যার্থৈর্ভৃত্যবর্গঞ্চ সর্ব্বং ততঃ সমুৎসৃজ্য যযৌ নরেন্দ্রঃ ॥৫॥
ততো রাজা প্রাঞ্জলির্বেপমানো যুধিষ্ঠিরঃ সস্বরং বাষ্পকণ্ঠঃ।
বিনদ্যোচ্চৈর্হা মহারাজ! সাধো! ক যাস্যসীত্যপতত্তাত! ভূমৌ ॥৬॥
তথার্জ্জুনস্তীব্রদুঃখাভিতপ্তো মুহুর্ম্মুহুর্নিঃশ্বসন্ ভারতাগ্র্যঃ।
যুধিষ্ঠিরং মৈবমিত্যেবমুক্ত্বা নিগৃহ্যাথো দীনতরো বভূব ॥৭॥
বৃকোদরঃ ফাল্গুনশ্চৈব বীরৌ মাদ্রীপুত্রৌ বিদুরঃ সঞ্জয়শ্চ।
বৈশ্যাপুত্রঃ সহিতো গৌতমেন ধৌম্যো বিপ্রাশ্চান্বযুর্বাষ্পকণ্ঠাঃ ॥৮॥

ভারতকৌমুদী

তত ইতি। সুমনোভিঃ পুষ্পৈঃ। চিরবিচ্ছেদকালে চিরবাসস্থানপূজনং সদাচারসিদ্ধম্। অর্থৈর্ধনৈঃ, ভৃত্যবর্গং সংপূজ্য সন্তোষ্য, সর্ব্বং ধনজনাদিকং সমুৎসৃজ্য বিহায় ॥৫॥

তত ইতি। বেপমানঃ শোকাৎ কম্পমানঃ, সস্বরমুচ্চৈর্বিনদ্য রুদিত্বা 'হা সাধো তাত মহারাজ! ক যাস্যসি' ইতি উক্ত্বেতি শেষঃ, ভূমাবপতৎ ॥৬॥

তথেতি। ভারতাগ্র্যো ভরতবংশশ্রেষ্ঠঃ। নিগৃহ্য উত্তোলনায় ধৃত্বা ॥৭॥

বৃকোদর ইতি। বৃকোদরো ভীমঃ, ফাল্গুনোঽর্জ্জুনঃ। বৈশ্যাপুত্রো যুযুৎসুঃ, গৌতমেন কৃপেণ, ধৌম্যঃ পুরোহিতঃ, অন্বযুর্ধৃতরাষ্ট্রমনুজগ্মুঃ ॥৮॥

তৎপরে নরশ্রেষ্ঠ রাজা ধৃতরাষ্ট্র লাজ (খৈ) ও বিচিত্র পুষ্পদ্বারা সেই গৃহের পূজা এবং ধনদ্বারা ভৃত্যবর্গের সন্তোষবিধানপূর্ব্বক সকল পরিত্যাগ করিয়া প্রস্থান করিলেন ॥৫॥

তাহার পর রাজা যুধিষ্ঠির কৃতাঞ্জলি হইয়া কাঁপিতে থাকিয়া বাষ্পরুদ্ধ কণ্ঠে মুক্ত স্বরে রোদন করিয়া 'হা মহারাজ সাধুস্বভাব জ্যেষ্ঠতাত! আপনি কোথায় যাইবেন' এই বলিয়া ভূতলে পতিত হইলেন ॥৬॥

তখন ভরতবংশশ্রেষ্ঠ অর্জ্জুন গুরুতর দুঃখসন্তপ্ত হইয়া বার বার নিঃশ্বাস ত্যাগ করিতে থাকিয়া 'আপনি এরূপ করিবেন না' এই কথা বলিয়া যুধিষ্ঠিরকে ধরিয়া অত্যন্ত কাতর হইলেন ॥৭॥

বীর ভীমসেন, অর্জ্জুন, নকুল, সহদেব, বিদুর, সঞ্জয়, যুযুৎসু, কৃপাচার্য্য, ধৌম্য এবং অন্যান্য ব্রাহ্মণ বাষ্পরুদ্ধ কণ্ঠে ধৃতরাষ্ট্রের অনুসরণ করিতে লাগিলেন ॥৮॥

---

(৬) বিমুচ্যোচ্চৈর্মহানাদং হি সাধো—বঙ্গ বর্দ্ধ।
(৭)···নিগৃহ্যাথো দীনবৎ সীদমানঃ—পি বঙ্গ বর্দ্ধ।

কুন্তী গান্ধারীং বদ্ধনেত্রাং ব্রজন্তীং স্কন্ধাসক্তং হস্তমথোদ্বহন্তী।
রাজা গান্ধার্য্যাঃ স্কন্ধদেশেঽবসজ্য পাণিং যযৌ ধৃতরাষ্ট্রঃ প্রতীতঃ ॥৯॥
তথা কৃষ্ণা দ্রৌপদী সাত্বতী চ বালাপত্যা চোত্তরা কৌরবী চ।
চিত্রাঙ্গদা যাশ্চ কাশ্চিৎ স্ত্রিয়োঽন্যাঃ সার্দ্ধং রাজ্ঞা প্রস্থিতাস্তা বধূভিঃ ॥১০॥
তাসাং নাদো রুদতীনাং তদাসীদ্রাজন্! দুঃখাৎ কুররীণামিবোচ্চৈঃ।
ততো নিষ্পেতুর্ব্রাহ্মণক্ষত্রিয়াণাং বিট্‌শূদ্রাণাঞ্চৈব ভার্য্যাঃ সমন্তাৎ ॥১১॥
তন্নির্যাণে দুঃখিতঃ পৌরবর্গো গজাহ্বয়ে চৈব বভূব রাজন্!।
যথা পূর্বং গচ্ছতাং পাণ্ডবানাং দ্যূতে রাজন্! কৌরবাণাং সভায়াঃ ॥১২॥

ভারতকৌমুদী

কুন্তীতি। বদ্ধনেত্রাং বসনাবৃতনয়নাম্। সত্যাঃ পত্যনুকরণনিয়মাদিতি ভাবঃ। স্কন্ধে গান্ধার্য্যা এব স্কন্ধদেশে আসক্তং সংলগ্নং হস্তমুদ্বহন্তী ধারয়ন্তী কুন্তী। গান্ধার্য্যাঃ স্কন্ধদেশে পাণিং হস্তম্, অবসজ্য সংস্থাপ্য, প্রতীতঃ সন্তুষ্টচিত্তঃ ॥৯॥

তথেতি। কৃষ্ণা তদাখ্যা, সাত্বতী সাত্বতবংশীয়া সুভদ্রা, বালমপত্যং পুত্রো যস্যাঃ সা। রাজ্ঞা ধৃতরাষ্ট্রেণ, বধূভিঃ স্নুষাভিঃ ॥১০॥

তাসামিতি। কুররীণাং পক্ষিণীবিশেষাণাম্। নিষ্পেতুর্নির্জগ্মুঃ ॥১১॥

তদিতি। তস্য ধৃতরাষ্ট্রস্য নির্যাণে নির্গমনে, গজাহ্বয়ে হস্তিনানগরে। গচ্ছতাং বনে প্রতিষ্ঠমানানাং দ্যূতে দ্যূতক্রীডাকালে ॥১২॥

ভারতভাবদীপঃ

ইষ্টিম্ উদবসনীয়াখ্যাম্ ॥২—৮॥ কুন্তী গান্ধারীমনযদিতি শেষঃ; কিম্ভূতা অর্থাদ্‌গান্ধার্য্যা হস্তং স্কন্ধাসক্তমুদ্বহন্তী ॥৯—১৩॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে সপ্তদশোঽধ্যায়ঃ ॥১৭॥

কুন্তীদেবী বস্ত্রাবৃতনয়না গান্ধারীর স্কন্ধদেশে হাত রাখিয়া তাঁহার অনুগমন করিতে লাগিলেন। আর রাজা ধৃতরাষ্ট্র গান্ধারীর স্কন্ধদেশে হস্ত স্থাপন করিয়া সন্তুষ্ট চিত্তে যাইতে থাকিলেন ॥৯॥

এবং দ্রুপদনন্দিনী কৃষ্ণা, সুভদ্রা, বালকপুত্রা কৌরববধূ উত্তরা ও চিত্রাঙ্গদা, আর অন্য যে কিছু স্ত্রীলোক ছিলেন, তাঁহারা স্বস্ব পুত্রবধূদের সহিত মিলিত হইয়া ধৃতরাষ্ট্রের সঙ্গে গমন করিতে লাগিলেন ॥১০॥

রাজা! তৎকালে দুঃখে রোরুদ্যমানা সেই নারীগণের কুররীপক্ষিণীগণের ন্যায় উচ্চ আর্ত্তনাদ উত্থিত হইল। তাহার পর ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র-গণের ভার্য্যারাও সকল দিক্ হইতে নির্গত হইলেন ॥১১॥

যা নাপশ্যংশ্চন্দ্রমসং ন সূর্য্যং রামাঃ কদাচিদপি তস্মিন্নরেন্দ্রে।
মহাবনং গচ্ছতি কৌরবেন্দ্রে শোকেনার্ত্তা রাজমার্গং প্রপেদুঃ ॥১৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে ধৃতরাষ্ট্রনির্যাণে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥ *

—০—

অষ্টাদশোঽধ্যায়ঃ।

—:০:—

বৈশম্পায়ন উবাচ।
ততঃ প্রাসাদহর্ম্ম্যেষু বসুধায়াঞ্চ পার্থিব।।
নারীণাঞ্চ নরাণাঞ্চ নিঃস্বনঃ সুমহানভূৎ ॥১॥

ভারতকৌমুদী

যা ইতি। রামা স্ত্রিয়ঃ। তস্মিন্ ধৃতরাষ্ট্রে। প্রপেদুর্জগ্মুঃ ॥১৩॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি
আশ্রমবাসে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। দেবানাং রাজ্ঞাঞ্চ ভবনানি প্রাসাদাঃ, ধনিনাং ভবনানি চ হর্ম্ম্যাণি তেষু, বসুধায়াং ভূতলে চ ॥১॥

রাজা। পূর্ব্বে দ্যূতক্রীড়ায় পরাজিত হইয়া পাণ্ডবগণ সভা হইতে প্রস্থান করিতে লাগিলে পুরবাসিগণ যেমন দুঃখিত হইয়াছিল, তেমন সেই ধৃতরাষ্ট্রের নির্গমনের সময়েও হস্তিনানগরের পুরবাসিগণ দুঃখিত হইল ॥১২॥

যাঁহারা কখনও চন্দ্রকে বা সূর্য্যকে দেখেন নাই, সেই সকল নারী ধৃতরাষ্ট্র তপোবনে প্রস্থান করিতে লাগিলে শোকার্ত্ত হইয়া রাজপথে আসিয়া উপস্থিত হইলেন ॥১৩॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—'রাজা। তাহার পর রাজভবনে, ধনিগৃহে ও ভূতলে অসংখ্য নরনারীর বিশাল কোলাহল হইতে লাগিল ॥১॥

* '..পঞ্চদশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '.. ষোড়শোঽধ্যায়ঃ'—নি।

স রাজা রাজমার্গেণ নৃনারীসঙ্কুলেন চ।
কথঞ্চিন্নির্যযৌ ধীমান্ বেপমানঃ কৃতাঞ্জলিঃ ॥২॥
স বর্দ্ধমানদ্বারেণ নির্যযৌ গজসাহ্বয়াৎ।
বিসর্জ্জয়ামাস চ তং জনৌঘং স মুহুর্ম্মুহুঃ ॥৩॥
বনং গন্তুঞ্চ বিদুরো রাজ্ঞা সহ কৃতক্ষণঃ।
সঞ্জয়শ্চ মহামাত্রঃ সূতো গাবল্গণিস্তথা ॥৪॥
কৃপং নিবর্ত্তয়ামাস যুযুৎসুঞ্চ মহারথম্।
ধৃতরাষ্ট্রো মহীপালঃ পরিদাপ্য যুধিষ্ঠিরে ॥৫॥
নিবৃত্তে পৌরবর্গে চ রাজা সান্তঃপুরস্তদা।
ধৃতরাষ্ট্রাভ্যনুজ্ঞাতো নিবর্ত্তিতুমিয়েষ হ ॥৬॥

ভারতকৌমুদী

স ইতি। রাজা ধৃতরাষ্ট্রঃ, নৃনারীভিঃ সঙ্কুলেন ব্যাপ্তেন। কথঞ্চিৎ কষ্টেন ॥২॥

স ইতি। বর্দ্ধমানং বিশালং যদ্দ্বারং তেন, গজসাহ্বয়াৎ হস্তিনানগরাৎ ॥৩॥

বনমিতি। কৃতক্ষণঃ কৃতসঙ্কল্পঃ। মহামাত্রশ্চিরসহচরঃ সচিবঃ, সূতঃ সারথিবংশীয়ঃ, গবল্গণস্যাপত্যমিতি গাবল্গণিঃ ॥৪॥

কৃপমিতি। কৃপং প্রায়েণ সমবয়স্কতয়া সহ গন্তুমিচ্ছুম্, যুযুৎসুঞ্চ পুত্রত্বাৎ পিত্রা সহ যিযাসুমিত্যভিপ্রায়ঃ। পরিদাপ্য নিক্ষিপ্য ॥৫॥

নিবৃত্ত ইতি। রাজা যুধিষ্ঠিরঃ, অন্তঃপুরৈস্তদ্বাসিনীভিঃ স্ত্রীভিঃ সহেতি সান্তঃপুরঃ ॥৬॥

তখন বুদ্ধিমান্ রাজা ধৃতরাষ্ট্র, কৃতাঞ্জলি হইয়া কম্পিত কলেবরে নরনারী পরিব্যাপ্ত রাজপথে কোন প্রকারে নির্গত হইলেন ॥২॥

ক্রমে তিনি বিশাল দ্বার দিয়া হস্তিনা হইতে নির্গত হইলেন এবং সেই লোকসমূহকে বার বার বিদায় দিতে লাগিলেন ॥৩॥

এই সময়ে বিদুর এবং গবল্গণপুত্র সারথিবংশীয় চিরসহচর সঞ্জয় ধৃতরাষ্ট্রের সহিত বনগমনে ইচ্ছা করিলেন ॥৪॥

কিন্তু মহারথ কৃপাচার্য্য এবং যুযুৎসুও ধৃতরাষ্ট্রের সহিত বনে যাইবার ইচ্ছা করিলে, রাজা ধৃতরাষ্ট্র, তাঁহাদিগকে যুধিষ্ঠিরের হস্তে সমর্পণ করিয়া নিবৃত্ত করিলেন ॥৫॥

পুরবাসিগণ নিবৃত্তি পাইলে, তখন ধৃতরাষ্ট্রের অনুমতিক্রমে যুধিষ্ঠির অন্তঃপুরবাসিনী নারীগণের সহিত নিবৃত্তি পাইবার ইচ্ছা করিলেন ॥৬॥

সোঽব্রবীন্মাতরং কুন্তীং বনং তমনুজগ্মুষীম্।
অহং রাজানমন্বিষ্যে ভবতী বিনিবর্ত্ততাম্ ॥৭॥
বধূপরিবৃতা রাজ্ঞি! নগরং গন্তুমর্হসি।
রাজা যাত্বেষ ধর্ম্মাত্মা তাপস্যে কৃতনিশ্চয়ঃ ॥৮॥
ইত্যুক্তা ধর্ম্মরাজেন বাষ্পব্যাকুললোচনা।
জগামৈব তদা কুন্তী গান্ধারীং পরিগৃহ্য হ ॥৯॥

কুন্ত্যুবাচ।

সহদেবে মহারাজ! মাঽপ্রসাদং কৃথাঃ ক্বচিৎ।
এষ মামনুরক্তো হি রাজন্! ত্বাং চৈব সর্ব্বদা ॥১০॥
কর্ণং স্মরেথাঃ সততং সংগ্রামেষ্বপলায়িনম্।
অবকীর্ণো হি স ময়া বীরো দুষ্প্রজ্ঞয়া তদা ॥১১॥

ভারতকৌমুদী

স ইতি। স রাজা যুধিষ্ঠিরঃ, তং ধৃতরাষ্ট্রম্ অনুজগ্মুষীম্ অনুগতবতীম্। রাজানং ধৃতরাষ্ট্রম্, অন্বিষ্যে অনুগচ্ছামি শুশ্রূষার্থমিতি ভাবঃ ॥৭॥

বধ্বিতি। হে রাজ্ঞি! মাতঃ কুন্তি!। এষ রাজা ধৃতরাষ্ট্রঃ ॥৮॥

ইতীতি। বাষ্পেণ অশ্রুজলেন ব্যাকুলে ব্যাপ্তে লোচনে যস্যাঃ সা। পরিগৃহ্য ধৃত্বা ॥৯॥

সহেতি। অপ্রসাদমপ্রসন্নতাম্। এষ সহদেবঃ ॥১০॥

কর্ণমিতি। ময়া তদা দুষ্প্রজ্ঞয়া দুর্বুদ্ধ্যা স বীরঃ কর্ণঃ, অবকীর্ণঃ পরিত্যক্তঃ ॥১১॥

এই সময়ে মাতা কুন্তীদেবী ধৃতরাষ্ট্রের সহিত বনে গমন করিতেছেন দেখিয়া, যুধিষ্ঠির তাঁহাকে বলিলেন—'মা! আমি রাজার অনুসরণ করিতেছি, আপনি ফিরুন ॥৭॥

রাজ্ঞি! আপনি বধূগণে পরিবেষ্টিত হইয়া নগরে গমন করুন; আর এই ধর্ম্মাত্মা রাজা ধৃতরাষ্ট্র, তপস্যায় কৃতনিশ্চয় হইয়াছেন বলিয়া, ইনি বনে গমন করুন' ॥৮॥

যুধিষ্ঠির এই কথা বলিলেও তখন অশ্রুপূর্ণনয়না কুন্তী গান্ধারীকে ধরিয়া গমন করিতেই লাগিলেন ॥৯॥

পরে কুন্তী বলিলেন—'মহারাজ! তুমি কখনও সহদেবের প্রতি অসন্তোষ প্রকাশ করিও না। কারণ, রাজা! সহদেব সর্ব্বদাই তোমার ও আমার প্রতি অনুরক্ত আছে ॥১০॥

---

(৭) উপেত্য ভরতর্ষভ!—নি।

(১১) অবকীর্ণো হি সময়ে—পি বঙ্গ বর্দ্ধ।

আয়সং হৃদয়ং নূনং মন্দায়া মম পুত্রক ।।
যৎ সূর্য্যজমপশ্যন্ত্যাঃ শতধা ন বিদীর্য্যতে ॥১২॥
এবংগতে তু কিং শক্যং ময়া কর্ত্তুমরিন্দম ।।
মম দোষোঽয়মত্যর্থং খ্যাপিতো যন্ন সূর্য্যজঃ ॥১৩॥
তন্নিমিত্তং মহাবাহো ! দানং দদ্যাস্ত্বমুত্তমম্ ।
সদৈব ভ্রাতৃভিঃ সার্দ্ধং সূর্য্যজস্যারিমর্দ্দন ! ॥১৪॥
দ্রৌপদ্যাশ্চ প্রিয়ে নিত্যং স্থাতব্যমরিকর্শন ।।
ভীমসেনোঽর্জ্জুনশ্চৈব নকুলশ্চ কুরূদ্বহ ।।
সমাধেয়াস্ত্বয়া রাজন্ ! ত্বয্যদ্য কুলধূর্গতা ॥১৫॥
শ্বশ্রূশ্বশুরযোঃ পাদান্ শুশ্রূষন্তী বনে ত্বহম্ ।
গান্ধারীসহিতা বৎস্যে তাপসী মলপঙ্কিনী ॥১৬॥

ভারতকৌমুদী

আয়সমিতি। আয়সং লৌহময়ম্। সূর্য্যজং তং কর্ণমপশ্যন্ত্যা মম, যদ্ধৃদয়ং শতধা ন বিদীর্য্যতে ॥১২॥

এবমিতি। এবংগতে ঈদৃশে ব্যাপারে জাতে। খ্যাপিতো মদ্গর্ভজাততয়া ন প্রকাশিতঃ ॥১৩॥

তদিতি। সূর্য্যজস্য মদ্গর্ভে সূর্য্যাদুৎপন্নস্য কর্ণস্য লোকান্তরে সুখার্থমিতি শেষঃ ॥১৪॥

দ্রৌপদ্যা ইতি। সমাধেয়া সৌহার্দ্দে স্থাপয়িতব্যাঃ, কুলধূর্বংশভারঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

আর তুমি সর্ব্বদাই যুদ্ধে অপলায়ী কর্ণকে স্মরণ করিও। কারণ, আমি তখন দুর্বুদ্ধিবশতই সেই বীরকে পরিত্যাগ করিয়াছিলাম ॥১১॥

পুত্র ! আমার গর্ভে সূর্য্য হইতে উৎপন্ন কর্ণকে না দেখায়ও যে হৃদয় শতধা বিদীর্ণ হইতেছে না, মূঢ়া আমার সেই হৃদয় নিশ্চয়ই লৌহময় ॥১২॥

শত্রুদমন ! এইরূপ ঘটনায় (বনে যাওয়া ছাড়া) আমি আর কি করিতে পারি। আমার এটা গুরুতর দোষ যে, আমি আমার গর্ভে সূর্য্য হইতে উৎপন্ন বলিয়া কর্ণকে প্রকাশ করি নাই ॥১৩॥

অতএব মহাবাহু শত্রুদমন ! তুমি সর্ব্বদাই ভ্রাতৃগণের সহিত মিলিত হইয়া কর্ণের নিমিত্ত উত্তম দান করিও ॥১৪॥

শত্রুদমন ! তুমি সর্ব্বদাই দ্রৌপদীর প্রীতিকর কার্য্যে ব্যাপৃত থাকিবে ; আর কুরুকুলশ্রেষ্ঠ ! তুমি সর্বদাই ভীম, অর্জ্জুন ও নকুলকে সৌহার্দ্দে রাখিবে। কারণ, রাজা ! এখন বংশের ভার তোমার উপরে গিয়াছে ॥১৫॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তঃ স ধর্ম্মাত্মা ভ্রাতৃভিঃ সহিতো বশী।
বিষাদমগমদ্ধীমান্ ন চ কিঞ্চিদুবাচ হ ॥১৭॥
মুহূর্ত্তমিব তু ধ্যাত্বা ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
উবাচ মাতরং দীনশ্চিন্তাশোকপরায়ণঃ ॥১৮॥
কিমিদং তে ব্যবসিতং নৈবং ত্বং বক্তুমর্হসি।
ন ত্বামভ্যনুজানামি প্রসাদং কর্ত্তুমর্হসি ॥১৯॥
পুরোদ্যতান্ পুরা হৃস্মানুৎসাহ্য প্রিয়দর্শনে।।
বিদুলায়া বচোভিস্ত্বং নাস্মান্ সংত্যক্তুমর্হসি ॥২০॥

ভারতকৌমুদী

শ্বশ্রূতি। শ্বশ্রূশ্বশুরয়োস্তত্তুল্যয়োর্গান্ধারীধৃতরাষ্ট্রয়োঃ। বৎস্যে স্থাস্যামি, মলপঙ্কিনী নিস্পৃহতয়া দেহমার্জ্জনশূন্যেতি ভাবঃ ॥১৬॥

এবমিতি। স যুধিষ্ঠিরঃ, বশী স্বাধীনচেতাঃ। অতএব মাতৃবিচ্ছেদবিষাদং সোঢ়বানিতি ভাবঃ ॥১৭॥

মুহূর্ত্তমিতি। দীনঃ কাতরচেতাঃ সন্ ॥১৮॥

কিমিতি। তে ত্বয়া, ব্যবসিতমারব্ধম্। অভ্যনুজানামি তপোবনগমনায় ॥১৯॥

পুরেতি। পুরা পূর্ব্বং পুরাৎ নগরাৎ উদ্যতান্ গন্তুমুদ্যুক্তান্। বিদুলাযাস্তদাখ্যায়া নার্য্যাঃ, বচোভিঃ প্রাগুক্তৈর্বাক্যৈঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

শুত ইতি ॥১—৯॥ মাপ্রসাদম্ অপ্রসাদমিতি ছেদঃ ॥১০—১৫॥ শ্বশ্রূশ্বশুরয়োঃ জ্যেষ্ঠত্বাদ্-ধৃতরাষ্ট্রঃ পাণ্ডোঃ পিতৃসমত্বেন কুন্ত্যাঃ স শ্বশুর ইতি ॥১৬—১৯॥ পুরোদ্যতান্ পুরাদ্বহির্গন্তু-

কিন্তু আমি শ্বশ্রূ ও শ্বশুরের তুল্য গান্ধারী ও ধৃতরাষ্ট্রের চরণশুশ্রূষা করিতে থাকিয়া, তপস্বিনী ও মলপঙ্কলিপ্তা হইয়া গান্ধারীর সহিত তপোবনে বাস করিব' ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—কুন্তী এইরূপ বলিলে, ধর্ম্মাত্মা, স্বাধীন চিত্ত ও বুদ্ধিমান্ যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত বিষণ্ণ হইলেন; কিন্তু কিছুই বলিলেন না ॥১৭॥

কিছু কাল চিন্তা করিয়া ধর্ম্মরাজ যুধিষ্ঠির চিন্তা ও শোকযুক্ত এবং কাতর হইয়া মাতাকে বলিলেন—॥১৮॥

'দেবি। আপনি এটা কি আরম্ভ করিয়াছেন, আপনি এরূপ বলিতেই পারেন না; আমি আপনাকে তপোবনে যাইবার অনুমতি দিতে পারি না, আপনি আমাদের প্রতি অনুগ্রহ করুন ॥১৯॥

নিহত্য পৃথিবীপালান্ রাজ্যং প্রাপ্তমিদং ময়া।
তব প্রজ্ঞামুপশ্রুত্য বাসুদেবান্নরর্ষভাৎ ॥২১॥
ক সা বুদ্ধিরিয়ং চাদ্য ভবত্যা যা শ্রুতা ময়া।
ক্ষত্রধর্ম্মে স্থিতিং ত্যক্ত্বা ন প্রয়াতুমিহার্হসি ॥২২॥
অস্মানুৎসৃজ্য রাজ্যঞ্চ স্নুষাহীনা যশস্বিনি!।
কথং বৎস্যসি দুর্গেষু বনেম্বদ্য প্রসীদ মে ॥২৩॥
ইতি বাষ্পকলা বাচঃ কুন্তী পুত্রস্য শৃণ্বতী।
জগামৈবাশ্রুপূর্ণাক্ষী ভীমস্তামিদমব্রবীৎ ॥২৪॥
যদা রাজ্যমিদং কুন্তি! ভোক্তব্যং পুত্রনির্জ্জিতম্।
প্রাপ্তব্যা রাজধর্ম্মাশ্চ তদেয়ং তে কুতো মতিঃ ॥২৫॥

ভারতকৌমুদী

নিহত্যেতি। প্রজ্ঞাং বুদ্ধিং বুদ্ধিপ্রযুক্তমুপদেশমিত্যর্থঃ ॥২১॥
কেতি। ক গতেতি শেষঃ। স্থিতিং রাজ্যপালনরূপাম্ ॥২২॥
অস্মানিতি। স্নুষাহীনা পুত্রবধূরহিতা। দুর্গেষু দুর্গমেষু ॥২৩॥
ইতীতি। বাষ্পাণাং কলা লেশো যাসু তাঃ, পুত্রস্য যুধিষ্ঠিরস্য ॥২৪॥
যদেতি। ভোক্তব্যং ত্বয়া। ইয়ং বনবাসবিষয়া ॥২৫॥

প্রিয়দর্শনে। পূর্ব্বে আমরা নগর হইতে নির্গত হইবার উপক্রম করিলে, আপনি বিদুলার বাক্যদ্বারা উৎসাহিত করিয়া আমাদিগকে ত্যাগ করিতে পারেন নাই ॥২০॥

আমি আপনার এবং নরশ্রেষ্ঠ কৃষ্ণের উপদেশ শুনিয়া রাজগণকে বিনাশ করিয়া এই রাজ্য লাভ করিয়াছি ॥২১॥

আমি আপনার নিকট যে বুদ্ধি পাইয়াছিলাম, আজ সেই বুদ্ধি কোথায় গেল? আপনি এখন ক্ষত্রিয়ধর্ম্ম ত্যাগ করিয়া তপোবনে যাইতে পারেন না ॥২২॥

যশস্বিনি! আপনি আমাদিগকে ও রাজ্য পরিত্যাগ করিয়া পুত্রবধূবিহীনা হইয়া দুর্গম বনমধ্যে কি প্রকারে বাস করিবেন? অতএব আপনি আমার উপর প্রসন্ন হউন' ॥২৩॥

কুন্তী পুত্রের এই প্রকার অশ্রুযুক্ত বাক্য শুনিয়া এবং অশ্রুপূর্ণনয়না হইয়া গমন করিতেই লাগিলেন। তখন ভীম তাঁহাকে এই কথা বলিলেন—॥২৪॥

---

(২২) ভবত্যা বচ শ্রুতং ময়া। ক্ষত্রধর্ম্মে স্থিতিং চোক্তা তপশ্চরিতুমিচ্ছসি—পি বঙ্গ বর্দ্ধ।

কিং বয়ং কারিতাঃ পূর্ব্বং ভবত্যা পৃথিবীক্ষয়ম্।
কস্য হেতোঃ পরিত্যজ্য বনং গন্তুমভীপ্সসি ॥২৬॥
বনাচ্চাপি কিমানীতা ভবত্যা বালকা বয়ম্।
দুঃখশোকসমাবিষ্টৌ মাদ্রীপুত্রাবিমৌ তথা ॥২৭॥
প্রসীদ মাতঃ! মা গাস্ত্বং বনমদ্য যশস্বিনি!।
শ্রিয়ং যৌধিষ্ঠিরীং মাতঃ! ভুঙ্‌ক্ষ্ব তাবদ্বলার্জ্জিতাম্ ॥২৮॥
ইতি সা নিশ্চিতৈবাশু বনবাসায় ভাবিনী।
লালপ্যতাং বহুবিধং পুত্রাণাং নাকরোদ্বচঃ ॥২৯॥
দ্রৌপদী চান্বয়াচ্ছ্বশ্রূং বিষণ্ণবদনা তদা।
বনবাসায় গচ্ছন্তীং রুদতী ভদ্রয়া সহ ॥৩০॥

ভারতকৌমুদী

কিমিতি। পৃথিবীক্ষয়ং পৃথিবীস্থবহুলোকবিনাশম্ ॥২৬॥

বনাদিতি। বনাৎ শতশৃঙ্গপর্ব্বতস্থিতাৎ, আনীতা হস্তিনানগরে ॥২৭॥

প্রসীদেতি। শ্রিয়ং সম্পদম্ ॥২৮॥

ইতীতি। নিশ্চিতা কৃতনিশ্চয়া, ভাবিনী তাপসীভাববতী। লালপ্যতাং পুনঃ পুনর্লপতাম্ ॥২৯॥

দ্রৌপদীতি। অন্বয়াদন্বগচ্ছৎ, শ্বশ্রূং কুন্তীম্। ভদ্রয়া সুভদ্রয়া ॥৩০॥

'জননি কুন্তি! পুত্রনির্জ্জিত এই রাজ্য যখন আপনাকে ভোগ করিতেই হইবে এবং রাজধর্ম্মও পালন করিতে হইবে, তখন আপনার এই প্রকার বুদ্ধি হইল কেন? ॥২৫॥

পূর্ব্বে আপনি আমাদের দ্বারা পৃথিবী ধ্বংস করাইলেন কেন এবং এখনই বা কি জন্য সমস্ত পরিত্যাগ করিয়া বনে যাইতে ইচ্ছা করিতেছেন? ॥২৬॥

কি জন্যই বা আপনি বালক অবস্থায় আমাদিগকে এবং দুঃখশোকার্ত্ত নকুল ও সহদেবকে শতশৃঙ্গপর্ব্বতের বন হইতে হস্তিনায় আনয়ন করিয়াছিলেন ॥২৭॥

যশস্বিনি মা! আপনি প্রসন্ন হউন, এখন বনে যাইবেন না। মাতঃ! বলদ্বারা অর্জ্জিত যুধিষ্ঠিরস্থিত সম্পদ্ ভোগ করুন' ॥২৮॥

ভীম এইরূপ বলিলেও তাপসীভাবসম্পন্না কুন্তী বনবাসে কৃতনিশ্চয়ই থাকিলেন; কিন্তু পুত্রেরা নানাবিধ বিলাপ করিতে লাগিলেও, তাহাদের বাক্য পালন করিলেন না ॥২৯॥

সা পুত্রান্ রুদতঃ সর্বান্ মুহুর্মুহুরবেক্ষতী।
জগামৈব মহাপ্রাজ্ঞা বনায় কৃতনিশ্চয়া ॥৩১॥
অন্বয়ুঃ পাণ্ডবাস্তাং তু সভৃত্যান্তঃপুরাস্তথা।
ততঃ প্রমৃজ্য সাশ্রূণি পুত্রান্ বচনমব্রবীৎ ॥৩২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-পর্ব্বণি আশ্রমবাসে কুন্তীবনপ্রস্থানে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

ঊনবিংশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

কুন্ত্যুবাচ।

এবমেতন্মহাবাহো! যথা বদসি পাণ্ডব!।
কৃতমুদ্ধরণং পূর্ব্বং ময়া বঃ সীদতাং নৃপাঃ! ॥১॥

ভারতকৌমুদী

সেতি। সা কুন্তী, অবেক্ষতী অবেক্ষমাণা ॥৩১॥

অন্বয়ুরিতি। তাং কুন্তীম্, ভৃত্যৈঃ অন্তঃপুরৈঃ অন্তঃপুরস্থিতাভিঃ নারীভিঃ সহেতি তে ॥৩২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-মাশ্রমবাসিকপর্ব্বণি অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

মুগ্ধতান্ বিদুলায়া বচোভিঃ উৎসাহ্য উৎসাহযুক্তান্ কৃত্বা ॥২০—২৯॥ ভদ্রয়া সুভদ্রয়া ॥৩০—৩২॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিক-পর্ব্বণি আশ্রমবাসে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥১৮॥

তখন কুন্তী বনবাসের জন্য গমন করিতে লাগিলে, বিষণ্ণবদনা দ্রৌপদী সুভদ্রার সহিত রোদন করিতে থাকিয়া তাঁহার অনুসরণ করিতে লাগিলেন ॥৩০॥

মহাপ্রাজ্ঞা কুন্তী বনবাসে কৃতনিশ্চয় হইয়া রোরুদ্যমান সকল পুত্রের প্রতি বার বার দৃষ্টিপাত করিতে থাকিয়া গমন করিতেই লাগিলেন ॥৩১॥

তখন পাণ্ডবগণ ভৃত্যবর্গ ও অন্তঃপুরবাসিনীগণের সহিত কুন্তীর অনুগমন করিতে লাগিলেন। তাহার পর কুন্তী অশ্রুমোচন করিতে থাকিয়া পুত্রগণকে এই কথা বলিলেন ॥৩২॥

* '...ষোড়শোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...সপ্তদশোঽধ্যায়ঃ'—নি।

দ্যূতাপহৃতরাজ্যানাং পতিতানাং সুখাদপি।
জ্ঞাতিভিঃ পরিভূতানাং কৃতমুদ্ধরণং ময়া ॥২॥
কথং পাণ্ডোর্ন নশ্যেত সন্ততিঃ পুরুষর্ষভাঃ।
যশশ্চ বো ন নশ্যেত ইতি চোদ্ধরণং কৃতম্ ॥৩॥
যূয়মিন্দ্রসমাঃ সর্ব্বে দেবতুল্যপরাক্রমাঃ।
মা পরেষাং সুখপ্রেক্ষাঃ স্থেত্যেবং তৎ কৃতং ময়া ॥৪॥
কথং ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠো রাজা ত্বং বাসবোপমঃ।
পুনর্বনে ন দুঃখী স্যা ইতি চোদ্ধরণং কৃতম্ ॥৫॥

ভারতকৌমুদী

এবমিতি। হে নৃপাঃ পাণ্ডবাঃ! ময়া পূর্ব্বং সীদতাং রাজ্যান্নিষ্কাশিততয়া অবসাদং প্রাপ্নুবতাম্, বো যুষ্মাকম্, যুদ্ধপ্ররোচনয়া উদ্ধরণমুদ্ধারঃ কৃতম্ ॥১॥

দ্যূতেতি। দ্যূতেন অপহৃতং রাজ্যং তেষাং তেষাম্, সুখাদপি পতিতানাং বিচ্যুতানাম্ ॥২॥

কথমিতি। বো যুষ্মাকম্। ইতি হেতোঃ ॥৩॥

যূয়মিতি। সুখং প্রেক্ষন্তে পশ্যন্তীতি তে, স্থ তিষ্ঠথ, তদুদ্ধরণম্ ॥৪॥

কথমিতি। ত্বং যুধিষ্ঠিরঃ, বাসবোপম ইন্দ্রতুল্যঃ ॥৫॥

কুন্তী বলিলেন—'পাণ্ডুনন্দন মহাবাহু ভীম! তুমি যাহা বলিলে, তাহা সত্য। হে রাজগণ! তোমরা রাজ্য হইতে নিষ্কাশিত হওয়ায় অবসন্ন হইতেছিলে, সেই জন্যই আমি পূর্বে তোমাদিগকে যুদ্ধ করিবার উপদেশ দিয়া উদ্ধার করিয়াছি ॥১॥

জ্ঞাতিরা দ্যূতক্রীড়াদ্বারা তোমাদের রাজ্য অপহরণ করিয়াছিল এবং তোমরা পরিভূত ও সুখ হইতে বিচ্যুত হইয়াছিলে, সেই জন্যই আমি উপদেশ দিয়া তোমাদিগকে উদ্ধার করিয়াছি ॥২॥

পুরুষশ্রেষ্ঠগণ! কি করিয়া পাণ্ডুর বংশ লোপ না পায় এবং কি প্রকারেই বা তোমাদের যশ নষ্ট না হয়, এই জন্যই আমি তোমাদিগকে উদ্ধার করিয়াছি ॥৩॥

তোমরা সকলেই ইন্দ্রের তুল্য এবং দেবগণের তুল্য পরাক্রমশালী হইয়াও পরের সুখদর্শী হইয়া না থাক, এই জন্যই আমি তাহা করিয়াছিলাম ॥৪॥

যুধিষ্ঠির! তুমি ধার্ম্মিকশ্রেষ্ঠ এবং ইন্দ্রের তুল্য রাজা হইয়াও পুনরায় বনে যাইয়া কি প্রকারে দুঃখভোগ না কর, এই জন্যই আমি তোমাকে উদ্ধার করিয়াছি ॥৫॥

---

(১) কৃতমুদ্ধর্ষণং পূর্ব্বং—পি বঙ্গ বৰ্দ্ধ। এবং সর্ব্বত্র। (৪) মা পরেষাং মুখপ্রেক্ষাঃ—নি।

নাগাযুতসমপ্রাণঃ খ্যাতবিক্রমপৌরুষঃ।
নায়ং ভীমোঽত্যয়ং গচ্ছেদিতি চোদ্ধরণং কৃতম্ ॥৬॥
ভীমসেনাদবরজস্তথায়ং বাসবোপমঃ।
বিজয়ো নাবসীদেত ইতি চোদ্ধরণং কৃতম্ ॥৭॥
নকুলঃ সহদেবশ্চ তথেমৌ গুরুবর্ত্তিনৌ।
ক্ষুধা কথং ন সীদেতামিতি চোদ্ধরণং কৃতম্ ॥৮॥
ইয়ঞ্চ বৃহতী শ্যামা তথাত্যায়তলোচনা।
বৃথা সভাতলে ক্লিষ্টা মা ভূদিতি চ তৎ কৃতম্ ॥৯॥
প্রেক্ষতামেব বো ভীম! বেপন্তীং কদলীমিব।
স্ত্রীধর্ম্মিণীমরিষ্টাঙ্গীং তথা দ্যূতপরাজিতাম্ ॥১০॥
দুঃশাসনো যদা মৌর্খ্যাদ্দাসীবৎ পর্য্যকর্ষত।
তদৈব বিদিতং মহ্যং পরাভূতমিদং কুলম্ ॥১১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নাগেতি। নাগানাং হস্তিনাম্ অযুতস্য দশ সহস্রাণাং সমঃ সমানঃ প্রাণো বলং যস্য সঃ, খ্যাতে প্রসিদ্ধে বিক্রমপৌরুষে যস্য সঃ। অত্যয়ং কষ্টম্ ॥৬॥

ভীমেতি। অবরজঃ কনিষ্ঠঃ। বিজয়োঽর্জ্জুনঃ ॥৭॥

নকুল ইতি। গুরুষু মাতৃভ্রাতৃপ্রভৃতিষু বর্ত্তেতে অধীনভাবেন তিষ্ঠত ইতি গুরুবর্ত্তিনৌ ॥৮॥

ইয়মিতি। ইয়ং দ্রৌপদী, শ্যামা শ্যামবর্ণা, আয়তলোচনা দীর্ঘনয়না। মা ভূৎ পুনস্তাদৃশ-ক্লিষ্টেতি শেষঃ ॥৯॥

প্রেক্ষতামিতি। প্রেক্ষতাং প্রেক্ষমাণানাম্, বো যুষ্মাকম্, বেপন্তীং কম্পমানাম্। স্ত্রীধর্ম্মো রজঃ অস্যা অস্তীতি তাং রজস্বলাম্, অরিষ্টাঙ্গীং সুলক্ষণগাত্রীং দ্রৌপদীমিতি শেষঃ। মহ্যং মম, পরাভূতং নিকৃষ্টং জাতম্ ॥১০—১১॥

দশ সহস্র হস্তীর তুল্য বলশালী এবং বিখ্যাত বিক্রম ও পুরুষকারসম্পন্ন এই ভীম কষ্টভোগ না করে, এই জন্যই ইহার উদ্ধার করিয়াছি ॥৬॥

ভীমসেনের কনিষ্ঠ, ইন্দ্রের তুল্য পরাক্রমশালী এই অর্জ্জুন অবসন্ন না হয়, এই জন্যই তাহাকে উদ্ধার করিয়াছি ॥৭॥

গুরুজনের অধীন এই নকুল ও সহদেব ক্ষুধায় কি প্রকারে কষ্ট না পায়, এই জন্যই তোমাদিগকে উপদেশ দিয়া উদ্ধার করিয়াছি ॥৮॥

মহাভাগা, শ্যামবর্ণা ও আয়তনয়না এই দ্রৌপদী একবার সভায় কষ্ট পাইয়াছেন, আবার সেরূপ কষ্ট না পান, এই জন্যই আমি তাহা করিয়াছি ॥৯॥

ভীম! যখন দুঃশাসন মূর্খতাবশতঃ তোমাদের সাক্ষাতেই কদলীবৃক্ষের ন্যায় কম্পমানা, রজস্বলা, সুলক্ষণা ও দ্যূতপরাজিতা এই দ্রৌপদীকে দাসীর

বিষণ্ণাঃ কুরবশ্চৈব তদা মে শ্বশুরাদয়ঃ।
সা দৈবং নাথমিচ্ছন্তী ব্যলপৎ কুররী যথা ॥১২॥
কেশপক্ষে পরামৃষ্টা পাপেন হতবুদ্ধিনা।
যদা দুঃশাসনেনৈষা তদা মুহ্যাম্যহং নৃপাঃ! ॥১৩॥
যুষ্মত্তেজোবিবৃদ্ধ্যর্থং ময়া হ্যুদ্ধর্ষণং কৃতম্।
তদানীং বিদুলাবাক্যৈরিতি তদ্বিত্ত পুত্রকাঃ! ॥১৪॥
কথং ন রাজবংশোঽয়ং নশ্যেৎ প্রাপ্য সুতান্মম।
পাণ্ডোরিতি ময়া পুত্রাঃ! তস্মাদুদ্ধরণং কৃতম্ ॥১৫॥
ন তস্য পুত্রাঃ পৌত্রা বা ক্ষতবংশস্য পার্থিব!।
লভন্তে সুকৃতাল্লোঁকান্ যস্মাদ্বংশঃ প্রণশ্যতি ॥১৬॥

ভারতকৌমুদী

বিষণ্ণা ইতি। শ্বশুরাদয়ো ভীষ্মপ্রভৃতয়ঃ। সা দ্রৌপদী, নাথং রক্ষকম্ ॥১২॥

কেশেতি। কেশপক্ষে কেশপাশে, পরামৃষ্টা আকৃষ্টা ॥১৩॥

যুষ্মদিতি। উদ্ধর্ষণং যুদ্ধায় প্রোৎসাহনম্। বিদুলায়াস্তদাখ্যায়া নার্য্যা বাক্যৈঃ। বিত্ত যূয়ং জানীত ॥১৪॥

কথমিতি। নশ্যেৎ রাজবংশত্বেন প্রসিদ্ধিং ত্যজেৎ ॥১৫॥

নেতি। সুকৃতান্ সুকৃতজন্যান্, লোকান্ স্বর্গান্ ॥১৬॥

ন্যায় আকর্ষণ করিয়াছিল, তখনই আমি বুঝিয়াছিলাম যে, এই বংশ নষ্ট হইয়াছে ॥১০—১১॥

তখন আমার শ্বশুর ভীষ্মপ্রভৃতি কৌরবগণ অবসন্ন হইয়া রহিয়াছিলেন, আর দ্রৌপদী দৈবকে রক্ষকরূপে ইচ্ছা করিয়া কুররীপক্ষিণীর ন্যায় বিলাপ করিয়াছিলেন ॥১২॥

রাজগণ! যখন পাপিষ্ঠ ও হতবুদ্ধি দুঃশাসন, দ্রৌপদীর কেশাকর্ষণ করিয়াছিল, তখন আমি মূর্চ্ছিত হইয়াছিলাম ॥১৩॥

পুত্রগণ! তখন আমি তোমাদের তেজ বৃদ্ধি করিবার জন্যই বিদুলার বাক্যদ্বারা তোমাদিগকে উৎসাহিত করিয়াছিলাম, ইহা তোমরা অবগত হও ॥১৪॥

পুত্রগণ! আমার পুত্রদের সময়ে পাণ্ডুর এই রাজবংশ কি প্রকারে নষ্ট না হয়, এই জন্যই আমি তোমাদিগকে যুদ্ধের উপদেশ দিয়া উদ্ধার করিয়াছিলাম ॥১৫॥

রাজা! যাহা হইতে বংশ নষ্ট হয়, সেই বংশনাশক লোকের পুত্রগণ বা পৌত্রগণ পুণ্যপ্রাপ্য লোক লাভ করে না ॥১৬॥

ভুক্তং রাজ্যফলং পুত্রাঃ ! ভর্ত্তু র্মে বিপুলং পুরা।
মহাদানানি দত্তানি পীতঃ সোমো যথাবিধি ॥১৭॥
নাহমাত্মফলার্থং বৈ বাসুদেবমচূচুদম্।
বিদুলায়াঃ প্রলাপৈস্তৈঃ পালনার্থঞ্চ তৎ কৃতম্ ॥১৮॥
নাহং রাজ্যফলং পুত্রাঃ ! কাময়ে পুত্রনির্জ্জিতম্।
পতিলোকানহং পুণ্যান্ কাময়ে তপসা বিভো ! ॥১৯॥
শ্বশ্রূশ্বশুরয়োঃ কৃত্বা শুশ্রূষাং বনবাসিনোঃ।
তপসা শোষয়িষ্যামি যুধিষ্ঠির ! কলেবরম্ ॥২০॥
নিবর্ত্তস্ব কুরুশ্রেষ্ঠ ! ভীমসেনাদিভিঃ সহ।
ধর্ম্মে তে ধীয়তাং বুদ্ধির্মনস্তু মহদস্তু চ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে কুন্তীবাক্যে ঊনবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অথ তে বনগমনে রাজ্যভোগো ন স্যাদিত্যাহ ভুক্তমিতি। সোমঃ সোমরসঃ, যজ্ঞে পীতঃ, যজ্ঞোঽপি পত্যা সহ কৃত ইত্যাশয়ঃ ॥১৭॥

নেতি। অচূচুদং সন্ধিকরণায় প্রেরিতবতী। প্রলাপৈর্বাক্যৈঃ ॥১৮॥

নেতি। রাজ্যভোগাপেক্ষয়া পতিলোকভোগঃ শ্রেয়ানিত্যাশয়ঃ ॥১৯॥

শ্বশ্রিতি। শ্বশ্রূশ্বশুরয়োঃ তত্তুল্যয়োর্গান্ধারীধৃতরাষ্ট্রয়োঃ ॥২০॥

নিবর্ত্তস্বেতি। তে ত্বয়া, ধীয়তাং স্থাপ্যতাম্, মহৎ ঈর্ষ্যাদ্বেষাদিশূন্যতয়া প্রশস্তম্ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-
মাশ্রমবাসিকপর্ব্বণি ঊনবিংশোঽধ্যায়ঃ ॥০॥

পুত্রগণ ! আমি পূর্ব্বে ভর্ত্তার বিশাল রাজ্য ভোগ করিয়াছি, প্রচুর দান করিয়াছি এবং যজ্ঞে যথাবিধানে সোমরস পান করিয়াছি ॥১৭॥

আমি বিদুলার সেই সকল বাক্যদ্বারা নিজের ভোগের জন্য কৃষ্ণকে প্রেরণ করি নাই; কিন্তু পৃথিবী রক্ষার জন্যই তাহা করিয়াছিলাম ॥১৮॥

রাজা ! পুত্রগণ ! আমি পুত্রনির্জ্জিত রাজ্যভোগের কামনা করি না; কিন্তু তপস্যাজনিত পবিত্র পতিলোকই কামনা করি ॥১৯॥

যুধিষ্ঠির ! আমি বনবাসী, শ্বশ্রূতুল্য গান্ধারী এবং শ্বশুরতুল্য ধৃতরাষ্ট্রের শুশ্রূষা করিয়া তপস্যাদ্বারা শরীর শুষ্ক করিব ॥২০॥

---

* '…সপ্তদশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '…একোনবিংশোঽধ্যায়ঃ'—নি।

বিংশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

কুন্ত্যাস্তু বচনং শ্রুত্বা পাণ্ডবা রাজসত্তম !।
ব্রীড়িতাঃ সংন্যবর্ত্তন্ত পাঞ্চাল্যা সহ ভারত ! ॥১॥
ততঃ শব্দো মহানেব সর্ব্বেষামভবত্তদা।
অন্তঃপুরাণাং রুদতাং দৃষ্ট্বা কুন্তীং তথা গতাম্ ॥২॥
প্রদক্ষিণমথাবৃত্য রাজানং পাণ্ডবাস্তদা।
অভিবাদ্য ন্যবর্ত্তন্ত পৃথাং তামনিবর্ত্ত্য বৈ ॥৩॥
ততোঽব্রবীন্মহাতেজা ধৃতরাষ্ট্রোঽম্বিকাসুতঃ।
গান্ধারীং বিদুরঞ্চৈব সমাভাষ্যাবগৃহ্য চ ॥৪॥

ভারতকৌমুদী

কুন্ত্যা ইতি। ব্রীড়িতা লজ্জিতাঃ, পাঞ্চাল্যা দ্রৌপদ্যা সহ ॥১॥
তত ইতি। শব্দ আর্ত্তনাদঃ। অন্তঃপুরাণাং তন্নিবাসিনীনাং স্ত্রীণাম্ ॥২॥
প্রেতি। রাজানং ধৃতরাষ্ট্রম্। পৃথাং কুন্তীম্ ॥৩॥
তত ইতি। সমাভাষ্য সম্বোধ্য, অবগৃহ্য সংস্পৃশ্য ॥৪॥

অতএব কৌরবশ্রেষ্ঠ! তুমি ভীমসেনপ্রভৃতির সহিত নিবৃত্ত হও, তোমার বুদ্ধি ধর্ম্মে অভিনিবিষ্ট থাকুক এবং তোমার মন প্রশস্ত হউক' ॥২১॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন রাজশ্রেষ্ঠ! পাণ্ডবেরা কুন্তীর বাক্য শুনিয়া লজ্জিত হইয়া দ্রৌপদীর সহিত নিবৃত্তি পাইলেন ॥১॥

তাহার পর কুন্তীকে বনে গমন করিতে দেখিয়া অন্তঃপুরবাসিনী মহিলারা রোদন করিতে লাগিলে, তখন তাঁহাদের বিশাল আর্ত্তনাদ উত্থিত হইল ॥২॥

ক্রমে পাণ্ডবেরা তখন প্রদক্ষিণক্রমে ফিরিয়া ধৃতরাষ্ট্রকে অভিবাদন করিয়া কুন্তীকে নিবৃত্ত না করিয়া নিজেরা নিবৃত্তি পাইলেন ॥৩॥

তৎপরে মহারাজ অম্বিকানন্দন ধৃতরাষ্ট্র গান্ধারী ও বিদুরকে সম্বোধন ও সংস্পর্শ করিয়া বলিলেন—॥৪॥

---

(১) পাঞ্চাল্যা সহিতানঘাঃ—পি বঙ্গ বর্দ্ধ।

যুধিষ্ঠিরস্য জননী দেবী সাধু নিবর্ত্ততাম্।
যথা যুধিষ্ঠিরঃ প্রাহ তৎ সর্ব্বং সত্যমেব হি ॥৫॥
পুত্রৈশ্বর্য্যং মহদিদমপাস্য চ মহাফলম্।
কানুগচ্ছেদ্বনং দুর্গং পুত্রানুৎসৃজ্য মূঢ়বৎ ॥৬॥
রাজ্যস্থয়া তপস্তপ্তুং কর্ত্তুং দানব্রতং মহৎ।
অনয়া শক্যমেবাদ্য শ্রূয়তাঞ্চ বচো মম ॥৭॥
গান্ধারি! পরিতুষ্টোঽস্মি বধ্বাঃ শুশ্রূষণেন বৈ।
তস্মাত্ত্বমেনাং ধর্ম্মজ্ঞে! সমনুজ্ঞাতুমর্হসি ॥৮॥
ইত্যুক্তা সৌবলেয়ী তু রাজ্ঞা কুন্তীমুবাচ হ।
তৎ সর্ব্বং রাজবচনং স্বঞ্চ বাক্যং বিশেষবৎ ॥৯॥
ন চ সা বনবাসায় দেবী কৃতমতিং তদা।
শক্নোত্যুপাবর্ত্তয়িতুং কুন্তীং ধর্ম্মপরাং সতীম্ ॥১০॥

ভারতকৌমুদী

যুধীতি। দেবী রাজ্ঞী কুন্তী। অস্যা নিবর্ত্তনমেব সাধ্বিত্যাশয়ঃ ॥৫॥
পুত্রেতি। অপাস্য বিহায়, মহাফলং বিশেষসুখজনকম্। অনুগচ্ছেদস্মান্ ॥৬॥
রাজ্যেতি। অনয়া কুন্ত্যা, শ্রূয়তাঞ্চানয়ৈব ॥৭॥
গান্ধারীতি। বধ্বাঃ কুন্ত্যাঃ, শুশ্রূষণেন পূর্ব্বকৃতেন। সমনুজ্ঞাতুং গৃহগমনায় ॥৮॥
ইতীতি। সৌবলেয়ী সুবলপুত্রী গান্ধারী। রাজবচনং ধৃতরাষ্ট্রবাক্যম্, বিশেষবৎ রাজবচনাদতিরেকশালি ॥৯॥
নেতি। সা দেবী গান্ধারী। উপাবর্ত্তয়িতুং নিবর্ত্তয়িতুম্ ॥১০॥

'যুধিষ্ঠিরের জননী কুন্তীদেবী নিবৃত্ত হউন, উঁহার নিবৃত্ত হওয়াই ভাল। কারণ, যুধিষ্ঠির যাহা বলিয়াছেন, সে সমস্তই সত্য ॥৫॥

অত্যন্ত সুখজনক এই বিশাল পুত্রৈশ্বর্য্য এবং পুত্রগণকে পরিত্যাগ করিয়া ইনি মূঢ়ার ন্যায় কোথায় দুর্গম বনে আমাদের অনুগমন করিবেন ॥৬॥

ইনি রাজ্যে থাকিয়াও ত তপস্যা, প্রচুর দান ও ব্রত করিতে পারেন; সুতরাং ইনি আমার বাক্য শ্রবণ করুন ॥৭॥

গান্ধারি! বধূর (কুন্তীর) পূর্ব্বকৃত শুশ্রূষাতেই আমি পরিতুষ্ট হইয়াছি। অতএব ধর্ম্মজ্ঞে! তুমি ইঁহাকে ফিরিয়া যাইবার অনুমতি করিতে পার' ॥৮॥

ধৃতরাষ্ট্র এই কথা বলিলে, গান্ধারী ধৃতরাষ্ট্রের সেই সকল বাক্য এবং তাহা হইতেও অতিরিক্ত নিজের বাক্য কুন্তীকে বলিলেন ॥৯॥

তস্যাস্তাস্তু স্থিতিং জ্ঞাত্বা ব্যবসায়ং কুরুস্ত্রিয়ঃ।
নিবৃত্তাংশ্চ কুরুশ্রেষ্ঠান্ দৃষ্ট্বা প্ররুরুদুস্তদা ॥১১॥
উপাবৃত্তেষু পার্থেষু সর্ব্বাস্বেব বধূষু চ।
যযৌ রাজা মহাপ্রাজ্ঞো ধৃতরাষ্ট্রো বনং তদা ॥১২॥
পাণ্ডবাশ্চাতিদীনাস্তে দুঃখশোকপরায়ণাঃ।
যানৈঃ স্ত্রীসহিতাঃ সর্বে পুরং প্রবিবিশুস্তদা ॥১৩॥
তদহৃষ্টমনানন্দং গতোৎসবমিবাভবৎ।
নগরং হাস্তিনপুরং সস্ত্রীবৃদ্ধকুমারকম্ ॥১৪॥
সর্বে চাসন্নিরুৎসাহাঃ পাণ্ডবা জাতমন্যবঃ।
কুন্ত্যা হীনাঃ সুদুঃখার্ত্তা বৎসা ইব বিনাকৃতাঃ ॥১৫॥

ভারতকৌমুদী

তস্যা ইতি। তস্যাঃ কুন্ত্যাঃ, স্থিতিং ধর্ম্মে নিষ্ঠাম্, ব্যবসায়ং বনবাসে দৃঢ়চিত্ততাম্। কুরুশ্রেষ্ঠান্ যুধিষ্ঠিরাদীন্ ॥১১॥

উপেতি। উপাবৃত্তেষু নিবৃত্তেষু, পার্থেষু যুধিষ্ঠিরাদিষু, বধূষু স্ত্রীষু ॥১২॥

পাণ্ডবা ইতি। অতিদীনা নিতান্তকাতরচিত্তাঃ। যানৈ রথাদিভিঃ ॥১৩॥

তদিতি। অহৃষ্টমসন্তুষ্টম্। হাস্তিনপুরং নাম নগরম্ ॥১৪॥

সর্ব্ব ইতি। জাতমন্যব উৎপন্নদৈন্যাঃ। বৎসা গোবৎসাঃ, বিনাকৃতা মাতৃরহিতাঃ ॥১৫॥

কিন্তু গান্ধারী বনবাসে কৃতসঙ্কল্পা এবং ধর্ম্মানুষ্ঠানে অভিনিবিষ্টা কুন্তীকে তখন ফিরাইতে পারিলেন না ॥১০॥

তখন কৌরবস্ত্রীগণ কুন্তীর সেই ধর্ম্মনিষ্ঠা ও বনবাসে দৃঢ়চিত্ততা জানিয়া এবং যুধিষ্ঠির প্রভৃতিকে নিবৃত্ত দেখিয়া রোদন করিতে লাগিলেন ॥১১॥

পাণ্ডবগণ ও স্ত্রীগণ নিবৃত্তি পাইলে, তখন মহাপ্রাজ্ঞ রাজা ধৃতরাষ্ট্র তপোবনে গমন করিতে লাগিলেন ॥১২॥

এদিকে অত্যন্ত কাতরচিত্ত ও দুঃখশোকপরায়ণ সেই পাণ্ডবেরা স্ত্রীলোকদের সহিত মিলিত হইয়া যানে আরোহণ করিয়া নগরে প্রবেশ করিলেন ॥১৩॥

তখন বালক, বৃদ্ধ ও স্ত্রীলোকের সহিত সেই হস্তিনানগর যেন হর্ষ, আনন্দ ও উৎসববিহীন হইয়া পড়িল ॥১৪॥

পাণ্ডবেরা সকলেই কুন্তীবিহীন হইয়া মাতৃবিহীন গোবৎসগণের ন্যায় নিরুৎসাহ, কাতরচিত্ত ও অত্যন্ত দুঃখিত হইলেন ॥১৫॥

ধৃতরাষ্ট্রস্তু তেনাহ্না গত্বা সুমহদন্তরম্ ।
ততো ভাগীরথীতীরে নিবাসমকরোৎ প্রভুঃ ॥১৬॥
প্রাদুষ্কৃতা যথান্যায়মগ্নয়ো বেদপারগৈঃ ।
ব্যরাজন্ত দ্বিজশ্রেষ্ঠৈস্তত্র তত্র তপোবনে ॥১৭॥
প্রাদুষ্কৃতাগ্নিরভবৎ স চ বৃদ্ধো নরাধিপঃ ।
স রাজাগ্নীন্ পর্য্যুপাস্য হুত্বা চ বিধিবত্তদা ॥১৮॥
সন্ধ্যাগতং সহস্রাংশুমুপাতিষ্ঠত ভারত ।।
বিদুরঃ সঞ্জয়শ্চৈব রাজ্ঞঃ শয্যাং কুশৈস্ততঃ ॥১৯॥
চক্রতুঃ কুরুবীরস্য গান্ধার্য্যাশ্চাবিদূরতঃ ।
গান্ধার্য্যাঃ সন্নিকর্ষে তু নিষসাদ কুশে সুখম্ ॥২০॥
যুধিষ্ঠিরস্য জননী কুন্তী সাধুব্রতে স্থিতা ।
তেষাং সংশ্রবণে চাপি নিষেদুর্বিদুরাদয়ঃ ॥২১॥ (কলাপকম্)
যাজকাশ্চ যথোদ্দেশং দ্বিজা যে চানুযায়িনঃ ।
প্রাবীতদ্বিজমুখ্যা সা সম্প্রজ্বলিতপাবকা ॥২২॥

ভারতকৌমুদী

ধৃতেতি । অহ্না দিনেন, অন্তরং ব্যবধানম্ ॥১৬॥

প্রাদুরাত । প্রাদুষ্কৃতা উদ্দীপিতাঃ । তপোবনে পথিবর্ত্তিনি ॥১৭॥

প্রাদুরিতি । প্রাদুষ্কৃতঃ অগ্নির্যেন সঃ । সহস্রাংশুং সূর্য্যম্ । রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য । অবিদূরতঃ অনধিকদূরে । নিষসাদ শেতে স্ম । সংশ্রবণে বাক্যশ্রবণযোগ্যস্থানে, নিষেদুঃ শেরতে স্ম ॥১৮—২১॥

রাজা ধৃতরাষ্ট্র সেই দিন বহু দূরে যাইয়া, তাহার পর গঙ্গাতীরে বাস করিলেন ॥১৬॥

বেদপারদর্শী ব্রাহ্মণগণের যথানিয়মে আবিষ্কৃত অগ্নিহোত্রের অগ্নিসকল সেই সেই তপোবনে দীপ্তি পাইল ॥১৭॥

বৃদ্ধ রাজা ধৃতরাষ্ট্রও অগ্নি আবিষ্কার করিলেন এবং তিনি তখন যথাবিধানে অগ্নির উপাসনা ও হোম করিয়া, সন্ধ্যাকালীন সূর্য্যের উপাসনা করিলেন। ভরতনন্দন। তাহার পর বিদুর ও সঞ্জয় কুশদ্বারা ধৃতরাষ্ট্রের শয্যা, তাহার অনতিদূরে গান্ধারীর শয্যা রচনা করিলেন; আর তপস্বিনিয়মে স্থিতা যুধিষ্ঠিরজননী কুন্তী গান্ধারীর নিকটে কুশশয্যায় সুখে শয়ন করিলেন এবং তাঁহাদের বাক্য শুনা যায়—এরূপ দূরে বিদুরপ্রভৃতি শয়ন করিলেন ॥১৮-২১॥

বভূব তেষাং রজনী ব্রাহ্মীব প্রীতিবর্দ্ধিনী।
ততো রাত্র্যাং ব্যতীতায়াং কৃতপূর্ব্বাহ্নিকক্রিয়াঃ ॥২৩॥
হুত্বাগ্নিং বিধিবৎ সর্বে প্রযযুস্তে যথাক্রমম্।
উদঙ্মুখা নিরীক্ষন্ত উপবাসপরায়ণাঃ ॥২৪॥ (বিশেষকম্)
স তেষামতিদুঃখোঽভূন্নিবাসঃ প্রথমেঽহনি।
শোচতাং বদতাং চাপি পৌরজানপদৈর্জনৈঃ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-পর্ব্বণি আশ্রমবাসে ধৃতরাষ্ট্রবনগমনে বিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

যাজকা ইতি। যথোদ্দেশং নিষেদুরিত্যনুবৃত্তিঃ। প্রাধীতা বেদাধ্যয়ননিরতা দ্বিজমুখ্যা ব্রাহ্মণা যস্যাং সা, সংপ্রজ্বলিতা পাবকা অগ্নয়ো যস্যাং সা। ব্রাহ্মী ব্রহ্মলোকবর্ত্তিনী। কৃতাঃ পূর্ব্বাহ্নিকক্রিয়াঃ প্রাতঃসন্ধ্যাদিকার্য্যাণি যৈস্তে। অগ্নিং হুত্বা "সায়ংপ্রাতর্জুহোতি" ইতি শ্রুতেঃ। নিরীক্ষন্তঃ সমন্তাৎ পশ্যন্তঃ ॥২১—২৪॥

স ইতি। পৌরজানপদৈর্জনৈঃ করণৈঃ তদর্থে শোচতাং বদতাঞ্চেত্যর্থঃ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি আশ্রমবাসে বিংশোঽধ্যায়ঃ ॥০॥

আর যে সকল ব্রাহ্মণ তাঁহাদের অনুগামী হইয়াছিলেন, তাঁহারাও যথা-স্থানে শয়ন করিলেন। ক্রমে ব্রাহ্মণেরা বেদপাঠ করিতে লাগিলে এবং অগ্নি প্রজ্বালিত করিলে, সেই রাত্রিটী ব্রহ্মলোকের রাত্রির ন্যায় তাঁহাদের প্রীতি বৃদ্ধি করিতে লাগিল। তাহার পর রাত্রি অতীত হইলে তাঁহারা পূর্ব্বাহ্ণ-কৃত্য ও যথাবিধানে অগ্নিতে হোম করিয়া, উপবাসী থাকিয়া, উত্তরমুখ হইয়া সমস্ত বস্তু নিরীক্ষণ করিতে করিতে যথাক্রমে গমন করিতে লাগিলেন ॥২২—২৪॥

তাঁহারা পুরবাসী ও দেশবাসী লোকদিগের সম্বন্ধে শোক ও আলোচনা করিতেছিলেন, এই অবস্থায় সেই প্রথম দিনের অবস্থান তাঁহাদের পক্ষে অত্যন্ত দুঃখাবহ হইয়াছিল ॥২৫॥

---

(২৫) ..শোচতাং শোচমানানাং—বঙ্গ বর্দ্ধ, * '...অষ্টাদশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...একোনবিংশোঽধ্যায়ঃ'—নি।

একবিংশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

ততো ভাগীরথীতীরে মেধ্যে পুণ্যজনোচিতে।
নিবাসমকরোদ্রাজা বিদুরস্য মতে স্থিতঃ ॥১॥
তত্রৈনং পর্য্যুপাতিষ্ঠন্ ব্রাহ্মণা বনবাসিনঃ।
ক্ষত্রবিট্শূদ্রসঙ্ঘাশ্চ বহবো ভরতর্ষভ! ॥২॥
স তৈঃ পরিবৃতো রাজা কথাভিঃ পরিনন্দ্য তান্।
অনুজজ্ঞে সশিষ্যান্ বৈ বিধিবৎ প্রতিপূজ্য চ ॥৩॥
সায়াহ্নে স মহীপালস্ততো গঙ্গামুপেত্য চ।
চকার বিধিবচ্ছৌচং গান্ধারী চ যশস্বিনী ॥৪॥
তে চৈবান্যে পৃথক্ সর্বে তীর্থেষ্বাপ্লুত্য ভারত!।
চক্রুঃ সর্ব্বাঃ ক্রিয়াস্তত্র পুরুষা বিদুরাদয়ঃ ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। মেধ্যে পবিত্রে। "পূতং পবিত্রং মেধ্যঞ্চ" ইত্যমরঃ। রাজা ধৃতরাষ্ট্রঃ ॥১॥
তত্রেতি। পর্য্যুপাতিষ্ঠন্ পর্য্যুপাসত ॥২॥
স ইতি। অনুজজ্ঞে স্বস্বাশ্রমগমনায় ॥৩॥
সায়াহ্ন ইতি। মহীপালো ধৃতরাষ্ট্রঃ। শৌচং স্নানম্ ॥৪॥
ত ইতি। তীর্থেষু গঙ্গাঘট্টেষু, আপ্লুত্য স্নাত্বা। ক্রিয়াঃ সায়ংসন্ধ্যাদীঃ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর বিদুরের মতানুবর্ত্তী রাজা ধৃতরাষ্ট্র পবিত্র ও পুণ্যবান্ লোকের উপযুক্ত গঙ্গাতীরে বাস করিতে লাগিলেন ॥১॥

ভরতশ্রেষ্ঠ! তৎকালে বনবাসী ব্রাহ্মণগণ এবং বহুতর ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রগণ সেই স্থানে আসিয়া ধৃতরাষ্ট্রের উপাসনা করিতেন ॥২॥

তখন রাজা ধৃতরাষ্ট্র সেই সকল লোকে পরিবেষ্টিত হইয়া নানা আলোচনায় তাঁহাদিগকে সন্তুষ্ট ও সম্মানিত করিয়া, শিষ্যগণের সহিত তাঁহাদিগকে আপন আপন আশ্রমে যাইবার অনুমতি করিতেন ॥৩॥

তদনন্তর রাজা ধৃতরাষ্ট্র ও যশস্বিনী গান্ধারী সন্ধ্যাকালে গঙ্গায় যাইয়া যথাবিধানে স্নান করিতেন ॥৪॥

কৃতশৌচং ততো বৃদ্ধং শ্বশুরং কুন্তিভোজজা।
গান্ধারীঞ্চ পৃথা রাজন্! গঙ্গাতীরমুপানয়ৎ ॥৬॥
রাজ্ঞস্তু যাজকৈস্তত্র কৃতো বেদীপরিস্তরঃ।
জুহাব তত্র বহ্নিং স নৃপতিঃ সত্যসঙ্গরঃ ॥৭॥
ততো ভাগীরথীতীরাৎ কুরুক্ষেত্রং জগাম সঃ।
সানুগো নৃপতির্বৃদ্ধো নিয়তঃ সংযতেন্দ্রিয়ঃ ॥৮॥
তত্রাশ্রমপদং ধীমানভিগম্য স পার্থিবঃ।
আসসাদাথ রাজর্ষিং শতযূপং মনীষিণম্ ॥৯॥
স হি রাজা মহানাসীৎ কেকয়েষু পরন্তপঃ।
স্বপুত্রং মনুজৈশ্বর্য্যে নিবেশ্য বনমাবিশৎ ॥১০॥

ভারতকৌমুদী

কৃতেতি। কৃতশৌচং বিহিতস্নানম্, শ্বশুরং ভ্রাতৃশ্বশুরং ধৃতরাষ্ট্রম্। পৃথা কুন্তী ॥৬॥
রাজ্ঞ ইতি। বেদ্যাং হোমবেদীকায়াং পরিস্তরঃ কুশাস্তরণম্। সত্যসঙ্গরঃ সত্যপ্রতিজ্ঞঃ ॥৭॥
তত ইতি। অনুগৈঃ অনুচরৈঃ বিদুরাদিভিঃ সহেতি সানুগঃ, নিয়ত উপবাসাদিনিয়মবান্ ॥৮॥
তত্রেতি। আসসাদ প্রাপ, শতযূপং নাম ॥৯॥
স ইতি। কেকয়েষু কেকয়দেশে। মনুজৈশ্বর্য্যে প্রজানামাধিপত্যে ॥১০॥

এবং ভরতনন্দন! বিদুরপ্রভৃতি সেই সকল অন্যান্য পুরুষ গঙ্গার ঘাটে স্নান করিয়া, সেই স্থানেই সন্ধ্যাপ্রভৃতি সকল কার্য্যই করিতেন ॥৫॥

রাজা! তাহার পর কুন্তীভোজরাজার তনয়া পৃথাদেবী কৃতস্নান বৃদ্ধ ভ্রাতৃশ্বশুর ধৃতরাষ্ট্র এবং গান্ধারীকে গঙ্গাতীরে আনয়ন করিতেন ॥৬॥

ধৃতরাষ্ট্রের পুরোহিতেরা সেই গঙ্গাতীরে বেদীর উপরে কুশাস্তর প্রভৃতি করিয়া দিতেন, তাহাতে অগ্নি স্থাপন করিয়া সত্যপ্রতিজ্ঞ রাজা ধৃতরাষ্ট্র হোম করিতেন ॥৭॥

তাহার পর বৃদ্ধ রাজা ধৃতরাষ্ট্র, নিয়মযুক্ত ও সংযতেন্দ্রিয় হইয়া অনুচরগণের সহিত গঙ্গাতীর হইতে কুরুক্ষেত্রে গমন করিলেন ॥৮॥

বুদ্ধিমান্ রাজা ধৃতরাষ্ট্র, সেই কুরুক্ষেত্রস্থিত একটী আশ্রমে যাইয়া শতযুপ-নামক এক জ্ঞানী রাজর্ষির নিকট উপস্থিত হইলেন ॥৯॥

সেই শতযুপ কেকয়দেশে শত্রুসন্তাপক এক প্রধান রাজা ছিলেন। তিনি নিজের পুত্রকে প্রজাপালনে নিযুক্ত করিয়া বনে আসিয়াছিলেন ॥১০॥

তেনাসৌ সহিতো রাজা যযৌ ব্যাসাশ্রমং প্রতি।
তত্রৈনং বিধিবদ্রাজন্! প্রত্যগৃহ্লাৎ কুরূদ্বহম্ ॥১১॥
স দীক্ষাং তত্র সম্প্রাপ্য রাজা কৌরবনন্দনঃ।
শতযূপাশ্রমে তস্মিন্নিবাসমকরোত্তদা ॥১২॥
তস্মৈ সর্ব্বং বিধিং রাজ্ঞে রাজাচখ্যৌ মহামতিঃ।
আরণ্যকং মহারাজ! ব্যাসস্যানুমতে তদা ॥১৩॥
এবং স তপসা রাজন্! ধৃতরাষ্ট্রো মহামনাঃ।
যোজয়ামাস চাত্মানং তাংশ্চাপ্যনুচরাংস্তদা ॥১৪॥
তথৈব দেবী গান্ধারী বল্কলাজিনধারিণী।
কুন্ত্যা সহ মহারাজ! সমানব্রতচারিণী ॥১৫॥
কর্ম্মণা মনসা বাচা চক্ষুষা চৈব তে নৃপ!।
সংনিয়ম্যেন্দ্রিয়গ্রামমাস্থিতে পরমং তপঃ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তেনেতি। তেন শতযূপেন, অসৌ ধৃতরাষ্ট্রঃ। প্রত্যগৃহ্লাৎ ব্যাস ইতি শেষঃ ॥১১॥
স ইতি। তত্র ব্যাসাশ্রমে। নিবাসমকরোৎ একজাতীয়ত্বাদিত্যাশয়ঃ ॥১২॥
তস্মা ইতি। বিধিং নিয়মম্, রাজ্ঞে ধৃতরাষ্ট্রায়, রাজা শতযূপঃ, আচখ্যৌ উবাচ ॥১৩॥
এবমিতি। তপসা সহ। আত্মানং যোজয়ামাস তপসি ব্যাপারয়ামাসেত্যর্থঃ ॥১৪॥
তথেতি। বল্কলম্ অজিনং মৃগচর্ম্ম চ ধারয়তীতি সা। তে গান্ধারীকুন্ত্যৌ। আস্থিতে অবলম্বিতবত্যৌ ॥১৫—১৬॥

রাজা! পরে ধৃতরাষ্ট্র রাজর্ষি শতযূপের সহিত মিলিত হইয়া ব্যাসের আশ্রমে গমন করিলেন। তখন ব্যাস যথাবিধানে কৌরবশ্রেষ্ঠ ধৃতরাষ্ট্রকে গ্রহণ করিলেন ॥১১॥

ক্রমে রাজা ধৃতরাষ্ট্র ব্যাসের নিকটে দীক্ষা লাভ করিয়া সেই শতযূপের আশ্রমে আসিয়া বাস করিতে লাগিলেন ॥১২॥

মহারাজ! তখন বেদব্যাসের অনুমতিক্রমে মহামতি রাজা শতযূপ ধৃতরাষ্ট্রের নিকটে বনবাসের সমস্ত বিধিবিধান বলিলেন ॥১৩॥

রাজা! এই মহামনা ধৃতরাষ্ট্র তখন নিজেকে এবং সেই অনুচরবর্গকে তপস্যায় ব্যাপৃত করিলেন ॥১৪॥

মহারাজ! বল্কল ও মৃগচর্ম্মধারিণী এবং সমানব্রতচারিণী গান্ধারীদেবীও

---

(১১) তত্রৈনং বিধিবদ্রাজা প্রত্যগৃহ্লাৎ কুরূদ্বহঃ—পি বঙ্গ বর্দ্ধ।

ত্বগস্থিভূতঃ পরিশুষ্কমাংসো জটাজিনী বল্কলসংবৃতাঙ্গঃ।
স পার্থিবস্তত্র তপশ্চচার মহর্ষিবত্তীব্রমপেতমোহঃ ॥১৭॥
ক্ষত্তা চ ধর্ম্মার্থবিদগ্রবুদ্ধিঃ সসঞ্জয়স্তং নৃপতিং সদারম্।
উপাচরদ্ঘোরতপো জিতাত্মা তদা কৃশো বল্কলচীরবাসাঃ ॥১৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে শতযূপাশ্রমনিবাসে একবিংশোঽধ্যায়ঃ॥০॥ *

—০—

ভারতকৌমুদী

ত্বগিতি। ত্বগস্থিভূতঃ অস্থিচর্ম্মসারঃ। পার্থিবো ধৃতরাষ্ট্রঃ ॥১৭॥

ক্ষত্তেতি। ক্ষত্তা বিদুরঃ, অগ্রবুদ্ধিঃ প্রশস্তমতিঃ, সঞ্জয়েন সহেতি সসঞ্জয়ঃ, দারৈঃ ভার্য্যয়া গান্ধার্য্যা সহেতি সদারস্তম্। ঘোরতপসা জিত আত্মা মনো যেন সঃ, বল্কলং চীরং কৌপীনঞ্চ বাসো যস্য সঃ ॥১৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি
আশ্রমবাসে একবিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

কুন্তীর সহিত কর্ম্ম, মন, বাক্য ও চক্ষুদ্বারা ইন্দ্রিয়সমূহকে সংযত করিয়া সেই-রূপই গুরুতর তপস্যা অবলম্বন করিলেন ॥১৫—১৬॥

অস্থিচর্ম্মসার, শুষ্ক মাংস, জটা ও মৃগচর্ম্মধারী বল্কলপরিধায়ী রাজা ধৃতরাষ্ট্র মোহ পরিত্যাগ করিয়া মহর্ষির ন্যায় গুরুতর তপস্যা করিতে লাগিলেন ॥১৭॥

এবং ধর্ম্মার্থবিৎ, প্রশস্তবুদ্ধি, তপস্যার প্রভাবে জিতচিত্ত, কৃশদেহ ও বল্কল-কৌপীনধারী বিদুরও সঞ্জয়ের সহিত মিলিত হইয়া তখন গান্ধারী ও ধৃতরাষ্ট্রের পরিচর্য্যা করিতে থাকিলেন ॥১৮॥

—:*:—

(১৮) উপাচরদ্ঘোরতপোঽর্জ্জিতাত্মা—নি। * '…একোনবিংশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '…বিংশোঽধ্যায়ঃ'—নি।

দ্বাবিংশোঽধ্যায়ঃ।

—ঃ০ঃ—

বৈশম্পায়ন উবাচ।

ততস্তত্র মুনিশ্রেষ্ঠা রাজানং দ্রষ্টুমভ্যয়ুঃ।
নারদঃ পর্ব্বতশ্চৈব দেবলশ্চ মহাতপাঃ ॥১॥
দ্বৈপায়নঃ সশিষ্যশ্চ সিদ্ধাশ্চান্যে মনীষিণঃ।
শতযূপশ্চ রাজর্ষির্বৃদ্ধঃ পরমধার্ম্মিকঃ ॥২॥ (যুগ্মকম্)
তেষাং কুন্তী মহারাজ! পূজাং চক্রে যথাবিধি।
তে চাপি তুতুষুস্তস্যাস্তাপসাঃ পরিচর্য্যয়া ॥৩॥
তত্র ধর্ম্ম্যাঃ কথাস্তাত! চক্রুস্তে পরমর্ষয়ঃ।
রময়ন্তো মহাত্মানং ধৃতরাষ্ট্রং জনাধিপম্ ॥৪॥
কথান্তরে তু কস্মিংশ্চিদ্দেবর্ষির্নারদস্ততঃ।
কথামিমামকথয়ৎ সর্ব্বপ্রত্যক্ষদর্শিবান্ ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। রাজানং ধৃতরাষ্ট্রম্, অভ্যয়ুরাগতাঃ। পর্ব্বতো নাম মুনিবিশেষঃ। দ্বৈপায়নো বেদব্যাসঃ ॥১—২॥

তেষামিতি। পূজাং পরিচর্য্যাম্, পরত্র পরিচর্য্যয়েত্যভিধানাৎ ॥৩॥

তত্রেতি। ধর্ম্ম্যা ধর্ম্মাদনপেতাঃ। রময়ন্ত আনন্দয়ন্তঃ ॥৪॥

কথেতি। দর্শিবানিতি কনুপ্রত্যয়ে রূপমার্ষম্ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহাব পর নারদ, পর্ব্বত, মহাতপা দেবল, শিষ্যবর্গের সহিত বেদব্যাস—এই সকল মুনিশ্রেষ্ঠ এবং অন্যান্য সিদ্ধগণ, জ্ঞানিগণ আর বৃদ্ধ, পরমধার্ম্মিক ও বাজর্ষি শতযূপ—ইঁহারা সেই আশ্রমে ধৃতরাষ্ট্রকে দেখিতে আসিলেন ॥১—২॥

মহারাজ! কুন্তী যথাবিধানে তাঁহাদের পরিচর্য্যা করিলেন, সেই তপস্বীরাও কুন্তীর পরিচর্য্যায় সন্তুষ্ট হইলেন ॥৩॥

বৎস! সেই মহর্ষিরা মহাত্মা রাজা ধৃতরাষ্ট্রকে সন্তুষ্ট করিতে থাকিয়া ধর্ম্মসঙ্গত কথা বলিতে লাগিলেন ॥৪॥

কোন কথাব মধ্যে সমস্ত বিষয়ের প্রত্যক্ষদর্শী দেবর্ষি নারদ এই উপাখ্যান বলিতে লাগিলেন ॥৫॥

নারদ উবাচ।

কেকয়াধিপতিঃ শ্রীমান্ রাজাসীদকুতোভয়ঃ।
সহস্রচিত্য ইত্যুক্তঃ শতযূপপিতামহঃ ॥৬॥
স পুত্রে রাজ্যমাসজ্য জ্যেষ্ঠে পরমধার্ম্মিকে।
সহস্রচিত্যো ধর্ম্মাত্মা প্রবিবেশ বনং নৃপঃ ॥৭॥
স গত্বা তপসঃ পারং দীপ্তস্য বসুধাধিপঃ।
পুরন্দরস্য সংস্থানং প্রতিপেদে মহাদ্যুতিঃ ॥৮॥
দৃষ্টপূর্ব্বঃ স বহুশো রাজন্! সম্পততা ময়া।
মহেন্দ্রসদনে রাজা তপসা দগ্ধকিল্বিষঃ ॥৯॥
তথা শৈলালয়ো রাজা ভগদত্তপিতামহঃ।
তপোবলেনৈব নৃপো মহেন্দ্রসদনং গতঃ ॥১০॥
তথা পৃষধ্রো রাজাসীদ্‌রাজন্! বজ্রধরোপমঃ।
স চাপি তপসা লেভে নাকপৃষ্ঠমিতো গতঃ ॥১১॥

ভারতকৌমুদী

কেকয়েতি। সহস্রচিত্য ইতি নাম, শতযূপস্য উপস্থিতস্য অস্য রাজর্ষেঃ পিতামহঃ ॥৬॥
স ইতি। আসজ্য সংস্থাপ্য। বনং তপোবনম্ ॥৭॥
স ইতি। দীপ্তস্য উজ্জ্বলস্য। পুরন্দরস্য ইন্দ্রস্য, সংস্থানং লোকম্, প্রতিপেদে প্রাপ ॥৮॥
দৃষ্টেতি। সম্পততা গচ্ছতা। মহেন্দ্রসদনে দেবরাজভবনে ॥৯॥
তথেতি। শৈলালয়ো নাম, ভগদত্তস্য কুরুক্ষেত্রযুদ্ধে নিহতস্য প্রাগ্‌জ্যোতিষাধিপতেঃ পিতামহঃ ॥১০॥

নারদ বলিলেন—'কেকয়দেশে এই শতযূপের পিতামহ সহস্রচিত্যনামক সুন্দর মূর্ত্তি ও নির্ভয় চিত্ত এক রাজা ছিলেন ॥৬॥

ধর্ম্মাত্মা রাজা সহস্রচিত্য পরমধার্ম্মিক জ্যেষ্ঠপুত্রের উপরে রাজ্য স্থাপন করিয়া তপোবনে প্রবেশ করিয়াছিলেন ॥৭॥

কালক্রমে মহাতেজা সেই রাজা সহস্রচিত্য তপস্যা শেষ করিয়া উজ্জ্বল ইন্দ্রলোক লাভ করিয়াছিলেন ॥৮॥

রাজা! আমি পূর্ব্বে ইন্দ্রভবনে যাইয়া তপস্যার প্রভাবে পাপবিহীন সেই রাজাকে বহু বার দেখিয়াছি ॥৯॥

এবং ভগদত্তের পিতামহ রাজা শৈলালয় তপোবলেই ইন্দ্রভবনে গিয়াছেন ॥১০॥

---

(৬) পুরা প্রজাপতিসমো রাজাসীদকুতোভয়ঃ—নি।

অস্মিন্নরণ্যে নৃপতে ! মান্ধাতুরপি চাত্মজঃ।
পুরুকুৎসো নৃপঃ সিদ্ধিং মহতীং সমবাপ্তবান্ ॥১২॥
ভার্য্যা সমভবদ্‌যস্য নর্ম্মদা সরিতাংবরা।
সোঽস্মিন্নরণ্যে নৃপতিস্তপস্তপ্ত্বা দিবং গতঃ ॥১৩॥
শশলোমা চ রাজাসীদ্‌রাজন্ ! পরমধার্ম্মিকঃ।
সম্যগস্মিন্ বনে তপ্ত্বা ততো দিবমবাপ্তবান্ ॥১৪॥
দ্বৈপায়নপ্রসাদাচ্চ ত্বমপীদং তপোবনম্।
রাজন্ ! অবাপ্য দুষ্প্রাপাং গতিমগ্র্যাং গমিষ্যসি ॥১৫॥
ত্বং চাপি রাজশার্দ্দূল ! তপসোঽন্তে শ্রিয়া বৃতঃ।
গান্ধারীসহিতো গন্তা গতিং তেষাং মহাত্মনাম্ ॥১৬॥

ভারতকৌমুদী

তথেতি। পৃষধ্রো নাম, বজ্রধরোপম ইন্দ্রতুল্যঃ। নাকপৃষ্ঠং স্বর্গলোকম্, ইতো মর্ত্ত্যলোকাৎ ॥১১॥

অস্মিন্নিতি। পুরুকুৎসো নাম ॥১২॥

ভার্য্যেতি। নর্ম্মদা নদী। দিবং স্বর্গম্ ॥১৩॥

শশেতি। শশলোমা নাম। তপ্ত্বা তপস্যাং কৃত্বা ॥১৪॥

দ্বৈপেতি। দ্বৈপায়নপ্রসাদাদ্‌বেদব্যাসানুগ্রহাৎ তদুপদেশেনৈবাগমনাৎ। অগ্র্যাং শ্রেষ্ঠাম্ ॥১৫॥

ত্বমিতি। শ্রিয়া পুণ্যসম্পদা। গন্তা গমিষ্যসি ॥১৬॥

রাজা ! পৃষধ্রনামে ইন্দ্রের তুল্য এক রাজা ছিলেন। তিনিও তপস্যার প্রভাবে মর্ত্ত্যলোক হইতে যাইয়া স্বর্গলোক লাভ করিয়াছেন ॥১১॥

নরনাথ ! মান্ধাতার পুত্র পুরুকুৎসরাজাও এই তপোবনে তপস্যা করিয়া মহাসিদ্ধি লাভ করিয়াছেন ॥১২॥

নদীশ্রেষ্ঠা নর্ম্মদা যাঁহার ভার্য্যা ছিলেন, সেই পুরুকুৎসরাজা এই তপোবনে তপস্যা করিয়া স্বর্গে গিয়াছেন ॥১৩॥

রাজা ! শশলোমানামে পরম ধার্ম্মিক এক রাজা ছিলেন। তিনিও এই বনে সমীচীনভাবে তপস্যা করিয়া পরে স্বর্গলাভ করিয়াছেন ॥১৪॥

রাজা ! আপনিও বেদব্যাসের অনুগ্রহে এই তপোবনে আসিয়া দুর্ল্লভ শ্রেষ্ঠগতি লাভ করিবেন ॥১৫॥

রাজশ্রেষ্ঠ ! আপনিও তপস্যার অন্তে পুণ্যসম্পন্ন হইয়া গান্ধারীর সহিত সেই মহাত্মাদের গতি লাভ করিবেন ॥১৬॥

পাণ্ডুঃ স্মরতি তে নিত্যং বলহন্তুঃ সমীপগঃ।
ত্বাং সদৈব মহারাজ! শ্রেয়সা স চ যোক্ষ্যতি ॥১৭॥
তব শুশ্রূষয়া চৈব গান্ধার্য্যাশ্চ যশস্বিনী।
ভর্ত্তুঃ সলোকতামেষা গমিষ্যতি বধূস্তব ॥১৮॥
যুধিষ্ঠিরস্য জননী স হি ধর্ম্মঃ সনাতনঃ।
বয়মেতৎ প্রপশ্যামো নৃপতে! দিব্যচক্ষুষা ॥১৯॥ (যুগ্মকম্)
প্রবেক্ষ্যতি মহাত্মানং বিদুরশ্চ যুধিষ্ঠিরম্।
সঞ্জয়স্তদনুধ্যানাদিতঃ স্বর্গমবাপ্স্যতি ॥২০॥
বৈশম্পায়ন উবাচ।
এতচ্ছ্রুত্বা কৌরবেন্দ্রো মহাত্মা সার্দ্ধং পত্ন্যা প্রীতিমান্ সংবভূব।
বিদ্বান্ বাক্যং নারদস্য প্রশস্য চক্রে পূজাং চাতুলাং নারদায় ॥২১॥

ভারতকৌমুদী

পাণ্ডুরিতি। তে তব। "স্মৃত্যর্থকর্ম্মণি" ইতি কর্ম্মণি ষষ্ঠী। বলহন্তুরিন্দ্রস্য। শ্রেয়সা মঙ্গলেন ॥১৭॥

তবেতি। ভর্ত্তুঃ পাণ্ডোঃ, সলোকতাং সমানলোকবাসিত্বম্, বধূঃ কুন্তী। স ভর্ত্তুঃ সলোকতালাভঃ ॥১৮—১৯॥

প্রেতি। বিদুরশ্চ মহাত্মানং যুধিষ্ঠিরং প্রবেক্ষ্যতি ধর্ম্মরূপত্বাৎ। তদনুধ্যানাদ্ধর্ম্মচিন্তনাৎ ॥২০॥

এতদিতি। কৌরবেন্দ্রো ধৃতরাষ্ট্রঃ, পত্ন্যা গান্ধার্য্যা। বিদ্বান্ কর্ত্তব্যজ্ঞানবান্ ॥২১॥

মহারাজ! ইন্দ্রের নিকটবর্ত্তী পাণ্ডু সর্ব্বদাই তোমাকে স্মরণ করিতেছেন এবং তিনি তোমাকে সর্ব্বদাই মঙ্গলসংযুক্ত করিবেন ॥১৭॥

রাজা! যুধিষ্ঠিরের জননী যশস্বিনী তোমার এই ভ্রাতৃবধূ কুন্তী তোমার ও গান্ধারীর শুশ্রূষা করায় ভর্ত্তা পাণ্ডুর সমান লোক লাভ করিবেন। কারণ, তাহাই সনাতন ধর্ম্ম। আমি দিব্য চক্ষুতে এই সমস্ত দেখিতেছি ॥১৮—১৯॥

আর বিদুর মহাত্মা যুধিষ্ঠিরের দেহে প্রবেশ করিবেন এবং সঞ্জয় ধর্ম্মচিন্তার ফলে এই মর্ত্ত্যলোক হইতে স্বর্গলোকে গমন করিবেন' ॥২০॥

বৈশম্পায়ন বলিলেন—নারদের এই কথা শুনিয়া মহাত্মা ও কর্ত্তব্যজ্ঞানবান্ ধৃতরাষ্ট্র পত্নী গান্ধারীর সহিত সন্তুষ্ট হইলেন এবং নারদের বাক্যের প্রশংসা করিয়া তাঁহার অতুলনীয় পূজা করিলেন ॥২১॥

ততঃ সর্ব্বে নারদং বিপ্রসঙ্ঘাঃ সংপূজযামাসুরতীব রাজন্ ।
রাজ্ঞঃ প্রীত্যা ধৃতরাষ্ট্রস্য তে বৈ পুনঃ পুনঃ সংপ্রহৃষ্টস্তদানীম্ ॥২২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে নারদবাক্যে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—০—

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ।

—:০:—

বৈশম্পায়ন উবাচ ।
নারদস্য তু তদ্বাক্যং শশংসুর্দ্বিজসত্তমাঃ ।
শতযূপস্তু রাজর্ষির্নারদং বাক্যমব্রবীৎ ॥১॥
অহো ভগবতা শ্রদ্ধা কুরুরাজস্য বর্দ্ধিতা ।
সর্ব্বস্য চ জনস্যাস্য মম চৈব মহাত্মনে ! ॥২॥

ভারতকৌমুদী

তত ইতি। সংপূজযামাসুঃ ভবিষ্যদ্বিষয়কথনাৎ ॥২২॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-
মাশ্রমবাসিকপর্ব্বণি দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

নারদস্যেতি। শশংসুঃ সর্ব্বেষাং সন্তোষজননাৎ। শতযূপো নাম প্রাগুক্তঃ ॥১॥
অহো ইতি। ভগবতা নারদেন, শ্রদ্ধা তপস্যাং প্রতি বিশ্বাসঃ ॥২॥

রাজা! তাহার পর ব্রাহ্মণেরা সকলে নারদের বিশেষ সম্মান করিলেন এবং রাজা ধৃতরাষ্ট্রের প্রীতি দর্শন করিযা তাঁহারাও তখন অত্যন্ত আনন্দিত হইলেন ॥২২॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—তত্রত্য ব্রাহ্মণগণ নারদের সেই বাক্যের প্রশংসা করিলেন; আর রাজর্ষি শতযূপ নারদকে এই কথা বলিলেন—॥১॥

---

* অত্র অধ্যায়সমাপ্তির্নাস্তি বঙ্গ বর্দ্ধ।

অস্তি কাচিদ্বিবক্ষা তু তাং মে নিগদতঃ শৃণু।
ধৃতরাষ্ট্রং প্রতি নৃপং দেবর্ষে! লোকপূজিত! ॥৩॥
সর্ব্ববৃত্তান্ততত্ত্বজ্ঞো ভবান্ দিব্যেন চক্ষুষা।
যুক্তঃ পশ্যসি বিপ্রর্ষে! গতির্যা বিবিধা নৃণাম্ ॥৪॥
উক্তবান্ নৃপতীনাং ত্বং মহেন্দ্রস্য সলোকতাম্।
ন ত্বস্য নৃপতের্লোকাঃ কথিতাস্তে মহামুনে! ॥৫॥
স্থানমপ্যস্য নৃপতেঃ শ্রোতুমিচ্ছাম্যহং বিভো!।
ত্বত্তঃ কীদৃক্ কদা চেতি তন্মমাখ্যাহি তত্ত্বতঃ ॥৬॥
ইত্যুক্তো নারদস্তেন বাক্যং সর্ব্বমনোঽনুগম্।
ব্যাজহার সভামধ্যে দিব্যদর্শী মহাতপাঃ ॥৭॥

ভারতকৌমুদী

অস্তীতি। বিবক্ষা বক্তুমিচ্ছা, নিগদতঃ কথয়তঃ ॥৩॥

সর্ব্বেতি। দিব্যেন চক্ষুষা যুক্তো ভবান্ সর্ব্ববৃত্তান্ততত্ত্বজ্ঞঃ, অতএব হে বিপ্রর্ষে। নৃণাং যা বিবিধা গতিঃ তাং ত্বং পশ্যসি ॥৪॥

উক্তবানিতি। নৃপতীনাং সহস্রচিত্যাদীনাম্, সলোকতামেকলোকবাসিত্বম্। অস্য ধৃতরাষ্ট্রস্য ॥৫॥

স্থানমিতি। অস্য ধৃতরাষ্ট্রস্য। আখ্যাহি ব্রূহি ॥৬॥

ইতীতি। সর্ব্বেষামেব মনোঽনুগমভীষ্টম্। ব্যাজহার উবাচ ॥৭॥

'মহাতেজা দেবর্ষি। আপনি ধৃতরাষ্ট্রের, এই সমস্ত লোকের এবং আমার তপস্যার উপরে শ্রদ্ধা বর্দ্ধিত করিয়াছেন ॥২॥

অতএব জগৎপূজিত দেবর্ষি! রাজা ধৃতরাষ্ট্রের বিষয়ে আমার কিছু বলিবার ইচ্ছা আছে, তাহা আমি বলিতেছি, আপনি শ্রবণ করুন ॥৩॥

আপনি দিব্যচক্ষুসম্পন্ন বলিয়া সমস্ত পদার্থেরই তত্ত্ব জানেন এবং ব্রহ্মর্ষি! মনুষ্যগণের যে বিবিধ গতি হয়, তাহাও আপনি দেখিয়া থাকেন ॥৪॥

মহর্ষি! আপনি সহস্রচিত্যপ্রভৃতি রাজগণের ইন্দ্রলোক লাভের বিষয় বলিয়াছেন; কিন্তু এই রাজার প্রাপ্য লোকের কথা বলেন নাই ॥৫॥

অতএব প্রভু! আমি এই রাজার প্রাপ্য স্থানের বিষয় আপনার নিকট শুনিতে ইচ্ছা করি; ইনি কখন কি প্রকারে লোক লাভ করিবেন, তাহা বলুন' ॥৬॥

শতযূপ এইরূপ বলিলে, দিব্যদর্শী ও মহাতপা নারদ সেই সভামধ্যে সকলেরই মনের অনুকূল বাক্য বলিলেন ॥৭॥

নারদ উবাচ।

যদৃচ্ছয়া শক্রসদো গত্বা শক্রং শচীপতিম্।
দৃষ্টবানস্মি রাজর্ষে! তত্র পাণ্ডুং নরাধিপম্ ॥৮॥
তত্রেয়ং ধৃতরাষ্ট্রস্য কথা সমভবন্নৃপ!।
তপসো দুষ্করস্যাস্য যদয়ং তপ্যতে তপঃ ॥৯॥
তত্রাহমিদমশ্রৌষং শক্রস্য বদতঃ স্বয়ম্।
বর্ষাণি ত্রীণি শিষ্টানি রাজ্ঞোঽস্য পরমায়ুষঃ ॥১০॥
ততঃ কুবেরভবনং গান্ধারীসহিতো নৃপঃ।
প্রয়াতা ধৃতরাষ্ট্রোঽয়ং রাজরাজাভিসৎকৃতঃ ॥১১॥
কামগেন বিমানেন দিব্যাভরণভূষিতঃ।
ঋষিপুত্রো মহাভাগস্তপসা দগ্ধকিল্বিষঃ ॥১২॥
সঞ্চরিষ্যতি লোকাংশ্চ দেবগন্ধর্ব্বরক্ষসাম্।
স্বচ্ছন্দেনেতি ধর্ম্মাত্মা যন্মাং ত্বমনুপৃচ্ছসি ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যদৃচ্ছয়েতি। যদৃচ্ছয়া জগদ্ভ্রমণক্রমেণ ঈশ্বরেচ্ছয়া বা, শক্রসদ ইন্দ্রসভাম্ ॥৮॥
তত্রেতি। তত্র শক্রসদসি। তপ্যতে অনুতিষ্ঠতি ॥৯॥
তত্রেতি। অস্য রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য, পরমায়ুষঃ ত্রীণি বর্ষাণি শিষ্টানি অবশিষ্টানি ॥১০॥
তত ইতি। রাজরাজেন কুবেরেণ অভিসৎকৃতঃ সর্ব্বথা সম্মানিতঃ ॥১১॥
কামগেনেতি। কামগেন স্বেচ্ছাগামিনা। ঋষের্ব্যাসস্য পুত্রঃ। স্বচ্ছন্দেন স্বেচ্ছয়া ॥১২—১৩॥

নারদ বলিলেন—'রাজর্ষি! আমি একদা ঈশ্বরেচ্ছাক্রমে ইন্দ্রের সভায় যাইয়া শচীপতি ইন্দ্রকে এবং রাজা পাণ্ডুকে দর্শন করি ॥৮॥

রাজা! ইনি যে তপস্যা করিতেছেন, ইহার এই দুষ্কর তপস্যাসম্বন্ধে ইন্দ্রের সেই সভায় আলোচনা হইয়াছিল ॥৯॥

স্বয়ং ইন্দ্র সেই সভায় ইহা বলিয়াছিলেন, আমি শুনিয়াছিলাম—এই ধৃতরাষ্ট্রের পরমায়ু আর তিন বৎসর মাত্র অবশিষ্ট আছে ॥১০॥

তাহার পর এই রাজা ধৃতরাষ্ট্র গান্ধারীর সহিত কুবেরভবনে গমন করিবেন এবং কুবেরকর্ত্তৃক সর্ব্বপ্রকারে সম্মানিত হইবেন ॥১১॥

ক্রমে ঋষিপুত্র, মহাভাগ্যশালী, তপস্যার গুণে পাপবিহীন ও ধর্ম্মাত্মা এই ধৃতরাষ্ট্র দিব্য অলঙ্কারে অলঙ্কৃত হইয়া কামগামী বিমানে আরোহণ করিয়া ইচ্ছানুসারে দেবতা, গন্ধর্ব্ব ও রাক্ষসলোকে বিচরণ করিবেন। আপনি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, এই তাহা বলিলাম ॥১২—১৩॥

দেবগুহ্যমিদং প্রীত্যা ময়া বঃ কথিতং মহৎ।
ভবন্তো হি শ্রুতধনাস্তপসা দগ্ধকিল্বিষাঃ ॥১৪॥

বৈশম্পায়ন উবাচ।

ইতি তে তস্য তচ্ছ্রুত্বা দেবর্ষের্মধুরং বচঃ।
সর্বে সুমনসঃ প্রীতা বভূবুঃ স চ পার্থিবঃ ॥১৫॥

এবং কথাভিরন্বাস্য ধৃতরাষ্ট্রং মনীষিণম্।
বিপ্রজগ্মুর্যথাকামং তে সিদ্ধগতিমাস্থিতাঃ ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-পর্ব্বণি আশ্রমবাসে নারদবাক্যে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ॥০॥ *

ভারতকৌমুদী

দেবেতি। দেবঋপি গুহ্যং গোপনীয়ম্, ইদমাখ্যানম্। হি যস্মাৎ, শ্রুতমাপ্তবাক্যশ্রবণমেব ধনং যেষাং তে ॥১৪॥

ইতীতি। সুমনসঃ প্রসন্নচিত্তাঃ, স পার্থিবো ধৃতরাষ্ট্রশ্চ ॥১৫॥

এবমিতি। অন্বাস্য উপাস্য সন্তোষ্যেত্যর্থঃ। সিদ্ধগতিম্ আকাশগমনম্ ॥১৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি আশ্রমবাসে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

নারদ ইতি ॥১—১১॥ ঋষিপুত্রো ব্যাসপুত্রঃ ॥১২—১৬॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিক-পর্ব্বণি আশ্রমবাসে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥২৩॥

আমি প্রীতিবশতঃ দেবগুহ্য এই প্রশস্ত বিষয় আপনাদের নিকট বলিলাম। কারণ, আপনারা তপস্যার গুণে পাপ দগ্ধ করিয়াছেন এবং আপ্তবাক্য শ্রবণ করাই আপনাদের ধন' ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—তত্রত্য সাধুপুরুষেরা সকলে দেবর্ষি নারদের এই প্রকার সেই মধুর বাক্য শ্রবণ করিয়া প্রসন্ন ও সন্তুষ্টচিত্ত হইলেন এবং রাজা ধৃতরাষ্ট্রও আনন্দ লাভ করিলেন ॥১৫॥

তাঁহারা এইরূপ কথাদ্বারা ধৃতরাষ্ট্রকে আনন্দিত করিয়া, সিদ্ধপুরুষের গতি অবলম্বনপূর্বক ইচ্ছানুসারে চলিয়া গেলেন ॥১৬॥

---

* '...বিংশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...ত্রাবিংশোঽধ্যায়ঃ'—নি।

চতুর্বিংশোঽধ্যায়ঃ ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ ।

বনং গতে কৌরবেন্দ্রে দুঃখশোকসমন্বিতাঃ ।
বভূবুঃ পাণ্ডবা রাজন্ ! মাতৃশোকেন চান্বিতাঃ ॥১॥
তথা পৌরজনঃ সর্ব্বঃ শোচন্নাস্তে জনাধিপম্ ।
কুর্ব্বাণাশ্চ কথাস্তত্র ব্রাহ্মণা নৃপতিং প্রতি ॥২॥
কথং নু রাজা বৃদ্ধঃ স বনে বসতি নির্জনে ।
গান্ধারী চ মহাভাগা সা চ কুন্তী পৃথা কথম্ ॥৩॥
সুখার্হঃ স হি রাজর্ষিরসুখী তদ্বনং মহৎ ।
কিমবস্থঃ সমাসাদ্য প্রজ্ঞাচক্ষুর্হতাত্মজঃ ॥৪॥
সুদুষ্করং কৃতবতী কুন্তী পুত্রানপাস্য সা ।
রাজ্যশ্রিয়ং পরিত্যজ্য বনং সা সমরোচয়ৎ ॥৫॥

ভারতকৌমুদী

বনমিতি । কৌরবেন্দ্রে ধৃতরাষ্ট্রে । মাতুঃ কুন্ত্যাঃ শোকেন বিচ্ছেদদুঃখেন ॥১॥
তথেতি । জনাধিপং ধৃতরাষ্ট্রম্ । নৃপতিং প্রতি ধৃতরাষ্ট্রবিষয়ে ॥২॥
তাঃ কথা এবাহ কথমিতি । রাজা ধৃতরাষ্ট্রঃ । কুন্তী কুন্তিভোজতনয়া ॥৩॥
সুখেতি । সুখার্হঃ সুখভোগযোগ্যঃ । কা অবস্থা যস্য স কিমবস্থঃ ॥৪॥
সুদুষ্করমিতি । সুদুষ্করং কার্য্যম্ । রাজ্যশ্রিয়ং রাজ্যসম্পদ্ভোগম্ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা ! ধৃতরাষ্ট্র বনে গমন করিলে, পাণ্ডবেরা তাঁহার শোকে ও মাতার শোকে আকুল হইলেন ॥১॥

এবং পুরবাসী সমস্ত লোকই ধৃতরাষ্ট্রের জন্য শোক করিতে থাকিল ; আর ব্রাহ্মণেরাও তখন ধৃতরাষ্ট্রের বিষয়ে আলোচনা করিতে থাকিলেন ॥২॥

ধৃতরাষ্ট্র, রাজা ও বৃদ্ধ হইয়া এবং মহাভাগা গান্ধারী ও কুন্তী নির্জ্জন বনমধ্যে কি প্রকারে বাস করিতেছেন ? ॥৩॥

রাজর্ষি ধৃতরাষ্ট্র, সুখভোগের যোগ্য ছিলেন ; কিন্তু এখন অসুখী হইয়াছেন । কারণ, প্রজ্ঞাচক্ষু ও হতপুত্র সেই রাজা এখন অসুখ ভিন্ন কোন্ অবস্থায় থাকিবেন ? ॥৪॥

বিদুরঃ কিমবস্থশ্চ ভ্রাতুঃ শুশ্রূষুরাত্মবান্।
স চ গাবল্গণির্ধীমান্ ভর্তৃপিণ্ডানুপালকঃ ॥৬॥
আকুমারঞ্চ পৌরাস্তে চিন্তাশোকসমাহতাঃ।
তত্র তত্র কথাশ্চক্রুঃ সমাসাদ্য পরস্পরম্ ॥৭॥
পাণ্ডবাশ্চৈব তে সর্বে ভৃশং শোকপরায়ণাঃ।
শোচন্তো মাতরং বৃদ্ধামূষুর্নাতিচিরং পুরে ॥৮॥
তথৈব বৃদ্ধং পিতরং হতপুত্রং জনেশ্বরম্।
গান্ধারীঞ্চ মহাভাগাং বিদুরঞ্চ মহামতিম্ ॥৯॥
নৈষাং বভূব সংপ্রীতিস্তান্ বিচিন্তয়তাং তদা।
ন রাজ্যে ন চ নারীষু ন বেদাধ্যয়নেষু ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বিদুর ইতি। ভ্রাতুর্ধৃতরাষ্ট্রস্য একব্যাসজাতত্বাৎ, আত্মবান্ বুদ্ধিমান্। গবল্গণস্যাপত্যমিতি গাবল্গণিঃ সঞ্জয়ঃ ॥৬॥

আকুমারমিতি। কুমারান্ বালকানারভ্যেতি আকুমারম্। কথা উক্তরূপা আলোচনাঃ ॥৭॥

পাণ্ডবা ইতি। ঊষুর্বাসং চক্রুঃ, পুরে হস্তিনানগরে ॥৮॥

তথেতি। পিতরং জ্যেষ্ঠতাতং ধৃতরাষ্ট্রম্। তান্ এতান্ বিচিন্তয়তামেষাং যুধিষ্ঠিরাদীনাং রাজ্যে, নারীষু, বেদাধ্যয়নেষু চ সংপ্রীতির্ন বভূব ॥৯—১০॥

কুন্তী পুত্রগণকে পরিত্যাগ করিয়া অতি দুষ্কর কার্য্য করিয়াছেন; আর তিনি রাজলক্ষ্মী পরিত্যাগ করিযা বনবাসে ইচ্ছা করিয়াছেন ॥৫॥

বুদ্ধিমান্ বিদুর ভ্রাতা ধৃতরাষ্ট্রের শুশ্রূষা করিবার ইচ্ছায় বনে যাইয়া কোন্ অবস্থায় রহিয়াছেন এবং বুদ্ধিমান্ ও প্রভুর অন্নের সম্মানরক্ষক সঞ্জয়ই বা কোন্ অবস্থা ভোগ করিতেছেন? ॥৬॥

বালক হইতে আরম্ভ করিয়া সেই পুরবাসীরা সকলেই চিন্তা ও শোকযুক্ত হইয়া নানাস্থানে পরস্পরকে পাইয়া এইরূপ আলোচনা করিতে লাগিল ॥৭॥

আর সেই পাণ্ডবেরা সকলেও অত্যন্ত শোকপরায়ণ হইলেন এবং তাঁহারা বৃদ্ধ মাতার জন্য শোক করিতে থাকিয়া দীর্ঘকাল হস্তিনানগরে বাস করিলেন না ॥৮॥

সেইরূপই বৃদ্ধ ও হতপুত্র রাজা ধৃতরাষ্ট্রকে, মহাভাগা গান্ধারীকে এবং মহামতি বিদুরকে স্মরণ করিতে থাকায় পাণ্ডবগণের রাজ্যে, স্ত্রীগণে ও বেদাধ্যয়নে সন্তোষ হইতেছিল না ॥৯—১০॥

পরং নির্ব্বেদমগমংশ্চিন্তয়ন্তো নরাধিপম্ ।
তঞ্চ জ্ঞাতিবধং ঘোরং সংস্মরন্তঃ পুনঃ পুনঃ ॥১১॥
অভিমন্যোশ্চ বালস্য বিনাশং রণমূর্দ্ধনি ।
কর্ণস্য চ মহাবাহোঃ সংগ্রামেষ্বপলায়িনঃ ॥১২॥
তথৈব দ্রৌপদেয়ানামন্যেষাং সুহৃদামপি ।
বধং সংস্মৃত্য তে বীরা নাতিপ্রমনসোঽভবন্ ॥১৩॥ (যুগ্মকম্)
হতপ্রবীরাং পৃথিবীং হৃতরত্নাঞ্চ ভারত ! ।
ভরতনন্দন রাজা! তাহার পর যুধিষ্ঠির সেই তপস্বিগণকে নগর হইতে আনীত স্বর্ণময় ও তাম্রময় কলশ, মৃগচর্ম্ম, আস্তরণ, স্রুক্‌স্রুব (কোশাকুশি), কমণ্ডলু, স্থালী, আসন, তৈজসপাত্র, নানাবিধ পাত্রী এবং যিনি যত যাহা ইচ্ছা করেন, তাঁহাকে তত পাত্র দান করিলেন ॥১২—১৪॥

ধর্ম্মাত্মা রাজা যুধিষ্ঠির এইভাবে সেই আশ্রমের সর্ব্বত্র গমন করিয়া পূর্ব্বোক্তরূপ সমস্ত ধন দানপূর্ব্বক পুনরায় ধৃতরাষ্ট্রের আশ্রমে আসিলেন ॥১৫॥

তখন যুধিষ্ঠির দেখিলেন, রাজা ধৃতরাষ্ট্র আহ্নিক করিয়া সুস্থভাবে গান্ধারীর সহিত আসনে বসিয়া রহিয়াছেন ॥১৬॥

ধর্ম্মাত্মা যুধিষ্ঠির আরও দেখিলেন, শিষ্টাচারসমন্বিতা মাতা কুন্তীদেবী

স তমভ্যর্চ্চ্য রাজানং নাম সংশ্রাব্য চাত্মনঃ।
নিষীদেত্যভ্যনুজ্ঞাতো বৃষ্যামুপবিবেশ হ ॥১৮॥
ভীমসেনাদযশ্চৈব পাণ্ডবা ভরতর্ষভ!।
অভিবাদ্যোপসংগৃহ্য নিষেদুঃ পার্থিবাজ্ঞয়া ॥১৯॥
স তৈঃ পরিবৃতো রাজা শুশুভেঽতীব কৌরবঃ।
বিভ্রদ্‌ব্রাহ্মীং শ্রিয়ং দীপ্তাং দেবৈরিব বৃহস্পতিঃ ॥২০॥
তথা তেষূপবিষ্টেষু সমাজগ্মুর্ম্মহর্ষয়ঃ।
শতযূপপ্রভৃতয়ঃ কুরুক্ষেত্রনিবাসিনঃ ॥২১॥
ব্যাসশ্চ ভগবান্ বিপ্রো দেবর্ষিগণসেবিতঃ।
বৃতঃ শিষ্যৈর্ম্মহাতেজা দর্শয়ামাস পার্থিবম্ ॥২২॥

ভারতকৌমুদী

স ইতি। তং ধৃতরাষ্ট্রম্, আত্মনো নাম সংশ্রাব্য অন্ধত্বেন দর্শনাসম্ভবাদিতি ভাবঃ। নিষীদ উপবিশ, বৃষ্যাম্ ঋষিযোগ্যাসনে। "ঋষীণামাসনং বৃষী" ইত্যমরঃ ॥১৮॥

ভীমেতি। উপসংগৃহ্য আসনমাদায়, নিষেদুরুপবিবিশুঃ, পার্থিবস্য ধৃতরাষ্ট্রস্য আজ্ঞয়া ॥১৯॥

স ইতি। রাজা ধৃতরাষ্ট্রঃ। ব্রাহ্মীং ব্রহ্মোপাসকযোগ্যাম্ ॥২০॥

তথেতি। তেষু পাণ্ডবেষু, উপবিষ্টেষু সৎসু ॥২১॥

ব্যাস ইতি। দেবর্ষিগণসেবিতঃ নারায়ণাবতারত্বেন শ্রীভাগবতোক্তত্বাৎ বিষ্ণাতিরিক্তত্বা-চ্চেতি ভাবঃ। দর্শয়ামাস আত্মানম্, পার্থিবং যুধিষ্ঠিরম্ ॥২২॥

গান্ধারী ও ধৃতরাষ্ট্রের অনতিদূরে তাঁহাদের শিষ্যের ন্যায় অবনতভাবে অবস্থান করিতেছেন ॥১৭॥

তখন যুধিষ্ঠির ধৃতরাষ্ট্রকে অভিবাদনপূর্ব্বক নিজের নাম শ্রবণ করাইলেন। পরে ধৃতরাষ্ট্র 'উপবেশন কর' এইরূপ আদেশ করিলে, যুধিষ্ঠির ঋষির যোগ্য আসনে উপবেশন করিলেন ॥১৮॥

ভরতশ্রেষ্ঠ! ক্রমে ভীমসেনপ্রভৃতি পাণ্ডবেরা ধৃতরাষ্ট্রকে অভিবাদন করিয়া তাঁহার আদেশক্রমে আসন লইয়া উপবিষ্ট হইলেন ॥১৯॥

তৎকালে উজ্জ্বল ব্রহ্মোপাসক কান্তিসম্পন্ন ধৃতরাষ্ট্র পাণ্ডবগণে পরিবেষ্টিত হইয়া দেবগণে পরিবেষ্টিত বৃহস্পতির ন্যায় অত্যন্ত শোভা পাইতে লাগিলেন ॥২০॥

পাণ্ডবেরা সেইভাবে উপবিষ্ট হইলে, কুরুক্ষেত্রনিবাসী শতযূপপ্রভৃতি মহর্ষিরা সেইস্থানে আগমন করিলেন ॥২১॥

ততঃ স রাজা কৌরব্যঃ কুন্তীপুত্রশ্চ বীর্য্যবান্।
ভীমসেনাদয়শ্চৈব প্রত্যুত্থায়াভ্যবাদয়ন্ ॥২৩॥
সমাগতস্ততো ব্যাসঃ শতযূপাদিভির্বৃতঃ।
ধৃতরাষ্ট্রং মহীপালমাস্যতামিত্যভাষত ॥২৪॥
বরং তু বিষ্টরং কৌশ্যং কৃষ্ণাজিনকুশোত্তরম্।
প্রতিপেদে তদা ব্যাসস্তদর্থমুপকল্পিতম্ ॥২৫॥
তে চ সর্ব্বে দ্বিজশ্রেষ্ঠা বিষ্টরেষু সমন্ততঃ।
দ্বৈপায়নাভ্যনুজ্ঞাতা নিষেদুর্বিপুলৌজসঃ ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-পর্ব্বণি আশ্রমবাসে ব্যাসাগমনে ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। অভ্যবাদয়ন্ ব্যাসমিতি শেষঃ ॥২৩॥

সমিতি। বৃতঃ পরিবেষ্টিতঃ। আস্যত'মুপবিশ্যতাম্ ॥২৪॥

বরমিতি। বরমুৎকৃষ্টম্, বিষ্টরমাসনম্, কৌশ্যং কুশনির্ম্মিতম্, কৃষ্ণস্য মৃগস্য অজিনং চর্ম্ম, কুশানামুত্তরে উপরিভাগে যস্য তৎ। প্রতিপেদে প্রাপ ॥২৫॥

ত ইতি। সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু। নিষেদুরুপবিবিশুঃ ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-
মাশ্রমবাসিকপর্ব্বণি ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

মহাতেজা, দেবর্ষিগণসেবিত ভগবান্ ব্রাহ্মণ বেদব্যাস শিষ্যগণে পরিবেষ্টিত হইয়া যুধিষ্ঠিরের সমক্ষে উপস্থিত হইলেন ॥২২॥

তাহার পর কৌরবনন্দন বীর্য্যবান্ রাজা যুধিষ্ঠির এবং ভীমসেনপ্রভৃতি সকলেই গাত্রোত্থান করিয়া বেদব্যাসকে অভিবাদন করিলেন ॥২৩॥

তৎপরে শতযূপপ্রভৃতি ঋষিরা সমাগত বেদব্যাসকে পরিবেষ্টন করিলেন। তখন বেদব্যাস রাজা ধৃতরাষ্ট্রকে বলিলেন—'উপবেশন কর' ॥২৪॥

ক্রমে বেদব্যাস একখানি কুশময় উৎকৃষ্ট আসন পাইলেন। তাহার উপরে কৃষ্ণমৃগের চর্ম্ম পাতিত ছিল এবং সে আসনখানি পূর্ব্বেই তাঁহার জন্য কল্পনা করিয়া রাখা হইয়াছিল ॥২৫॥

পরে বেদব্যাসের অনুমতিক্রমে মহাতেজা সেই সকল ব্রাহ্মণশ্রেষ্ঠ বেদ-ব্যাসের সকল দিকে আসনে উপবেশন করিলেন ॥২৬॥

---

* '... সপ্তবিংশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...একোনত্রিংশোঽধ্যায়ঃ'—নি।

একত্রিংশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

ততঃ সমুপবিষ্টেষু পাণ্ডবেষু মহাত্মসু।
ব্যাসঃ সত্যবতীপুত্রঃ প্রোবাচামন্ত্র্য পার্থিবম্ ॥১॥
ধৃতরাষ্ট্র! মহাবাহো! কচ্চিত্তে বর্দ্ধতে তপঃ।
কচ্চিন্মনস্তে প্রীণাতি বনবাসে নরাধিপ! ॥২॥
কচ্চিদ্ধৃদি ন তে শোকো রাজন্! পুত্রবিনাশজঃ।
কচ্চিজ্জ্ঞানানি সর্ব্বাণি সুপ্রসন্নানি তেঽনঘ! ॥৩॥
কচ্চিদ্‌বুদ্ধিং দৃঢ়াং কৃত্বা চরস্যারণ্যকং বিধিম্।
কচ্চিদ্‌বধূশ্চ গান্ধারী ন শোকেনাভিভূয়তে ॥৪॥
মহাপ্রজ্ঞা বুদ্ধিমতী দেবী ধর্ম্মার্থদর্শিনী।
আগমাপায়তত্ত্বজ্ঞা কচ্চিদেষা ন শোচতি ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। পার্থিবং ধৃতরাষ্ট্রম্, আমন্ত্র্য সম্বোধ্য ॥১॥
ধৃতেতি। কচ্চিদ্‌বেদিতুমিচ্ছামীত্যর্থঃ। "কচ্চিৎ কামপ্রবেদনে" ইত্যমরঃ ॥২॥
কচ্চিদিতি। জ্ঞানানি ব্রহ্মবিষয়াদীনি, সুপ্রসন্নানি কামাত্তভাবাদনাবিলানি ॥৩॥
কচ্চিদিতি। চরসি অনুতিষ্ঠসি, আরণ্যকং বিধিং বনবাসনিয়মম্ ॥৪॥
মহেতি। মহাপ্রজ্ঞা তত্ত্বজ্ঞানবতী। আগমাপায়তত্ত্বজ্ঞা বৃদ্ধিক্ষয়কারণাভিজ্ঞা ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর মহাত্মা পাণ্ডবগণ উপবেশন করিলে, সত্যবতীর পুত্র বেদব্যাস ধৃতরাষ্ট্রকে সম্বোধন করিয়া বলিতে লাগিলেন—॥১॥

'মহাবাহু নরনাথ ধৃতরাষ্ট্র! তোমার তপস্যা বৃদ্ধি পাইতেছে ত? এবং তোমার মন এই বনবাসে সন্তুষ্ট থাকিতেছে ত? ॥২॥

নিষ্পাপ রাজা! পুত্রবিনাশজাত শোক তোমার মনে স্থান পাইতেছে না ত? এবং তোমার সমস্ত জ্ঞান নির্ম্মলভাবে সম্পন্ন হইতেছে ত? ॥৩॥

তুমি বুদ্ধিকে দৃঢ় করিয়া বনবাসের নিয়ম সকল পালন করিতেছ ত? এবং বধূ গান্ধারী শোকে অভিভূত হইতেছেন না ত? ॥৪॥

---

(১)...ইদং বচনমব্রবীৎ—পি বঙ্গ বর্দ্ধ। (২)...কচ্চিত্তে বর্ত্ততে তপঃ—বঙ্গ বর্দ্ধ নি।

কচ্চিৎ কুন্তী চ রাজন্! ত্বাং শুশ্রূষত্যনহঙ্কৃতা।
যা পরিত্যজ্য স্বং পুত্রং গুরুশুশ্রূষণে রতা ॥৬॥
কচ্চিদ্ধর্ম্মসুতো রাজা ত্বয়া প্রত্যভিনন্দিতঃ।
ভীমার্জ্জুনযমাশ্চৈব কচ্চিদেতেঽপি সান্ত্বিতাঃ ॥৭॥
কচ্চিন্নন্দসি দৃষ্ট্বৈতান্ কচ্চিত্তে নির্ম্মলং মনঃ।
কচ্চিচ্চ শুদ্ধভাবোঽসি জাতজ্ঞানো নরাধিপ! ॥৮॥
এতদ্ধি ত্রিতয়ং শ্রেষ্ঠং সর্ব্বভূতেষু ভারত!।
নির্ব্বৈরতা মহারাজ! সত্যমক্রোধ এব চ ॥৯॥
কচ্চিত্তে ন চ মোহোঽস্তি বনবাসেন ভারত!।
স্ববশে বন্যমন্নং বা উপবাসোঽপি বা ভবেৎ ॥১০॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। অনহঙ্কৃতা রাজমাতৃত্বেঽপি গর্ব্বরহিতা ॥৬॥

কচ্চিদিতি। ভীমশ্চ অর্জ্জুনশ্চ যমৌ নকুলসহদেবৌ চেতি তে ॥৭॥

কচ্চিদিতি। নন্দসি আনন্দমনুভবসি, নির্ম্মলমীর্য্যাবিদ্বেষশূন্যম্। শুদ্ধভাবো বিষয়বাসনাশূন্যঃ ॥৮॥

এতদিতি। শ্রেষ্ঠং সর্ব্বেষু ভাবেষূত্তমম্, সর্ব্বভূতেষু সকলপ্রাণিষু ॥৯॥

কচ্চিদিতি। মোহো বিচিত্ততা। বন্যমন্নং ফলমূলাদিকম্ উপবাসোঽপি বা স্ববশে নিজাধীনশ্চৌ, ভবেৎ তিষ্ঠেৎ ॥১০॥

জ্ঞানবতী, বুদ্ধিমতী, ধর্ম্মদর্শিনী এবং বৃদ্ধি ও ক্ষয়ের কারণাভিজ্ঞা এই দেবী গান্ধারী পুত্রপ্রভৃতির জন্য শোক করেন না ত? ॥৫॥

রাজা! যিনি আপন পুত্রগণকে পরিত্যাগ করিয়া গুরুজনের শুশ্রূষায় নিরত হইয়াছেন, সেই কুন্তীদেবী অহঙ্কারশূন্য হইয়া তোমার শুশ্রূষা করেন ত? ॥৬॥

রাজা! তুমি ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরের আদর করিয়াছ ত? এবং এই ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেবকে আশ্বাস দিয়াছ ত? ॥৭॥

নরনাথ! তুমি ইঁহাদিগকে দেখিয়া আনন্দ অনুভব করিতেছ ত? এবং তোমার মন নির্ম্মল রহিয়াছে ত? আর তোমার জ্ঞান জন্মিয়াছে বলিয়া তোমার মনের ভাব বিশুদ্ধ আছে ত? ॥৮॥

ভরতনন্দন মহারাজ! বৈরশূন্যতা, সত্য ও ক্রোধহীনতা—এই তিনটী ভাব সমস্ত প্রাণীর মধ্যেই শ্রেষ্ঠ ॥৯॥

বিদিতঞ্চাপি রাজেন্দ্র! বিদুরস্য মহাত্মনঃ।
গমনং বিধিনানেন ধর্ম্মস্য সুমহাত্মনঃ ॥১১॥
মাণ্ডব্যশাপাদ্ধি স বৈ ধর্ম্মো বিদুরতাং গতঃ।
মহাবুদ্ধির্মহাযোগী মহাত্মা সুমহামনাঃ ॥১২॥
বৃহস্পতির্বা দেবেষু শুক্রো বাঽপ্যসুরেষু চ।
ন তথা বুদ্ধিসম্পন্নো যথা স পুরুষর্ষভঃ ॥১৩॥
তপোবলং ব্যয়ং কৃত্বা সুচিরাৎ সংভৃতং তদা।
মাণ্ডব্যেনর্ষিণা ধর্ম্মো হ্যভিভূতঃ সনাতনঃ ॥১৪॥
নিয়োগাদ্‌ব্রহ্মণঃ পূর্ব্বং ময়া স্বেন বলেন চ।
বৈচিত্রবীর্য্যকে ক্ষেত্রে জাতঃ স সুমহামতিঃ ॥১৫॥

ভারতকৌমুদী

বিদিতমিতি। বিদিতং ময়া জ্ঞাতম্। ধর্ম্মস্য সাক্ষাদ্ধর্ম্মরূপস্য, অনেন বিধিনা যুধিষ্ঠির-শরীরপ্রবেশেন, গমনং মর্ত্ত্যলোকাৎ প্রয়াণম্ ॥১১॥

মাণ্ডব্যেতি। সুমহামনা ঈর্ষ্যাদ্বেষাদিশূন্যত্বাৎ ॥১২॥

বৃহস্পতিরিতি। পুরুষর্ষভো নরশ্রেষ্ঠঃ, স বিদুরঃ ॥১৩॥

তপ ইতি। ব্যয়ং নষ্টম্, সংভৃতং সঞ্চিতম্। অভিভূতঃ শপ্তঃ ॥১৪॥

নিয়োগাদিতি। বলেন দেবপ্রভাবেণ। বিচিত্রবীর্য্যস্যেদমিতি বৈচিত্রবীর্য্যকং তস্মিন্, ক্ষেত্রে শূদ্র্যাং ভার্য্যায়াম্, স বিদুরঃ ॥১৫॥

ভরতনন্দন! এই বনবাসে তোমার বিরক্তি জন্মিতেছে না ত? এবং বন্য খাদ্যবস্তুতে বা উপবাসে তোমার অভিরুচি থাকিতেছে ত? ॥১০॥

রাজশ্রেষ্ঠ! অতিমহাত্মা সাক্ষাৎ ধর্ম্মস্বরূপ বিদুরের এইভাবে যে মহা-প্রস্থান হইয়াছে; তাহা আমি জানিয়াছি ॥১১॥

মহর্ষি মাণ্ডব্যের অভিসম্পাতে সেই ধর্ম্ম বিদুরত্ব প্রাপ্ত হইয়াছিলেন; সেই জন্যই বিদুর মহাবুদ্ধি, মহাযোগী, মহাত্মা ও অতিমহামনা হইয়া-ছিলেন ॥১২॥

পুরুষশ্রেষ্ঠ বিদুর যেরূপ বুদ্ধিমান্ ছিলেন, দেবগণের মধ্যে বৃহস্পতি কিংবা অসুরগণের মধ্যে শুক্রও সেরূপ বুদ্ধিমান্ নহেন ॥১৩॥

মহর্ষি মাণ্ডব্য দীর্ঘকালসঞ্চিত তপস্যার ক্ষয় করিয়া সেই সময়ে সনাতন ধর্ম্মকে অভিসম্পাত করেন ॥১৪॥

সেই মহামতি ধর্ম্ম পূর্ব্বে ব্রহ্মার আদেশে আপন প্রভাবে আমাদ্বারা বিচিত্রবীর্য্যের শূদ্রাজাতীয় ভার্য্যার গর্ভে বিদুররূপে জন্মিয়াছিলেন ॥১৫॥

ভ্রাতা তব মহারাজ ! দেবদেবঃ সনাতনঃ।
ধারণাম্মনসা ধ্যানাদ্‌যং ধর্ম্মং কবয়ো বিদুঃ ॥১৬॥
সত্যেন সংবর্দ্ধয়তি যো দমেন শমেন চ।
অহিংসয়া চ দানেন তপসা চ সনাতনঃ ॥১৭॥
যেন যোগবলাজ্জাতঃ কুরুরাজো যুধিষ্ঠিরঃ।
ধর্ম্ম ইত্যেষ নৃপতে। কুরুরাজো যুধিষ্ঠিরঃ।
ধর্ম্ম ইত্যেষ নৃপতে ! প্রাজ্ঞেনামিতবুদ্ধিনা ॥১৮॥
যথা বহ্নির্যথা বায়ুর্যথাপঃ পৃথিবী যথা।
যথাকাশং তথা ধর্ম্ম ইহ চামুত্র চ স্থিতঃ ॥১৯॥
সর্ব্বগশ্চৈব রাজেন্দ্র ! সর্ব্বং ব্যাপ্য চরাচরম্।
দৃশ্যতে দেবদেবৈঃ স সিদ্ধৈর্নির্ম্মুক্তকল্মষৈঃ ॥২০॥

ভারতকৌমুদী

ভ্রাতেতি। ধারণাৎ জগৎপরিরক্ষণাৎ ॥১৬॥

সত্যেনেতি। সংবর্দ্ধয়তি আত্মানমুন্নময়তি, দমেন বহিরিন্দ্রিয়দমনেন, শমেন অন্তরিন্দ্রিয়-দমনেন ॥১৭॥

যেনেতি। যেন ধর্ম্মেণ করণেন, জাতঃ কুন্ত্যাম্ ॥১৮॥

যথেতি। আপো জলম্। ইহ লোকে, অমুত্র পরলোকে চ ॥১৯॥

সর্ব্বগ ইতি। সর্ব্বং ব্যাপ্য স্থিত ইতি শেষঃ। স ধর্ম্মঃ ॥২০॥

মহারাজ ! মনে মনে চিন্তানিবন্ধন জগৎ ধারণ করায় জ্ঞানীরা যাঁহাকে ধর্ম্ম বলিয়া জানেন, সেই সনাতন দেবদেব ধর্ম্মই বিদুররূপে তোমার ভ্রাতা ছিলেন ॥১৬॥

যিনি সত্য, শম, দম, অহিংসা, দান ও তপস্যার প্রভাবে আপনাকে সর্ব্ব-শ্রেষ্ঠ করিয়াছেন এবং চিরস্থায়িরূপে রহিয়াছেন ॥১৭॥

রাজা ! জ্ঞানী ও অমিতবুদ্ধি যে ধর্ম্মদ্বারা যোগপ্রভাবে কুন্তীর গর্ভে কুরু-রাজ যুধিষ্ঠির জন্মিয়াছেন ; সেই হেতু এই যুধিষ্ঠির ধর্ম্মই বটেন ॥১৮॥

পৃথিবী, জল, অগ্নি, বায়ু ও আকাশের ন্যায় ধর্ম্ম ইহলোকে ও পরলোকে রহিয়াছেন ॥১৯॥

রাজশ্রেষ্ঠ ! সেই ধর্ম্ম সর্ব্বগামী এবং সমস্ত চরাচর ব্যাপিয়া রহিয়াছেন। দেবশ্রেষ্ঠগণ ও পাপবিহীন সিদ্ধগণ তাঁহাকে দেখিয়া থাকেন ॥২০॥

---

(১৭) ··তপ্যমানঃ সনাতনঃ—বঙ্গ বৰ্দ্ধ।

যো হি ধর্ম্মঃ স বিদুরো বিদুরো যঃ স পাণ্ডবঃ।
স এষ রাজন্! দৃশ্যস্তে পাণ্ডবঃ প্রেষ্যবৎ স্থিতঃ ॥২১॥
প্রবিষ্টঃ স মহাত্মানঃ ভ্রাতা তে বুদ্ধিসত্তমঃ।
দৃষ্ট্বা মহাত্মা কৌন্তেয়ং মহাযোগবলান্বিতঃ ॥২২॥
ত্বাঞ্চাপি শ্রেয়সা যোক্ষ্যে নচিরাদ্ভরতর্ষভ!।
সংশয়চ্ছেদনার্থায় প্রাপ্তং মাং বিদ্ধি পুত্রক! ॥২৩॥
ন কৃতং যৎ পুরা কৈশ্চিৎ কর্ম্ম লোকে মহর্ষিভিঃ।
আশ্চর্য্যভূতং তপসঃ ফলং তদ্দর্শয়ামি বঃ ॥২৪॥
কিমিচ্ছসি মহীপাল! মত্তঃ প্রাপ্তুমভীপ্সিতম্।
দ্রষ্টুং প্রষ্টুমথ শ্রোতুং তৎকর্ত্তাস্মি তবানঘ! ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিকপর্ব্বণি আশ্রমবাসে ব্যাসবাক্যে একত্রিংশোঽধ্যায়ঃ॥০॥ *

ভারতকৌমুদী

য ইতি। স বিদুরস্তদ্রূপেণ জাতত্বাৎ, পাণ্ডবো যুধিষ্ঠিরঃ "আত্মা বৈ জায়তে পুত্রঃ" ইতি স্মৃতেঃ। দৃশ্যো জ্ঞেয়ঃ ॥২১॥

প্রবিষ্ট ইতি। বুদ্ধ্যা সত্তমঃ প্রাজ্ঞশ্রেষ্ঠঃ। কৌন্তেয়ং যুধিষ্ঠিরম্ ॥২২॥

ত্বামিতি। শ্রেয়সা মঙ্গলেন, যোক্ষ্যে যোজয়িষ্যামি। প্রাপ্তমাগতম্ ॥২৩॥

নেতি। লোকে জগতি। বো যুষ্মান্ ।২৪॥

সুতরাং রাজা! যিনি ধর্ম্ম, তিনিই বিদুর, যিনি বিদুর, তিনিই যুধিষ্ঠির। সেই যুধিষ্ঠির এই ভৃত্যের ন্যায় তোমার দৃষ্টিগোচর স্থানে রহিয়াছেন ॥২১॥

রাজা! বুদ্ধির গুণে প্রাজ্ঞশ্রেষ্ঠ, মহাত্মা ও মহাযোগবলান্বিত তোমার ভ্রাতা সেই বিদুর মহাত্মা যুধিষ্ঠিরের উপরে দৃষ্টিসংযম করিয়া তাঁহাতে প্রবেশ করিয়াছেন ॥২২॥

ভরতশ্রেষ্ঠ পুত্র! আমি অচিরকাল মধ্যে তোমাকে ও মঙ্গলযুক্ত করিব; আর তোমার সংশয়চ্ছেদনের জন্যই আমি আসিয়াছি বলিয়া তুমি অবগত হও ॥২৩॥

বৎস! পূর্ব্বে কোন মহর্ষিই জগতে যে কর্ম্ম করেন নাই, আমি তোমাদিগকে আজ তপস্যার ফলস্বরূপ সেই আশ্চর্য্য কর্ম্ম দেখাইব ॥২৪॥

---

(২৪) ন কৃতং যৈঃ পুরা কৈশ্চিৎ—বঙ্গ বর্দ্ধ নি। * '...অষ্টাবিংশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...ত্রিংশোঽধ্যায়ঃ'—নি।

(২। পুত্রদর্শনপর্ব্ব।)

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ।

—:*:—

জনমেজয় উবাচ।

বনবাসং গতে বিপ্র! ধৃতরাষ্ট্রে মহীপতৌ।
সভার্য্যে নৃপশার্দ্দূলে বধ্বা কুন্ত্যা সমন্বিতে ॥১॥
বিদুরে চাপি ধর্ম্মজ্ঞে ধর্ম্মরাজং ব্যপাশ্রিতে।
বসৎসু পাণ্ডুপুত্রেষু সর্ব্বেষ্বাশ্রমমণ্ডলে ॥২॥
যত্তদাশ্চর্য্যমিতি বৈ করিষ্যামীত্যুবাচ হ।
ব্যাসঃ পরমতেজস্বী মহর্ষিস্তদ্বদস্ব মে ॥৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

কিমিতি। মত্তো মম সকাশাৎ। কর্ত্তাস্মি করিষ্যামি ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি আশ্রমবাসে একত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

বনেতি। ভার্য্যয়া গান্ধার্য্যা সহেতি তস্মিন্। ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্, ব্যপাশ্রিতে প্রবিষ্টে। আশ্চর্য্যং কার্য্যম্ ॥১—৩॥

নিষ্পাপ রাজা! তুমি আমার নিকট হইতে কোন্ অভীষ্ট বিষয় পাইতে, দেখিতে, জিজ্ঞাসা করিতে ও শুনিতে ইচ্ছা কর (তাহা বল), আমি তোমার তাহা করিব' ॥২৫॥

—:*:—

জনমেজয় বলিলেন—'ব্রাহ্মণ! রাজশ্রেষ্ঠ ধৃতরাষ্ট্র ভার্য্যা গান্ধারী ও বধূ কুন্তীর সহিত তপোবনে বাস করিতে লাগিলে, ধর্ম্মজ্ঞ বিদুর যুধিষ্ঠিরের শরীরে প্রবেশ করিলে এবং ভীমপ্রভৃতি পাণ্ডবেরা সকলে সেই আশ্রমে বাস করিতে থাকিলে, তখন পরমতেজস্বী ও মহর্ষি বেদব্যাস যে বলিয়াছিলেন—'আমি কোন আশ্চর্য্য কার্য্য করিব', তাহা আপনি আমার নিকট বলুন ॥১—৩॥

---

(২) বিদুরে চাপি সংসিদ্ধে—পি বঙ্গ_বর্দ্ধ।

বনবাসে চ কৌরব্যঃ কিয়ন্তং কালমচ্যুতঃ।
যুধিষ্ঠিরো নরপতির্ন্যবসৎ সজনস্তদা ॥৪॥
কিমাহারাশ্চ তে তত্র সসৈন্যা ন্যবসন্ প্রভো!।
সান্তঃপুরা মহাত্মান এতদিচ্ছামি বেদিতুম্ ॥৫॥

বৈশম্পায়ন উবাচ।

বনবাসগতং রাজন্! ধৃতরাষ্ট্রং মহীপতিম্।
যুধিষ্ঠিরোঽভ্যযাদ্দ্রষ্টুং সসৈন্যো ভ্রাতৃভিঃ সহ ॥৬॥
প্রথমে দিবসে চৈষামাপো মূলং ফলং তথা।
ভোজনং ভূমিশয্যা চ তত্রাসীদ্ভরতর্ষভ! ॥৭॥
তেঽনুজ্ঞাতাস্তদা রাজন্! কুরুরাজেন পাণ্ডবাঃ।
বিবিধান্যন্নপানানি শয্যাশ্চৈবাভবন্ বনে ॥৮॥

ভারতকৌমুদী

বনেতি। অচ্যুতো ধর্ম্মাদভ্রষ্টঃ। জনৈর্ভ্রাত্রাদিভিঃ সহেতি সঃ ॥৪॥

কিমিতি। ক আহারো ভোজনং যেষাং তে। অন্তঃপুরৈস্তত্র স্থিতাভির্নারীভিঃ সহেতি তে ॥৫॥

বনেতি। অভ্যযাদভ্যগচ্ছৎ ॥৬॥

প্রথম ইতি। আপো জলম্। ভুজ্যত ইতি ভোজনং খাদ্যম্ ॥৭॥

ত ইতি। কুরুরাজেন ধৃতরাষ্ট্রেণ। শয্যা বসনাদিনির্ম্মিতা ব্যবহরন্ত ইতি শেষঃ ॥৮॥

কৌরবনন্দন ও চিরধার্ম্মিক রাজা যুধিষ্ঠির ভ্রাতৃপ্রভৃতির সহিত তখন সেই বনে কত কাল বাস করিয়াছিলেন? ॥৪॥

প্রভাবশালী ব্রাহ্মণ! সেই মহাত্মারা সৈন্যগণ ও নারীগণের সহিত কি আহার করিয়া সেই বনে বাস করিতেছিলেন, তাহা আমি জানিতে ইচ্ছা করি' ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! যুধিষ্ঠির ভ্রাতৃগণ ও সৈন্যগণের সহিত মিলিত হইয়া তপোবনস্থিত রাজা ধৃতরাষ্ট্রের সহিত সাক্ষাৎ করিবার জন্য গমন করিয়াছিলেন ॥৬॥

ভরতশ্রেষ্ঠ! প্রথম দিনে জল, ফল ও মূল তাঁহাদের খাদ্য হইয়াছিল এবং ভূতলেই তাঁহারা শয়ন করিয়াছিলেন ॥৭॥

---

(৫) ··ইতি তদ্ব্রূহি মেঽনঘ!—পি বঙ্গবর্দ্ধ। (৬—৭) ইদং শ্লোকদ্বয়ং পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।
(৮)···বিশ্রাম্যামুভবন্তি তে—পি বঙ্গ বর্দ্ধ।

মাসমেকং বিজহ্রুস্তে সসৈন্যান্তঃপুরা বনে।
অথ তত্রাগমদ্ব্যাসো যথোক্তং তে ময়ানঘ! ॥৯॥
তথা চ তেষাং সর্বেষাং কথাভির্নৃপসন্নিধৌ।
ব্যাসমন্বাস্য তং রাজন্! আজগ্মুর্মুনয়োঽপরে ॥১০॥
নারদঃ পর্ব্বতশ্চৈব দেবলশ্চ মহাতপাঃ।
বিশ্বাবসুস্তুম্বুরুশ্চ চিত্রসেনশ্চ ভারত! ॥১১॥
তেষামপি যথান্যায়ং পূজাং চক্রে মহামনাঃ।
ধৃতরাষ্ট্রাভ্যনুজ্ঞাতঃ কুরুরাজো যুধিষ্ঠিরঃ ॥১২॥
নিষেদুস্তে ততঃ সর্ব্বে পূজাং প্রাপ্য যুধিষ্ঠিরাৎ।
আসনেষু চ পুণ্যেষু বর্হিণেষু বরেষু চ ॥১৩॥

ভারতকৌমুদী

মাসমিতি। সৈন্যৈরন্তঃপুরৈস্তত্র স্থিতাভির্নারীভিশ্চ সহেতি শেষঃ ॥৯॥

তথেতি। নৃপসন্নিধৌ ধৃতরাষ্ট্রান্তিকে। তং ব্যাসম্ অন্বাস্য তৎপশ্চাদুপবিশ্য স্থিতানামিতি শেষঃ ॥১০॥

মুনয়ঃ কে কে ইত্যাহ নারদ ইতি। পর্ব্বতো নাম মুনিবিশেষঃ। বিশ্বাবসুপ্রভৃতয়ো গন্ধর্ব্বাঃ ॥১১॥

তেষামিতি। মহামনাঃ প্রশস্তচিত্তঃ, অতএব পূজাং চক্র ইত্যাশয়ঃ ॥১২॥

নিষেদুরিতি। নিষেদুরুপবিবিশুঃ। পুণ্যেষু পবিত্রেষু, বর্হিণেষু ময়ূরপুচ্ছনির্ম্মিতেষু ॥১৩॥

রাজা! ধৃতরাষ্ট্রের অনুমতিক্রমে তখন পাণ্ডবেরা নানাবিধ খাদ্য ও পেয় ভোগ করিতে লাগিলেন এবং শয্যায় শয়ন করিতে থাকিলেন ॥৮॥

এইভাবে তাঁহারা সৈন্যগণ ও নারীগণের সহিত একমাস সেই তপোবনে বাস করিলেন। তাহার পর সেইস্থানে বেদব্যাস আসিয়াছিলেন। নিষ্পাপ রাজা! ইহা আমি আপনার নিকট পূর্ব্বেই বলিয়াছি ॥৯॥

রাজা! তাঁহারা সকলে ধৃতরাষ্ট্রের নিকটে ও বেদব্যাসের পশ্চাতে বসিয়া নানা আলোচনা করিতে থাকিলে, অন্যান্য মুনিরাও সেই স্থানে আগমন করিলেন ॥১০॥

ভরতনন্দন! নারদ, পর্ব্বত ও মহাতপা দেবলমুনি এবং বিশ্বাবসু, তুম্বুরু ও চিত্রসেন গন্ধর্ব্ব সেস্থানে আসিয়াছিলেন ॥১১॥

তখন প্রশস্তচিত্ত কুরুরাজ যুধিষ্ঠির ধৃতরাষ্ট্রের অনুমতিক্রমে তাঁহাদেরও যথানিয়মে পূজা করিলেন ॥১২॥

---

(১২)·· পূজাং চক্রে মহাতপাঃ—বঙ্গ বর্দ্ধ নি।

তেষু তত্রোপবিষ্টেষু স তু রাজা মহামতিঃ।
পাণ্ডুপুত্রৈঃ পরিবৃতো নিষসাদ কুরূদ্বহ ! ॥১৪॥
গান্ধারী চৈব কুন্তী চ দ্রৌপদী সাত্বতী তথা।
স্ত্রিয়শ্চান্যাস্তথান্যাভিঃ সহোপবিবিশুস্ততঃ ॥১৫॥
তেষাং তত্র কথা দিব্যা ধর্ম্মিষ্ঠাশ্চাভবন্ নৃপ !।
ঋষীণাঞ্চ পুরাণানাং দেবাসুরবিমিশ্রিতাঃ ॥১৬॥
ততঃ কথান্তে ব্যাসস্তং প্রজ্ঞাচক্ষুষমীশ্বরম্।
প্রোবাচ বদতাং শ্রেষ্ঠঃ পুনরেব স তদ্বচঃ।
প্রীয়মাণো মহাতেজাঃ সর্ব্ববেদবিদাংবরঃ ॥১৭॥
বিদিতং মম রাজেন্দ্র ! যত্তে হৃদি বিবক্ষিতম্।
দহ্যমানস্য শোকেন তব পুত্রকৃতেন বৈ ॥১৮॥

ভারতকৌমুদী

তেম্বিতি। রাজা ধৃতরাষ্ট্রঃ। নিষসাদ উপবিবেশ ॥১৪॥

গান্ধারীতি। সাত্বতী সাত্বতবংশীয়া সুভদ্রা। অন্যাভিঃ স্ত্রীভিঃ ॥১৫॥

তেষামিতি। দেবাসুরৈস্তত্তৎকথাভির্বিমিশ্রিতাঃ ॥১৬॥

তত ইতি। প্রজ্ঞা বুদ্ধিরেব চক্ষুর্যস্য তম্, ঈশ্বরং রাজানং ধৃতরাষ্ট্রম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

বিদিতমিতি। বিবক্ষিতং বক্তুমিষ্টম্। পুত্রকৃতেন পুত্রবিনাশজনিতেন ॥১৮॥

তাঁহারা সকলে যুধিষ্ঠিরের নিকট সম্মান লাভ করিয়া পবিত্র আসন ও উৎকৃষ্ট ময়ূরপুচ্ছাসনে উপবেশন করিলেন ॥১৩॥

কৌরবশ্রেষ্ঠ ! তাঁহারা সেই সেই আসনে উপবেশন করিলে, মহামতি ধৃতরাষ্ট্র পাণ্ডবগণে পরিবেষ্টিত হইয়া উপবেশন করিলেন ॥১৪॥

তাহার পর গান্ধারী, কুন্তী, দ্রৌপদী ও সুভদ্রা এবং অন্যান্য স্ত্রীগণ অন্যান্য স্ত্রীগণের সহিত উপবেশন করিলেন ॥১৫॥

রাজা ! তখন প্রাচীন ঋষিগণ ও দেবাসুরগণের সম্বন্ধে তাঁহাদের ধর্ম্মসঙ্গত অলৌকিক আলোচনা হইতে লাগিল ॥১৬॥

তৎপরে সেই সকল আলোচনার মধ্যে বাগ্মিশ্রেষ্ঠ মহাতেজা ও সর্ব্ববেদজ্ঞ-প্রধান বেদব্যাস সন্তুষ্ট হইয়া সেই প্রজ্ঞাচক্ষু রাজা ধৃতরাষ্ট্রকে পুনরায় সেই কথা বলিলেন—॥১৭॥

'রাজশ্রেষ্ঠ ! পুত্রশোকানলে দগ্ধ তোমার মনে যাহা বলিবার ইচ্ছা রহিয়াছে, তাহা আমি জানিয়াছি ॥১৮॥

গান্ধার্য্যাশ্চৈব যদ্দুঃখং হৃদি তিষ্ঠতি নিত্যদা।
কুন্ত্যাশ্চ যন্মহারাজ! দ্রৌপদ্যাশ্চ হৃদি স্থিতম্ ॥১৯॥
যচ্চ ধারয়তে তীব্রং দুঃখং পুত্রবিনাশজম্।
সুভদ্রা কৃষ্ণভগিনী তচ্চাপি বিদিতং মম ॥২০॥ (যুগ্মকম্)
শ্রুত্বা সমাগমমিমং সর্বেষাং বস্ততো নৃপ।।
সংশয়চ্ছেদনার্থায় প্রাপ্তঃ কৌরবনন্দন! ॥২১॥
ইমে চ দেবগন্ধর্ব্বাঃ সর্ব্বে চেমে মহর্ষয়ঃ।
পশ্যন্তু তপসো বীর্য্যমদ্য মে চিরসংভৃতম্ ॥২২॥
তদুচ্যতাং মহাপ্রাজ্ঞ! কং কামং প্রদদামি তে।
প্রবণোঽস্মি বরং দাতুং পশ্য মে তপসো বলম্ ॥২৩॥
এবমুক্তঃ স রাজেন্দ্রো ব্যাসেনামিতবুদ্ধিনা।
মুহূর্ত্তমিব সঞ্চিন্ত্য বচনায়োপচক্রমে ॥২৪॥

ভারতকৌমুদী

গান্ধার্য্যা ইতি। নিত্যদা সর্ব্বদা। পুত্রবিনাশজম্ অভিমন্যুবধজাতম্ ॥১৯—২০॥
শ্রুত্বেতি। সমাগমং সম্মেলনম্, বো যুষ্মাকম্। প্রাপ্তঃ অহমাগতঃ ॥২১॥
ইম ইতি। চিরসংভৃতং বহুকালাদর্জ্জিতম্ ॥২২॥
তদিতি। কাম্যত ইতি কামঃ অভীষ্টো বিষয়স্তম্। প্রবণ উৎসুকঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

বনবাসমিতি ॥১—৭॥ বিশ্রাম্য বিশ্রান্তিং প্রাপ্য ॥৮—১২॥ বর্হিণেষু পক্ষিবর্হজতূলিকা-ময়েষু ॥১৩—২০॥ সংশয়াঃ—মৃতানাং সত্ত্বমস্তি ন বা সত্ত্বমপি পিণ্ডাদের্ঘটীভূতস্যেব পূর্ব্বং রূপমুপমৃদ্যাহুপমৃদ্য বা? উপমর্দ্দে সোঽয়ং দশরথঃ স্বর্গস্থো মম পিতেতি প্রত্যভিজ্ঞাহুপপত্তিঃ;

মহারাজ! গান্ধারী, কুন্তী ও দ্রৌপদীর চিত্তে সর্ব্বদা যাহা রহিয়াছে এবং কৃষ্ণের ভগিনী সুভদ্রা পুত্রবিনাশজাত যে তীব্র দুঃখ ধারণ করিতেছেন, তাহাও আমার জানা আছে ॥১৯—২০॥

রাজা কৌরবনন্দন! তোমাদের সকলের এই সম্মেলন হইয়াছে শুনিয়া সন্দেহচ্ছেদনের জন্য আমি আসিয়াছি ॥২১॥

এই দেবগণ ও গন্ধর্বগণ এবং এই সকল মহর্ষিরা আজ আমার চিরসঞ্চিত তপস্যার প্রভাব দর্শন করুন ॥২২॥

অতএব মহাপ্রাজ্ঞ! আমি তোমাকে কোন্ অভীষ্ট বিষয় দান করিব, তাহা বল। আমি তোমাকে বর দান করিবার জন্য উৎসুক হইয়াছি। তুমি আমার তপস্যার ফল দর্শন কর' ॥২৩॥

ধন্যোঽস্ম্যনুগৃহীতশ্চ সফলং জীবিতঞ্চ মে।
যন্মে সমাগমোঽদ্যেহ ভবদ্ভিঃ সহ সাধুভিঃ ॥২৫॥
অদ্য চাপ্যবগচ্ছামি গতিমিষ্টামিহাত্মনঃ।
ব্রহ্মকল্পৈর্ভবদ্ভির্যৎ সমেতোঽহং তপোধনাঃ! ॥২৬॥
দর্শনাদেব ভবতাং পূতোঽহং নাত্র সংশয়ঃ।
বিদ্যতে ন ভয়ং চাপি পরলোকাদ্মমানঘাঃ! ॥২৭॥
কিন্তু তস্য সুদুর্ব্বুদ্ধের্মন্দস্যাপনয়ৈর্ভৃশম্।
দূয়তে মে মনো নিত্যং স্মরতঃ পুত্রগৃদ্ধিনঃ ॥২৮॥
অপাপাঃ পাণ্ডবা যেন নিকৃতাঃ পাপবুদ্ধিনা।
ঘাতিতা পৃথিবী যেন সহয়া সনরদ্বিপা ॥২৯॥

ভারতকৌমুদী

এবমিতি। বচনায় অভীষ্টবিষয়কথনায়, উপচক্রমে আরেভে ॥২৪॥

ধন্য ইতি। সমাগমঃ সম্মেলনম্ ॥২৫॥

অদ্যেতি। আত্মন ইষ্টং গতিম্ অবগচ্ছামি ভাবিতয়া জানামি। ব্রহ্মকল্পৈর্বিরিঞ্চিতুল্যৈঃ, সমেতঃ সম্মিলিতঃ ॥২৬॥

দর্শনাদিতি। পূতঃ পবিত্রঃ। পরলোকান্নরকরূপাৎ ॥২৭॥

কিন্ত্বিতি। তস্য দুর্য্যোধনস্য, অপনয়ৈর্দুর্নীতিভিঃ। পুত্রগৃদ্ধিনঃ পুত্রবৎসলস্য ॥২৮॥

অপাপা ইতি। নিকৃতা বঞ্চিতাঃ। হয়ৈরশ্বৈঃ সহেতি সহয়া, নরৈর্দ্বিপৈর্গজৈশ্চ সহেতি সনরদ্বিপা ॥২৯॥

অমিতবুদ্ধি বেদব্যাস এইরূপ বলিলে, রাজশ্রেষ্ঠ ধৃতরাষ্ট্র একটু কাল যেন চিন্তা করিয়া বলিতে আরম্ভ করিলেন—॥২৪॥

'আজ এই স্থানে আপনাদের ন্যায় সাধুগণের সহিত যেহেতু আমার সম্মেলন হইয়াছে, সেই হেতু আমি আজ ধন্য ও অনুগৃহীত হইয়াছি এবং আমার জীবনও সফল হইয়াছে ॥২৫॥

তপোধনগণ! আজ আমি ইহাও বুঝিতে পারিলাম যে, আমার অভীষ্ট গতিই হইবে; যেহেতু ব্রহ্মার তুল্য আপনাদের সহিত আমি সম্মিলিত হইতে পারিয়াছি ॥২৬॥

নিষ্পাপগণ! আপনাদের দর্শনেই আমি পবিত্র হইয়াছি, এ বিষয়ে কোন সন্দেহ নাই এবং পরলোক হইতে আমার আর কোন ভয়ও নাই ॥২৭॥

কিন্তু আমি পুত্রবৎসল কিনা, সেই জন্য দুর্ব্বুদ্ধি ও মূর্খ সেই দুর্য্যোধনের দুর্নীতি স্মরণ করিলেই আমার মন সর্ব্বদা অত্যন্ত সন্তপ্ত হয় ॥২৮॥

রাজানশ্চ মহাত্মানো নানাজনপদেশ্বরাঃ।
আগম্য মম পুত্রার্থে সর্বে মৃত্যুবশং গতাঃ ॥৩০॥
যে তে পিতৄংশ্চ দারাংশ্চ প্রাণাংশ্চ মনসঃ প্রিয়ান্।
পরিত্যজ্য গতাঃ শূরাঃ প্রেতরাজনিবেশনম্ ॥৩১॥
কা নু তেষাং গতির্ব্রহ্মন্! মিত্রার্থে যে হতা মৃধে।
তথৈব পুত্রপৌত্রাণাং মম যে নিহতা যুধি ॥৩২॥
দূয়তে মে মনোঽভীক্ষ্ণং ঘাতয়িত্বা মহাবলম্।
ভীষ্মং শান্তনবং বৃদ্ধং দ্রোণঞ্চ দ্বিজসত্তমম্ ॥৩৩॥
মম পুত্রেণ মূঢ়েন পাপেনাকৃতবুদ্ধিনা।
ক্ষয়ং নীতং কুলং দীপ্তং পৃথিবীরাজ্যমিচ্ছতা ॥৩৪॥

ভারতকৌমুদী

রাজান ইতি। নানাজনপদেশ্বরা বহুদেশাধিপতয়ঃ ॥৩০॥
য ইতি। প্রেতরাজনিবেশনং যমভবনম্ ॥৩১॥
কেতি। কা কীদৃশী, গতিঃ পরলোকাবস্থা, মৃধে যুদ্ধে ॥৩২॥
দূয়ত ইতি। দূয়তে সন্তপ্যতে, অভীক্ষ্ণং পুনঃ পুনঃ ॥৩৩॥
মমেতি। পুত্রেণ দুর্য্যোধনেন, অকৃতবুদ্ধিনা অশিক্ষিতবুদ্ধিনা। দীপ্তমুজ্জ্বলম্ ॥৩৪॥

যে পাপবুদ্ধি নিষ্পাপ পাণ্ডবগণকে বঞ্চিত করিয়াছিল এবং যে হস্তী, অশ্ব ও মনুষ্যের সহিত পৃথিবীটাকেই ধ্বংস করাইয়াছে ॥২৯॥

এবং আমার যে পুত্রের জন্য নানা দেশের অধিপতি মহাত্মা রাজারা আসিয়া সকলেই মৃত্যুমুখে পতিত হইয়াছেন ॥৩০॥

আর সেই যে বীরেরা পিতৃগণ, পত্নীগণ এবং প্রিয়তম প্রাণ পরিত্যাগ করিয়া যমভবনে গমন করিয়াছেন ॥৩১॥

ব্রাহ্মণ! যাঁহারা মিত্রের জন্য যুদ্ধে নিহত হইয়াছেন, তাঁহাদের কিপ্রকার গতি হইয়াছে? আর আমার যে সকল পুত্র ও পৌত্র যুদ্ধে নিহত হইয়াছে, তাহাদেরই বা কীদৃশ গতি হইয়াছে? ॥৩২॥

মহাবল ও বৃদ্ধ শান্তনুনন্দন ভীষ্মকে এবং ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণকে বধ করাইয়া আমার মন বার বার সন্তপ্ত হইতেছে ॥৩৩॥

মূর্খ, পাপাত্মা ও অশিক্ষিত বুদ্ধি আমার পুত্র দুর্য্যোধন সমগ্র পৃথিবীর রাজত্ব ইচ্ছা করিয়া আমার উজ্জ্বল বংশটাকে ক্ষয় করিয়াছে ॥৩৪॥

এতে মদর্থে পুত্ত্রাংশ্চ দারাংশ্চ মনসঃ প্রিয়ান্।
ভোগাংশ্চ বিবিধাংস্তাত! ইষ্টাপূর্ত্তাংস্তথৈব চ।
পরিত্যজ্য গতাঃ শূরাঃ প্রেতরাজনিবেশনম্ ॥৩৫॥
এতৎ সর্ব্বমনুস্মৃত্য দহ্যমানো দিবানিশম্।
ন শান্তিমধিগচ্ছামি দুঃখশোকসমাহতঃ।
ইতি মে চিন্তয়ানস্য পিতঃ! শান্তির্ন বিদ্যতে ॥৩৬॥
বৈশম্পায়ন উবাচ।
তচ্ছ্রুত্বা বিবিধং তস্য রাজর্ষেঃ পরিদেবিতম্।
পুনর্নবীকৃতং শোকো গান্ধার্য্যা জনমেজয়! ॥৩৭॥
কুন্ত্যা দ্রুপদপুত্ত্র্যাশ্চ সুভদ্রায়াস্তথৈব চ।
তাসাঞ্চ বরনারীণাং বধূনাং কৌরবস্য হ ॥৩৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এত ইতি। ইষ্টমগ্নিহোত্রাদিকং পূর্ত্তং কূপপ্রভৃতি। দ্বন্দ্বে হ্রস্বস্য দীর্ঘতা। ইষ্টাপূর্ত্তমাহ স্মৃতিঃ—"অগ্নিহোত্রং তপঃসত্যং বেদানাঞ্চানুপালনম্। আতিথ্যং বৈশ্বদেবঞ্চ ইষ্টমিত্যভিধীয়তে॥ কূপারামতড়াগাদি দেবতায়তনানি চ। অন্নপ্রদানমিত্যেতৎ পূর্ত্তমিত্যভিধীয়তে॥" ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৫॥

এতদিতি। দহ্যমানঃ শোকানুতাপানলেন। চিন্তয়ানস্য চিন্তয়মানস্য। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৬॥

তদিতি। রাজর্ষের্ধৃতরাষ্ট্রস্য, পরিদেবিতং বিলাপম্। কৌরবস্য কুরুবংশীয়গণস্য ॥৩৭—৩৮॥

পিতঃ! আমার বংশজাত এই সকল বীর আমারই জন্য মনের প্রিয় পুত্ত্র, পত্নী, নানাবিধ ভোগ, অগ্নিহোত্র ও কূপারামপ্রভৃতি পরিত্যাগ করিয়া যমভবনে গমন করিয়াছেন ॥৩৫॥

পিতা! এই সমস্ত স্মরণ করিয়া দুঃখে ও শোকে আহত হইয়া দিবারাত্র দগ্ধ হইতে থাকিয়া শান্তিই পাইতেছি না। এইরূপ চিন্তা করিতে থাকায় আমার শান্তিই হয় না' ॥৩৬॥

বৈশম্পায়ন বলিলেন—জনমেজয়! রাজর্ষি ধৃতরাষ্ট্রের সেই নানাবিধ বিলাপ শুনিয়া গান্ধারীর শোক পুনরায় নূতন হইয়া পড়িল এবং কুন্তী, দ্রৌপদী, সুভদ্রা ও সেই সকল কৌরববধূগণের শোক নূতন হইয়া প্রকাশ পাইল ॥৩৭—৩৮॥

---

(৩৫) এষ শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

পুত্রশোকসমাবিষ্টা গান্ধারী ত্বিদমব্রবীৎ।
শ্বশুরং বদ্ধনয়না দেবী প্রাঞ্জলিরুত্থিতা ॥৩৯॥
লোকান্তরগতান্ পুত্রানয়ং কাঙ্ক্ষতি মানদ!।
তচ্চাস্য মানসং জ্ঞাতং ভগবন্! তপসা ত্বয়া ॥৪০॥
ষোড়শেমানি বর্ষাণি গতানি মুনিপুঙ্গব!।
অস্য রাজ্ঞো হতান্ পুত্রান্ শোচতো ন শমো বিভো! ॥৪১॥
পুত্রশোকসমাবিষ্টো নিঃশ্বসন্ হ্যেষ ভূমিপঃ।
ন শেতে বসতীঃ সর্বা ধৃতরাষ্ট্রো মহামুনে! ॥৪২॥
লোকানন্যান্ সমর্থোঽসি স্রষ্টুং সর্বাংস্তপোবলাৎ।
কিমু লোকান্তরগতান্ রাজ্ঞো দর্শয়িতুং সুতান্ ॥৪৩॥
ইয়ঞ্চ দ্রৌপদী কৃষ্ণা হতজ্ঞাতিসুতা ভৃশম্।
শোচত্যতীব সর্বাসাং স্নুষাণাং দয়িতা স্নুষা ॥৪৪॥

ভারতকৌমুদী

পুত্রেতি। শ্বশুরং বেদব্যাসম্, বদ্ধনয়না বস্ত্রাবৃতনেত্রা পত্যনুকারিত্বাৎ ॥৩৯॥
লোকেতি। অয়ং ধৃতরাষ্ট্রঃ, কাঙ্ক্ষতি দ্রষ্টুমিচ্ছতি। মানসং সঙ্কল্পঃ ॥৪০॥
ষোড়শেতি। অস্য ধৃতরাষ্ট্রস্য, শমঃ শান্তির্ন বিদ্যত ইতি শেষঃ ॥৪১॥
পুত্রেতি। বসতী রাত্রীঃ। "বসতী রাত্রিবেশ্মনোঃ" ইত্যমরঃ ॥৪২॥
লোকানিতি। লোকান্ ভুবনানি। কিমু ন সমর্থোঽসীতি শেষঃ ॥৪৩॥

তখন পুত্রশোকার্ত্তা, বস্ত্রাবৃতনয়না গান্ধারীদেবী গাত্রোত্থান করিয়া কৃতাঞ্জলি হইয়া বেদব্যাসকে এই কথা বলিলেন—॥৩৯॥

'ভগবন্! ইনি পরলোকগত পুত্রগণকে দর্শন করিতে ইচ্ছা করেন। মানদাতা! আপনি তপোবলে ইঁহার সেই মনোভাব জানিয়াছেন ॥৪০॥

মুনিশ্রেষ্ঠ! এই ষোল বৎসর অতীত হইল। প্রভু! এই ষোল বৎসর যাবৎই নিহত পুত্রগণের উদ্দেশে শোক করিতে থাকায় ইঁহার শান্তি নাই ॥৪১॥

মহর্ষি! এই রাজা ধৃতরাষ্ট্র পুত্রশোকার্ত্ত হইয়া নিঃশ্বাস ত্যাগ করিতে থাকিয়া সমস্ত রাত্রি নিদ্রা যান না ॥৪২॥

মহর্ষি! আপনি তপোবলে অন্য সমস্ত লোক সৃষ্টি করিতে পারেন, তাহাতে এই রাজার পরলোকগত পুত্রগণকে দেখাইতে পারিবেন না কি? ॥৪৩॥

যাঁহার জ্ঞাতি ও পুত্রগণ নিহত হইয়াছে এবং যিনি প্রীতির পাত্রী পুত্রবধূ এই সেই দ্রুপদনন্দিনী কৃষ্ণা সকল পুত্রবধূদের জন্য শোক করিতেছেন ॥৪৪॥

---

(৪০) এষ শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

তথা কৃষ্ণস্য ভগিনী সুভদ্রা ভদ্রভাষিণী।
সৌভদ্রবধসন্তপ্তা ভৃশং শোচতি ভাবিনী ॥৪৫॥
ইয়ঞ্চ ভূরিশ্রবসো ভার্য্যা পরমসম্মতা।
ভর্ত্তৃব্যসনশোকার্ত্তা ভৃশং শোচতি ভাবিনী ॥৪৬॥
যস্যাস্তু শ্বশুরো ধীমান্ বাহ্লিকঃ স কুরূদ্বহঃ।
নিহতঃ সোমদত্তশ্চ পিত্রা সহ মহারণে ॥৪৭॥
শ্রীমতোঽস্য মহাবুদ্ধেঃ সংগ্রামেষ্বপলায়িনঃ।
পুত্রস্য তে পুত্রশতং নিহতং যদ্রণাজিরে ॥৪৮॥
তস্য ভার্য্যাশতমিদং দুঃখশোকসমাহতম্।
পুনঃ পুনর্ব্বর্দ্ধয়ানং শোকং রাজ্ঞো মমৈব চ।
তেনারম্ভেণ মহতা মামুপাস্তে মহামুনে। ॥৪৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ইয়মিতি। কৃষ্ণা তদাখ্যা। স্নুষাণামুত্তরাদীনামর্থে, দয়িতা প্রিয়া, স্নুষা অস্মাকং পুত্রবধূঃ ॥৪৪॥

তথেতি। ভদ্রভাষিণী শুভবাদিনী। সৌভদ্রস্যাভিমন্যোর্বধেন সন্তপ্তা, ভাবিনী পুত্রস্নেহবতী ॥৪৫॥

ইয়মিতি। পরমসম্মতা সর্ব্বেষামতীবপ্রিয়া। ভর্ত্তুর্ভূরিশ্রবসঃ ব্যসনেন বিপদা বধেন শোকার্ত্তা ॥৪৬॥

যস্যা ইতি। শ্বশুরঃ শ্বশুরপিতা। সোমদত্তশ্চ শ্বশুরঃ, পিত্রা বাহ্লীকেন ॥৪৭॥

শ্রীমত ইতি। তে তব পুত্রস্য ধৃতরাষ্ট্রস্য। তস্য পুত্রশতস্য। বর্দ্ধয়ানং বর্দ্ধয়মানম্। আরম্ভেণ অশ্রুপাতাদিনা শোকপ্রকাশোপক্রমেণ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৮—৪৯॥

কৃষ্ণের ভগিনী, মধুরভাষিণী ও পুত্রবৎসলা সুভদ্রা অভিমন্যুর বধে সন্তপ্তা হইয়া অত্যন্ত শোক করিতেছেন ॥৪৫॥

সকলেরই অভিমতা ও ভর্ত্তৃপ্রিয়া এই ভূরিশ্রবার ভার্য্যা ভর্ত্তার বধে সন্তপ্তা হইয়া শোক করিতেছেন ॥৪৬॥

বুদ্ধিমান্ ও কৌরবশ্রেষ্ঠ সেই বাহ্লিক যাঁহার দাদাশ্বশুর ছিলেন এবং যাঁহার শ্বশুর সোমদত্ত পিতা বাহ্লিকের সহিত মহাযুদ্ধে নিহত হইয়াছেন ॥৪৭॥

মহর্ষি! যুদ্ধে অপলায়ী, মহাবুদ্ধি ও শ্রীমান্ আপনার এই পুত্রের (ধৃতরাষ্ট্রের) যে একশত পুত্র যুদ্ধে নিহত হইয়াছে, তাহাদের এই একশত ভার্য্যা

যে চ শূরা মহাত্মানঃ শ্বশুরা মে মহারথাঃ।
সোমদত্তপ্রভৃতয়ঃ কা নু তেষাং গতিঃ প্রভো! ॥৫০॥
তব প্রসাদাদ্ভগবন্! বিশোকোঽয়ং মহীপতিঃ।
যথা স্যাদ্ভবিতা চাহং কুন্তী চেয়ং বধূস্তব ॥৫১॥
ইত্যুক্তবত্যাং গান্ধার্য্যাং কুন্তী ব্রতকৃশাননা।
প্রচ্ছন্নজাতং পুত্রং তং সস্মারাদিত্যসন্নিভম্ ॥৫২॥
তামৃষির্বরদো ব্যাসো দূরশ্রবণদর্শনঃ।
অপশ্যদ্দুঃখিতাং দেবীং মাতরং সব্যসাচিনঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

য ইতি। শ্বশুরাঃ শ্বশুরপর্য্যায়াঃ। কা কীদৃশী ॥৫০॥

তবেতি। অয়ং ধৃতরাষ্ট্রঃ। ভবিতা বিশোকেতি শেষঃ ॥৫১॥

ইতীতি। ব্রতেন উপবাসাদিনা কৃশমাননং যস্যাঃ সা। প্রচ্ছন্নজাতং গোপনোৎপন্নম্, তং পুত্রং কর্ণম্ ॥৫২॥

তামিতি। দূরে শ্রবণদর্শনে যস্য সঃ। সব্যসাচিনঃ অর্জ্জুনস্য, মাতরং কুন্তীম্ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

অনুপমর্দ্দে ভস্মীভাবস্য প্রত্যক্ষদর্শনং নোপপদ্যত ইত্যাদয়ঃ, তেষাং ছেদনাযেত্যর্থঃ ॥২১—৪৮॥ আরম্ভেণ শোকোত্তমেন মামুপাস্তে ভার্য্যাশতং রোদনং কুর্ব্বন্মামেব পরিবার্য্য তিষ্ঠতীত্যর্থঃ। "আরম্ভ উদ্যমে দর্পে ত্বরায়াঞ্চ বধেঽপি চ" ইতি বধ এবাত্র গ্রাহ্যঃ ॥৪৯—৫৫॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিক
পর্ব্বণি আশ্রমবাসে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥৩২॥

দুঃখে ও শোকে আহত হইয়া রাজার ও আমার শোক বৃদ্ধি করিতে থাকিয়া বিশেষ আড়ম্বরের সহিত আমার সেবা করিতেছে ॥৪৮—৪৯॥

প্রভু! বীর, মহারথ ও মহাত্মা সোমদত্তপ্রভৃতি আমার যে সকল শ্বশুর ছিলেন, তাঁহাদেরই বা কি প্রকার গতি হইল? ॥৫০॥

ভগবন্! আপনার অনুগ্রহে এই রাজা যাহাতে শোকশূন্য হন এবং আপনার পুত্রবধূ আমি ও এই কুন্তী যাহাতে শোকবিহীনা হই, তাহা আপনি করুন' ॥৫১॥

গান্ধারী এই কথা বলিলে, ব্রতাচরণনিবন্ধন শুষ্কবদনা কুন্তী গোপনোৎপন্ন সূর্য্যতুল্য পুত্র কর্ণকে স্মরণ করিলেন ॥৫২॥

তখন দূরদর্শী ও দূরশ্রাবী এবং বরদাতা মহর্ষি বেদব্যাস অর্জ্জুনের মাতা কুন্তীদেবীকে দুঃখিতা দর্শন করিলেন ॥৫৩॥

তামুবাচ ততো ব্যাসো যত্তে কার্য্যং বিবক্ষিতম্।
তদ্‌ব্রূহি ত্বং মহাভাগে! যত্তে মনসি বর্ত্ততে ॥৫৪॥
শ্বশুরায় ততঃ কুন্তী প্রণম্য শিরসা তদা।
উবাচ বাক্যং সব্রীড়া বিবৃণ্বানা পুরাতনম্ ॥৫৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-
পর্ব্বণি পুত্রদর্শনে ধৃতরাষ্ট্রাদিকৃতপ্রার্থনে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—.—

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ।

—:*:—

কুন্ত্যুবাচ।

ভগবন্! শ্বশুরো মেঽসি দৈবতস্যাপি দৈবতম্।
স মে দেবাতিদেবস্ত্বং শৃণু সত্যাং গিরং মম ॥১॥

ভারতকৌমুদী

তামিতি। বিবক্ষিতং বক্তুমিচ্ছম্ ॥৫৪॥

শ্বশুরায়েতি। সব্রীড়া সলজ্জা, পুরাতনং বৃত্তান্তং বিবৃণ্বানা বিস্তরেণ প্রকাশয়ন্তী ॥৫৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-
মাশ্রমবাসিকপর্ব্বণি দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভগবন্নিতি। ত্বং মে শ্বশুরোঽসি পত্যুঃ পাণ্ডোর্জনকত্বাৎ। অতএব দৈবতস্যাপি দেববৎ পূজ্যস্যাপি দৈবতং পূজ্যঃ ॥১॥

তাহার পর বেদব্যাস কুন্তীকে বলিলেন—'মহাভাগে! তোমার মনে যাহা রহিয়াছে এবং তুমি যে কার্য্য বলিবার ইচ্ছা করিয়াছ, তাহা বল' ॥৫৪॥

তদনন্তর কুন্তী তখন মস্তকদ্বারা শ্বশুরকে প্রণাম করিয়া লজ্জিত হইয়া পূর্ব্ববৃত্তান্ত বিবরণপূর্ব্বক বলিতে লাগিলেন ॥৫৫॥

—:*:—

কুন্তী বলিলেন—'ভগবন্! আপনি আমার শ্বশুর, সুতরাং দেবতারও দেবতা। আমার সেই দেবাতিদেব আপনি আমার সত্য বাক্য শ্রবণ করুন ॥১॥

* '·একোনত্রিংশোঽধ্যায়ঃ'—বঙ্গ বৰ্দ্ধ, 'একত্রিংশোঽধ্যায়ঃ'—নি।

তপস্বী কোপনো বিপ্রো দুর্ব্বাসা নাম মে পিতুঃ।
ভিক্ষামুপগতো ভোক্তুং তমহং পর্য্যতোষয়ম্ ॥২॥
শৌচেন ত্বাগসস্ত্যাগৈঃ শুদ্ধেন মনসা তথা।
কোপস্থানেষ্বপি মহৎস্বকুপ্যন্ন কদাচন ॥৩॥
স প্রীতো বরদো মেঽভূৎ কৃতকৃত্যো মহামুনিঃ।
অবশ্যং তে গ্রহীতব্যমিতি মাং সোঽব্রবীদ্‌বচঃ ॥৪॥
ততঃ শাপভয়াদ্বিপ্রমবোচং পুনরেব তম্।
এবমস্ত্বিতি চ প্রাহ পুনরেব স মে দ্বিজঃ ॥৫॥
ধর্ম্মস্য জননী ভদ্রে! ভবিত্রী ত্বং শুভাননে!।
বশে স্থাস্যন্তি তে দেবা যাংস্ত্বমাবাহয়িষ্যসি ॥৬॥

ভারতকৌমুদী

পুরাতনং বৃত্তান্তং বিবৃণোতি তপস্বীতি। কোপনঃ ক্রোধস্বভাবঃ। ভোক্তুং গ্রহীষ্যিতুম্, পর্য্যতোষয়ং শুশ্রূষয়া ॥২॥

শৌচেনেতি। শৌচেন মম পবিত্রতয়া, আগসঃ অপরাধস্য ত্যাগৈঃ কস্যাপ্যপরাধস্যা-করণৈরিত্যর্থঃ। নাকুপ্যৎ স দুর্ব্বাসা ইতি শেষঃ ॥৩॥

স ইতি। গ্রহীতব্যং চিন্তমিতি শেষঃ অবশ্যং তে মনোরথঃ পূরয়িতব্য ইত্যর্থঃ ॥৪॥

তত ইতি। অবোচম্ অবাদিষম্, দ্বিজো দুর্ব্বাসা ॥৫॥

বরং দদাতি ধর্ম্মস্যেতি। আবাহয়িষ্যসি আমন্ত্রয়িষ্যসি ॥৬॥

একদা দুর্ব্বাসা নামে তপস্বী ও কোপনস্বভাব এক ব্রাহ্মণ ভিক্ষা করিবার জন্য আমার পিতার নিকট আসিয়াছিলেন। আমি পরিচর্য্যা করিয়া তাঁহাকে সন্তুষ্ট করিয়াছিলাম ॥২॥

আমার পবিত্রতা, কোন অপরাধ না করা এবং শুদ্ধচিত্তের গুণে গুরুতর কোপ-সম্ভাবনা স্থলেও তিনি কখনও আমার প্রতি কুপিত হন নাই ॥৩॥

সেই মহর্ষি কৃতকার্য্য ও সন্তুষ্ট হইয়া আমাকে বরদান করিতে প্রস্তুত হইয়াছিলেন এবং তিনি আমাকে বলিয়াছিলেন যে, 'আমি তোমার আশা পূর্ণ করিব' ॥৪॥

তাহার পর আমি শাপের ভয়ে সেই ব্রাহ্মণকে বরদান করিবার কথাই বলিয়াছিলাম। তখন 'এইরূপই হউক' এইরূপ বলিয়া সেই ব্রাহ্মণ পুনরায় আমাকে বলিয়াছিলেন—॥৫॥

'ভদ্রে শুভাননে! তুমি ধর্ম্মের জননী হইবে এবং তুমি যে সকল দেবতাকে আবাহন করিবে, তাঁহারা তোমার বশবর্ত্তী হইবেন' ॥৬॥

ইত্যুক্ত্বান্তর্হিতো বিপ্রস্ততোঽহং বিস্মিতাভবম্।
ন চ সর্বাস্ববস্থাসু স্মৃতির্মে বিপ্রণশ্যতি ॥৭॥
অথ হর্ম্ম্যতলস্থাহং রবিমুদ্যন্তমীক্ষতী।
সংস্মৃত্য তদৃষের্বাক্যং স্পৃহয়ন্তী দিবাকরম্ ॥৮॥
স্থিতাহং বালভাবেন তত্র দোষমবুধ্যতী।
অথ দেবঃ সহস্রাংশুর্মৎসমীপগতোঽভবৎ ॥৯॥ (যুগ্মকম্)
দ্বিধা কৃত্বাত্মনো দেহং ভূমৌ চ গগনেঽপি চ।
ততাপ লোকানেকেন দ্বিতীয়েনাগমৎ স মাম্ ॥১০॥
স মামুবাচ বেপন্তীং বরং মত্তো বৃণীষ্ব হ।
গম্যতামিতি তং চাহং প্রণম্য শিরসাবদম্ ॥১১॥
স মামুবাচ তিগ্মাংশুর্বৃথাহ্বানং ন মে ক্ষমম্।
ধক্ষ্যামি ত্বাঞ্চ বিপ্রঞ্চ যেন দত্তো বরস্তব ॥১২॥

ভারতকৌমুদী

ইতীতি। বিপ্রো দুর্বাসা। স্মৃতিস্তদ্দত্তমন্ত্রস্মরণম্ ॥৭॥

অথেতি। উদ্যন্তমুদয়মানম্, রবিং সূর্য্যম্, ঈক্ষতী ঈক্ষমাণা। স্পৃহয়ন্তী প্রিয়ভাবেণ। অবুধ্যতী অবুধ্যমানা। সহস্রাংশুঃ সূর্য্যঃ ॥৮—৯॥

দ্বিধেতি। একেন গগনস্থিতেন দেহেন, দ্বিতীয়েন ভূমিস্থিতেন দেহেন ॥১০॥

স ইতি। বেপন্তীং ভয়েন কামেন বা বেপমানাং কম্পমানাম্, মত্তো মম সকাশাৎ ॥১১॥

এই কথা বলিয়া তিনি অন্তর্হিত হইলেন, তাহার পর আমি বিস্ময়াপন্ন হইলাম; কিন্তু তিনি যে মন্ত্র দিয়াছিলেন, সেই মন্ত্রস্মৃতি আমার কখনও নষ্ট হয় নাই। ৭॥

তাহার পর একদা আমি দুর্বাসার সেই বাক্য স্মরণপূর্ব্বক সূর্য্যকে কামনা করিয়া উদয়মান সূর্য্যকে দেখিতে থাকিয়া বালকত্বনিবন্ধন 'তাহাতে দোষ হইবে' ইহা না বুঝিয়া অট্টালিকার মধ্যে কিছুকাল দাঁড়াইয়াছিলাম। তদনন্তর সূর্য্যদেব আমার নিকটে আসিয়া উপস্থিত হইলেন ॥৮—৯॥

তৎকালে তিনি নিজের দেহটীকে আকাশে ও ভূতলে স্থিতরূপে দুইভাগে বিভক্ত করিয়া আকাশস্থিত রূপদ্বারা জগৎ সন্তপ্ত করিতে লাগিলেন এবং ভূতলস্থিত রূপদ্বারা আমার নিকটে আসিলেন ॥১০॥

তখন আমি কাঁপিতে লাগিলাম। এই সময়ে তিনি আমাকে বলিলেন— 'তুমি আমার নিকট হইতে বর গ্রহণ কর।' তখন আমি মস্তকদ্বারা প্রণাম করিয়া তাঁহাকে বলিলাম—'আপনি চলিয়া যান' ॥১১॥

তমহং রক্ষতী বিপ্রং শাপাদনপকারিণম্ ।
পুত্রো মে ত্বৎসমো দেব ! ভবেদিতি ততোঽব্রুবম্ ॥১৩॥
ততো মাং তেজসাবিশ্য মোহয়িত্বা চ ভানুমান্ ।
উবাচ ভবিতা পুত্রস্তবেত্যভ্যগমদ্দিবম্ ॥১৪॥
ততোঽহমন্তর্ভবনে পিতুশ্চিত্তানুরক্ষিণী ।
গূঢ়োৎপন্নং সুতং বালং জলে কর্ণমবাসৃজম্ ॥১৫॥
নূনং তস্যৈব দেবস্য প্রসাদাৎ পুনরেব তু ।
কন্যাহমভবং বিপ্র ! যথা প্রাহ স মামৃষিঃ ॥১৬॥
স ময়া মূঢ়য়া পুত্রো জ্ঞায়মানোঽপ্যুপেক্ষিতঃ ।
তন্মাং দহতি বিপ্রর্ষে ! যথা সুবিদিতং তব ॥১৭॥

ভারতকৌমুদী

স ইতি। তিগ্মাংশুঃ সূর্য্যঃ, ক্ষমমুচিতম্। বিপ্রং দুর্ব্বাসসম্ ॥১২॥

তমিতি। রক্ষতী রক্ষন্তী, বিপ্রং দুর্ব্বাসসম্, শাপাৎ সূর্য্যস্যাভিসম্পাতাৎ ॥১৩॥

তত ইতি। ভানুমান্ সূর্য্যঃ, মাং মোহয়িত্বা, তেজসা আবিশ্য ময়ি প্রবিশ্য, ইতি উক্তেতি শেষঃ ॥১৪॥

তত ইতি। অন্তর্ভবনে গৃহমধ্যে, চিত্তানুরক্ষিণী ব্যভিচারদোষচ্ছাদনেন মনোঽনুবর্ত্তিনী। কর্ণং নাম ॥১৫॥

নূনমিতি। দেবস্য সূর্য্যস্য। ঋষির্দুর্ব্বাসাঃ ॥১৬॥

তিনি আমাকে বলিলেন—'আমাকে আহ্বান করা নিষ্ফল হইতে পারে না। তুমি নিষ্ফল করিলে যিনি তোমাকে বর দিয়াছেন, সেই ব্রাহ্মণকে ও তোমাকে দগ্ধ করিব' ॥১২॥

তখন আমি সূর্য্যের শাপ হইতে অনপকারী সেই দুর্ব্বাসাকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া বলিলাম—'দেব ! আপনার তুল্য আমার একটী পুত্র হউক' ॥১৩॥

তাহার পর সূর্য্য আমাকে মুগ্ধ করিয়া এবং তেজে আমাতে প্রবেশ করিয়া বলিলেন—'ভদ্রে। তোমার একটী পুত্র হইবে' এই কথা বলিয়া তিনি আকাশে চলিয়া গেলেন ॥১৪॥

তাহার পর আমি পিতার মনোভাবের অনুসরণ করিয়া গৃহমধ্যে গুপ্তভাবে উৎপন্ন বালকপুত্র কর্ণকে জলে ভাসাইয়া দিয়াছিলাম ॥১৫॥

ব্রাহ্মণ। নিশ্চয়ই সেই সূর্য্যদেবের অনুগ্রহে এবং দুর্ব্বাসামুনি আমাকে যেরূপ বলিয়াছিলেন, সেই অনুসারে আমি পুনরায় কন্যাই হইলাম ॥১৬॥

(১৫) ..পিতুর্ব্বাক্যরক্ষিণী—পি বঙ্গ বর্দ্ধ।

যদি পাপমপাপং বা তদেতদ্বিবৃতং ময়া।
তং দ্রষ্টুমিচ্ছামি ভগবন্! ব্যপনেতুং ত্বমর্হসি ॥১৮॥
যচ্চাস্য রাজ্ঞো বিদিতং হৃদিস্থং ভবতোঽনঘ!।
তং চায়ং লভতাং কামমদ্যৈব মুনিসত্তম! ॥১৯॥
ইত্যুক্তঃ প্রত্যুবাচেদং ব্যাসো বেদবিদাংবরঃ।
সাধু সর্ব্বমিদং ভাব্যমেবমেতদ্‌যথাত্থ মাম্ ॥২০॥
অপরাধশ্চ তে নাস্তি কন্যাভাবং গতা হ্যসি।
দেবাশ্চৈশ্বর্য্যবন্তো বৈ শরীরাণ্যাবিশন্তি বৈ ॥২১॥
সন্তি দেবনিকায়াশ্চ সঙ্কল্পাজ্জনয়ন্তি যে।
বাচা দৃষ্ট্যা তথা স্পর্শাৎ সজ্ঘর্ষেণেতি পঞ্চধা ॥২২॥

ভারতকৌমুদী

স ইতি। জায়মানো নিজপুত্রত্বেন। তদুপেক্ষণম্ ॥১৭॥

যদীতি। তং পুত্রং কর্ণম্, ব্যপনেতুং তচ্ছোকং দূরীকর্ত্তুম্ ॥১৮॥

যদিতি। যচ্চাস্য রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য হৃদিস্থং তদ্‌ভবতো বিদিতমিতি সম্বন্ধঃ ॥১৯॥

ইতীতি। ভাব্যং ভবিষ্যতি, আত্থ ব্রবীষি ॥২০॥

অপেতি। অপরাধঃ সূর্য্যসঙ্গমেঽপি দোষঃ। যেন হি, দেবা ঐশ্বর্য্যবন্তঃ সত্যসঙ্কল্প-যুক্তাঃ। সূর্য্যস্য সঙ্কল্পাদেব তব কন্যাত্বমব্যাহতমেবেতি ভাবঃ ॥২১॥

সন্তীতি। দেবানাং নিকায়াঃ সমূহাঃ, জনয়ন্তি গর্ভম্। সজ্ঘর্ষেণ সঙ্গমেন ॥২২॥

ব্রহ্মর্ষি! আমি মূঢ়া কিনা, তাই জানিয়াও সেই পুত্রটীকে উপেক্ষা করিয়াছিলাম, সেই উপেক্ষাই আমাকে দগ্ধ করিতেছে, যাহা আপনার ভালভাবে জানা আছে ॥১৭॥

ভগবন্! আমার এই কার্য্য দুষ্টই হউক বা অদুষ্টই হউক, তাহা আমি প্রকাশ করিলাম। সে যাহা হউক, আমি সেই কর্ণকে দেখিতে ইচ্ছা করি, আপনি আমার সেই শোক দূর করুন ॥১৮॥

নিষ্পাপ মুনিশ্রেষ্ঠ! এই রাজার মনে যাহা রহিয়াছে, তাহা আপনি জানেন, অতএব ইনি সেই অভীষ্ট বিষয় অদ্যই লাভ করুন' ॥১৯॥

কুন্তী এইরূপ বলিলে, বেদজ্ঞশ্রেষ্ঠ বেদব্যাস এই কথা বলিলেন—'বৎসে! তুমি আমাকে যাহা বলিলে, সে সমস্তই ভাল এবং সে সমস্তই হইবে ॥২০॥

বৎসে! এই ব্যাপারে তোমার কোন দোষ হয় নাই। কারণ, তুমি পুনরায় কন্যাত্ব প্রাপ্ত হইয়াছ। আবার দেবগণও সত্যসঙ্কল্প বলিয়া সূর্য্য তোমার দেহে প্রবেশ করিয়াছেন মাত্র ॥২১॥

মনুষ্যধর্ম্মে বর্ত্তন্ত্যাস্তব মোহো ন বিদ্যতে।
ইতি কুন্তি! বিজানীহি ব্যেতু তে মানসো জ্বরঃ ॥২৩॥
সর্বং বলবতাং পথ্যং সর্ব্বং বলবতাং শুচি।
সর্ব্বং বলবতাং ধর্ম্মঃ সর্ব্বং বলবতাং স্বকম্ ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-
পর্ব্বণি পুত্রদর্শনে ব্যাসকুন্তীসংবাদে
ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ॥০॥ *

—:০:—

ভারতকৌমুদী

মনুষ্যেতি। বর্ত্তন্ত্যা বর্ত্তমানায়াঃ, মোহো মোহজনিতদোষঃ। ব্যেতু অপগচ্ছতু, জ্বরঃ সন্তাপঃ ॥২৩॥

সূর্য্যস্যাপি দোষাভাবং সূচয়তি সর্ব্বমিতি। সর্ব্বমেব খাদ্যং বলবতাং দৈহিকশক্তি-যুক্তানাং পথ্যং স্বাস্থ্যপথে সাধু, সর্ব্বং কর্ম্ম বলবতাং তপঃপ্রভাবশালিনাং শুচি পবিত্রম্। সর্ব্বমাচরণং বলবতামৈশ্বর্য্যযুক্তানাং ধর্ম্মঃ, সর্ব্বং বস্তু বলবতাং শক্তিমতাং স্বকং স্বকীয়ম্ ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি
পুত্রদর্শনে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

ভগবন্নিতি ॥১—২॥ আগসত্যাগৈরপরাধত্যাগৈঃ ॥৩—২১॥ সংঘর্ষেণ রত্যা ॥২২—২৪॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিক-
পর্ব্বণি আশ্রমবাসে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৩॥

—:*:—

এই প্রকার অনেক দেবতা আছেন, যাঁহারা সঙ্কল্প, বাক্য, দৃষ্টি, স্পর্শ ও সঙ্গম—এই পাঁচ প্রকারেই স্ত্রীদের গর্ভ উৎপাদন করিতে পারেন ॥২২॥

কুন্তি! তুমি মনুষ্যধর্ম্মে রহিয়াছ বলিয়া তোমার মোহজনিত দোষ হয় নাই, ইহা তুমি অবগত হও এবং তোমার মনের সন্তাপ দূর হউক ॥২৩॥

সমস্ত খাদ্যবস্তুই বলবানদিগের পথ্য, সকল কার্য্যই বলবানদের পবিত্র, সমস্ত আচরণই প্রবলগণের ধর্ম্ম এবং সমস্ত বস্তুই শক্তিশালিগণের স্বকীয়' ॥২৪॥

—:০:—

(২৩) মনুষ্যধর্ম্মো দৈবেন ধর্ম্মেণ হি ন দুষ্যতি—পি নি।

* '...ত্রিংশত্তমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...দ্বাত্রিংশোঽধ্যায়ঃ'—নি।

চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ

—:*:—

ব্যাস উবাচ।

ভদ্রে! দ্রক্ষ্যসি গান্ধারি! পুত্রান্ ভ্রাতৄন্ সখীংস্তথা।
বন্ধূংশ্চ পিতৃভিঃ সার্দ্ধং নিশি সুপ্তোত্থিতান্ ইব ॥১॥
কর্ণং দ্রক্ষ্যতি কুন্তী চ সৌভদ্রং চাপি যাদবী।
দ্রৌপদী পঞ্চপুত্রাংশ্চ পিতৄন্ ভ্রাতৄংস্তথৈব চ ॥২॥
পূর্বমেবৈষ হৃদযে ব্যবসায়োঽভবন্মম।
যদাস্মি চোদিতো রাজ্ঞা ভবত্যা পৃথয়ৈব চ ॥৩॥
ন তে শোচ্যা মহাত্মানঃ সর্ব্ব এব নরর্ষভাঃ।
ক্ষত্রধর্ম্মপরাঃ সন্তস্তথা হি নিধনং গতাঃ ॥৪॥
ভবিতব্যমবশ্যং তৎ সুরকার্য্যমনিন্দিতে!।
অবতেরুস্ততঃ সর্ব্বে দেবা ভাগৈর্মহীতলম্ ॥৫॥

ভারতকৌমুদী

ভদ্র ইতি। আদৌ সুপ্তা নিদ্রিতাঃ পরঞ্চ উত্থিতা জাগরিতাস্তান্ ॥১॥
কর্ণমিতি। সৌভদ্রমভিমন্যুম্, যাদবী যদুবংশজাতা সুভদ্রা ॥২॥
পূর্ব্বমিতি। ব্যবসায়ঃ সঙ্কল্পঃ। চোদিতঃ প্রেরিতঃ, রাজ্ঞা ধৃতরাষ্ট্রেণ, পৃথয়া কুন্ত্যা ॥৩॥
নেতি। তথা হি ক্ষত্রধর্ম্মপরত্বেনৈব যুদ্ধেনেত্যর্থঃ। ৪॥

বেদব্যাস বলিলেন—'ভদ্রে গান্ধারি! তুমি পুত্রগণ, ভ্রাতৃগণ, সখিগণ ও পিতৃগণের সহিত বন্ধুগণকে রাত্রিতে নিদ্রোত্থিতের ন্যায় দেখিতে পাইবে ॥১॥

আর কুন্তী কর্ণকে, সুভদ্রা অভিমন্যুকে এবং দ্রৌপদী পঞ্চপুত্র, পিতৃগণ ও ভ্রাতৃগণকে দেখিতে পাইবেন ॥২॥

গান্ধারি! যখন তুমি ধৃতরাষ্ট্র ও কুন্তী তোমরা আমার নিকট এই অনুরোধ করিয়াছিলে, তখনই আমার হৃদয়ে এইরূপ ইচ্ছা হইয়াছে ॥৩॥

তাঁহারা সকলেই মহাত্মা, নরশ্রেষ্ঠ ও ক্ষত্রিয়ধর্ম্মপরায়ণ থাকিয়া সেই-ভাবেই নিহত হইয়াছেন; সুতরাং তাঁহাদের জন্য শোক করা উচিত নহে ॥৪॥

---

(১) বন্ধূংশ্চ পতিভিঃ সার্দ্ধং নিশি সুপ্তোত্থিতা ইব—পি ন্নি।
(৫)···দেবভাগা ,মহীতলম্—বঙ্গ বর্দ্ধ।

গন্ধর্ব্বাপ্সরসশ্চৈব পিশাচা গুহ্যরাক্ষসাঃ।
তথা পুণ্যজনাশ্চৈব সিদ্ধা দেবর্ষয়োঽপি চ ॥৬॥
দেবাশ্চ দানবাশ্চৈব তথা দেবর্ষয়োঽমলাঃ।
ত এতে নিধনং প্রাপ্তাঃ কুরুক্ষেত্রে রণাজিরে ॥৭॥ (যুগ্মকম্)
গন্ধর্ব্বরাজো যো ধীমান্ ধৃতরাষ্ট্র ইতি শ্রুতঃ।
স এব মানুষে লোকে ধৃতরাষ্ট্রঃ পতিস্তব ॥৮॥
পাণ্ডুং মরুদ্‌গণাদ্বিদ্ধি বিশিষ্টতমমচ্যুতম্।
ধর্ম্মস্যাংশোঽভবৎ ক্ষত্তা রাজা চৈব যুধিষ্ঠিরঃ ॥৯॥
কলিং দুর্য্যোধনং বিদ্ধি শকুনিং দ্বাপরং তথা।
দুঃশাসনাদীন্ বিদ্ধি ত্বং রাক্ষসান্ শুভদর্শনে! ॥১০॥

ভারতকৌমুদী

ভবিতব্যমিতি। ততঃ স্বর্গাৎ, ভাগৈরংশৈঃ ॥৫॥

গন্ধর্ব্বেতি। পুণ্যজনা রাক্ষসবিশেষাঃ। পুনর্দেবা দেববিশেষাঃ, অবতেরুরিত্যাহুবৃত্তিঃ ॥৬—৭॥

গন্ধর্ব্বেতি। ইতি শ্রুতঃ প্রসিদ্ধঃ ॥৮॥

পাণ্ডুমিতি। মরুদ্‌গণাদ্দেবগণাজ্জাতমিতি শেষঃ, বিশিষ্টতমং মানুষেষতীবোৎকৃষ্টম্, অচ্যুতং ক্ষত্রধর্ম্মাদভ্রষ্টম্। ক্ষত্তা বিদুরঃ ॥৯॥

কলিমিতি। দুঃশাসনাদীন্ ধার্ত্তরাষ্ট্রান্ ॥১০॥

অনিন্দিতে গান্ধারি! তাহা দেবকার্য্য বলিয়া অবশ্যই হইবে। কারণ, দেবগণ স্বর্গ হইতে আপন আপন অংশে ভূতলে অবতীর্ণ হইয়াছিলেন ॥৫॥

তারপর, গন্ধর্ব্বগণ, অপ্সরোগণ, পিশাচগণ, গুহ্যকগণ, সাধারণ রাক্ষসগণ, রাক্ষসবিশেষগণ, সিদ্ধগণ, দেবর্ষিগণ, দেবগণ ও দানবগণ ভূমণ্ডলে অবতীর্ণ হইয়াছিলেন। তাঁহারাই এই কুরুক্ষেত্রযুদ্ধে নিহত হইয়াছেন ॥৬—৭॥

গান্ধারি! গন্ধর্ব্বলোকে ধীমান্ ধৃতরাষ্ট্র নামে যিনি গন্ধর্ব্বরাজ বলিয়া প্রসিদ্ধ আছেন, তিনিই মনুষ্যলোকে তোমার পতি ধৃতরাষ্ট্র হইয়াছেন ॥৮॥

শোভনে! তুমি ইহা অবগত হও যে, মনুষ্যমধ্যে প্রধান ও ক্ষত্রধর্ম্ম হইতে অভ্রষ্ট পাণ্ডু দেবগণ হইতে উৎপন্ন হইয়াছিলেন; আর বিদুর ধর্ম্মের অংশে উৎপন্ন হইয়াছিলেন এবং রাজা যুধিষ্ঠির ধর্ম্মের অংশে উৎপন্ন হইয়াছেন ॥৯॥

শুভদর্শনে! তুমি ইহাও জানিয়া রাখ যে, দুর্য্যোধন কলিযুগ, শকুনি দ্বাপরযুগ এবং দুঃশাসনপ্রভৃতি রাক্ষস ছিলেন ॥১০॥

মরুদ্‌গণাদ্‌ভীমসেনং বলবন্তমরিন্দমম্‌।
বিদ্ধি ত্বং তু নরমৃষিমিমং পার্থং ধনঞ্জয়ম্‌।
নারায়ণং হৃষীকেশমশ্বিনৌ যমজৌ তথা ॥১১॥
দ্বিধা কৃত্বাত্মনো দেহমাদিত্যং তপতাংবরম্‌।
লোকাংশ্চ তাপযানং বৈ কর্ণং বিদ্ধি পৃথাসুতম্‌ ॥১২॥
যঃ স বৈরার্থমুদ্ভূতঃ সঙ্ঘর্ষজননস্তথা।
তং কর্ণং বিদ্ধি কল্যাণি! ভাস্করং শুভদর্শনে! ॥১৩॥
যশ্চ পাণ্ডবদায়াদো হতঃ ষড়্‌ভির্মহারথৈঃ।
স সোম ইহ সৌভদ্রো যোগাদেবাভবদ্‌দ্বিধা ॥১৪॥

ভারতকৌমুদী

মরুদিতি। মরুদ্‌গণাদ্‌বায়ুসমূহাৎ। "মরুতৌ পবনামরৌ" ইত্যমরঃ। নরং নাম। হৃষীকেশং কৃষ্ণম্‌, অশ্বিনৌ তদাখ্যৌ দেবৌ, যমজৌ নকুলসহদেবৌ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

দ্বিধেতি। একেন দেহেন লোকান্‌ তাপয়ানং তাপয়মানম্‌, দ্বিতীয়েন দেহেন কর্ণং কর্ণরূপেণ জাতম্‌ ॥১২॥

য ইতি। সঙ্ঘর্ষজননো যুদ্ধকারকঃ ॥১৩॥

য ইতি। পাণ্ডবস্য অর্জ্জুনস্য দায়াদঃ পুত্রঃ। সোমশ্চন্দ্রঃ, সৌভদ্রোঽভিমন্যুঃ, দেবঃ সোমঃ, যোগাদ্‌যোগপ্রভাবাৎ দ্বিধা একো গগনস্থঃ অপরস্তু সৌভদ্ররূপেণ ভূতলস্থঃ। আদিপর্ব্বণি চন্দ্রস্য পুত্রো বর্চ্চা অভিমন্যুরভবদিত্যুক্তম্‌। তেন চাত্র যচ্চন্দ্র এবাভিমন্যুরভবদিত্যুচ্যতে, তৎ "আত্মা বৈ জায়তে পুত্রঃ" ইতি স্মৃতেঃ পিতাপুত্রয়োরভেদাদুপপদ্যতে ॥১৪॥

বলবান্‌ ও শত্রুদমনকারী ভীমসেন বায়ু হইতে উৎপন্ন হইযাছেন এবং পৃথার পুত্র এই অর্জ্জুনকে নরঋষি বলিযা অবগত হও, তাবপর কৃষ্ণকে নারায়ণরূপে আর নকুল ও সহদেবকে অশ্বিনীকুমারদ্বযরূপে জানিয়া রাখ ॥১১॥

সূর্য্য নিজের দেহটীকে দুইভাগে বিভক্ত করিযা একটী দেহদ্বারা আকাশে থাকিযা জগৎ সন্তপ্ত করিতেছেন এবং অপর দেহটীদ্বারা কর্ণরূপে জন্মগ্রহণ করিযাছিলেন ॥১২॥

শুভদর্শনে কল্যাণি। সেই যিনি শত্রুতা করিবার জন্যই উৎপন্ন হইয়াছিলেন এবং যুদ্ধই করিতেন, সেই কর্ণকে তুমি সূর্য্য বলিযাই অবগত হও ॥১৩॥

যিনি অর্জ্জুনের পুত্র হইযাছিলেন এবং যিনি দ্রোণপ্রভৃতি ছয জন মহারথকর্ত্তৃক নিহত হইযাছেন, চন্দ্র সেই অভিমন্যুরূপে জন্মিয়াছিলেন। একই চন্দ্র যোগপ্রভাবে তৎকালে দুইভাগে বিভক্ত হইয়াছিলেন ॥১৪॥

---

(১১) অত্র পুস্তকভেদাদেব পাঠভেদঃ।

দ্রৌপদ্যা সহ সম্ভূতং ধৃষ্টদ্যুম্নঞ্চ পাবকাৎ।
অগ্নের্ভাগং শুভং বিদ্ধি রাক্ষসন্তু শিখণ্ডিনম্ ॥১৫॥
দ্রোণং বৃহস্পতের্ভাগং বিদ্ধি দ্রৌণিন্তু রুদ্রজম্।
ভীষ্মঞ্চ বিদ্ধি গাঙ্গেয়ং বসুং মানুষতাং গতম্ ॥১৬॥
এবমেতে মহাপ্রাজ্ঞে! দেবা মানুষ্যমেত্য হি।
ততঃ পুনর্গতাঃ স্বর্গং কৃতে কর্ম্মণি শোভনে! ॥১৭॥
যচ্চ বৈ হৃদি সর্বেষাং দুঃখমেতচ্চিরং স্থিতম্।
তদদ্য ব্যপনেষ্যামি পরলোককৃতাদ্ভয়াৎ ॥১৮॥
সর্ব্বে ভবন্তো গচ্ছন্তু নদীং ভাগীরথীং প্রতি।
তত্র দ্রক্ষ্যথ তান্ সর্বান্ যে হতাস্তত্র সংযুগে ॥১৯॥

ভারতকৌমুদী

দ্রৌপদ্যেতি। পাবকাদগ্নেঃ। অতএব অগ্নের্ভাগমংশম্ ॥১৫॥

দ্রোণমিতি। দ্রৌণিমশ্বত্থামানম্, রুদ্রজং মহাদেবাজ্জাতম্। গাঙ্গেয়ং গঙ্গাপুত্রম্, বসুং দেবম্ ॥১৬॥

এবমিতি। মানুষ্যং মনুষ্যলোকম্ ॥১৭॥

যদিতি। ভয়াৎ নরকপাতসম্ভাবনাজনিতাৎ ॥১৮॥

সর্ব্ব ইতি। তত্র ভাগীরথীতীরে, সংযুগে কুরুক্ষেত্রযুদ্ধে ॥১৯॥

দ্রৌপদীর সহিত ধৃষ্টদ্যুম্নকে অগ্নি হইতে উৎপন্ন বলিয়া অবগত হও; অতএব উঁহারা দুইজন মঙ্গলময় অগ্নির অংশ এবং শিখণ্ডীকে রাক্ষসের অংশ বলিয়া রাখ ॥১৫॥

দ্রোণকে বৃহস্পতির অংশ এবং অশ্বত্থামাকে রুদ্রের অংশ বলিয়া অবগত হও; আর গঙ্গাব পুত্র ভীষ্মকে মনুষ্যত্বপ্রাপ্ত বসু বলিয়া জানিয়া রাখ ॥১৬॥

শোভনে মহাপ্রাজ্ঞে! এইভাবে এই দেবগণ মনুষ্যলোকে আসিয়া আপন আপন কার্য্য করা হইয়া গেলে, আবার মনুষ্যলোক হইতে স্বর্গে গিয়াছেন ॥১৭॥

তোমাদের সকলেরই হৃদয়ে পরলোকভয়নিবন্ধন এই যে দুঃখ দীর্ঘকাল রহিয়াছে, আজ আমি তাহা দূর করিব ॥১৮॥

অতএব তোমরা সকলে গঙ্গাতীরে গমন কর। যাঁহারা সেই কুরুক্ষেত্র-যুদ্ধে নিহত হইয়াছেন, তাঁহাদিগকে তোমরা সেই গঙ্গাতীরে দেখিতে পাইবে' ॥১৯॥

---

(১৯)···যে হতাস্মিন্ রণাজিরে—পি বঙ্গ বর্দ্ধ।

বৈশম্পায়ন উবাচ।

ইতি ব্যাসস্য বচনং শ্রুত্বা সর্ব্বো জনস্তদা।
মহতা সিংহনাদেন গঙ্গামভিমুখো যযৌ ॥২০॥
ধৃতরাষ্ট্রশ্চ সামাত্যঃ প্রযযৌ সহ পাণ্ডবৈঃ।
সহিতো মুনিশার্দ্দূলৈর্গন্ধর্ব্বৈশ্চ সমাগতৈঃ ॥২১॥
ততো গঙ্গাং সমাসাদ্য ক্রমেণ স জনার্ণবঃ।
নিবাসমকরোৎ সর্ব্বো যথাপ্রীতি যথাসুখম্ ॥২২॥
রাজা চ পাণ্ডবৈঃ সার্দ্ধমিষ্টে দেশে সহানুগঃ।
নিবাসমকরোদ্ধীমান্ সস্ত্রীবৃদ্ধপুরঃসরঃ ॥২৩॥
জগাম তদহশ্চাপি তেষাং বর্ষশতং যথা।
নিশাং প্রতীক্ষমাণানাং দিদৃক্ষূণাং মৃতান্ নরান্ ॥২৪॥
অথ পুণ্যং গিরিবরমস্তমভ্যগমদ্রবিঃ।
ততঃ কৃতাভিষেকাস্তে নৈশং কর্ম্ম সমাচরন্ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-পর্ব্বণি পুত্রদর্শনে গঙ্গাতীরগমনে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ইতীতি। সিংহনাদেন আনন্দজনিতেন ॥২০॥
ধৃতেতি। অমাত্যৈঃ পাণ্ডবসহচরৈঃ সচিবৈঃ সহেতি সামাত্যঃ ॥২১॥
তত ইতি। জনার্ণবো লোকসমুদ্রঃ ॥২২॥
রাজেতি। রাজা ধৃতরাষ্ট্রঃ। স্ত্রীভিঃ বৃদ্ধৈঃ পুরঃসরৈরগ্রগামিভির্ভৃত্যৈশ্চ সহেতি সঃ ॥২৩॥
জগামেতি। তদহস্তদ্দিনম্। দিদৃক্ষূণাং দ্রষ্টুমিচ্ছূনাম্ ॥২৪॥

বৈশম্পায়ন বলিলেন—বেদব্যাসের এইরূপ বাক্য শুনিয়া, তখন তত্রত্য সমস্ত লোকই বিশাল সিংহনাদ করিয়া গঙ্গার অভিমুখে গমন করিলেন ॥২০॥

সমাগত অমাত্যগণ, পাণ্ডবগণ, মুনিশ্রেষ্ঠগণ ও গন্ধর্ব্বগণের সহিত মিলিত হইয়া ধৃতরাষ্ট্রও গঙ্গাতীরে গমন করিলেন ॥২১॥

তাহার পর সেই সমস্ত লোক গঙ্গাতীরে যাইয়া ইচ্ছানুসারে যথাসুখে বাস করিতে লাগিল ॥২২॥

বুদ্ধিমান্ রাজা ধৃতরাষ্ট্রও পাণ্ডবগণ, অনুচরগণ এবং স্ত্রী, বৃদ্ধ ও ভৃত্যগণের সহিত অভীষ্ট স্থানে বাস করিলেন ॥২৩॥

তাঁহারা সকলেই মৃত ব্যক্তিগণকে দেখিবার ইচ্ছা করিয়া রাত্রির প্রতীক্ষা করিতে লাগিলেন; তাহাতে তাঁহাদের সেই দিনটী যেন একশত বৎসরের ন্যায় দীর্ঘ হইয়া অতীত হইল ॥২৪॥

---

* '…একত্রিংশোঽধ্যায়ঃ'—বঙ্গ বৰ্দ্ধ, '… ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ'—নি।

পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ

—ঃ০ঃ—

বৈশম্পায়ন উবাচ।

ততো নিশায়াং প্রাপ্তায়াং কৃতসায়াহ্নিকক্রিয়াঃ।
ব্যাসমভ্যগমন্ সর্ব্বে যে তত্রাসন্ সমাগতাঃ ॥১॥

ভারতকৌমুদী

অথেতি। গিরিবরং পর্ব্বতশ্রেষ্ঠম্ অস্তং নাম। কৃতাভিষেকা বিহিতস্নানাঃ, নৈশং রাত্রিসম্বন্ধি কর্ম্ম সন্ধ্যাবন্দনাদিকম্ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-
মাশ্রমবাসিকপর্ব্বণি চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

তত ইতি। কৃতা সায়াহ্নিকী সায়ংকালীনা ক্রিয়া সন্ধ্যাবন্দনাদিকা যৈস্তে ॥১॥

ভাবতভাবদীপঃ

"ততো নিশায়া"মিত্যস্মিন্নধ্যায়দ্বয়ে মৃতানাং পুনর্দ্দর্শনমুক্তং তেন তেষাং সত্ত্বমস্তীতি স্পষ্টমুক্তম্। অতো মৃতানাং সত্ত্বমস্তি ন বেতি সংশয়ঃ পরাস্তঃ। অথ ভস্মীভূতানাং কথং প্রত্যক্ষেণ দর্শনম্? স্বপ্নবদিতি চেদ্ব্যাসস্যৈন্দ্রজালিকত্বাপত্ত্যা সংশয়চ্ছেদকত্বানুপপত্তিঃ। অথ দেবতাভাবং গতানাং তেষাং পুনর্জীবাদিভাবেন যোগবলাদভিব্যক্তির্ভবতি, তর্হি ভস্মীভূতস্য দেহস্য পুনরুদয়াযোগাত্তৎসদৃশৈর্দেহান্তরৈরুপেতানামেব তেষাং দর্শনমিতি বাচ্যম্, তথাপি দেহান্তরে মমায়ং ভর্ত্তেতি বুদ্ধিমতীনাং স্ত্রীণাং ভ্রান্তিরেব; পূর্ব্বদেহনাশস্য দৃঢ়তরস্মরণাৎ। অস্মরণে পুনঃ স্বপ্নতুল্যতেতি। অত্র ক্রমঃ—হার্দ্দবিদ্যাং প্রকৃত্য শ্রূয়তে—"ত ইমে সত্যাঃ কামা অনৃতাপিধানা" ইতি। তস্মাদ্দহরাকাশং প্রকৃত্য "এতৎ সত্যং ব্রহ্মপুরমস্মিন্ সর্ব্বে কামাঃ সমাহিতঃ" ইতি। তথা "যো যো হ্যস্যেতঃ প্রৈতি ন তমিহ দর্শনায়োপলভতে" ইত্যুপক্রম্য "যে চাস্যেহ জীবা যে চ প্রেতা যচ্চান্যদিচ্ছন্ন লভতে সর্ব্বং তদত্র গত্বা বিন্দত" ইত্যাদি। সত্যং ব্রহ্মপুরং হৃদয়রমিত্যর্থঃ। সমস্তঃ সদা সন্নেবাস্যাত এব তত্র পুনয়ঃ পঞ্চস্ত্য-তীত্যাদিকম্। মিথ্যাব্রহ্মপুরং শরীরমমুনা সত্যপুরং ছাদিতং সর্পেণ স্রগিবেত্যমুষ্য বিলয়ে

তাহার পর সূর্য্য পবিত্র ও পর্ব্বতশ্রেষ্ঠ অস্তপর্ব্বতে গমন করিলেন। তদনন্তর তাঁহারা স্নান করিয়া রাত্রিবিহিত কর্ম্ম করিলেন ॥২৫॥

—ঃ*ঃ—

ধৃতরাষ্ট্রস্তু ধর্ম্মাত্মা পাণ্ডবৈঃ সহিতস্তদা।
শুচিরেকমনাঃ সার্দ্ধমৃষিভিস্তৈরুপাবিশৎ ॥২॥
গান্ধার্য্যা সহ নার্য্যস্তু সহিতাঃ সমুপাবিশন্।
পৌরজানপদাশ্চাপি জনঃ সর্ব্বো যথাবয়ঃ ॥৩॥
ততো ব্যাসো মহাতেজাঃ পুণ্যং ভাগীরথীজলম্।
অবতীর্য্যাজুহাবাথ সর্বান্ লোকান্ মহামুনিঃ ॥৪॥

ভারতকৌমুদী

ধৃতেতি। একমনা নিহতপুত্রাদিদর্শনে একাগ্রচিত্তঃ ॥২॥

গান্ধার্য্যেতি। যথাবয়ো বয়ঃক্রমেণ বয়োবৃদ্ধাঃ সম্মুখ উপাবিশন্নিত্যর্থঃ ॥৩॥

তত ইতি। মহাতেজা মহাযোগপ্রভাবশালী। আজুহাব আময়ামাস, লোকান্ মৃতান্। আনুশাসনিকপর্ব্বণি মহর্ষেশ্চ্যবনস্য যোগবলেন মদসৃষ্টিবৎ অত্রাপি ব্যাসস্য যোগবলেনৈব মৃতানাং স্বৈঃ স্বৈঃ রূপৈরেব পুনঃ প্রদর্শনম্ ॥৪॥

ভারতভাবদীপঃ

সত্যং পুরঃ প্রকাশতে। তস্মাদবিদ্যাপ্রত্যুপস্থাপিতমপারমার্থিকং জৈবং রূপং কর্ত্তৃভোক্তৃরাগ-দ্বেষাদ্যনেকানর্থকলুষিতং তদ্বিলয়নেন তদ্বিপরীতমপহতপাপ্মত্বাদিবিশিষ্টং পারমেশ্বরং রূপং বিদ্যয়া প্রতিপদ্যতে সর্পাদিবিলয়নে রজ্জ্বাদিবদিতি ভাষ্যাচ্চ। ব্রাহ্মলৌকিকা এব সত্যা ভীষ্মাদয়োঽনুতৈর্জন্মাদিভির্ভাববিকারৈরাবির্ভূয় তিরোভূতাঃ সন্তো মহর্ষিবিদ্যয়াবির্ভূয় স্ত্র্যাদি-ভিশ্চ যাথাত্ম্যেন গৃহীতাঃ সন্তস্তাভিঃ সহ রেমিরে ইতি যুক্তমুৎপশ্যামঃ। বিশেষস্তস্মৎকৃতে বেদান্তকতকে দহরাধিকরণে দ্রষ্টব্যঃ। অক্ষরার্থস্তু স্পষ্ট এব ॥১—২১॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিক-
পর্ব্বণি পুত্রদর্শনে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর রাত্রি উপস্থিত হইলে, যাঁহারা সেস্থানে আসিয়াছিলেন, তাঁহারা সকলেই সায়াহ্নকার্য্য সমাপ্ত করিয়া বেদব্যাসের নিকট আগমন করিলেন ॥১॥

ধর্ম্মাত্মা ধৃতরাষ্ট্র পবিত্র ও একাগ্রচিত্ত হইয়া তখন পাণ্ডবগণ ও ঋষিগণের সহিত উপবেশন করিলেন ॥২॥

নারীগণ গান্ধারীর সহিত এবং পুরবাসিগণ, দেশবাসিগণ ও অন্যান্য সমস্ত লোক বৃদ্ধক্রমে উপবেশন করিলেন ॥৩॥

তদনন্তর মহাযোগপ্রভাবশালী মহর্ষি বেদব্যাস পবিত্র গঙ্গাজলে অবতীর্ণ হইয়া কুরুক্ষেত্রযুদ্ধে নিহত সমস্ত লোককে আহ্বান করিলেন ॥৪॥

(৪) অবগাহ্য জুহাবাথ—পি বঙ্গ বর্দ্ধ।

পাণ্ডবানাঞ্চ যে যোধাঃ কৌরবাণাঞ্চ সর্বশঃ।
রাজানশ্চ মহাভাগা নানাদেশনিবাসিনঃ।
প্রতীক্ষ্য তস্থুস্তে সর্বে তেষামাগমনং প্রতি ॥৫॥
ততঃ সুতুমুলঃ শব্দো জলান্তে জনমেজয়!।
প্রাদুরাসীদ্‌যথাপূর্বং কুরুপাণ্ডবসেনয়োঃ ॥৬॥
ততস্তে পার্থিবাঃ সর্বে ভীষ্মদ্রোণপুরোগমাঃ।
সসৈন্যাঃ সলিলাত্তস্মাৎ সমুত্তস্থুঃ সহস্রশঃ ॥৭॥
বিরাটদ্রুপদৌ চৈব সহপুত্রৌ সসৈনিকৌ।
দ্রৌপদেয়াশ্চ সৌভদ্রো রাক্ষসশ্চ ঘটোৎকচঃ ॥৮॥
কর্ণদুর্য্যোধনৌ চৈব শকুনিশ্চ মহারথঃ।
দুঃশাসনাদয়শ্চৈব ধার্ত্তরাষ্ট্রা মহাবলাঃ ॥৯॥
জারাসন্ধির্ভগদত্তো জলসন্ধশ্চ বীর্য্যবান্।
ভূরিশ্রবা শলঃ শল্যো বৃষসেনশ্চ সানুজঃ ॥১০॥
লক্ষ্মণো রাজপুত্রশ্চ ধৃষ্টদ্যুম্নস্য চাত্মজাঃ।
শিখণ্ডিপুত্রাঃ সর্বে চ ধৃষ্টকেতুশ্চ সানুজঃ ॥১১॥
অচলো বৃষকশ্চৈব রাক্ষসশ্চাপ্যলায়ুধঃ।
বাহ্লিকঃ সোমদত্তশ্চ চেকিতানশ্চ পার্থিবঃ ॥১২॥

ভারতকৌমুদী

পাণ্ডবানামিতি। যোধাঃ সৈন্যাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫॥
তত ইতি। জলান্তে জলমধ্যে। পূর্ব্বং কুরুক্ষেত্রযুদ্ধকালে ॥৬॥
তত ইতি। ভীষ্মদ্রোণৌ পুরোগমৌ অগ্রবর্ত্তিনৌ যেষাং তে ॥৭॥

তৎকালে পাণ্ডবগণ ও কৌরবগণের যে সকল যোদ্ধা এবং নানাদেশবাসী যে সকল মহাত্মা রাজা সেইস্থানে উপস্থিত ছিলেন, তাঁহারা সকলেই সেই যুদ্ধনিহত লোকদিগের আগমনের প্রতীক্ষা করিয়া রহিলেন ॥৫॥

জনমেজয়! তৎপরে কুরুক্ষেত্রযুদ্ধে পূর্ব্বে কৌরবসৈন্য ও পাণ্ডবসৈন্যের যেরূপ তুমুল কোলাহল হইয়াছিল, সেইরূপ জলমধ্যে তুমুল কোলাহল প্রাদুর্ভূত হইল ॥৬॥

তদনন্তর যুদ্ধে নিহত সেই সকল সহস্র সহস্র রাজা ভীষ্ম ও দ্রোণকে সম্মুখে রাখিয়া সৈন্যগণের সহিত সেই জল হইতে উত্থিত হইলেন ॥৭॥

---

(৫) অত্র তৃতীয়ার্দ্ধং পি বঙ্গ বর্দ্ধ নাস্তি। (৬) প্রাদুরাসীদ্‌যথাযোগং—নি।

এতে চান্যে চ বহবো বহুত্বাদ্‌যে ন কীর্ত্তিতাঃ।
সর্ব্বে ভাস্বরদেহাস্তে সমুত্তস্থুর্জলাত্ততঃ ॥১৩॥ (কুলকম্‌)
যস্য বীরস্য যো বেশো যো ধ্বজো যচ্চ বাহনম্‌।
যদ্বর্ম্ম যৎপ্রহরণং তেন তেন স দৃশ্যতে ॥১৪॥
দিব্যাম্বরধরাঃ সর্ব্বে সর্ব্বে ভ্রাজিষ্ণুকুণ্ডলাঃ।
নির্ব্বৈরা নিরহঙ্কারা বিগতক্রোধমৎসরাঃ ॥১৫॥
গন্ধর্ব্বৈরুপগীয়ন্তঃ স্তূয়মানাশ্চ বন্দিভিঃ।
দিব্যমাল্যাম্বরধরা বৃতাশ্চাপ্সরসাং গণৈঃ ॥১৬॥

ভারতকৌমুদী

বিরাটেতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ, সৌভদ্রোঽভিমন্যুঃ। ধার্ত্তরাষ্ট্রা ধৃতরাষ্ট্র-পুত্রাঃ। জারাসন্ধির্জরাসন্ধপুত্রঃ সহদেবঃ। রাজ্ঞো দুর্য্যোধনস্য পুত্রো লক্ষ্মণঃ। অচলো রাজবিশেষঃ। ভাস্বরা উজ্জ্বলা দেহা যেষাং তে ॥৮—১৩॥

যস্যেতি। প্রহরণমস্ত্রম্‌, তেন তেন যুক্ত ইতি শেষঃ ॥১৪॥

দিব্যেতি। ভ্রাজিষ্ণূনি উজ্জ্বলানি কুণ্ডলানি যেষাং তে। বিগতৌ ক্রোধমৎসরৌ কোপ-দ্বেষৌ যেষাং তে ॥১৫॥

গন্ধর্ব্বৈরিতি। উপগীয়ন্ত উপগীয়মানাঃ। বৃতাঃ পরিবেষ্টিতাঃ ॥১৬॥

পুত্রগণ ও সৈন্যগণের সহিত বিরাট ও দ্রুপদ, দ্রৌপদীর পুত্রগণ, অভিমন্যু, রাক্ষস ঘটোৎকচ, কর্ণ, দুর্য্যোধন, মহারথ শকুনি, দুঃশাসনপ্রভৃতি মহাবল ধৃতরাষ্ট্রপুত্রগণ, জরাসন্ধের পুত্র সহদেব, ভগদত্ত, বলবান্‌ জলসন্ধ, ভূরিশ্রবা, শল, শল্য, অনুজগণের সহিত বৃষসেন, রাজপুত্র লক্ষ্মণ, ধৃষ্টদ্যুম্নের পুত্রগণ, শিখণ্ডীর সকল পুত্র, অনুজগণের সহিত ধৃষ্টকেতু, অচল, বৃষক, রাক্ষস অলায়ুধ, বাহ্লিক, সোমদত্ত ও রাজা চেকিতান ইঁহারা এবং বহুতর বলিয়া যাঁহাদের নাম কীর্ত্তন করা হইল না, সেই সকল অন্য বহুতর রাজা ও যোদ্ধা সকলেই উজ্জ্বল দেহসমন্বিত হইয়া সেই গঙ্গাজল হইতে উত্থিত হইলেন ॥৮—১৩॥

যে যে বীরের যে যে বেশ, যে যে ধ্বজ, যে যে বাহন, যে যে বর্ম্ম এবং যে যে প্রকার অস্ত্র ছিল, তিনি তিনি সেই সকল সম্পন্ন হইয়াই সকলের দৃষ্টি-গোচর হইতে লাগিলেন ॥১৪॥

তাঁহারা সকলেই দিব্যবস্ত্রধারী ছিলেন, সকলের কুণ্ডলই উজ্জ্বল ছিল এবং সকলেই শত্রুতা, অহঙ্কার, ক্রোধ ও বিদ্বেষশূন্য ছিলেন ॥১৫॥

(১৪) তেন তেন ব্যদৃশ্যন্ত সমুপেতা নরাধিপাঃ—পি বঙ্গ বর্দ্ধ।

ধৃতরাষ্ট্রস্য চ তদা দিব্যং চক্ষুর্নরাধিপ !।
মুনিঃ সত্যবতীপুত্রঃ প্রীতঃ প্রাদাত্তপোবলাৎ ॥১৭॥
দিব্যজ্ঞানবলোপেতা গান্ধারী চ যশস্বিনী।
দদর্শ পুত্রাংস্তান্ সর্বান্ যে চান্যেঽপি মৃধে হতাঃ ॥১৮॥
তদদ্ভুতমচিন্ত্যঞ্চ সুমহল্লোমহর্ষণম্।
বিস্মিতঃ স জনঃ সর্ব্বো দদর্শানিমিষেক্ষণঃ ॥১৯॥
তদুৎসবমহোদগ্রং হৃষ্টনারীনরাকুলম্।
আশ্চর্য্যভূতং দদৃশে চিত্রং পটগতং যথা ॥২০॥
ধৃতরাষ্ট্রস্তু তান্ সর্ব্বান্ পশ্যন্ দিব্যেন চক্ষুষা।
মুমুদে ভরতশ্রেষ্ঠ ! প্রসাদাত্তস্য বৈ মুনেঃ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-পর্ব্বণি পুত্রদর্শনে ভীষ্মাদিদর্শনে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ধৃতেতি। সত্যবতীপুত্রো বেদব্যাসঃ, প্রাদাৎ তেষামদ্ভুতানাং দর্শনায়ৈব ॥১৭॥

দিব্যেতি। দিব্যজ্ঞানবলোপেতা; অতএব তত্তদ্রূপতয়ৈব তেষাং পরিচয়ো গান্ধার্য্যা জাত ইতি ভাবঃ ॥১৮॥

তদিতি। অনিমিষেক্ষণো নিমেষশূন্যনয়নঃ ॥১৯॥

তদিতি। স উৎসবো মহোদগ্রো বিশেষাতিরিক্তো যস্মিন্ তৎ ॥২০॥

গন্ধর্ব্বেরা তাঁহাদের নিকটে গান করিতেছিল, স্তুতিপাঠকেরা স্তব করিতেছিল এবং অপ্সররা তাঁহাদিগকে পরিবেষ্টন করিয়া রহিয়াছিল ॥১৬॥

নরনাথ ! তখন বেদব্যাস সন্তুষ্ট হইয়া তপোবলে ধৃতরাষ্ট্রকে দিব্যচক্ষু দান করিয়াছিলেন ॥১৭॥

এবং যশস্বিনী গান্ধারীও বেদব্যাসের অনুগ্রহে দিব্যজ্ঞানশক্তিসম্পন্না হইয়া সেই সকল পুত্রকে এবং অন্য যাহারা যুদ্ধে নিহত হইয়াছিল, তাহাদিগকেও দেখিতে পাইলেন ॥১৮॥

তত্রত্য সেই সমস্ত লোকই বিস্ময়াপন্ন ও নির্নিমেষনয়ন হইয়া অচিন্তনীয় ও লোমহর্ষণ সেই গুরুতর অদ্ভুত ব্যাপার দর্শন করিতে লাগিল ॥১৯॥

পটস্থিত চিত্রের ন্যায় সেই আশ্চর্য্য ব্যাপার দেখিতেছিল বলিয়া স্ত্রী ও পুরুষেরা সকলেই আনন্দিত হইয়াছিল ; সুতরাং সেই ঘটনাটী একটী মহোৎসব ব্যাপারের ন্যায় হইতেছিল ॥২০॥

---

* '...দ্বাত্রিংশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ'—নি।

ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ততস্তে পুরুষশ্রেষ্ঠাঃ সমাজগ্মুঃ পরস্পরম্।
বিগতক্রোধমাৎসর্য্যাঃ সর্ব্বে বিগতকল্মষাঃ ॥১॥
বিধিং পরমমাস্থায় ব্রহ্মর্ষিবিহিতং শুভম্।
সংহৃষ্টমনসঃ সর্ব্বে দেবলোক ইবামরাঃ ॥২॥
পুত্রঃ পিত্রা চ মাত্রা চ ভার্য্যাশ্চ পতিভিঃ সহ।
ভ্রাত্রা ভ্রাতা সখা চৈব সখ্যা রাজন্! সমাগতাঃ ॥৩॥

ভারতকৌমুদী

ধৃতেতি। প্রসাদাদনুগ্রহাৎ, তস্য মুনের্ব্বেদব্যাসস্য ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-
মাশ্রমবাসিকপর্ব্বণি পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। সমাজগ্মুঃ সম্মিলিতা বভূবুঃ। বিগতকল্মষা যুদ্ধনিহতত্বাৎ ॥১॥

বিধিমিতি। বিধিং সম্মেলনপ্রকারম্, ব্রহ্মর্ষিণা বেদব্যাসেন বিহিতম্। সংহৃষ্টমনসো বভূবুঃ ॥২॥

পুত্র ইতি। সমাগতাঃ সম্মিলিতাঃ ॥৩॥

ভরতশ্রেষ্ঠ! ধৃতরাষ্ট্র বেদব্যাসের অনুগ্রহে দিব্যচক্ষুদ্বারা সেই সমস্ত দেখিতে থাকিয়া আনন্দিত হইলেন ॥২১॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর পাপবিহীন সেই সকল পুরুষশ্রেষ্ঠ ক্রোধদ্বেষশূন্য হইয়া পরস্পর সম্মিলিত হইলেন ॥১॥

তাঁহারা বেদব্যাসবিহিত উত্তম নিয়ম অবলম্বন করিয়া স্বর্গে দেবগণের ন্যায় সকলেই হৃষ্টচিত্ত হইলেন ॥২॥

রাজা! পুত্র পিতা ও মাতার সহিত, ভার্য্যারা পতিগণের সহিত, ভ্রাতা ভ্রাতার সহিত এবং সখা সখার সহিত সম্মিলিত হইলেন ॥৩॥

পাণ্ডবাস্তু মহেষ্বাসং কর্ণং সৌভদ্রমেব চ।
সংপ্রহর্ষাৎ সমাজগ্মুর্দ্রৌপদেয়াংশ্চ সর্ব্বশঃ ॥৪॥
ততস্তে প্রীয়মাণা বৈ কর্ণেন সহ পাণ্ডবাঃ।
সমেত্য পৃথিবীপাল! সৌহৃদ্যে চ স্থিতাভবন্ ॥৫॥
পরস্পরং সমাগম্য যোধাস্তে ভরতর্ষভ!।
মুনেঃ প্রসাদাত্তে হ্যেবং ক্ষত্রিয়া নষ্টমন্যবঃ ॥৬॥
অসৌহৃদং পরিত্যজ্য সৌহৃদে পর্য্যবস্থিতাঃ।
এবং সমাগতাঃ সর্ব্বে গুরুভির্বান্ধবৈঃ সহ ॥৭॥ (যুগ্মকম্)
পুত্রৈশ্চ পুরুষব্যাঘ্রাঃ কুরবোহন্যে চ পার্থিবাঃ।
তাং রাত্রিমখিলামেবং বিহৃত্য প্রীতমানসাঃ ॥৮॥
মেনিরে পরিতোষেণ নৃপাঃ স্বর্গসদো যথা।
নাত্র শোকো ভয়ং ত্রাসো নারতির্নাযশোহভবৎ ॥৯॥

ভারতকৌমুদী

পাণ্ডবা ইতি। মহান্ ইষ্বাসো ধনুর্যস্য তম্, সৌভদ্রমভিমন্যুম্। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্ ॥৪॥

তত ইতি। স্থিতা অভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৫॥

পরস্পরমিতি। মুনের্ব্যাসস্য। নষ্টমন্যবো বিগতক্রোধাঃ। অসৌহৃদং শত্রুতাম্। সমাগতাঃ সম্মিলিতাঃ ॥৬—৭॥

পুত্রৈরিতি। পুত্রৈঃ সহ প্রীতমানসা অভবন্ ॥৮॥

মেনির ইতি। স্বর্গসদো দেবাঃ। কিং মেনির ইত্যাহ নেতি। উৎকণ্ঠাযুক্তং ভয়ং ত্রাস ইতি ভয়ত্রাসয়োর্ভেদঃ ॥৯॥

পাণ্ডবেরা অত্যন্ত আনন্দ সহকারে মহাধনুর্দ্ধর কর্ণ, অভিমন্যু এবং দ্রৌপদীর সমস্ত পুত্রের সহিত মিলিত হইলেন ॥৪॥

রাজা! তাহার পর পাণ্ডবেরা সন্তুষ্ট চিত্তে কর্ণের সহিত মিলিত হইয়া পরস্পর সৌহার্দ্দ্যে অবস্থিত হইলেন ॥৫॥

ভরতশ্রেষ্ঠ! ক্রমে সেই ক্ষত্রিয়যোদ্ধারা বেদব্যাসের অনুগ্রহে পরস্পরকে পাইয়া ক্রোধশূন্য হইয়া অসৌহার্দ্দ্য পরিত্যাগ করিয়া সৌহার্দ্দ্যসম্পন্ন হইলেন। এইভাবে সকলেই গুরুজন ও বন্ধুজনের সহিত সম্মিলিত হইয়াছিলেন ॥৬—৭॥

কুরুবংশীয় পুরুষশ্রেষ্ঠগণ এবং অন্যান্য রাজগণ পুত্রপ্রভৃতির সহিত সেই সমস্ত রাত্রি আমোদ করিয়া সন্তুষ্ট চিত্ত হইলেন ॥৮॥

পরস্পরং সমাগম্য যোধানাং ভরতর্ষভ ! ।
সমাগতাস্তাঃ পিতৃভির্ভ্রাতৃভিঃ পতিভিঃ সুতৈঃ ।
মুদং পরমিকাং প্রাপ্য নার্য্যো দুঃখমথাত্যজন্ ॥১০॥
দেবলোকং গতা যে চ যে চ ব্রহ্মসদো গতাঃ ।
যে চাপি বারুণং লোকং যে চ গোলোকমাশ্রিতাঃ ॥১১॥
তথা বৈবস্বতং লোকং যে চ যক্ষানুপাগতাঃ ।
রাক্ষসাংশ্চ পিশাচাংশ্চ কুরূংশ্চাপি তথোত্তরান্ ॥১২॥
বিচিত্রাশ্চ গতীরন্যে যে প্রাপ্তাঃ কর্ম্মভির্নরাঃ ।
সর্ব্বে তে তদ্বয়োরূপবেশাস্তত্র সমভ্যযুঃ ॥১৩॥ (বিশেষকম্)
একাং রাত্রিং বিহৃত্যৈবং তে বীরাস্তাশ্চ যোষিতঃ ।
আমন্ত্র্যান্যোন্যমাশ্লিষ্য ততো জগ্মুর্যথাগতম্ ॥১৪॥

ভারতকৌমুদী

পরস্পরমিতি। যোধানাং তা নার্য্য ইতি সম্বন্ধঃ। মুদমানন্দম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥

দেবেতি। ব্রহ্মসদঃ ব্রহ্মণঃ সভাং ব্রহ্মলোকমিত্যর্থঃ। বৈবস্বতং সূর্য্যসম্বন্ধিনম্। কুরূন্ দেশবিশেষান্। ত এব বয়াংসি রূপাণি বেশাশ্চ যেষাং তে ॥১১—১৩॥

একামিতি। আমন্ত্র্য সম্বোধ্য, আশ্লিষ্য আলিঙ্গ্য ॥১৪॥

সেই রাজারা দেবগণের ন্যায় সন্তোষবশতঃ এইরূপ মনে করিলেন যে, এই সময়ে আমাদের শোক, ভয়, ত্রাস, কোন শত্রু বা কোন নিন্দা হয় নাই ॥৯॥

ভরতশ্রেষ্ঠ। যোদ্ধাদের সমাগত ভার্য্যারা পিতৃগণ, ভ্রাতৃগণ, পতিগণ ও পুত্রগণের সহিত পরস্পর মিলিত হইয়া পরম আনন্দ লাভ করিয়া পূর্ব্বের বিয়োগদুঃখ পরিত্যাগ করিলেন ॥১০॥

যাঁহারা দেবলোকে গিয়াছিলেন, যাঁহারা ব্রহ্মলোকে গমন করিয়াছিলেন, যাঁহারা বরুণলোকে বা গোলোকে উপস্থিত হইয়াছিলেন, যাঁহারা সূর্য্যলোক বা যক্ষলোক প্রাপ্ত হইয়াছিলেন, যাঁহারা রাক্ষসলোকে, পিশাচলোকে কিংবা উত্তরকুরুদেশে গিয়াছিলেন এবং যে সকল লোক আপন আপন কর্ম্মানুসারে নানাবিধ গতি প্রাপ্ত হইয়াছিল, তাহারা সেই বয়স, সেই রূপ ও সেই বেশ-যুক্ত হইয়া সেইস্থানে আসিয়াছিলেন ॥১১—১৩॥

সেই বীরগণ ও সেই নারীগণ এইভাবে এক রাত্রি বিহার করিয়া পরস্পর আলিঙ্গনপূর্ব্বক অনুমতি লইয়া যেমন আসিয়াছিলেন, তেমনই চলিয়া গেলেন ॥১৪॥

(১১) ইত্যাদিকং শ্লোকত্রয়ং পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

ততো বিসর্জ্জয়ামাস লোকংস্তান্ মুনিপুঙ্গবঃ।
ক্ষণেনান্তর্হিতাশ্চৈব প্রেক্ষতামেব তেঽভবন্ ॥১৫॥
অবগাহ্য মহাত্মানং পুণ্যাং ভাগীরথীং নদীম্।
সরথাঃ সধ্বজাশ্চৈব স্বানি বেশ্মানি ভেজিরে ॥১৬॥
দেবলোকং যযুঃ কেচিৎ কেচিদ্‌ব্রহ্মসদস্তথা।
কেচিচ্চ বারুণং লোকং কেচিৎ কৌবেরমাপ্নুবন্ ॥১৭॥
ততো বৈবস্বতং লোকং কেচিচ্চৈবাপ্নুবন্ নৃপাঃ।
রাক্ষসানাং পিশাচানাং কেচিচ্চাপ্যুত্তরান্ কুরূন্ ॥১৮॥
বিচিত্রগতযঃ সর্ব্বে যানবাপ্যামরৈঃ সহ।
আজগ্মুস্তে মহাত্মানঃ সবাহাঃ সপদানুগাঃ ॥১৯॥
গতেষু তেষু সর্ব্বেষু সলিলস্থো মহামুনিঃ।
ধর্ম্মশীলো মহাতেজাঃ কুরূণাং হিতকৃত্তদা।
ততঃ প্রোবাচ তাঃ সর্ব্বাঃ ক্ষত্রিয়া নিহতেশ্বরাঃ ॥২০॥

ভারতকৌমুদী

তত ইতি। মুনিপুঙ্গবো বেদব্যাসঃ। প্রেক্ষতাং প্রেক্ষমাণানাম্ ॥১৫॥

অবেতি। মহাত্মানো যুদ্ধহতাঃ। বেশ্মানি গৃহাণি ॥১৬॥

দেবেতি। আগতানাং মধ্যে কেচিৎ। এবমন্যত্র। ব্রহ্মণঃ সদঃ সভাম্ ॥১৭॥

তত ইতি। ততঃ স্থানাৎ; বৈবস্বতং সূর্য্যসম্বন্ধিনম্। রাক্ষসানাং পিশাচানাঞ্চ লোকমিত্যনুবৃত্তিঃ ॥১৮॥

বিচিত্রেতি। যান্ জনান্, অবাপ্য সহায়ভাবেন লব্ধ্বা ॥১৯॥

তাহার পর মুনিশ্রেষ্ঠ বেদব্যাস সেই আগত লোকদিগকে বিদায় করিলেন। তখন তাঁহারা ক্ষণকালমধ্যে দর্শকগণের সাক্ষাতেই অন্তর্হিত হইলেন ॥১৫॥

ক্রমে সেই মহাত্মারা পবিত্র গঙ্গাজলে অবগাহন করিয়া রথ ও ধ্বজের সহিত আপন আপন ভবনে চলিয়া গেলেন ॥১৬॥

কতকগুলি লোক স্বর্গে, অনেকে ব্রহ্মলোকে, কেহ কেহ বরুণলোকে এবং অনেকে কুবেরলোকে গমন করিলেন ॥১৭॥

অনেক রাজা সেই স্থান হইতে সূর্য্যলোকে, বহু লোক রাক্ষসলোকে, কেহ কেহ পিশাচলোকে এবং অনেকে উত্তরকুরুদেশে চলিয়া গেলেন ॥১৮॥

সকলেই যাঁহাদিগকে পাইয়া দেবগণের সহিত বিচিত্র গতি প্রাপ্ত হইয়াছিলেন, সেই মহাত্মারা বাহন ও অনুচরগণের সহিত আসিয়াছিলেন ॥১৯॥

যা যাঃ পতিকৃতান্ লোকানিচ্ছন্তি পরমস্ত্রিয়ঃ।
তা জাহ্নবীজলং ক্ষিপ্রমবগাহন্ত্বতন্দ্রিতাঃ ॥২১॥
ততস্তস্য বচঃ শ্রুত্বা শ্রদ্দধানা বরাঙ্গনাঃ।
শ্বশুরং সমনুজ্ঞাপ্য বিবিশুর্জাহ্নবীজলম্ ॥২২॥
বিমুক্তা মানুষৈর্দেহৈস্ততস্তা ভর্ত্তৃভিঃ সহ।
সমাজগ্মুস্তদা সাধ্ব্যঃ সর্ব্বা এব বিশাংপতে। ॥২৩॥
এবংক্রমেণ সর্ব্বাস্তাঃ শীলবত্যঃ পতিব্রতাঃ।
প্রবিশ্য তোয়ং নির্ম্মুক্তা জগ্মুর্ভর্ত্তৃসলোকতাম্ ॥২৪॥
দিব্যরূপসমাযুক্তা দিব্যাভরণভূষিতাঃ।
দিব্যমাল্যাম্বরধরা যথাসাং পতয়স্তথা ॥২৫॥

ভারতকৌমুদী

গতেষিতি। মহামুনির্ব্যাসঃ। নিহতেশ্বরাঃ কুরুক্ষেত্রযুদ্ধে হতভর্ত্তৃকাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥

যা ইতি। পতিভিঃ কৃতান্ কর্ম্মভিরর্জ্জিতান্, ইচ্ছন্তি গন্তুম্ ॥২১॥

তত ইতি। শ্রদ্দধানা উক্তব্যাসবাক্যে বিশ্বাসবত্যঃ, বরাঙ্গনা দুর্য্যোধনাদিভার্য্যাঃ। শ্বশুরং ধৃতরাষ্ট্রম্ ॥২২॥

বিমুক্তা ইতি। বিমুক্তা বিরহিতাঃ। সমাজগ্মুঃ সম্মিলিতা বভূবুঃ ॥২৩॥

এবমিতি। শীলবত্যঃ সচ্চরিত্রাঃ। নির্ম্মুক্তা মুক্তদেহাঃ ॥২৪॥

তাঁহারা সকলে চলিয়া গেলে ধর্ম্মশীল, মহাতেজা ও কৌরবগণের হিতকারী মহর্ষি বেদব্যাস গঙ্গাজলে থাকিয়াই বিধবা সেই সকল ক্ষত্রিয়-স্ত্রীদিগকে বলিলেন—॥২০॥

'যিনি যিনি পতিলোক লাভ করিবার ইচ্ছা করেন, সেই সকল উত্তমস্ত্রী কোন তর্ক না করিয়া সত্বর গঙ্গাজলে মগ্ন হউন' ॥২১॥

তাহার পর দুর্য্যোধনপ্রভৃতির ভার্য্যারা বেদব্যাসের সেই কথা শুনিয়া, তাহাতে বিশ্বাস করিয়া শ্বশুর ধৃতরাষ্ট্রের অনুমতি লইয়া গঙ্গাজলে প্রবেশ করিলেন ॥২২॥

নরনাথ! তাহার পর সেই সকল সাধ্বী স্ত্রী মনুষ্যদেহ পরিত্যাগ করিয়া তখনই যাইয়া ভর্ত্তাদের সহিত মিলিত হইলেন ॥২৩॥

এইভাবে সচ্চরিত্রা ও পতিব্রতা সেই সকল স্ত্রী গঙ্গাজলে প্রবেশপূর্ব্বক দেহত্যাগ করিয়া, আপন আপন ভর্ত্তার লোকে গমন করিলেন ॥২৪॥

(২৪) প্রবিশ্য ক্ষত্রিয়া মুক্তা—বঙ্গ বর্দ্ধ।

তাঃ শীলগুণসম্পন্না বিমানস্থা গতক্লমাঃ ।
সর্বাঃ সর্ব্বগুণোপেতাঃ স্বস্থানং প্রতিপেদিরে ॥২৬॥
যস্য যস্য তু যঃ কামস্তস্মিন্ কালে বভূব হ ।
তং তং বিসৃষ্টবান্ ব্যাসো বরদো ধর্ম্মবৎসলঃ ॥২৭॥
তচ্ছ্রুত্বা নরদেবানাং পুনরাগমনং নরাঃ ।
জহৃষুর্মুদিতাশ্চাসন্ নানাদেশগতা অপি ॥২৮॥
তে নষ্টভয়সঙ্কল্পা নরা বিগতকল্মষাঃ ।
বভূবুঃ কৌরবাঃ সর্বে তদ্‌দৃষ্ট্বাশ্চর্য্যমুত্তমম্ ॥২৯॥
প্রিয়ৈঃ সমাগমং তেষাং যঃ সম্যক্ শৃণুয়ান্নরঃ ।
প্রিয়াণি লভতে নিত্যমিহ চ প্রেত্য চৈব সঃ ॥৩০॥

ভারতকৌমুদী

দিব্যেতি । আসাং পতয়ো যথা, তথা অভবন্নিতি শেষঃ ॥২৫॥

তা ইতি । স্বস্থানং স্বস্বপতিপ্রাপ্তস্থানম্, প্রতিপেদিরে প্রাপুঃ ॥২৬॥

যস্যেতি । কামঃ অভিলাষঃ । বিসৃষ্টবান্ দত্তবান্ ।২৭॥

তদিতি । নরদেবানাং যুদ্ধহতানাং রাজ্ঞাম্ ॥২৮॥

ত ইতি । নষ্টৌ তিরোহিতৌ ভয়সঙ্কল্পৌ মৃতানাং নরকপাতভীতিপুনর্দর্শনাভিলাষৌ যেষাং তে ॥২৯॥

প্রিয়ৈরিতি । সমাগমং সম্মেলনম্ । ইহ লোকে চ, প্রেত্য পরলোকে চ ॥৩০॥

তাঁহাদের ভর্ত্তারা যেমন ছিলেন, তাঁহারাও তেমনই দিব্যরূপসমন্বিতা, দিব্যভূষণভূষিতা এবং দিব্যমাল্য ও বস্ত্রধারিণী হইয়াছিলেন ॥২৫॥

সৎস্বভাবগুণসম্পন্না সেই সকল স্ত্রী বিমানে আরোহণ করিয়া, শ্রান্তিবিহীন হইয়া, আপন আপন পতির নিকটে গমন করিলেন ॥২৬॥

তৎকালে যে যে লোকের যে যে অভিলাষ জন্মিয়াছিল, বরদাতা ও ধর্ম্মবৎসল বেদব্যাস তাহার তাহার সেই সেই অভিলষিত বস্তু দান করিয়াছিলেন ॥২৭॥

নানা দেশবাসী লোকেরাও মৃতরাজগণের সেই পুনরাগমন শুনিয়া বিস্মিত ও আনন্দিত হইয়াছিল ॥২৮॥

সেই উত্তম আশ্চর্য্য ব্যাপার দর্শন করায় পাপহীন ধৃতরাষ্ট্রপ্রভৃতি কুরুবংশীয় মানবগণের ভয় ও পুনর্দর্শনাভিলাষ তিরোহিত হইল ॥২৯॥

---

(২৯) এষ শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি ।

ইষ্টবান্ধবসংযোগমনায়াসমনাময়ম্।
যশ্চৈতচ্ছ্রাবয়েদ্বিদ্বান্ বিদুষো ধর্ম্মবিত্তমঃ ॥৩১॥
স যশঃ প্রাপ্নুয়াল্লোকে পরত্র চ শুভাং গতিম্।
স্বাধ্যায়যুক্তা মনুজাস্তপোযুক্তাশ্চ ভারত! ॥৩২॥
সাধ্বাচারা দমোপেতা দাননির্ধূতকল্মষাঃ।
ঋজবঃ শুচয়ঃ শান্তা হিংসানৃতবিবর্জ্জিতাঃ ॥৩৩॥
আস্তিকাঃ শ্রদ্দধানাশ্চ ধৃতিমন্তশ্চ মানবাঃ।
শ্রুত্বাশ্চর্য্যমিদং পর্ব্ব হ্যবাপ্স্যন্তি পরাং গতিম্ ॥৩৪॥ (কলাপকম্)
পুনস্তে দর্শনং প্রাপ্তাঃ পুনশ্চ পরিকীর্ত্তিতাঃ।
পুনঃ পুনঃ প্রযচ্ছন্তি শৃণ্বতামভয়ং সদা ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-পর্ব্বণি পুত্রদর্শনে স্বস্বপতিলোকগমনে ষট্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ইষ্টেতি। ইষ্টানাং বান্ধবানাঞ্চ সংযোগো যস্মিন্ তৎ, অনায়াসং শ্রমশূন্যম্, অনাময়ং নিরুপদ্রবম্ এতদাখ্যানম্। স্বাধ্যায়যুক্তা বেদপাঠনিরতাঃ। দমোপেতা ইন্দ্রিয়দমনযুক্তাঃ। ঋজবঃ সরলস্বভাবাঃ। ধৃতিমন্তো ধৈর্য্যশীলাঃ ॥৩১—৩৪॥

যে মানুষ প্রিয়জনের সহিত ধৃতরাষ্ট্রপ্রভৃতির এই সম্মেলন সমীচীনভাবে শ্রবণ করে, সেই মানুষ ইহলোকে ও পরলোকে সর্ব্বদাই প্রিয় বস্তু লাভ করিয়া থাকে ॥৩০॥

এই ব্যাপারে অনায়াসে ও নিরুপদ্রবে ইষ্টজন ও বন্ধুজনের সম্মেলন হইয়াছে; সুতরাং যে ধর্ম্মজ্ঞশ্রেষ্ঠ বিদ্বান্ লোক অন্য বিদ্বান্ লোকদিগকে এই উপাখ্যান শ্রবণ করান, তিনি ইহলোকে যশ এবং পরলোকে শুভগতি লাভ করিয়া থাকেন। ভরতনন্দন! আর বেদপাঠনিরত, তপস্যাযুক্ত, সদাচার-সম্পন্ন, জিতেন্দ্রিয়, দাননিবন্ধন পাপশূন্য, সরলস্বভাব, পবিত্রপ্রকৃতি, শান্তচিত্ত, হিংসা ও মিথ্যাশূন্য, আস্তিক, শ্রদ্ধাশালী ও ধৈর্য্যশীল মানবেরা এই আশ্চর্য্য পর্ব্ব শ্রবণ করিয়া উত্তম গতি লাভ করিবেন ॥৩১—৩৪॥

---

(৩৫) এষ শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

* '...ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ'—নি।

সপ্তত্রিংশোঽধ্যায়ঃ।

—:*:—

সৌতিরুবাচ।

এতচ্ছ্রুত্বা নৃপো বিদ্বান্ হৃষ্টোঽভূজ্জনমেজয়ঃ।
পিতামহানাং সর্ব্বেষাং গমনাগমনং তদা ॥১॥
অব্রবীচ্চ মুদা যুক্তঃ পুনরাগমনং প্রতি।
কথং নু ত্যক্তদেহানাং পুনস্তদ্রূপদর্শনম্ ॥২॥

ভারতকৌমুদী

পুনরিতি। তে কুরুক্ষেত্রযুদ্ধনিহতাঃ, পরিকীর্ত্তিতাঃ অস্মিন্ পর্ব্বণ্যপি বর্ণিতাঃ। অভয়ং ভয়াভাবম্ ॥৩৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-
মাশ্রমবাসিকপর্ব্বণি ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

এতদিতি। পিতামহানাং দুর্য্যোধনাদীনাং প্রপিতামহানাম্, গমনাগমনম্ আগমনগমনে। পাঠক্রমাৎ অর্থক্রমস্ত বলবত্ত্বাৎ ॥১॥

অব্রবীদিতি। অব্রবীৎ প্রশ্নবাক্যমবদৎ। কিং তৎ প্রশ্নবাক্যমিত্যাহ কথমিতি। ত্যক্তদেহানাং দুর্য্যোধনাদীনাং পুনস্তদ্রূপেণ তত্তদ্দেহেন, দর্শনং ভবিতুমর্হতীতি শেষঃ। "ভস্মীভূতস্ত দেহস্ত পুনরাগমনং কুতঃ" ইতি নাস্তিকোক্তন্যায়াদিতি ভাবঃ ॥২॥

যুদ্ধনিহত লোকেরা পুনরায় দৃষ্টিপথে পতিত হইয়াছেন এবং পুনরায তাঁহাদের নাম কীর্ত্তিত হইয়াছে; সুতরাং এই উপাখ্যান যাঁহাবা শ্রবণ করেন, এই পুনরাগত বীরেরা তাঁহাদেব সর্ব্বদাই বার বার অভয় দান করিয়া থাকেন ॥৩৫॥

—:*:—

সৌতি বলিলেন—'দুর্য্যোধনপ্রভৃতি প্রপিতামহগণের এই আগমন ও গমন শুনিয়া, তখন বুদ্ধিমান্ রাজা জনমেজয় আনন্দিত হইলেন ॥১॥

তিনি আনন্দিত হইয়া তাঁহাদের পুনরাগমন বিষয়ে এই কথা বলিলেন—'মহর্ষি! যাঁহারা যুদ্ধে দেহত্যাগ করিয়াছিলেন, তাঁহাদেব পুনরায় সেইরূপে দর্শন হয় কি প্রকারে?' ॥২॥

ইত্যুক্তঃ স দ্বিজশ্রেষ্ঠো ব্যাসশিষ্যঃ প্রতাপবান্।
প্রোবাচ বদতাং শ্রেষ্ঠস্তং নৃপং জনমেজয়ম্ ॥৩॥
বৈশম্পায়ন উবাচ।
অবিপ্রণাশঃ সর্ব্বেষাং কর্ম্মণামিতি নিশ্চয়ঃ।
কর্ম্মজানি শরীরাণি তথৈবাকৃতয়ো নৃপ ! ॥৪॥
মহাভূতানি নিত্যানি ভূতাধিপতিসংশ্রয়াৎ।
তেষাঞ্চ নিত্যসংবাসো ন বিনাশো বিযুজ্যতাম্ ॥৫॥

ভারতকৌমুদী

ইতীতি। স বৈশম্পায়নঃ, প্রতাপবান্ তপঃপ্রভাবশালী ॥৩॥

অবীতি। সর্ব্বেষাং পুণ্যরূপাণাং পাপরূপাণাঞ্চ কর্ম্মণাম্, অবিপ্রণাশঃ ভোগাভাবে তত্ত্বজ্ঞানাভাবে চ বিশেষেণ প্রকর্ষেণ চ নাশো ন ভবতি, ইতি নিশ্চয়ঃ। "মা ভুক্তং ক্ষীয়তে কর্ম্ম" ইতি স্মৃতেঃ "ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে" ইতি শ্রুতেশ্চেতি ভাবঃ। শরীরাণি সুরনরাদিদেহাঃ, কর্ম্মজানি, তথৈব আকৃতয়ঃ শুক্লরক্তাদীনি কাণখঞ্জাদীনি চ রূপাণি কর্ম্মজানি। তথা চ—প্রারব্ধকর্ম্মসত্বাৎ লোকান্তরেঽপি তেষাং তত্তচ্ছরীরস্থিতিঃ, নাস্তিকমতন্তু ভ্রান্তমিত্যাশয়ঃ ॥৪॥

প্রকারান্তরেণ তত্তচ্ছরীরস্থিতাবুপপত্তিমাহ মহেতি। ভূতাধিপতীনাং নিত্যানাং ক্ষিত্যাধিদেবতানাম্, সংশ্রয়াৎ মহাভূতানি ক্ষিত্যাদীন্যপি নিত্যানি, আতত্ত্বজ্ঞানাৎ স্থায়ীনি।

ভারতভাবদীপঃ

পূর্ব্বাধ্যায়দ্বয়োক্তমেবার্থং প্রশ্নোত্তরাভ্যাং নিরূপয়তি—এতচ্ছ্রুত্বেত্যাদিনা ॥১॥ কথং নু ত্যক্তা ভস্মীভূতা যে দেহাস্তেষাং তদ্রূপেণৈব পূর্ব্বরূপেণৈব দর্শনং কথমিত্যর্থঃ ॥২—৩॥ অবীতি যুগ্মম্। সর্ব্বেষাং দেবাসুরমনুষ্যাণাং কর্ম্মাণি কুর্ব্বতাং কর্ম্মণাং ভোগমন্তরে কদাচিদপি বিপ্রণাশো নাস্তি। যথা স্বপ্নে শুভাশুভৈঃ কর্ম্মভিঃ শুভমশুভং বা স্বাপ্নং দেহং প্রাপ্য তদ্দ্বারা কর্ম্মফলং সুখদুঃখাদিকং ভুক্ত্বা কর্ম্মোপরতৌ সত্যাং তং দেহং সংহরতি, জাগ্রদ্দেহস্তু তদানীমবিকৃত এব তিষ্ঠতি, এবং কর্ম্মজেষু মানুষাদিদেহেষু নষ্টেষ্বপি হার্দাকাশস্থাঃ পিত্রাদিদেহা অবিনষ্টা এব সন্তি। অতএব "অথ য ইহাত্মানমনুবিদ্য ব্রজন্ত্যেতাংশ্চ সত্যান্ কামাংস্তেষাং সর্ব্বেষু লোকেষু কামচারো ভবতি। স যদি পিতৃলোককামো ভবতি সঙ্কল্পাদেবাস্য পিতরঃ সমুত্তিষ্ঠন্তি তেন পিতৃলোকেন সম্পন্নো মহীয়ত ॥" ইতি শ্রুতিঃ। সত্যানাং পিত্রাদীনামুত্থানং

জনমেজয় এইরূপ বলিলে ব্রাহ্মণশ্রেষ্ঠ, বেদব্যাসের শিষ্য, তপঃপ্রভাবশালী ও বাগ্মিপ্রধান বৈশম্পায়ন রাজা জনমেজয়কে বলিতে লাগিলেন' ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—ইহা নিশ্চয় যে, ভোগ বা তত্ত্বজ্ঞান না হইলে প্রারব্ধ কর্ম্মসকলের নাশ হয় না; অতএব রাজা! শরীর বা তাহার বিভিন্ন প্রকার আকৃতি সেই কর্ম্ম হইতেই হইয়া থাকে ॥৪॥

অনাশয়া কৃতং কর্ম্ম তস্য চেষ্টঃ ফলাগমঃ।
আত্মা চৈভিঃ সমাযুক্তঃ সুখদুঃখমুপাশ্নুতে ॥৬॥
অবিনাশ্যস্তথা নিত্যং ক্ষেত্রজ্ঞ ইতি নিশ্চয়ঃ।
ভূতানামাত্মভাবো যো ধ্রুবোঽসৌ সংবিজানতাম্ ॥৭॥

ভারতকৌমুদী

অতএব তেষাং মহাভূতানাম্, নিত্যসংবাসো জীবাত্মাশ্রয়েণ স্থিতিরেব ভবতি; কিন্তু বিযুজ্যতাং প্রাণৈঃ সহ বিযুজ্যমানানামপি বিনাশো ন ভবতি ॥৫॥

জ্ঞানেন কর্ম্মক্ষয়াম্মুক্তিঃ, জ্ঞানাভাবে তু কর্ম্মসত্ত্বেন শরীরস্থিত্যা সুখদুঃখভোগোঽপীত্যাহ--অনাশয়েতি। অনাশয়া কামাভাবেন যৎ কর্ম্ম কৃতম্, তস্য ইষ্টঃ ফলাগমো ভবতি মোক্ষো ভবতীত্যর্থঃ। আশয়া কর্ম্মণি কৃতে তু আত্মা জীবঃ, এভিঃ পঞ্চভূতারব্ধশরীরৈঃ সমাযুক্তঃ সন্, সুখদুঃখমুপাশ্নুতে ভুনক্তি। তথা চৈষাং সকামকর্ম্মকরণাৎ তত্তচ্ছরীরস্থিতিঃ সুখদুঃখভোগশ্চেত্যভিপ্রায়ঃ ॥৬॥

অথ লৌকায়তিকমতে দেহনাশেনাত্মনাশাৎ কথং তাদ্রূপ্যেণানুভব ইত্যাহ—অবিনাশ্য ইতি। ক্ষেত্রজ্ঞো জীবাত্মা নিত্যমেবাবিনাশ্যঃ, ইতি নিশ্চয়ঃ "নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুঃ" ইতি শ্রুতেঃ। ভূতানাং প্রাণিনাম্, য আত্মভাবো জীবাত্মরূপঃ পদার্থঃ, অসৌ জীবাত্মা, সংবিজানতাং সম্যগ্‌জ্ঞানশালিনাং মতে ধ্রুবো নিত্যঃ, স এবাহং দেবদত্ত ইতি ব্রহ্মলোকগতস্য প্রত্যভিজ্ঞানাৎ যোগিনাং তথানুভবাচ্চেতি ভাবঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

দর্শয়তি ॥৪॥ তদেতদাহ—মহাভূতানীতি। ভূতানাং প্রাণিনামধিপতেরীশ্বরস্য সংশ্রয়ান্মহা ভূতান্যস্মদাদিশরীরাপেক্ষয়াবিনাশিত্বাদিযোগান্মহাভূতানি হার্দ্দাকাশস্থাঃ পিত্রাদয়স্তৈস্তৈব সম্বন্ধান্নিত্যানি। কর্ম্মজানি তু ভূতানি কর্ম্মক্ষয়ে বিলীয়ন্তে ইতি ভাবঃ। তেষাং চ মহাভূতানাং নিত্যানাং শরীরাণামনিত্যৈঃ শরীরৈঃ সহ সংবাসস্তাদাত্ম্যেনাবস্থানং সংসারদশায়ামস্তি। বিযুজ্যতামনিত্যানাং নাশে তৈঃ সহ বিযুজ্যমানানাং তেষাং নিত্যানাং বিনাশো ন। "নাস্য জরয়ৈতজ্জীর্য্যতি ন বধেনাস্য হন্যত এতৎ সত্যং ব্রহ্মপুর"মিতি শ্রুতেঃ। তস্মাৎ কর্ম্মজানাং নাশেঽপ্যকর্ম্মজানাং হার্দ্দাকাশস্থানাং পিত্রাদিদেহানামবিনাশাৎ পুনস্তদ্রূপেণ তেষাং দর্শনং যুক্তমেব ॥৫॥ কথমেতদবাপ্যতে ইত্যত আহ—অনায়াসেতি। প্রবৃত্তিরূপং কর্ম্ম আয়াসকৃতং তদ্বিপরীতং তু নিবৃত্তিরূপং কর্ম্মানায়াসকৃতম্। তস্মাদয়ং সত্যঃ শ্রেষ্ঠশ্চোক্ত-

---

ভূতের অধিদেবতার আশ্রয় করিয়া থাকায় ক্ষিতিপ্রভৃতি মহাভূতসকল নিত্য; সুতরাং প্রাণবিহীন লোকদিগেরও সেই মহাভূত সকলের জীবের সহিত সংযোগই থাকে; কিন্তু বিনাশ হয় না ॥৫॥

নিষ্কামভাবে কর্ম্ম করিলে সকলের অভীষ্ট মুক্তিই তাহার ফল হয়; আর সকামভাবে কর্ম্ম করিলে জীবাত্মা শরীরযুক্ত হইয়া সুখদুঃখ ভোগ করে ॥৬॥

(৬) অত্র পুস্তকভেদাদেব পাঠভেদো দ্রষ্টব্যঃ।

যাবন্ন ক্ষীয়তে কর্ম্ম তাবত্তস্য স্বরূপতা।
ক্ষীণকর্ম্মা নরো লোকে রূপান্যত্বমুপাশ্নুতে ॥৮॥
নানাভূতাস্তথৈকত্বং শরীরং প্রাপ্য সংহতাঃ।
ভবন্তি তে তথা নিত্যাঃ পৃথগ্‌ভাবং বিজানতাম্ ॥৯॥
অশ্বমেধশ্রুতিশ্চেযমশ্বসংজ্ঞপনং প্রতি।
লোকান্তরগতা নিত্যং প্রাণা নিত্যা হি বাজিনঃ ॥১০॥

ভারতকৌমুদী

উক্তমর্থমেব স্পষ্টমাহ যাবদিতি। স্বরূপতা তত্তৎকর্ম্মনির্ম্মিতশরীরম্। ক্ষীণকর্ম্মা ভোগেন তত্ত্বজ্ঞানেন বা ॥৮॥

উপপত্ত্যন্তরমাহ নানেতি। পৃথগ্‌ভাবং জীবদেহযোঃ পার্থক্যম্, বিজানতাং বিদুষাং মতে নানাভূতাঃ সুরনরাদিরূপেণ বহুত্বং প্রাপ্তাঃ, নিত্যাস্তে জীবাত্মানঃ, একত্বং পরমাত্মনা সহাভিন্নত্বম্, গতা অপীতি শেষঃ। কর্ম্মণা শরীরং প্রাপ্য, সংহতাস্তত্তচ্ছরীরৈঃ সম্মিলিতা ভবন্তি। আ কর্ম্মক্ষয়াৎ তত্তদ্রূপেণৈব তিষ্ঠন্তীত্যর্থঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

বিধঃ ফলাগমো ভবতি, এভিরাবাসযুক্তৈঃ কর্ম্মভিঃ ॥৬॥ তর্হি কর্ম্মসম্বন্ধাদাত্মা নশ্যতি নেত্যাহ—অবিনাশ্য ইতি। যদ্যপি দুঃখযোগ আত্মনোঽস্তি তথাপি ক্ষেত্রজ্ঞ আত্মা তৈর্দুঃখৈরবিনাশ্য এবাবিকার্য্য এবাসঙ্গত্বাদস্য চাধ্যাসিকত্বাৎ অত্র দৃষ্টান্তমাহ—ভূতানামিতি। যথাসৌ ভূতানামস্মদাদিশরীরাণাম্ আত্মক আত্মনঃ প্রতিকৃতির্দর্পণাসৌ প্রতিবিম্বো দর্পণধর্ম্মান্ মলিনত্বাদীনচকুর্ব্বাণোঽপি তন্নাশান্নশ্যতি, ন বিযুজ্যেত ইত্যস্য ন নশ্যতীত্যর্থঃ। এবং ক্ষেত্রক্ষেত্রজ্ঞযোগেঽপি দ্রষ্টব্যম্ ॥৭॥ যাবৎ কর্ম্ম দেহারম্ভকমস্তি তাবত্তস্য দেহস্য স্বরূপতা তত্রাত্মাধ্যাস ইত্যর্থঃ। কর্ম্মক্ষযে তু দেহান্তরে আত্মত্বাধ্যাসো ভবতীত্যাহ—ক্ষীণেতি ॥৮॥ যে নানাভাবা ভূতেন্দ্রিয়াদযো ভিন্নাঃ পদার্থাঃ শরীরং প্রাপ্যৈকত্বং দেবদত্তোঽহং মনুষ্যপুত্র ইতি দেহাদিতাদাত্ম্যং সংহতাঃ সম্প্রাপ্তাস্তে এব ভাবা দেহাদীনামাত্মনঃ পৃথক্ত্বং বিজানতাং যোগিনাং নিত্যা ভবন্তি। অজ্ঞানিনাং যে অনিত্যা ভাবাস্ত এব জ্ঞানিনাং নিত্যাত্মরূপা

ইহা নিশ্চয যে, জীবাত্মাকে কেহ বিনাশ করিতে পারে না। প্রাণিগণের যিনি জীবাত্মা, তিনি তত্ত্বজ্ঞানীদের মতে নিত্য ॥৭॥

যে পর্য্যন্ত কর্ম্মক্ষয না হয়, সেই পর্য্যন্ত তাহাব পূর্ব্বরূপই থাকে ; আর কর্ম্মক্ষয় হইয়া গেলে, মানুষ জগতে অন্য রূপ ধারণ করে ॥৮॥

যাঁহারা জীব ও দেহের পার্থক্য জানেন, তাঁহাদের মতে জীব ও ব্রহ্মের অভেদ থাকিলেও জীবীরা শরীব ধারণ করিয়া নানা প্রকার হইয়া কর্ম্মক্ষয় পর্য্যন্ত সেই এক প্রকারই থাকে ॥৯॥

অহং হিতং বদাম্যেতৎ প্রিয়ং চেত্তব পার্থিব।।
দেবযানা হি পন্থানঃ শ্রুতাস্তে যজ্ঞসংস্তরে ॥১১॥
সুকৃতো যত্র যজ্ঞস্তে তত্র দেবা হিতাস্তব।
যদা সমন্বিতা দেবাঃ পশূনাং গমনেশ্বরাঃ ॥১২॥

ভারতকৌমুদী

উক্তার্থে শ্রুতিং প্রমাণয়তি অশ্বেতি। অশ্বমেধযজ্ঞে অশ্বসংজ্ঞপনং প্রতি তদশ্বস্ত হননবিষয়ে, ইয়মশ্বমেধশ্রুতিশ্চাস্তি। তথা হি "সূর্য্যং তে চক্ষুঃ বাতং প্রাণঃ" ইত্যাদিরূপো মন্ত্রঃ, বাজিনস্তস্তাশ্বস্ত, নিত্যা প্রাণা লোকান্তরগতা অপি নিত্যমেব বর্ত্তন্ত ইতি সূচয়তি। অতস্তেষামপি প্রাণা নিত্যা এবেতি ভাবঃ ॥১০॥

পুনস্তাক্রপ্যেণাগমনং সমর্থয়তি অহমিতি। হে পার্থিব! ইদং তব চেৎ প্রিয়ং ভবেৎ, তদা এতৎ তব হিতম্ অহং বদামি। তে ত্বয়া, যজ্ঞসংস্তরে যজ্ঞপ্রমাণরূপবেদে, দেবযানা নাম পন্থানঃ শ্রুতাঃ "অথৈতৎ যজমানঃ পন্থানং দেবযানমাপদ্যতে" ইতি ॥১১॥

বিশেষমাহ সুকৃত ইতি। যত্র যদা তে ত্বয়া, যজ্ঞঃ সুকৃতঃ সুষ্ঠু বিহিতঃ, তত্র দেবাস্তব হিতাঃ। পশূনাং প্রাণিনাম্, গমনেশ্বরা লোকান্তরগমনসম্পাদকাঃ, দেবাঃ, যদা সমন্বিতাস্তবানুকূলাঃ, তদা তে দেবযানং ভবেদিতি শেষঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

ভবন্তীত্যর্থঃ ॥৯॥ সংজ্ঞপনং মারণম্। "তদা হি সূর্য্যং তে চক্ষুঃ বাতং প্রাণঃ" ইত্যাদয়ো মন্ত্রাঃ পঠ্যন্তে; ততো লিঙ্গাদ্‌গম্যতে যচ্ছরীরিণাং প্রাণা ইন্দ্রিয়াণি নিত্যং নিশ্চিতং নিত্যং সর্ব্বদা লোকান্তরে গতা ইতি। তেন সর্ব্বঃ শরীরী বিভুরেবাস্তি ন তূপাধিপরিচ্ছিন্নঃ; পরিচ্ছিন্নত্বাভিমানস্তস্তাবিদ্যক ইতি ভাবঃ ॥১০॥ তব তু জ্ঞানেঽধিকারাভাবাৎ সোপাসনকর্ম্মপ্রাপ্যং দেবযানমার্গমেবাশ্রয়স্বেত্যাহ—অহমিতি। তে তব যোগ্যা ইতি শেষঃ ॥১১॥ যত্র কালে তে ত্বয়া যজ্ঞ আহৃতঃ কৃতস্তত্র তদৈব দেবাস্তব হিতাঃ সখায়ো জাতাঃ। যদৈবং তদৈব দেবাঃ পশূনাং জীবানাং গমনে তত্তল্লোকপ্রাপ্তাবীশ্বরা নিগ্রহানুগ্রহকরাঃ ॥১২॥

অশ্বমেধযজ্ঞে অশ্ববধের বিষয়ে এই প্রকার একটী শ্রুতি আছে যে, 'অশ্বের নিত্য প্রাণ লোকান্তরে যাইয়াও নিত্যই থাকে' ॥১০॥

রাজা! আপনার যদি প্রীতিকর হয়, তাহা হইলে আমি আপনার এই হিতকর বাক্য বলিতেছি, আপনি বেদে যজ্ঞসম্বন্ধে শুনিয়াছেন যে, দেবযান-নামে এক প্রকার পথ আছে ॥১১॥

রাজা! আপনি যখন সমীচীনভাবে যজ্ঞ করেন, তখন দেবতারা আপনার হিতকারী হন। প্রাণিগণের গতিনিয়ামক দেবগণ যখন অনুকূল থাকেন, তখন তাঁহাদের দেবযান হয় ॥১২॥

গতিমন্তশ্চ তেনেষ্ট্বা নান্যে নিত্যা ভবন্ত্যত।
নিত্যেঽস্মিন্ পঞ্চকে বর্গে নিত্যে চাত্মনি পূরুষঃ ॥১৩॥
অস্য নাশং সমাযোগং যঃ পশ্যতি বৃথামতিঃ।
বিযোগে শোচতেঽত্যর্থং স বাল ইতি মে মতিঃ ॥১৪॥
বিয়োগে দোষদর্শী যঃ সংযোগং স বিবর্জ্জয়েৎ।
অসঙ্গে সঙ্গমো নাস্তি দুঃখং ভাবি বিয়োগজম্ ॥১৫॥

ভারতকৌমুদী

গতীতি। ইষ্ট্বা যজ্ঞং কৃত্বা, তেন দেবযানেন পথা গতিমন্তো ভবন্তি, চিরং স্বরূপেণৈব তিষ্ঠন্তীত্যর্থঃ। অন্যে অযজ্ঞকারিণঃ, নিত্যা চিরং তদ্রূপা ন ভবন্তি বিকর্ম্মণা রূপান্তরপাতাৎ। নিকৃষ্টমর্থমাহ নিত্য ইতি। অস্মিন্ পঞ্চকে বর্গে নিত্যে, ক্ষিত্যাদিপঞ্চভূতসমূহে নিত্যে সতি, আত্মনি জীবে চ, নিত্যে সতি পূরুষোঽপি নিত্য এব ভবতীতি শেষঃ। সংহতয়োরেব জীবদেহয়োঃ পুরুষত্বাদিত্যাশয়ঃ ॥১৩॥

অস্যেতি। যো জনঃ, অস্য দেহস্য নাশং মৃত্যুনা লোপং জন্মনা চ সমাযোগং পশ্যতি মৃত্যুনা বিয়োগে চ অত্যর্থং শোচতে, স বালো মূর্খ ইতি মে মতিঃ। উক্তয়া রীত্যা কর্ম্মসত্ত্বে শরীরসত্ত্বাবশ্যম্ভাবাদিত্যভিপ্রায়ঃ ॥১৪॥

বিয়োগ ইতি। যঃ পুরুষঃ, বিয়োগে ভার্য্যাদিবিচ্ছেদে, দোষদর্শী শোকাদ্যনুমানী ভবেৎ, স পুরুষঃ ভার্য্যাদীনাং সংযোগং বিবর্জ্জয়েৎ সংযোগে সতি বিয়োগাবশ্যম্ভাবাৎ। নহি নৈষ্ঠিকব্রহ্মচারী ভার্য্যাবিয়োগদুঃখমনুভবতীতি ভাবঃ। উক্তমর্থমেব স্পষ্টমাহ অসঙ্গ ইতি। অসঙ্গে ভার্য্যাসঙ্গরহিতে নৈষ্ঠিকব্রহ্মচারিণি, ভার্য্যায়াঃ সঙ্গমো নাস্তি, অতএব বিয়োগদুঃখমপি নাস্তীত্যাশয়ঃ। তথা চ সংযুক্তস্যৈব বিয়োগজং দুঃখং ভাবি ॥১৫॥

ভারতভাবদীপঃ

যস্মাদেবং তস্মান্নিত্যা জীবা দেবানিষ্ট্বা গতিমন্তো ভবন্তি নান্যে অযজমানাঃ। এবং সার্দ্ধেন কর্ম্মনিষ্ঠামুক্ত্বা জ্ঞাননিষ্ঠামাহ সার্দ্ধেন—নিত্যে ইতি। পাঞ্চভৌতিকো দেহবর্গঃ সর্ব্বোঽপি নিত্যঃ পুরুষশ্চ তদদ্রষ্টা নিত্যঃ ॥১৩॥ উভয়োরপি নিত্যয়োঃ সতোর্যোঽস্য নানাযোগমনেকদেহসম্বন্ধং পশ্যতি স বৃথামতির্ব্বিয়োগে পিতৃপুত্রাদিনাশে শোচতি মৌঢ্যাৎ। উক্তরীত্যা ন দেহো নশ্যতি নাপ্যাত্মেতি নির্নিমিত্তত্বেবাং শোক ইতি ভাবঃ ॥১৪॥ যদি স্ত্র্যাদিনাশাদ্দুঃখং পশ্যতি,

---

অতএব মানুষ যজ্ঞ করিয়া দেবযানমার্গে গমন করে, কিন্তু যাহারা যজ্ঞ না করে, তাহারা সে পূর্ব্বরূপধারী থাকিতে পারে না; আর এই ক্ষিতিপ্রভৃতি পঞ্চভূত নিত্য হইলে এবং জীবাত্মাও নিত্য হইলে মানুষও নিত্যই হয় ॥১৩॥

যে মূঢ়মতি মানুষ মৃত্যুতে এই দেহের নাশ এবং জন্মে এই দেহের সংযোগ—এইরূপ মনে করে; আর আত্মীয়বিচ্ছেদে অত্যন্ত শোক করিয়া থাকে, সে মূর্খ—এইরূপই আমার ধারণা ॥১৪॥

পরাপরজ্ঞস্তুপরো নাভিমানাদুদীক্ষিতঃ।
অপরজ্ঞঃ পরাং বুদ্ধিং জ্ঞাত্বা মোহাদ্বিমুচ্যতে ॥১৬॥
অদর্শনাদাপতিতঃ পুনশ্চাদর্শনং গতঃ।
নাহং তং বেদ্মি নাসৌ মাং ন চ মেঽস্তি বিরাগতা ॥১৭॥

ভারতকৌমুদী

জ্ঞানিনং স্তৌতি পরেতি। পরো নিত্যত্বাদুৎকৃষ্টঃ পরমাত্মা অপরশ্চানিত্যত্বান্নিকৃষ্টঃ শরীরাদিঃ তদুভয়ং জানাতীতি সঃ। অপরো জ্ঞানী নাভিমানাৎ অভিমানত্যাগাৎ উদীক্ষিত ঊর্দ্ধদর্শী ব্রহ্মসাক্ষাৎকারী ভবতীত্যর্থঃ। অপরজ্ঞঃ শরীরাদিমাত্রবিদপি, পরাং বুদ্ধিং তত্ত্বজ্ঞানম্, জ্ঞাত্বা গুরুবেদান্তাদিবাক্যেভ্যো লব্ধা, মোহাৎ বিমুচ্যতে।১৬॥

জ্ঞানিনঃ স্বভাবমাহ অদর্শনাদিতি। পুত্রাদিঃ অদর্শনাৎ আপতিতঃ জন্মনা আগতঃ, পুনশ্চ মৃত্যুনা অদর্শনং গতঃ। অহং তদুভয়কালে তং পুত্রং ন বেদ্মি, অসৌ পুত্রোঽপি মাং ন বেত্তি; অথচ মে বিরাগতা পুত্রাদৌ বৈরাগ্যং নাস্তি। ইত্থমাত্মানমুপহসতীতি ভাবঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

তর্হি স্ত্র্যাদীনাং পরিগ্রহ এব ন কর্ত্তব্যঃ, ন হি বন্ধ্যায়াঃ পুত্রশোকার্ত্তিরস্তি, বস্তুতস্তুসঙ্গে আত্মনি বিয়োগজং দুঃখং বা স্ত্র্যাদিসঙ্গমো বা নাস্তীত্যাহ—অসঙ্গ ইতি ॥১৫॥ পরেতি। অপরস্তূক্তবিধাং জ্ঞাননিষ্ঠামপ্রাপ্তস্তু পরাপরজ্ঞো নিত্যবিভাগমাত্রজ্ঞঃ অভিমানাদ্দেহাদিতাদাত্ম্যাদুপাসনাবলেনোদীরিত উৎক্ষিপ্তঃ। অপরজ্ঞঃ সগুণব্রহ্মবিদ্‌ভূত্বা পশ্চাৎ পরাং বুদ্ধিং নির্ব্বিশেষবস্তুজ্ঞানং প্রাপ্য মোহাম্মূলাজ্ঞানাদ্বিমুচ্যতে ॥১৬। মুক্তস্য লক্ষণমাহ—অদর্শনাদিতি। কর্ম্মকর্ত্তৃভাবাদদর্শনং প্রত্যক্‌চৈতন্যং তস্মাদাপতিতস্তত্রৈব চ লীনোঽহতস্তং মুক্তমহং ন বেদ্মি অগোচরত্বাৎ, অসৌ চ মাং ন বেত্তি করণাভাবাৎ। তর্হি ত্বমপি তাদৃক্‌কুতো ন ভবসীত্যাহ—

যিনি ভার্য্যাদির বিচ্ছেদে শোক হইবে বলিয়া মনে করেন, তিনি যেন ভার্য্যাদির সংযোগই ত্যাগ করেন। কারণ, যিনি নিঃসঙ্গ থাকেন, তাঁহার সঙ্গই হইতে পারে না; আর যিনি সংযোগী হইবেন, তাঁহার বিয়োগজাত দুঃখ হইবেই হইবে ॥১৫॥

আত্মা ও অনাত্মা—এই উভয়ই পদার্থই যিনি জানেন, সেই ব্যক্তি অভিমান না থাকায় আত্মদর্শী হইয়াই চলেন; আর অনাত্মজ্ঞ লোকও গুরুর উপদেশে তত্ত্বজ্ঞান লাভ করিয়া মোহ হইতে মুক্ত হন ॥১৬॥

পুত্র জন্মিয়া অদৃষ্টস্থান হইতে আসিয়াছিল, আবার মৃত্যুর পরে অদৃষ্টস্থানেই গিয়াছে; অতএব আমি তাহার জন্মের পূর্ব্বে ও মৃত্যুর পরে তাহাকে জানি না এবং সেও তৎকালে আমাকে জানে না; অথচ আমার সেই পুত্রাদিবিষয়ে বৈরাগ্য নাই ॥১৭॥

যেন যেন শরীরেণ করোত্যয়মনীশ্বরঃ।
তেন তেন শরীরেণ তদবশ্যমুপাশ্নুতে।
মানসং মনসাপ্নোতি শারীরঞ্চ শরীরবান্ ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-পর্ব্বণি পুত্রদর্শনে বৈশম্পায়নবাক্যে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—০—

ভারতকৌমুদী

যেনেতি। অনীশ্বরো মনোনিয়মনে শক্তিশূন্যঃ অয়ং মানবঃ, যেন যেন শরীরেণ যদ্যৎ কর্ম্ম করোতি, তেন তেন শরীরেণ তৎ তত্তৎকর্ম্মফলম্, অবশ্যমুপাশ্নুতে। মানসং মানসকর্ম্ম-ফলম্, মনসাপ্নোতি, শারীরং শরীরকর্ম্মফলঞ্চ, শরীরবান্ উচ্ছরীরধারী সন্নেব আপ্নোতি। অতএব দুর্য্যোধনাদয়ো ভোগোপযোগীন্যেব কর্ম্মাণি কৃতবন্ত ইতি তৎকর্ম্মময়ং যাবৎ ভোগোপযোগীন্যেব শরীরাণি ধারয়েয়ুরিত্যাশয়ঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্রমবাসিকপর্ব্বণি পুত্রদর্শনে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

ন চ মেঽস্তি বিরাগতেতি। পরং বৈরাগ্যমেব মুখ্যং মোক্ষসাধনমিত্যর্থঃ ॥১৭॥ যেনেতি। মনসা কৃতং পাপং মানসতাপেনৈবাপভুজ্যতে এবং শরীরেণ কৃতং শারীরেণোপতাপেনেতি কায়বাঙ্‌মনসাং চাপলং ত্যক্ত্বা বায়ুনিরোধং কুর্য্যাদিতি সার্দ্ধশ্লোকার্থঃ ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিক-পর্ব্বণি পুত্রদর্শনে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৭॥

—:*:—

পরাধীন এই মানুষ যে যে শরীরে যে যে কর্ম্ম করে, সেই সেই শরীরে সেই সেই কর্ম্মের ফল পায় অর্থাৎ মানসিক কর্ম্মের ফল মনে মনে পাইয়া থাকে, আবার শারীরিক কর্ম্মের ফল শরীরদ্বারাই ভোগ করে ॥১৮॥

—:*:—

* '...চতুস্ত্রিংশোঽধ্যায়.'—বঙ্গ বর্দ্ধ, '...ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ'—নি।

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

অদৃষ্ট্বা তু নৃপঃ পুত্রান্ দর্শনং প্রতিলব্ধবান্।
ঋষেঃ প্রসাদাৎ পুত্রাণাং স্বরূপাণাং কুরূদ্বহ ! ॥১॥
স রাজা রাজধর্ম্মাংশ্চ ব্রহ্মোপনিষদং তথা।
অবাপ্তবান্ নরশ্রেষ্ঠো বুদ্ধিনিশ্চয়মেব চ ॥২॥
বিদুরশ্চ মহাপ্রাজ্ঞো যযৌ সিদ্ধিং তপোবলাৎ।
ধৃতরাষ্ট্রঃ সমাসাদ্য ব্যাসং চৈব তপস্বিনম্ ॥৩॥

জনমেজয় উবাচ।

মমাপি বরদো ব্যাসো দর্শয়েৎ পিতরং যদি।
তদ্রূপবেশবয়সং শ্রদ্দধ্যাং সর্বমেব তৎ ॥৪॥

ভারতকৌমুদী

অদৃষ্ট্বেতি। নৃপো ধৃতরাষ্ট্রঃ অদৃষ্ট্বা অন্ধত্বাদিতি ভাবঃ। ঋষের্ব্যাসস্য, স্বরূপাণাং পূর্ব্ববদ্-বয়োবেশাদিযুক্তানাম্ ॥১॥

স ইতি। ব্রহ্মোপনিষদং পরমাত্মসম্বন্ধিনং বেদান্তম্। বুদ্ধিনিশ্চয়ম্ অবশ্যকর্ত্তব্যনির্দ্ধারণম্ ॥২॥

বিদুর ইতি। সিদ্ধিং পুনর্ব্বর্ম্মরূপতাপ্রাপ্তিম্। ধৃতরাষ্ট্রোঽপি সিদ্ধিং পুত্রাদিদর্শনসম্পত্তিম্, যথাবিত্তানুবৃত্তিঃ ॥৩॥

মমেতি। পিতরং পরীক্ষিতম্। শ্রদ্দধ্যাং বিশ্বস্যাম্ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—কৌরবশ্রেষ্ঠ ! ধৃতরাষ্ট্র পূর্ব্বে পুত্রগণকে না দেখিয়া বেদব্যাসের অনুগ্রহে স্বস্বরূপযুক্ত পুত্রগণের দর্শন লাভ করিলেন ॥১॥

নরশ্রেষ্ঠ রাজা ধৃতরাষ্ট্র পূর্ব্বেই বেদব্যাসের অনুগ্রহে রাজধর্ম্ম, ব্রহ্মোপনিষদ্ ও কর্ত্তব্যবুদ্ধি লাভ করিয়াছিলেন ॥২॥

মহাপ্রাজ্ঞ বিদুরও তপোবলে সিদ্ধি লাভ করিয়াছিলেন এবং ধৃতরাষ্ট্রও তপস্বী বেদব্যাসকে পাইয়া পুত্রদের দর্শন পাইয়াছিলেন ॥৩॥

জনমেজয় বলিলেন—'বরদাতা বেদব্যাস আমারও যদি সেইরূপ এবং সেই বয়োযুক্ত পিতা পরীক্ষিৎকে দেখাইতে পারেন, তাহা হইলে সে সমস্তই আমি বিশ্বাস করি ॥৪॥

প্রিয়ং মে স্যাৎ কৃতার্থশ্চ স্যামহং কৃতনিশ্চয়ঃ।
প্রসাদাদৃষিমুখ্যস্য মম কামঃ সমৃধ্যতাম্ ॥৫॥

সৌতিরুবাচ।

ইত্যুক্তবচনে তস্মিন্ নৃপে ব্যাসঃ প্রতাপবান্।
প্রসাদমকরোদ্ধীমানানয়চ্চ পরিক্ষিতম্ ॥৬॥
ততস্তদ্রূপবয়সমাগতং নৃপতিং দিবঃ।
শ্রীমন্তং পিতরং রাজা দদর্শ জনমেজয়ঃ ॥৭॥
শমীকঞ্চ মহাত্মানং পুত্রং তং চাস্য শৃঙ্গিণম্।
অমাত্যা যে বভূবুশ্চ রাজ্ঞস্তাংশ্চ দদর্শ হ ॥৮॥

ভারতকৌমুদী

প্রিয়মিতি। প্রিয়ঃ পিতৃদর্শনম্, কৃতো নিশ্চয়ঃ পিতুঃ সদ্গতিপ্রাপ্তৌ নির্ণয়ো যেন সঃ। ঋষিমুখ্যস্য ব্যাসস্য, সমৃধ্যতাং সম্পূর্ণো ভবতু ॥৫॥

ইতীতি। তস্মিন্ জনমেজয়ে, ব্যাসস্তস্মিন্ সর্পসত্রযজ্ঞে তদানীমুপস্থিতঃ কৃষ্ণদ্বৈপায়নঃ, প্রতাপবান্ যোগপ্রভাবশালী ।৬।

তত ইতি। তে এব রূপবয়সী যস্য তম্, নৃপতিং পরীক্ষিতম্, দিবঃ স্বর্গাৎ। শ্রীমন্তং কান্তিমন্তম্ ॥৭॥

শমীকমিতি। পরীক্ষিৎ যস্য কণ্ঠে মৃতং সর্পং লম্বয়ামাস, তং শমীকং মুনিম্, অস্য শমীকস্য চ পুত্রং শৃঙ্গিণং নাম যঃ খলু পরীক্ষিতঃ শাপং দদৌ। রাজ্ঞঃ পরীক্ষিতঃ দদর্শ জনমেজয়ঃ। অত্রেদমালোচনীয়ম্—ব্যাসঃ কিল দশপর্বণি দ্রুপদায় পঞ্চেন্দ্রানদর্শয়ৎ, অস্মিন্ পর্ব্বণি চ ধৃতরাষ্ট্রাদিভ্যঃ পুত্রাদীন্ জনমেজয়ায় চ পরীক্ষিৎপ্রভৃতীন্ দর্শয়ামাসেতি মহদেব যোগবলং ব্যাসস্যাসীদিতি ।৮।

আমার পিতৃদর্শন প্রীতিকর হইবে এবং আমিও কৃতনিশ্চয় হইয়া কৃতার্থ হইব; অতএব ঋষিশ্রেষ্ঠ ব্যাসের অনুগ্রহে আমার অভিলাষ পূর্ণ হউক' ॥৫॥

সৌতি বলিলেন—'রাজা জনমেজয় এইরূপ বলিলে, যোগপ্রভাবশালী ও জ্ঞানী বেদব্যাস জনমেজয়ের প্রতি অনুগ্রহ করিলেন এবং পরীক্ষিৎকে সেই স্থানে আনিলেন ॥৬॥

তাহার পর রাজা জনমেজয় দেখিলেন—সেই রূপ ও সেই বয়োযুক্ত এবং কান্তিসম্পন্ন অবস্থায় রাজা পরীক্ষিৎ স্বর্গ হইতে সেই সর্পসত্রযজ্ঞস্থানে আসিয়াছেন ॥৭॥

জনমেজয় আরও দেখিলেন—মহাত্মা সেই শমীকমুনি, তাঁহার পুত্র সেই শৃঙ্গী এবং পরীক্ষিতের যে সকল অমাত্য ছিলেন, তাঁহারাও আসিয়াছেন ॥৮॥

---

(৮) অমাত্যা যে চ নিহতাঃ—নি।

ততঃ সোঽবভৃথে রাজা মুদিতো জনমেজয়ঃ।
পিতরং স্নাপয়ামাস স্বয়ং সস্নৌ চ পার্থিবঃ।
পরীক্ষিদপি তত্রৈব বভূব স তিরোহিতঃ ॥৯॥
স্নাত্বা স নৃপতির্বিপ্রমাস্তীকমিদমব্রবীৎ।
যাযাবরকুলোৎপন্নং জরৎকারুসুতং তদা ॥১০॥
আস্তীক! বিবিধাশ্চর্য্যো যজ্ঞোঽয়মিতি মে মতিঃ।
যদদ্যায়ং পিতা প্রাপ্তো মম শোকপ্রণাশনঃ ॥১১॥

আস্তীক উবাচ।

ঋষির্দ্বৈপায়নো যত্র পুরাণস্তপসো নিধিঃ।
যজ্ঞে কুরুকুলশ্রেষ্ঠ! তস্য লোকাবুভৌ জিতৌ ॥১২॥

ভারতকৌমুদী

তত ইতি। অবভৃথে সর্পসত্রসমাপ্তিকালীনকর্ম্মণি। পিতরং পরীক্ষিতম্। পরীক্ষিত-তিরোধানেন শমীকাদীনামপি তিরোধানং প্রত্যেতব্যম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

স্নাত্বেতি। নৃপতির্জনমেজয়ঃ, আস্তীকং সর্পসত্রনিবর্ত্তনায়াগতম্ আদিপর্ব্বোক্তমুনিম্। যাযাবরকুলোৎপন্নং পরিব্রাজকবংশজাতম্ ॥১০॥

আস্তীকেতি। বিবিধমাশ্চর্য্যং যত্র সঃ। পিতা পরীক্ষিৎ, প্রাপ্ত আগতঃ ॥১১॥

ঋষিরিতি। উভৌ লোকৌ স্বর্গমর্ত্ত্যৌ, জিতাবাপ্তৌ জাতৌ ॥১২॥

ভারতভাবদীপঃ

অদৃষ্টেতি ॥১॥ স ধৃতরাষ্ট্রো রাজা বিদুরশ্চ সিদ্ধিং যযাবিতি দ্বয়োঃ সম্বন্ধঃ। তত্রাপি বিদুরস্তপোবলাৎ ধৃতরাষ্ট্রো ব্যাসং সমাগাদেতি সম্বন্ধঃ ॥২—৮॥ স্নাপয়ামাস আলোচিতবান্,

---

তাহার পর রাজা জনমেজয় আনন্দিত হইয়া সর্পসত্রসমাপ্তিকালে পিতা পরীক্ষিৎকে স্নান করাইলেন এবং রাজা জনমেজয় নিজেও স্নান করিলেন। তখন পরীক্ষিৎও সেই স্থানেই অন্তর্হিত হইলেন ॥৯॥

রাজা জনমেজয় স্নান করিয়া তখন যাযাবরকুলোৎপন্ন ও জরৎকারুর পুত্র ব্রাহ্মণ আস্তীককে এই কথা বলিলেন—॥১০॥

'আস্তীক! আমার ধারণা এই যে, এই যজ্ঞটী নানাবিধ আশ্চর্য্যময় হইয়াছে; যেহেতু আজ এই যজ্ঞে আমার শোকনাশক পিতৃদেব আসিয়াছিলেন' ॥১১॥

আস্তীক বলিলেন—'কৌরবশ্রেষ্ঠ! যাঁহার যজ্ঞে তপস্যার সাগর, প্রাচীন

---

(৯) পিতরং পূজয়ামাস—পি বঙ্গ বর্দ্ধ। তৃতীয়ার্দ্ধঃ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

শ্রুতং বিচিত্রমাখ্যানং ত্বয়া পাণ্ডবনন্দন ।।
সর্পাশ্চ ভস্মসান্নীতা গতাশ্চ পদবীং পিতুঃ ॥১৩॥
কথঞ্চিত্তক্ষকো মুক্তঃ সত্যত্বাত্তব পার্থিব ।।
ঋষয়ঃ পূজিতাঃ সর্ব্বে গতির্দৃষ্টা মহাত্মনঃ ॥১৪॥
প্রাপ্তঃ সুবিপুলো ধর্ম্মঃ শ্রুত্বা পাপবিনাশনম্ ।
বিমুক্তো হৃদয়গ্রন্থিরুদারজনদর্শনাৎ ॥১৫॥
যে চ পক্ষধরা ধর্ম্মে সদ্বৃত্তরুচয়শ্চ যে ।
যান্ দৃষ্ট্বা হীয়তে পাপং তেভ্যঃ কার্য্যা নমস্ক্রিয়া ॥১৬॥

ভারতকৌমুদী

শ্রুতমিতি। আখ্যানং মহাভরতং নাম। পিতুঃ পরীক্ষিতঃ, পদবীং পন্থানম্, গতাঃ সর্পা মৃতা ইত্যর্থঃ ॥১৩॥

কথঞ্চিদিতি। কথঞ্চিদিন্দ্রাশ্রয়েণ। মহাত্মনঃ পরীক্ষিতঃ, গতিরাগতিঃ ॥১৪॥

প্রাপ্ত ইতি। পাপবিনাশনং মহাভারতরূপমাখ্যানম্। উদারজনস্ত মহাপুরুষস্ত পিতুঃ পরীক্ষিতো দর্শনাৎ হৃদয়গ্রন্থিঃ পিতা লোকান্তরে কষ্টমাপন্নো ন বেতি মনসঃ সন্দেহসংযোগ, বিমুক্তঃ স্খলিতঃ ॥১৫॥

য ইতি। পক্ষধরাঃ পক্ষপাতিনঃ, সদ্বৃত্তেষু দানদয়াদিষু রুচির্যেষাং তে। তেভ্যো ব্যাসাদিভ্যঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

আগম্যাসেতি পাঠঃ স্পষ্টঃ ॥৯—১৪॥ পাপবিনাশনম্ ইতিহাসমিতি শেষঃ ॥১৫॥ পক্ষধরাঃ পক্ষস্থাপকাঃ ॥১৬—১৮॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্রমবাসিক-
পর্ব্বণি পুত্রদর্শন অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৮॥

দ্বৈপায়ন ঋষি উপস্থিত আছেন, তাঁহার স্বর্গ ও মর্ত্ত্য উভয় লোকই আয়ত্ত হইয়াছে ॥১২॥

পাণ্ডবনন্দন! আপনি এই বিচিত্র উপাখ্যান শ্রবণ করিলেন, সর্পগণকেও ভস্ম করিযাছেন এবং তাহারাও আপনার পিতার পথেই গিযাছে ॥১৩॥

রাজা! আপনি সত্যপরায়ণ বলিয়া তক্ষকনাগ কোন প্রকারে উদ্ধার পাইয়াছে। আপনি সকল ঋষির পূজা করিয়াছেন এবং মহাত্মা পিতার আগমনও দেখিয়াছেন ॥১৪॥

আপনি পাপনাশক উপাখ্যান শুনিয়া অতিবিশাল ধর্ম্ম লাভ করিয়াছেন এবং মহাপুরুষ পিতা পরীক্ষিৎকে দর্শন করায় মনের সংশয়চ্ছেদনও হইয়াছে ॥১৫॥

সৌতিরুবাচ।

এতচ্ছ্রুত্বা দ্বিজশ্রেষ্ঠাৎ স রাজা জনমেজয়ঃ।
পূজয়ামাস তমৃষিমনুমান্য পুনঃ পুনঃ ॥১৭॥
পপ্রচ্ছ তমৃষিং চাপি বৈশম্পায়নমচ্যুতম্।
কথাবশেষং ধর্ম্মজ্ঞো বনবাসস্য সত্তম। ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্রমবাসিক-পর্ব্বণি পুত্রদর্শনে জনমেজয়পিতৃদর্শনে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥৩॥ *

—:০:—

ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ

—:০:—

জনমেজয় উবাচ।

দৃষ্ট্বা পুত্রাংস্তথা পৌত্রান্ সানুবন্ধান্ জনাধিপঃ।
ধৃতরাষ্ট্রঃ কিমকরোদ্রাজা চৈব যুধিষ্ঠিরঃ ॥১॥

ভারতকৌমুদী

এতদিতি। তমৃষিমাস্তীকম্, অনুমান্য তদ্বচঃপ্রমাণ্য ॥১৭॥

পপ্রচ্ছেতি। অচ্যুতং ধর্ম্মাদভ্রষ্টম্। বনবাসস্য ধৃতরাষ্ট্রাদীনাম্, হে সত্তম। সাধুশ্রেষ্ঠ-শৌনক। ॥১৮॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-
মাশ্রমবাসিকপর্ব্বণি অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

যাঁহারা ধর্ম্মের পক্ষপাতী, যাঁহাদের সৎকার্য্যে রুচি রহিয়াছে এবং যাঁহাদিগকে দেখিয়া পাপবিহীন হওয়া যায়, তাঁহাদিগকে এখন আপনার নমস্কার করা উচিত' ॥১৬॥

সৌতি বলিলেন—'রাজা জনমেজয় ব্রাহ্মণশ্রেষ্ঠ আস্তীকের নিকট এই সকল কথা শুনিয়া এবং বার বার তাঁহার বাক্যকে প্রমাণ করিয়া তাঁহার পূজা করিলেন ॥১৭॥

সাধুশ্রেষ্ঠ! ধর্ম্মজ্ঞ জনমেজয় ধর্ম্ম হইতে অভ্রষ্ট বৈশম্পায়নের নিকট ধৃতরাষ্ট্র-প্রভৃতির বনবাসের অবশিষ্টাংশ জিজ্ঞাসা করিলেন' ॥১৮॥

* '...পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...সপ্তত্রিংশোঽধ্যায়ঃ'—নি।

বৈশম্পায়ন উবাচ।

তদ্দৃষ্ট্বা মহদাশ্চর্য্যং পুত্রাণাং দর্শনং নৃপ!।
বীতশোকঃ স রাজর্ষিঃ পুনরাশ্রমমাগমৎ ॥২॥
ইতরস্তু জনঃ সর্ব্বস্তে চৈব পরমর্ষয়ঃ।
প্রতিজগ্মুর্যথাকামং ধৃতরাষ্ট্রাভ্যনুজ্ঞয়া ॥৩॥
পাণ্ডবাস্তু মহাত্মানো লঘুভূয়িষ্ঠসৈনিকাঃ।
অনুজগ্মুর্মহাত্মানং সদারাস্তং মহীপতিম্ ॥৪॥
তমাশ্রমগতং ধীমান্ ব্রহ্মর্ষির্লোকপূজিতঃ।
মুনিঃ সত্যবতীপুত্রো ধৃতরাষ্ট্রমভাষত ॥৫॥
ধৃতরাষ্ট্র! মহাবাহো! শৃণু কৌরবনন্দন!।
শ্রুতাস্তে জ্ঞানবৃদ্ধানামৃষীণাং পুণ্যকর্ম্মণাম্ ॥৬॥
অদ্ধাভিজনবৃদ্ধানাং বেদবেদাঙ্গবেদিনাম্।
ধর্ম্মজ্ঞানাং পুরাণানাং বদতাং বিবিধাঃ কথাঃ ॥৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। অদ্ভুতৈঃ সংপৃক্তৈঃ সহেতি গান্ধবন্ধাত্মান্ ॥১॥

তদিতি। দৃষ্টত দর্শনমাকৃতিস্তৎ। বীতস্ত্যক্তঃ শোকো যেন সঃ, স ধৃতরাষ্ট্রঃ ॥২॥

ইতর ইতি। কামমভিলাষমনতিক্রম্যেতি যথাকামম্ ॥৩॥

পাণ্ডবা ইতি। লঘবো যুদ্ধাভাবাৎ ভারহীনা ভূয়িষ্ঠা বহবঃ সৈনিকা যেষাং তে। তং ধৃতরাষ্ট্রম ॥৪॥

তমিতি। ধীমান্ অবসরজ্ঞানাৎ। সত্যবতীপুত্রো ব্যাসঃ ॥৫॥

জনমেজয় বলিলেন—'আত্মীয়দের সহিত পুত্রগণ ও পৌত্রগণকে দেখিয়া নরনাথ ধৃতরাষ্ট্র ও রাজা যুধিষ্ঠির কি করিলেন?' ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! পুত্রগণের সেই মহাশ্চর্য্য রূপ দেখিয়া শোক পরিত্যাগ করিয়া রাজর্ষি ধৃতরাষ্ট্র পুনরায় আশ্রমে আসিলেন ॥২॥

অন্য সকল লোক এবং সেই মহর্ষিরা ধৃতরাষ্ট্রের আদেশে ইচ্ছানুসারে চলিয়া গেলেন ॥৩॥

আর মহাত্মা পাণ্ডবেরা ভারবিহীন বহু সৈন্য ও ভার্য্যাগণের সহিত মহাত্মা ধৃতরাষ্ট্রের অনুগমন করিলেন ॥৪॥

ধৃতরাষ্ট্র আশ্রমে আসিলে, বুদ্ধিমান্ ও জগৎপূজিত ব্রহ্মর্ষি বেদব্যাস আসিয়া ধৃতরাষ্ট্রকে বলিলেন—॥৫॥

(৪) পুনর্জগ্মর্মহাত্মানং—পি বঙ্গবন্ধ। (৫) দ্বৈপায়নোঽভ্যুপাগম্য রাজানমিদমব্রবীৎ—নি।

মাস্ম শোকে মনঃ কার্ষীর্দিষ্টে ন ব্যথতে বুধঃ।
শ্রুতং দেবরহস্যং তে নারদাদ্দেবদর্শনাৎ ॥৮॥
গতাস্তে ক্ষত্রধর্ম্মেণ শস্ত্রপূতাং গতিং শুভাম্।
যথা দৃষ্টাস্ত্বয়া পুত্রাস্তথা কামবিহারিণঃ ॥৯॥
যুধিষ্ঠিরঃ স্বয়ং ধীমান্ ভবন্তমনুরুধ্যতে।
সহিতো ভ্রাতৃভিঃ সর্ব্বৈঃ সদারঃ সসুহৃজ্জনঃ ॥১০॥
বিসর্জ্জয়ৈনং যাত্বেষ স্বরাজ্যমনুশাসতাম্।
মাসঃ সমধিকস্তেষামতীতো বসতাং বনে ॥১১॥

ভারতকৌমুদী

ধৃতেতি। তে ত্বয়া। অঙ্গা তত্ত্বেন অভিজ্ঞনেষু বুধেষু বৃদ্ধানাং শ্রেষ্ঠানাম্। "তত্ত্বে ত্বদ্ধাঞ্জসা দ্বয়ম্" "অভিজ্ঞনো বুধমনোজ্ঞযোঃ" ইত্যমরঃ ॥৬—৭॥

মাস্মেতি। বুধো বুদ্ধিমান্ জনঃ, দিষ্টে দৈবে অনিষ্টকারিণ্যপীতি শেষঃ, ন ব্যথতে। "দৈবং দিষ্টং ভাগধেয়ম্" ইত্যাত্মমরঃ। দেবং দেবচরিত্রং পশ্যতীতি দেবদর্শনস্তস্মাৎ, তে ত্বয়া দেবানাং রহস্যং গুপ্তমাচরণং শ্রুতম্ ॥৮॥

গতা ইতি। শস্ত্রপূতাম্ অস্ত্রস্পর্শেন পবিত্রীভূতাম্ ॥৯॥

যুধীতি। অনুরুধ্যতে হস্তিনাগমনায় প্রার্থয়তে। দারৈর্ভার্য্যাভিঃ সহেতি সদারঃ ॥১০॥

বিসর্জয়েতি। এনং যুধিষ্ঠিরম্। বনে অস্মিংস্তপোবনে ॥১১॥

'কৌরবনন্দন মহাবাহু ধৃতরাষ্ট্র! জ্ঞানবৃদ্ধ, পুণ্যকর্ম্মা, অভিজ্ঞশ্রেষ্ঠ, বেদ-বেদাঙ্গবিৎ, প্রাচীন ও ধর্ম্মজ্ঞ ঋষিগণের মুখে তুমি নানাবিধ কথা শুনিয়াছ ॥৬—৭॥

তুমি আর শোকের দিকে মন দিও না। কারণ, বুদ্ধিমান্ লোক দৈবকৃত ব্যাপারে দুঃখ বোধ করেন না। তুমি দেবচরিত্রদর্শী নারদের নিকট দেব-গণের গুপ্তবৃত্তান্ত শুনিয়াছ ॥৮॥

তোমার পুত্রপ্রভৃতি ক্ষত্রিয়ধর্ম্মানুসারে শস্ত্রপূত শুভগতি লাভ করিয়াছে। কারণ, তুমি যে রূপ দেখিলে, সেই রূপই তোমার পুত্রেরা ইচ্ছানুসারে বিহার করিয়া থাকে ॥৯॥

ভ্রাতৃগণ, ভার্য্যাগণ ও সুহৃদ্গণের সহিত বুদ্ধিমান্ যুধিষ্ঠির এখন নিজে তোমাকে অনুরোধ করিতেছেন ॥১০॥

তুমি ইহাকে বিদায় দাও। ইনি চলিয়া যান, যাইয়া নিজরাজ্য শাসন করুন। কারণ, একমাসেরও অধিক সময় তাঁহাদের এই বনবাসে অতীত হইয়াছে ॥১১॥

এতদ্ধি নিত্যং যত্নেন পদং রক্ষ্যং নরাধিপ ! ।
বহুপ্রত্যর্থিকং হ্যেতদ্‌রাজ্যং নাম কুরূদ্বহ ! ॥১২॥
ইত্যুক্তঃ কৌরবো রাজা ব্যাসেনামিতবুদ্ধিনা ।
যুধিষ্ঠিরমথাহূয় বাগ্মী বচনমব্রবীৎ ॥১৩॥
অজাতশত্রো ! ভদ্রং তে শৃণু মে ভ্রাতৃভিঃ সহ ।
ত্বৎপ্রসাদান্মহীপাল ! শোকো নাস্মান্ প্রবাধতে ॥১৪॥
রমে চাহং ত্বয়া পুত্র ! পুরেব গজসাহ্বয়ে ।
নাথেনানুগতো বিদ্বন্ ! প্রিয়েষু পরিবর্ত্তিনা ॥১৫॥
প্রাপ্তং পুত্রফলং ত্বত্তঃ প্রীতির্মে পরমা ত্বয়ি ।
ন মে মন্যুর্মহাবাহো ! গম্যতাং মা চিরং কৃথাঃ ॥১৬॥

ভারতকৌমুদী

এতদিতি। পদং রাজপদম্। বহবঃ প্রত্যর্থিনঃ শত্রবো যস্য তৎ ॥১২॥

ইতীতি। কৌরবো ধৃতরাষ্ট্রঃ। বাগ্মিত্বয়ৈব তাদৃগুক্তিরিত্যাশয়ঃ ॥১৩॥

অজাতেতি। তে তব ভদ্রং মঙ্গলমস্ত্বিতি শেষঃ। শোকঃ অস্মান্ ন প্রবাধতে পুত্রাণামেব যুষ্মাকমাগমনাদিতি ভাবঃ ॥১৪॥

রম ইতি। রমে আনন্দমনুভবামি, গজসাহ্বয়ে হস্তিনায়াম্। নাথেন রক্ষকেণ, প্রিয়েষু কার্য্যেষু, পরিবর্ত্তিনা বিদ্যমানেন ॥১৫॥

প্রাপ্তমিতি। ত্বত্তস্তব সকাশাৎ। মন্যুর্দৈন্যম্, চিরং বিলম্বম্ ॥১৬॥

কারণ, নরনাথ ! এই রাজপদ যত্নপূর্ব্বক সর্ব্বদা রক্ষা করিতে হয়। কৌরবশ্রেষ্ঠ ! যেহেতু এই রাজ্যনামক বস্তুটীর বহু শত্রু থাকে' ॥১২॥

অমিতবুদ্ধি বেদব্যাস এইরূপ বলিলে, বাগ্মী রাজা ধৃতরাষ্ট্র যুধিষ্ঠিরকে আহ্বান করিয়া এই কথা বলিলেন—॥১৩॥

'অজাতশত্রু ! তোমার মঙ্গল হউক, তুমি ভ্রাতাদের সহিত আমার বাক্য শ্রবণ কর। রাজা ! তোমার অনুগ্রহে শোক আমাদিগকে আর পীড়া দিতেছিল না ॥১৪॥

প্রাজ্ঞ ! পুত্র ! বর্ত্তমান সময়ে তুমি আমাদের রক্ষক এবং এখানে আসিয়া তুমি আমাদের প্রিয়কার্য্যেই প্রবৃত্ত রহিয়াছ ও অনুগত হইয়া আসিতেছ ; সুতরাং পূর্ব্বে হস্তিনানগরের ন্যায় এখানেও তোমাদ্বারা আনন্দ অনুভব করিতেছিলাম ॥১৫॥

ভবন্তং চেহ সম্প্রেক্ষ্য তপো মে পরিহীয়তে।
উপযুক্তং শরীরঞ্চ ত্বাং দৃষ্ট্বা ধারিতং পুনঃ ॥১৭॥
মাতরৌ তে তথৈবেমে শীর্ণপর্ণাকৃতাশনে।
মম তুল্যব্রতে পুত্র! ন চিরং বর্ত্তয়িষ্যতঃ ॥১৮॥
দুর্য্যোধনপ্রভৃতয়ো দৃষ্টা লোকান্তরং গতাঃ।
ব্যাসস্য তপসো বীর্য্যাদ্‌ভবতশ্চ সমাগমাৎ ॥১৯॥
প্রয়োজনং চিরং বৃত্তং জীবিতস্য মমানঘ!।
উগ্রং তপঃ সমাস্থাস্যে ত্বমনুজ্ঞাতুমর্হসি ॥২০॥
ত্বয্যদ্য পিণ্ডঃ কীর্ত্তিশ্চ কুলং চেদং প্রতিষ্ঠিতম্।
শ্বো বাদ্য বা মহাবাহো! গম্যতাং মা চিরং কৃথাঃ ॥২১॥

ভারতকৌমুদী

ভবন্তমিতি। পরিহীয়তে আলাপাদিনা সময়ক্ষেপাদিতি ভাবঃ। ত্বাং দৃষ্টা পুনঃ উপযুক্তং কর্ম্মক্ষমং শরীরং ময়া ধারিতম্ আনন্দেন সবলত্বলাভাৎ ॥১৭॥

মাতরাবিতি। ইমে কুন্তীগান্ধার্য্যৌ, শীর্ণৈঃ পর্ণৈঃ কৃতমশনং ভোজনং যাভ্যাং তে। তুল্যং ব্রতং নিয়মো যয়োস্তে, বর্ত্তিষ্যতো জীবিষ্যতঃ ॥১৮॥

দুর্য্যোধনেতি। সমাগমাৎ সম্মেলনাৎ। যুষ্মাভিরপি তেষাং দর্শনায়াগ্রহপ্রকাশাৎ ॥১৯॥

প্রয়োজনমিতি। বৃত্তং নিষ্পন্নম্। সমাস্থাস্যে অবলম্বিষ্যে ॥২০॥

মহাবাহু! আমরা তোমা হইতে পুত্রের ফল পাইয়াছি; সুতরাং তোমার উপরে আমাদের পরম প্রীতি চলিতেছে এবং তোমার গুণে আমাদের কোন দৈন্য নাই; অতএব তুমি চলিয়া যাও, বিলম্ব করিও না ॥১৬॥

তোমাকে এই আশ্রমে দেখিয়া আমার তপস্যার ক্ষতি হইতেছে এবং তোমাকে দর্শন করায় আমি পুনরায় কার্য্যক্ষম শরীর ধারণ করিতেছি ॥১৭॥

পুত্র! তোমার এই দুই মাতা শীর্ণ পর্ণ ভোজন করিতে থাকিয়া আমার সমান নিয়মই আচরণ করিতেছেন; সুতরাং ইঁহারা দীর্ঘকাল জীবিত থাকিবে না ॥১৮॥

বেদব্যাসের তপোবলে এবং তোমার আগমনে লোকান্তরগত দুর্য্যোধন-প্রভৃতিকেও দেখিতে পাইয়াছি ॥১৯॥

নিষ্পাপ! আমার জীবনের সমস্ত প্রয়োজন নিষ্পন্ন হইয়াছে, এখন আমি ভীষণ তপস্যা অবলম্বন করিব, তুমি সে বিষয়ে অনুমতি করিতে পার ॥২০॥

---

(১৭) তপোঽর্থঞ্চ শরীরঞ্চ—পি, তপোযুক্তং শরীরঞ্চ—বঙ্গ বর্দ্ধ।

(২০) প্রয়োজনং চিরোদ্‌বৃত্তং—পি, প্রয়োজনঞ্চ নির্বৃত্তং—বঙ্গ বর্দ্ধ।

রাজনীতিঃ সুবহুশঃ শ্রুতা তে ভরতর্ষভ।।
সন্দেষ্টব্যঃ ন পশ্যামি কৃতং মে ভবতা বিভো! ॥২২॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্তবচনং তস্তু নৃপো রাজানমব্রবীৎ।
ন মামর্হসি ধর্ম্মজ্ঞ! পরিত্যক্তুমনাগসম্ ॥২৩॥
কামং গচ্ছন্তু মে সর্ব্বে ভ্রাতরোঽনুচরাস্তথা।
ভবন্তমহমন্বিষ্যে মাতরৌ চ যতব্রতঃ ॥২৪॥
তমুবাচাথ গান্ধারী মৈবং পুত্র! শৃণুষ্ব চ।
ত্বয্যধীনং কুরুকুলং পিণ্ডশ্চ শ্বশুরস্য মে ॥২৫॥
গম্যতাং পুত্র! পর্য্যাপ্তমেতাবৎ পূজিতা বয়ম্।
রাজা যদাহ তৎ কার্য্যং ত্বয়া পুত্র! পিতুর্বচঃ ॥২৬॥

ভারতকৌমুদী

ত্বয়ীতি। পিণ্ডঃ অস্মাকং শ্রাদ্ধাদিকার্য্যম্। শ্বঃ পরদিনে ॥২১॥

রাজেতি। তে ত্বয়া। সন্দেষ্টব্যম্ উপদেষ্টব্যম্। ভবতা মে কৃতং তত্তদুপদেশপালনমিতি শেষঃ ॥২২॥

ইতীতি। নৃপো যুধিষ্ঠিরঃ, রাজানং ধৃতরাষ্ট্রম্। অনাগসং নিরপরাধম্ ॥২৩॥

কামমিতি। কামং যথেচ্ছম্। অন্বিষ্যে সেবিষ্যে ॥২৪॥

তমিতি। মৈবং ত্বয়া যদুক্তং তন্নোচিতম্, শ্বশুরস্য বিচিত্রবীর্য্যস্য ॥২৫॥

বৎস! এখন তোমার উপরে আমাদের পিণ্ড, কীর্ত্তি ও এই বংশ প্রতিষ্ঠিত হইয়াছে; অতএব মহাবাহু! তুমি আগামী কল্য বা অদ্যই চলিয়া যাও, বিলম্ব করিও না ॥২১॥

ভরতশ্রেষ্ঠ রাজা! তুমি বহুতর রাজনীতি শুনিয়াছ; সুতরাং এখন আর উপদেষ্টব্য বিষয় দেখিতেছি না। তুমি আমার সমস্ত উপদেশ পালন করিয়াছ' ॥২২॥

বৈশম্পায়ন বলিলেন—ধৃতরাষ্ট্র এইরূপ বলিলে, যুধিষ্ঠির তাঁহাকে বলিলেন—'ধর্ম্মজ্ঞ! আমি নিরপরাধ; সুতরাং আপনি আমাকে পরিত্যাগ করিতে পারেন না ॥২৩॥

আমার ভ্রাতারা ও অনুচরেরা সকলে ইচ্ছা হইলে যাইতে পারেন; কিন্তু আমি সংযত থাকিয়া আপনার ও দুই মাতার সেবা করিব' ॥২৪॥

তখন গান্ধারী যুধিষ্ঠিরকে বলিলেন—'পুত্র! তুমি এরূপ বলিতে পার না। শোন, কুরুবংশ ও আমার শ্বশুরের পিণ্ড, এখন তোমারই অধীন ॥২৫॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্তঃ স তু গান্ধার্য্যা কুন্তীমিদমভাষত।
স্নেহবাষ্পাকুলে নেত্রে প্রমৃজ্য রুদতীং বচঃ ॥২৭॥
বিসর্জ্জয়তি মাং রাজা গান্ধারী চ যশস্বিনী।
ভবত্যাং বদ্ধচিত্তস্তু কথং যাস্যামি দুঃখিতঃ ॥২৮॥
ন চোৎসহে তপোবিঘ্নং কর্ত্তুং তে ধর্ম্মচারিণি।।
তপসো হি পরং নাস্তি তপসা বিন্দতে মহৎ ॥২৯॥
মমাপি ন তথা রাজ্ঞি! রাজ্যে বুদ্ধির্যথা পুরা।
তপস্যেবানুরক্তং মে মনঃ সর্ব্বাত্মনা তথা ॥৩০॥
শূন্যেয়ঞ্চ মহী কৃৎস্না ন মে প্রীতিকরী শুভে।।
বান্ধবা নঃ পরিক্ষীণা বলং নো ন যথা পুরা ॥৩১॥

ভারতকৌমুদী

গম্যতামিতি। এতাবৎসেবনং পর্য্যাপ্তং যথেষ্টং জাতম্। রাজা ধৃতরাষ্ট্রঃ ॥২৬॥
ইতীতি। স যুধিষ্ঠিরঃ। স্নেহবাষ্পেণ আকুলে ব্যাপ্তে ॥২৭॥
বিসর্জ্জয়তীতি। রাজা ধৃতরাষ্ট্রঃ। বদ্ধং চিত্তং যেন সঃ ॥২৮॥
নেতি। পরমুৎকৃষ্টম্, তপসা মহৎ ব্রহ্ম বিন্দতে লভতে ॥২৯॥
মমেতি। হে রাজ্ঞি! কুন্তি!। তপস্যেবানুরক্তং বার্দ্ধক্যাগমাৎ ॥৩০॥

পুত্র! তুমি যাও, এতটা কবাই তোমার যথেষ্ট হইয়াছে এবং তুমি আমাদের সেবা করিয়াছ; অতএব পুত্র! রাজা যাহা বলিলেন, তোমাব সেই পিতৃবাক্য রক্ষা করাই উচিত' ॥২৬॥

বৈশম্পায়ন বলিলেন—গান্ধারী এই কথা বলিলে, যুধিষ্ঠিব অশ্রুসিক্ত নয়নযুগল মার্জ্জনা করিয়া রোদনপ্রবৃত্তা কুন্তীকে এই কথা বলিলেন—॥২৭॥

'মা! বাজা ও যশস্বিনী গান্ধাবী আমাকে বিদায় দিলেন; কিন্তু আমার চিত্ত আপনাতে বদ্ধ রহিয়াছে; সুতরাং এই অবস্থায় আমি দুঃখ অনুভব করিতে থাকিয়া কি প্রকারে যাইব ॥২৮॥

ধর্ম্মচারিণি! আমি আপনার তপস্যার বিঘ্ন করিতে ইচ্ছা করি না। কারণ, তপস্যা অপেক্ষা মঙ্গললাভের উত্তম উপায় আর নাই; এমন কি, তপস্যাদ্বারা ব্রহ্মপর্য্যন্ত লাভ করা যায় ॥২৯॥

রাজ্ঞি! আমারও আব পূর্ব্বের ন্যায় রাজ্যশাসনে ইচ্ছা নাই; কিন্তু আমার মন এখন তপস্যাতেই সর্ব্বপ্রকারে অনুরক্ত হইয়াছে ॥৩০॥

পাঞ্চালাঃ সুভৃশং ক্ষীণাঃ কথামাত্রাবশেষিতাঃ।
ন তেষাং কুলকর্ত্তারং কঞ্চিৎ পশ্যাম্যহং শুভে ! ॥৩২॥
সর্বে হি ভস্মসান্নীতাস্তে দ্রোণেন রণাজিরে।
অবশিষ্টাশ্চ নিহতা দ্রোণপুত্রেণ বৈ নিশি।
চেদয়শ্চৈব মৎস্যাশ্চ দৃষ্টপূর্বাস্তথৈব নঃ ॥৩৩॥
কেবলং বৃষ্ণিচক্রঞ্চ বাসুদেবপরিগ্রহাৎ।
যদ্দৃষ্ট্বা স্থাতুমিচ্ছামি ধর্ম্মার্থং নার্থহেতুতঃ ॥৩৪॥
শিবেন পশ্য নঃ সর্ব্বান্ দুর্ল্লভং তব দর্শনম্।
অবিষহ্যঞ্চ রাজা হি তীব্রং চারপ্স্যতে তপঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

রাজ্যে বৃদ্ধ্যভাবং প্রতি হেতুমাহ শূন্যেতি। শূন্যা প্রায়েণ পুরুষরহিতা। পরিক্ষীণা যুদ্ধে ক্ষয়ং গতাঃ। নঃ অস্মাকম্ ॥৩১॥

বান্ধবানাং ক্ষয়মেবাহ পাঞ্চালা ইতি। কথামাত্র এব অবশেষিতা বিধাত্রেতি শেষঃ ॥৩২॥

সর্ব্ব ইতি। অবশিষ্টা ধৃষ্টদ্যুম্নাদয়ঃ। দৃষ্টপূর্ব্বা দ্রোণপুত্রনিহতত্বেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৩॥

কেবলমিতি। বৃষ্ণিচক্রং বৃষ্ণিবংশঃ, বাসুদেবপরিগ্রহাৎ কৃষ্ণাবলম্বনাৎ তিষ্ঠতীতি শেষঃ। ধর্ম্মার্থং রাজধর্ম্মরক্ষার্থম্ ॥৩৪॥

শুভদর্শনে! বীরশূন্যা এই সমগ্র পৃথিবীটাই আমার এখন আর প্রীতি উৎপাদন করে না; বিশেষতঃ, আমাদের বান্ধবগণ বিনষ্ট হইয়াছেন এবং আমাদের বলও আর পূর্ব্বের ন্যায় নাই ॥৩১॥

শুভদর্শনে! পাঞ্চালগণ অত্যন্ত ক্ষয় পাইয়া কেবল কথামাত্রে অবশিষ্ট রহিয়াছেন। আমি তাঁহাদের বংশরক্ষক কাহাকেও দেখিতেছি না ॥৩২॥

দ্রোণাচার্য্য সমস্ত পাঞ্চালকেই সমরাঙ্গনে সংহার করিয়াছিলেন। তৎপরে অবশিষ্ট যাঁহারা ছিলেন, অশ্বত্থামা তাঁহাদিগকেও রাত্রিতে সংহার করিয়াছেন এবং আমরা দেখিয়াছিলাম যে, অশ্বত্থামা সেই রাত্রিতে চেদিবংশীয় ও মৎস্য-বংশীয় বীরগণকেও বধ করিয়াছেন ॥৩৩॥

কেবল বৃষ্ণিবংশীয়েরা কৃষ্ণকে অবলম্বন করিয়া থাকায় অবশিষ্ট আছেন, যাঁহাদিগকে দেখিয়া আমি রাজধর্ম্ম পালনের জন্য থাকিতে ইচ্ছা করি; কিন্তু অন্য কোন প্রয়োজনে নহে ॥৩৪॥

---

(৩২)...কথামাত্রাবশেষিতাঃ—গি নি।

(৩৫) ভবিষ্যত্যথ! রাজা হি তীব্রং চারপ্স্যতে তপঃ—নি।

এতচ্ছ্রুত্বা মহাবাহুঃ সহদেবো যুধাংপতিঃ।
যুধিষ্ঠিরমুবাচেদং বাষ্পব্যাকুললোচনঃ ॥৩৬॥
নোৎসহেঽহং পরিত্যক্তুং মাতরং ভরতর্ষভ !।
প্রতিযাতু ভবান্ ক্ষিপ্রং তপস্তপ্স্যাম্যহং বনে ॥৩৭॥
ইহৈব শোষয়িষ্যামি তপসেদং কলেবরম্।
পাদশুশ্রূষণে যুক্তো রাজ্ঞো মাত্রোস্তথাঽনয়োঃ ॥৩৮॥
তমুবাচ ততঃ কুন্তী পরিষ্বজ্য মহাভুজম্।
গম্যতাং পুত্র ! মৈবং ত্বং বোচঃ কুরু বচো মম ॥৩৯॥
আগমা বঃ শিবাঃ সন্তু স্বস্থা ভবত পুত্রকাঃ !।
উপরোধো ভবেদেবমস্মাকং তপসঃ কৃতে ॥৪০॥

ভাবতকৌমুদী

শিবেনেতি। শিবেন মঙ্গলজনকেন চক্ষুষা। রাজা ধৃতরাষ্ট্রঃ, অবিসহ্যং তীব্রং তপ আরপ্স্যতে ॥৩৫॥

এতদিতি। যুধাংপতির্যোদ্ধৃশ্রেষ্ঠঃ। বাষ্পে। ব্যাকুলে ব্যাপ্তে লোচনে যস্য সঃ ॥৩৬॥

নেতি। নোৎসহে ন শক্নোমি, মাতরং কুন্তীম্। প্রতিযাতু হস্তিনাযাম্ ॥৩৭॥

ইহেতি। যুক্তঃ প্রবৃত্তঃ, রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য, মাত্রোঃ কুন্তীগান্ধার্য্যোঃ ॥৩৮॥

তমিতি। পরিষ্বজ্য আলিঙ্গ্য। ত্বমেবং মা বোচঃ ন কথয় ॥৩৯॥

আগমা ইতি। আগমা অত্রাগমনানি, শিবা মঙ্গলকরা, স্বস্থাঃ সুস্থদেহমনসঃ। উপরোধঃ অনুরোধঃ ॥৪০॥

দেবি! আপনি মঙ্গলময় দৃষ্টিতে আমাদিগকে দর্শন করুন। কারণ, আপনার দর্শন আমাদের দুর্ল্লভ। শীঘ্রই রাজা ধৃতরাষ্ট্র অসহ্য তীব্র তপস্যা আরম্ভ করিবেন' ॥৩৫॥

যুধিষ্ঠিরের এই কথা শুনিয়া মহাবাহু ও যোদ্ধৃশ্রেষ্ঠ সহদেব বাষ্পাকুলনেত্র হইয়া যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন—॥৩৬॥

'ভরতশ্রেষ্ঠ! আমি মাতাকে পরিত্যাগ করিতে পারিব না। আপনি সত্বর হস্তিনায় ফিরিয়া যান, আমি এই তপোবনে তপস্যা করিব ॥৩৭॥

আমি এই রাজার এবং এই দুই মাতার চরণশুশ্রূষায় নিরত থাকিয়া এই তপোবনেই তপস্যাদ্বারা এই দেহ শুষ্ক করিব' ॥৩৮॥

তাহার পর কুন্তী মহাবাহু সহদেবকে আলিঙ্গন করিয়া বলিলেন—'পুত্র! তুমি এরূপ বলিও না, আমার বাক্য রক্ষা কর, হস্তিনায় যাও ॥৩৯॥

---

(৩৮) পাদশুশ্রূষণে রক্তঃ—বঙ্গ বর্দ্ধ নি।

ত্বৎস্নেহপাশবদ্ধা চ হীয়েযং তপসঃ পরাৎ।
তস্মাৎ পুত্রক! গচ্ছ ত্বং শিষ্টমল্পঞ্চ নঃ প্রভো! ॥৪১॥
বৈশম্পায়ন উবাচ। *
এবং সংস্তম্ভিতং বাক্যৈঃ কুন্ত্যা বহুবিধৈর্ম্মনঃ।
সহদেবস্য রাজেন্দ্র! রাজ্ঞশ্চৈব বিশেষতঃ ॥৪২॥
তে মাত্রা সমনুজ্ঞাতা রাজ্ঞা চ কুরুপুঙ্গবাঃ।
অভিবাদ্য কুরুশ্রেষ্ঠমামন্ত্রয়িতুমারভন্ ॥৪৩॥
যুধিষ্ঠির উবাচ।
রাজ্যং প্রতি গমিষ্যামঃ শিবেন প্রতিনন্দিতাঃ।
অনুজ্ঞাতাস্ত্বযা রাজন্! গমিষ্যামো বিকল্মষাঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

ত্বদিতি। পরাদুত্তমাৎ তপসঃ, হীয়েয়ং ভ্রষ্টা ভবেয়ম্। নঃ অস্মাকম্, অল্পমায়ুঃ শিষ্টমবশিষ্টম্ ॥৪১॥

এবমিতি। সংস্তম্ভিতং স্বসমীপস্থিতৌ নিরুদ্ধম্। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য ॥৪২॥

ত ইতি। মাত্রা কুন্ত্যা, রাজ্ঞা ধৃতরাষ্ট্রেণ। কুরুশ্রেষ্ঠং ধৃতরাষ্ট্রম্ ॥৪৩॥

রাজ্যমিতি। শিবেন মঙ্গলাভিলাষিণা ভবতা। বিকল্মষা যুষ্মৎসংসর্গেণ নিষ্পাপাঃ ॥৪৪॥

পুত্রগণ! তোমাদের আগমন মঙ্গলজনক হউক, তোমরা সুস্থ থাক। তপস্যার জন্যই তোমাদের নিকটে আমাদের এইরূপ অনুরোধ ॥৪০॥

প্রভাবশালী পুত্র! তোমার স্নেহপাশে বদ্ধ থাকিয়া আমি গুরুতর তপস্যা হইতে ভ্রষ্ট হইব; অতএব তুমি এস্থান হইতে গমন কর, আমাদের আয়ুও আর অল্পই অবশিষ্ট আছে' ॥৪১॥

তখন উপস্থিত দেবগণ নারায়ণের স্থানে যাইতে না পারিয়া, মনে মনে তাঁহাকে স্মরণ করিতে থাকিয়া নিবৃত্তি পাইলেন এবং ব্রহ্মাদি দেবশ্রেষ্ঠগণ

---

* '...পঞ্চমোঽধ্যায়ঃ'—পি নি।

পঞ্চমোঽধ্যায়ঃ

—ঃ০ঃ—

বৈশম্পায়ন উবাচ।

দারুকোঽপি কুরূন্ গত্বা দৃষ্ট্বা পার্থান্ মহারথান্।
আচষ্ট মৌসলে বৃষ্ণীনন্যোন্যেনোপসংহৃতান্ ॥১॥
শ্রুত্বা বিনষ্টান্ বার্ষ্ণেয়ান্ সভোজান্ধককৌকুরান্।
পাণ্ডবাঃ শোকসন্তপ্তা বিত্রস্তমনসোঽভবন্ ॥২॥
ততোঽর্জ্জুনস্তানামন্ত্র্য কেশবস্য প্রিয়ঃ সখা।
প্রযযৌ মাতুলং দ্রষ্টুং নেদমস্তীতি চাব্রবীৎ ॥৩॥
স বৃষ্ণিনিলয়ং গত্বা দারুকেণ সহ প্রভো!।
দদর্শ দ্বারকাং বীরো মৃতনাথামিব স্ত্রিয়ম্ ॥৪॥

ভারতকৌমুদী

দারুক ইতি। কুরূন্ কুরুদেশম্, পার্থান্ কুন্তীপুত্রান্। মুসলস্যেদমিদমিতি মৌসলং ব্যসনং তস্মিন্ মুনিশাপজনিতেন মুসলেনোৎপাদিতায়াং বিপদীত্যর্থঃ। উপসংহৃতান্ বিনাশিতান্ ॥১॥

শ্রুত্বেতি। বিত্রস্তানি তৎস্ত্রীণাং রক্ষাবিষয়ে ভীতানি মনাংসি যেষাং তে ॥২॥

তত ইতি। তান্ অন্যপাণ্ডবান্। মাতুলং বসুদেবম্, ইদং যদুকুলম্ ॥৩॥

নারায়ণের গুণ কীর্ত্তন করিতে থাকিয়া আপন আপন মঙ্গলময় লোকে গমন করিলেন ॥৩৪॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—দারুকও কুরুদেশে যাইয়া মহারথ পাণ্ডবগণের সহিত সাক্ষাৎ করিয়া মুসলোৎপত্তিনিবন্ধন পরস্পর কর্ত্তৃক যদুবংশ বিনাশের বিষয় বলিল ॥১॥

ভোজ, অন্ধক ও কুকুরবংশীয়গণের সহিত বৃষ্ণিবংশীয়গণ বিনষ্ট হইয়াছেন শুনিয়া পাণ্ডবেরা শোকসন্তপ্ত হইলেন এবং তাঁহাদের মনও ভীত হইয়া পড়িল ॥২॥

তাহার পর কৃষ্ণের প্রিয়সখা অর্জ্জুন অন্যান্য পাণ্ডবের অনুমতি লইয়া মাতুল বসুদেবের সহিত সাক্ষাৎ করিবার জন্য দারুকের সহিত প্রস্থান করিলেন এবং বলিলেন—'সে যদুকুল আর নাই' ॥৩॥

যাঃ স্ম তা লোকনাথেন নাথবত্যঃ পুরাভবন্ ।
তাস্ত্বনাথাস্তদা নাথং পার্থং দৃষ্ট্বা বিচুক্রুশুঃ ॥৫॥
ষোড়শস্ত্রীসহস্রাণি বাসুদেবপরিগ্রহাঃ ।
তাসামাসীন্মহান্নাদো দৃষ্ট্বৈবার্জ্জুনমাগতম্ ॥৬॥
তাস্তু দৃষ্ট্বৈব কৌরব্যো বাষ্পেণাপিহিতেক্ষণঃ ।
হীনাঃ কৃষ্ণেন পুত্রৈশ্চ নাশকৎ সোঽভিবীক্ষিতুম্ ॥৭॥
স তাং বৃষ্ণ্যন্ধকজলাং হয়মীনাং রথোড়ুপাম্ ।
বাদিত্ররথঘোষৌঘাং বেশ্মতীর্থমহাগ্রহাম্ ॥৮॥
রত্নশৈবলসঙ্ঘাতাং বজ্রপ্রাকারমালিনীম্ ।
রথ্যাস্রোতোজলাবর্ত্তাং চত্বরস্তিমিতহ্রদাম্ ॥৯॥
রামকৃষ্ণমহাগ্রাহাং দ্বারকাং সরিতং তদা ।
কালপাশগ্রহাং ভীমাং নদীং বৈতরণীমিব ।১০॥
দদর্শ বাসবির্ধীমান্ বিহীনাং বৃষ্ণিপুঙ্গবৈঃ ।
গতশ্রিয়ং নিরানন্দাং পদ্মিনীং শিশিরে যথা ॥১১॥ (বলাপবম্)

ভারতকৌমুদী

স ইতি। বৃষ্ণীনাং নিলয়ং বাসস্থানম্। মৃতো নাথঃ পতির্যস্যাস্তাম্ ॥৪॥

যা ইতি। লোকনাথেন কৃষ্ণেন। "ধান্যেন ধনবান্" ইত্যাদিবদভেদে তৃতীয়া। নাথং রক্ষকম্, বিচুক্রুশুঃ মুক্তকণ্ঠং রুরুদুঃ ॥৫॥

ষোড়শেতি। বাসুদেবস্য কৃষ্ণস্য পরিগ্রহাঃ কলত্রাণি। "পরিগ্রহঃ কলত্রে চ মূল্য-স্বীকারয়োরপি" ইতি মেদিনী ॥৬॥

তা ইতি। কৌরব্যোঽর্জ্জুনঃ, বাষ্পেণাশ্রুণা অপিহিতে আবৃতে ঈক্ষণে চক্ষুষী যস্য সঃ ॥৭॥

স ইতি। বৃষ্ণ্যন্ধকা এব জলানি যস্যাস্তাম্, হযা অশ্বা এব মীনা যস্যাস্তাম্, রথা এব উড়ুপানি প্লবা যস্যাস্তাম্। বাদিত্রাণাং বাদ্যানাং রথানাঞ্চ ঘোষঃ শব্দ এব ওঘঃ প্রবাহশব্দো

রাজা! বীর অর্জ্জুন দারুকের সহিত বৃষ্ণিদের দেশে যাইয়া দেখিলেন—বিধবা স্ত্রীর ন্যায় দ্বারকানগরী পড়িয়া রহিয়াছে ॥৪॥

সেই যাঁহারা জগন্নাথ কৃষ্ণদ্বারা পূর্ব্বে নাথবতী ছিলেন, তখন সেই অনাথা নারীরা অর্জ্জুনকে নাথ দেখিয়া মুক্ত কণ্ঠে রোদন করিতে লাগিলেন ॥৫॥

কৃষ্ণের ষোড়শ সহস্র ভার্য্যা ছিলেন। অর্জ্জুনকে আগত দেখিয়াই তাঁহাদের বিশাল আর্ত্তনাদ উত্থিত হইল ॥৬॥

অর্জ্জুনও তাঁহাদিগকে দেখিয়াই অশ্রুসিক্ত নয়ন হইয়া পতিপুত্রবিহীন সেই নারীগণকে পূর্ণভাবে দেখিতে সমর্থ হইলেন না ॥৭॥

তাং দৃষ্ট্বা দ্বারকাং পার্থস্তাশ্চ কৃষ্ণস্য যোষিতঃ।
সস্বনং বাষ্পমুৎসৃজ্য নিপপাত মহীতলে ॥১২॥
সাত্রাজিতী ততঃ সত্যা রুক্মিণী চ বিশাংপতে!।
অভিপত্য প্ররুরুদুঃ পরিবার্য্য ধনঞ্জয়ম্ ॥১৩॥
ততস্তং কাঞ্চনে পীঠে সমুত্থাপ্যোপবেশ্য চ।
অভিনন্দ্য মহাত্মানং পরিবার্য্যোপতস্থিরে ॥১৪॥

ভারতকৌমুদী

যস্যাস্তাম্, বেশ্মানি গৃহাণি তীর্থানি ঘট্টসমূহাশ্চ মহান্তো গ্রহা গ্রাহা যস্যাস্তাম্। রত্নান্যেব শৈবলানি তেষাং সঙ্ঘাতঃ সমূহো যস্যাং তাম্, বজ্রপ্রাকারা হীরকখচিতপ্রাচীরাণ্যেব মালা শুক্তিকা স্রক্ সা অস্যা অস্তীতি তাম্। রথ্যা এব স্রোতোজলানি তেষাবর্ত্তা জলভ্রমির্যস্যাং তাম্, চত্বরাণ্যেব স্তিমিতহ্রদা নিশ্চলগর্ত্তা যস্যাস্তাম্, রামকৃষ্ণাবেব মহাগ্রাহৌ বিশালজলজন্তু যস্যাং তাম্, সরিতং নদীরূপাং দ্বারকাম্। অত্র "মুখং তব কুরঙ্গাক্ষি! সরোজমিতি নান্যথা" ইতি দর্পণোদাহৃতবৎ সমাসাভাবেঽপি রূপকম্। কালস্তাদৃশদুঃসময়ঃ পাশ ইব তং গৃহ্লাতীতি তাম্। বাসবস্যাপত্যমিতি বাসবির্জ্জুনঃ। শিশিরে শীতকালে ॥৮—১১॥

তামিতি। সস্বনং রোদনশব্দসহিতং যথা স্যাত্তথা ॥১২॥

সাত্রেতি। সত্রাজিতোঽপত্যং স্ত্রীতি সাত্রাজিতী, সত্যা সত্যভামা। অভিপত্য দ্রুতমুপেত্য ॥১৩॥

তখন অর্জ্জুন একটী নদীস্বরূপা দ্বারকানগরী দর্শন করিলেন। বৃষ্ণি ও অন্ধকবংশীয় ব্যক্তিগণ তাহার জল, অশ্ব সকল তাহার মৎস্য, রথগুলি ভেলা, বাদ্যের ও রথের শব্দই প্রবাহের শব্দ, গৃহ ও ঘট্ট বিশাল জলজন্তু, রত্নই শৈবাল (শেওলা), হীরকখচিত প্রাচীর ঝিনুকরাশি, রথ্যা সকল স্রোত, চতুষ্পথগুলি আবর্ত্ত, চত্বরগুলি নিশ্চল হ্রদ এবং রাম ও কৃষ্ণরূপ বিশাল জলজন্তু ছিল; অথবা ভীষণ বৈতরণী নদীর ন্যায় দ্বারকানগরী অর্জ্জুনের দৃষ্টিগোচর হইল। সেই দুঃসময়ই তাহাকে কালপাশের ন্যায় ছিল। সেই দ্বারকায় তখন বৃষ্ণিশ্রেষ্ঠেরা ছিলেন না, তাহার সৌন্দর্য্য তিরোহিত হইয়াছিল, কোন উৎসবও ছিল না; সুতরাং ধীমান্ অর্জ্জুন শীতকালে পদ্মিনীর ন্যায় সেই দ্বারকানগরী দর্শন করিয়াছিলেন ॥৮—১১॥

অর্জ্জুন সেই দ্বারকানগরী এবং কৃষ্ণের সেই ভার্য্যাগণকে দেখিয়া মুক্ত কণ্ঠে রোদন করিয়া ভূতলে পতিত হইলেন ॥১২॥

রাজা! তদনন্তর সত্রাজিতের তনয়া সত্যভামা এবং রুক্মিণী সত্বর আসিয়া অর্জ্জুনকে পরিবেষ্টন করিয়া রোদন করিতে লাগিলেন ॥১৩॥

---

(১৪) অক্রুবন্ত্যো মহাত্মানং—পি বঙ্গ বর্দ্ধ সো।

ততঃ সংস্তূয় গোবিন্দং কথয়িত্বা চ পাণ্ডবঃ।
আশ্বাস্য তাঃ স্ত্রিয়শ্চাপি মাতুলং দ্রষ্টুমভ্যগাৎ ॥১৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং মৌসল-
পর্ব্বণি অর্জ্জুনাগমনে পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

ষষ্ঠোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।
তং প্রবিষ্টং মহাত্মানং বীরমানকদুন্দুভিঃ।
পুত্রশোকেন সন্তপ্তো দদর্শ কুরুপুঙ্গবম্ ॥১॥

ভারতকৌমুদী

তত ইতি। তং পার্থম্। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥১৪॥

তত ইতি। সংস্তূয় প্রশস্য, কথয়িত্বা নিজবৃত্তান্তমিতি শেষঃ। মাতুলং বসুদেবম্ ॥১৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং মৌসলপর্ব্বণি পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তমিতি। আনকদুন্দুভির্বসুদেবঃ। "বসুদেবোঽস্য জনকঃ স এবানকদুন্দুভিঃ" ইত্যমরঃ। কুরুপুঙ্গবমর্জ্জুনম্ ॥১॥

তৎপরে অন্যান্য স্ত্রীগণ আসিয়া মহাত্মা অর্জ্জুনকে তুলিয়া স্বর্ণময় আসনে বসাইয়া পরিবেষ্টনপূর্ব্বক অভিনন্দিত করিয়া উপস্থিত রহিলেন ॥১৪॥

তাহার পর অর্জ্জুন কৃষ্ণের প্রশংসা করিয়া, আপনাদের সংবাদ বলিয়া, সেই স্ত্রীগণকে আশ্বাস দিয়া মাতুল বসুদেবের সহিত সাক্ষাৎ করিবার জন্য গমন করিলেন ॥১৫॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—বীর, মহাত্মা ও কৌরবশ্রেষ্ঠ অর্জ্জুন প্রবেশ করিলে, পুত্রশোকসন্তপ্ত বসুদেব তাঁহাকে দর্শন করিলেন ॥১॥

---

* '...ষষ্ঠোঽধ্যায়ঃ'—পি নি।

(১) তং শয়ানং মহাত্মানং বীরমানকদুন্দুভিম্। পুত্রশোকেন সন্তপ্তং দদর্শ কুরুপুঙ্গবঃ ॥ পি বঙ্গ বর্দ্ধ সো।

তস্যাশ্রুপরিপূর্ণাক্ষো ব্যূঢ়োরস্কো মহাভুজঃ।
আর্ত্তস্যার্ত্ততরঃ পার্থঃ পাদৌ জগ্রাহ ভারত। ॥২॥
তস্য মূর্দ্ধানমাঘ্রাতুমিয়েষানকদুন্দুভিঃ।
স্বস্রীয়স্য মহাবাহুর্ন শশাক চ শত্রুহন্। ॥৩॥
সমালিঙ্গ্যার্জ্জুনং বৃদ্ধঃ স ভুজাভ্যাং মহাভুজঃ।
রুরোদাথ স্মরন্ শৌরিং বিললাপ সুবিহ্বলঃ ॥৪॥
ভ্রাতৄন্ পুত্রাংশ্চ পৌত্রাংশ্চ দৌহিত্রান্ স সখীনপি।
সুবৃত্তানথ দুর্বৃত্তানাত্মীয়ান্ স্বজনাংস্তথা ॥৫॥ (যুগ্মকম্)

বসুদেব উবাচ।

যৈর্জ্জিতা ভূমিপালাশ্চ দৈত্যাশ্চ শতশোঽর্জ্জুন।।
তান্ সর্ব্বানেহ পশ্যামি জীবাম্যর্জ্জুন। দুর্ম্মনাঃ ॥৬॥

ভারতকৌমুদী

তস্যেতি। ব্যূঢ়ং ঘনমুরো বক্ষো যস্য সঃ। আর্ত্ততরঃ শোকাদধিকপীড়িতঃ ॥২॥

তস্যেতি। স্বস্রীয়স্য ভগিনীপুত্রস্য, ন শশাক উত্থাতুমশক্তত্বাৎ, শত্রুহন্নিতি বৈশম্পায়নসম্বোধনম্ ॥৩॥

সমিতি। স আনকদুন্দুভিঃ। সুবিহ্বলঃ অতীবশোকাকুলঃ। সুবৃত্তান্ সচ্চরিত্রান্, দুর্বৃত্তান্ দুশ্চরিত্রান্ ॥৪—৫॥

যৈরিতি। যৈর্যাদবৈঃ। দুর্ম্মনাঃ শোকাদ্দুঃখিতচিত্তঃ ॥৬॥

ভরতনন্দন! কঠিনবক্ষা, মহাবাহু ও অত্যন্ত শোকার্ত্ত অর্জ্জুন অশ্রুপূর্ণ নেত্রে যাইয়া শোকার্ত্ত বসুদেবের চরণযুগল ধারণ করিলেন ॥২॥

শত্রুহন্তা রাজা! মহাবাহু বসুদেব ভাগিনেয় অর্জ্জুনের মস্তকাঘ্রাণ করিবার ইচ্ছা করিলেন বটে; কিন্তু পারিলেন না ॥৩॥

তখন বৃদ্ধ ও মহাবাহু বসুদেব বাহুযুগলদ্বারা অর্জ্জুনকে আলিঙ্গন করিয়া কৃষ্ণকে স্মরণপূর্ব্বক অত্যন্ত শোকাকুল অবস্থায় রোদন করিতে লাগিলেন এবং সুবৃত্ত ও দুর্বৃত্ত ভ্রাতা, পুত্র, পৌত্র, দৌহিত্র, সখা, আত্মীয় ও স্বজনদিগকে স্মরণ করিয়া বিলাপ করিতে থাকিলেন ॥৪—৫।

বসুদেব বলিলেন—'অর্জ্জুন! যাহারা শত শত রাজা ও দৈত্যকে জয় করিয়াছিল, এখন তাহাদের সকলকে দেখিতেছি না; অথচ অর্জ্জুন! আমি শোকাকুলচিত্ত হইয়া এখনও জীবন ধারণ করিতেছি ॥৬॥

---

(৫) দ্বিতীয়ার্দ্ধং বঙ্গ বর্দ্ধ সো নি নাস্তি।

যৌ তাবৰ্জ্জুনশিষ্যৌ তে প্রিয়ৌ বহুমতৌ সদা।
তয়োরপনয়াৎ পার্থ! বৃষ্ণয়ো নিধনং গতাঃ ॥৭॥
যৌ তৌ বৃষ্ণিপ্রবীরাণাং দ্বাবেবাতিরথৌ মতৌ।
প্রদ্যুম্নো যুযুধানশ্চ কথয়ন্ কত্থসে চ যৌ ॥৮॥
তৌ সদা কুরুশার্দ্দূল! কৃষ্ণস্য প্রিয়ভাজনৌ।
তাবুভৌ বৃষ্ণিনাশস্য মুখমাস্তাং ধনঞ্জয়! ॥৯॥ (যুগ্মকম্)
ন তু গর্হামি শৈনেয়ং হার্দ্দিক্যং চাহমর্জ্জুন!।
অক্রূরং রৌক্মিণেয়ঞ্চ শাপো হ্যেবাত্র কারণম্ ॥১০॥
কেশিনং যস্তু কংসঞ্চ বিক্রম্য হতবান্ প্রভুঃ।
বিদেহমকরোৎ পার্থ! চৈদ্যঞ্চ বলগর্ব্বিতম্ ॥১১॥
নৈষাদিমেকলব্যঞ্চ চক্রে কালিঙ্গমাগধান্।
গান্ধারান্ কাশিরাজঞ্চ মরুভূমৌ চ পার্থিবান্ ॥১২॥
প্রাচ্যাংশ্চ দাক্ষিণাত্যাংশ্চ পার্ব্বতীয়াংস্তথা নৃপান্।
সোঽভ্যুপেক্ষিতবানেবমনয়াম্মধুসূদনঃ ॥১৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

যাবিতি। শিষ্যৌ যুদ্ধশিক্ষায়াং শাসনীয়ৌ সাত্যকিপ্রদ্যুম্নৌ। অপনয়াদ্দুর্ব্যবহারাৎ; স চ প্রাগুক্তঃ ॥৭॥

যাবিতি। কথয়ন্ বীরসভাসামুল্লিখন্, কত্থসে গুরুত্বাদাত্মশ্লাঘাং করোষি। মুখমাস্যং কারণম্ ॥৮—৯॥

নেতি। শৈনেয়ং বিবাদোত্থাপকং সাত্যকিম্, হার্দ্দিক্যং কৃতবর্ম্মাণম্। রৌক্মিণেয়ং প্রদ্যুম্নম্ ॥১০॥

অর্জ্জুন! সেই যাহারা তোমার প্রিয়শিষ্য ও সর্ব্বদা আদৃত ছিল, পৃথানন্দন! তাহাদেরই দুর্ব্যবহারে বৃষ্ণিবংশীয়েরা নিধন প্রাপ্ত হইয়াছে ॥৭॥

কৌরবশ্রেষ্ঠ অর্জ্জুন! সেই যে দুইজন বৃষ্ণিবংশীয় শ্রেষ্ঠ বীরগণের মধ্যে অতিরথ বলিয়া সকলের অভিমত ছিল এবং তুমি যে প্রদ্যুম্ন ও সাত্যকির কথা বলিয়া আত্মশ্লাঘা করিতে, কৃষ্ণের সর্ব্বদা প্রীতির পাত্র, সেই প্রদ্যুম্ন ও সাত্যকি যদুবংশ ধ্বংসের প্রথম কারণ হইয়াছিল ॥৮—৯॥

অর্জ্জুন! সাত্যকি, কৃতবর্ম্মা, অক্রূর ও প্রদ্যুম্নকে আমি নিন্দা করি না। কারণ, এই যদুবংশ ধ্বংসে গান্ধারী ও মুনিগণের শাপই কারণ ॥১০॥

---

(১১) বিক্রম্য জগতঃ প্রভুঃ—পি বঙ্গ বর্দ্ধ সো।

ত্বং হি তং নারদশ্চৈব মুনয়শ্চ সনাতনম্।
গোবিন্দমনঘং দেবমভিজানীধ্বমচ্যুতম্ ॥১৪॥
প্রত্যপশ্যচ্চ স বিভুর্জ্ঞাতিক্ষয়মধোক্ষজঃ।
সমুপেক্ষিতবান্নিত্যং স্বয়ং স মম পুত্রকঃ ॥১৫॥
গান্ধার্য্যা বচনং যত্তদৃষীণাঞ্চ পরন্তপ!।
তন্ন নমন্যথা কর্ত্তুং নৈচ্ছৎ স জগতঃ প্রভুঃ ॥১৬॥
যোঽসৌ সঙ্কল্পমাত্রেণ সৃষ্টিস্থিতিলয়ান্ প্রভুঃ।
বিদধাত্যপ্রমেয়াত্মা স নৈচ্ছৎ স্বকুলস্থিতিম্ ॥১৭॥

ভারতকৌমুদী

কেশিনমিতি। বিদেহং নিহতম্, চৈত্তং চেদিদেশপতিং শিশুপালম্। নৈষাদিং নিষাদপুত্রম্ একলব্যং নাম। বিদেহং চক্র ইতি সম্বন্ধঃ। কালিঙ্গাদীংশ্চ বিদেহানকরোৎ। তনয়ান্ যাদবানাং দুর্নীতীঃ ॥১১—১৩॥

ত্বমিতি। অচ্যুতং নারায়ণং যূয়মভিজানীধ্বম্ ॥১৪॥

প্রতীতি। অধোক্ষজো নারায়ণঃ। ইদমতীববিস্ময়করমিতি ভাবঃ ॥১৫॥

গান্ধার্য্যা ইতি। বচনং শাপবাক্যম্। গান্ধারীবচনং স্ত্রীপর্ব্বণি ঋষীণাং বচনঞ্চাস্মিন্ পর্ব্বণি দ্রষ্টব্যম্ ॥১৬॥

ভারতভাবদীপঃ

তং শয়ানমিতি ॥১—৫॥ শিষ্ঠৌ প্রদ্যুম্নসাত্যকী ॥৬—১১॥ কাশিরাজং পৌণ্ড্রকম্ ॥১২॥ এতং বংশক্ষয়ম্ অনয়াৎ বালানামপবাধাৎ সত্যপি সামর্থ্যে উপেক্ষাকরণমনয়স্তস্মাদ্ধা ॥১৩॥

পৃথানন্দন! যিনি বিক্রম প্রকাশ করিয়া কেশী, কংস, বলগর্ব্বিত শিশুপাল ও নিষাদপুত্র একলব্যকে বধ করিয়াছিলেন এবং কলিঙ্গরাজ, মগধরাজ, গান্ধারদেশীয় বীরগণ, কাশিরাজ, মরুভূমির রাজগণ, পূর্ব ও দক্ষিণদেশীয় রাজগণ এবং পার্ব্বত্যরাজগণকে জয় করিয়াছিলেন; সেই প্রভাবশালী মধুসূদন এইরূপ দুর্নীতি উপেক্ষা করিয়াছেন ॥১১—১৩॥

অর্জ্জুন! তুমি, নারদ ও অন্যান্য মুনিগণ—তোমরা সেই কৃষ্ণকে নিষ্পাপ, সনাতন, নারায়ণ বলিয়া অবগত ছিলে ॥১৪॥

আমার পুত্র অথচ প্রভু নারায়ণ নিজে প্রত্যক্ষ জ্ঞাতিক্ষয় দেখিয়াছেন এবং উপেক্ষা করিয়াছেন ॥১৫॥

শত্রুসন্তাপক অর্জ্জুন! গান্ধারীর ও ঋষিগণের সেই যে অভিসম্পাত হইয়াছিল, জগদীশ্বর সেই নারায়ণ তাহার অন্যথা করিতে ইচ্ছা করেন নাই ॥১৬॥

---

(১৭) ইতঃ প্রভৃতি শ্লোকত্রয়ং বঙ্গ বর্দ্ধ নি সো নাস্তি।

ঋষয়ো যৎ প্রসাদেন সিধ্যন্তি তপসি স্থিতাঃ।
স ঋষীণাং হি বচনং নান্যথা কর্ত্তুমৈহত ॥১৮॥
যশ্চ ভ্রূভঙ্গিমাত্রেণ সর্বান্ বারয়িতুং ক্ষমঃ।
স সাক্ষাৎ কলহে বৃত্তান্ নিঃসঙ্গবদুপৈক্ষত ॥১৯॥
প্রত্যক্ষং ভবতশ্চাপি তব পৌত্রঃ পরন্তপ!।
অশ্বত্থাম্না হতশ্চাপি জীবিতস্তস্য তেজসা ॥২০॥
পরস্পরং হন্যমানান্ সর্ব্বান্ প্রত্যক্ষমাত্মনঃ।
ইমাংস্তু নৈচ্ছৎ স্বান্ জ্ঞাতীন্ রক্ষিতুঞ্চ সখা তব ॥২১॥
ততঃ পুত্রাংশ্চ পৌত্রাংশ্চ ভ্রাতৄনথ সখীংস্তথা।
শয়ানান্ নিহতান্ দৃষ্ট্বা কৃষ্ণো মামব্রবীদিদম্ ॥২২॥

ভারতকৌমুদী

য ইতি। প্রভুঃ সর্ব্বশক্তিমান্। অপ্রমেয়াত্মা অজ্ঞেয়স্বরূপঃ ॥১৭॥

ঋষয় ইতি। বচনং শাপবাক্যম্, ঐহত অচেষ্টত ॥১৮॥

য ইতি। ক্ষমঃ সমর্থোঽভূৎ। বৃত্তান্ কৃতারম্ভান্, নিঃসঙ্গবৎ উদাসীন ইব ॥১৯॥

প্রত্যক্ষমিতি। পৌত্রঃ পরীক্ষিৎ। তেজসা প্রভাবেণ। বৃত্তান্তোঽয়মশ্বমেধপর্ব্বণি দ্রষ্টব্যঃ ॥২০॥

পরস্পরমিতি। স্বান্ স্বকীযান্, তব সখা কৃষ্ণঃ ॥২১॥

তত ইতি। শযানান্ ভূতলে শয়িতান্ ॥২২॥

সেই যিনি ইচ্ছামাত্রেই জগতের সৃষ্টি, স্থিতি ও লয় করিয়া থাকেন, অজ্ঞেয়স্বরূপ সেই নারায়ণ আপন বংশের স্থায়িত্ব ইচ্ছা করেন নাই ॥১৭॥

তপস্যায় প্রবৃত্ত ঋষিরা যাঁহার অনুগ্রহে সিদ্ধি লাভ করেন, তিনিই ঋষিদের বাক্যের অন্যথা করিবার চেষ্টা করেন নাই ॥১৮॥

যিনি কেবল ভ্রূভঙ্গিদ্বারাই সকলকে নিবারণ করিতে পারিতেন, তিনি নিজের সাক্ষাতে কলহে প্রবৃত্ত যাদবগণকে নিঃসম্পর্ক ব্যক্তির ন্যায় উপেক্ষা করিয়াছেন ॥১৯॥

শত্রুসন্তাপক অর্জ্জুন! তোমার পৌত্র পরীক্ষিৎ অশ্বত্থামার ঐষীকাস্ত্রে নিহত হয়, আবার কৃষ্ণের প্রভাবে তোমার প্রত্যক্ষে সেই বালক জীবন লাভ করে ॥২০॥

নিজের সাক্ষাতে নিজের এই সকল জ্ঞাতি পরস্পর বধ করিতেছিল; কিন্তু তোমার সখা সেই কৃষ্ণ ইহাদিগকে রক্ষা করিবার ইচ্ছা করেন নাই ॥২১॥

(২১) প্রথমার্দ্ধঃ বঙ্গ বর্দ্ধ সো নি নাস্তি। (২২)…ততো মামব্রবীদিদম্—পি বঙ্গ বর্দ্ধ সো।

সংপ্রাপ্তোঽন্তায়মস্তান্তঃ কুলস্য ভরতর্ষভঃ।
আগমিষ্যতি বীভৎসুরিমাং দ্বারবতীং পুরীম্ ॥২৩॥
আখ্যেয়ং তস্য যদ্বৃত্তং বৃষ্ণীনাং বৈশসং মহৎ।
তদানন্তরকর্ত্তব্যং স কুর্য্যাৎ সুমহামনাঃ ॥২৪॥
স তু শ্রুত্বা মহাতেজা যদূনাং নিধনং প্রভো!।
আগন্তা ক্ষিপ্রমেবেহ ন মেঽত্রাস্তি বিচারণা ॥২৫॥
যোঽহং তমর্জ্জুনং বিদ্ধি যোঽর্জ্জুনঃ সোঽহমেব তু।
যদ্ব্রূয়াত্তত্তথা কার্য্যমিতি বুধ্যস্ব ভারতঃ ॥২৬॥

ভারতকৌমুদী

সমিতি। অন্তো নাশঃ। বীভৎসুরর্জ্জুনঃ ॥২৩॥

আখ্যেয়মিতি। আখ্যেয়ং ভবতা বক্তব্যম্, তস্য বীভৎসোরন্তিকে, বৃত্তং জাতম্, বৈশসং বিনাশঃ ॥২৪॥

অথার্জ্জুনশ্চেৎ নাগচ্ছেদিত্যাহ স ইতি। আগন্তা আগমিষ্যতি ॥২৫॥

অর্জ্জুনস্যাগমননিশ্চয়ে হেতুমাহ য ইতি। অর্জ্জুনো মে পরমসুহৃদিতি ভাবঃ। ভারতো ভরতবংশীয়োঽর্জ্জুনঃ যদ্ব্রূয়াৎ ভবতা তথা তৎকার্য্যম্ ॥২৬॥

ভারতভাবদীপঃ

সামর্থ্যমেবাহ—ত্বমিতি ॥১৪—২৫॥ যোঽহমিতি। নরনারায়ণয়োর্জীবপরমাত্মনোর্ব্যতিহারেণ ভগবতা ভেদ উক্তস্তং জানন্নপি বসুদেবো ন শোকং মুক্তবানিত্যাশ্চর্য্যং ভগবন্মায়াবলমিতি

তাহার পর পুত্র, পৌত্র, ভ্রাতা ও সখিগণ নিহত হইয়া ভূতলে শয়ন করিয়াছে ইহা দেখিয়া, কৃষ্ণ আসিয়া আমাকে এই কথা বলিয়াছিলেন—॥২২॥

'আজ যদুবংশের এই ধ্বংস হইয়াছে। ভরতবংশশ্রেষ্ঠ অর্জ্জুন এই দ্বারকা-নগরীতে আসিবেন ॥২৩॥

এই বৃষ্ণিবংশের যে ভীষণ ধ্বংস হইল, তাহা আপনি অর্জ্জুনের নিকটে বলিবেন। তখন সেই মহামনা অর্জ্জুন পরকর্ত্তব্য করিবেন ॥২৪॥

প্রভু! মহাতেজা অর্জ্জুন যদুবংশ ধ্বংস শুনিয়া সত্বরই এই দ্বারকানগরীতে আসিবেন, এ বিষয়ে আমার কোন সন্দেহ নাই ॥২৫॥

পিতা! আপনি ইহা অবগত হউন যে, যে আমি, সেই অর্জ্জুন এবং যে অর্জ্জুন, আমিও সেই-ই; অতএব ভরতনন্দন অর্জ্জুন আসিয়া যাহা বলিবেন, আপনি সেইভাবে তাহা করিবেন, ইহা বুঝিয়া রাখুন ॥২৬॥

---

(২৪) শেষার্দ্ধঃ বঙ্গ বর্দ্ধ সো নি নাস্তি। (২৬)...ইতি বুধ্যস্ব ভারত!—বঙ্গ বর্দ্ধ সো।

স স্ত্রীষু প্রাপ্তকালাসু পাণ্ডবো বালকেষু চ।
প্রতিপৎস্যতি বীভৎসুর্ভবতশ্চৌর্দ্ধদেহিকম্ ॥২৭॥
ইমাঞ্চ নগরীং সদ্যঃ প্রতিযাতে ধনঞ্জয়ে।
প্রাকারাট্টালকোপেতাং সমুদ্রঃ প্লাবয়িষ্যতি ॥২৮॥
অহং দেশে তু কস্মিংশ্চিৎ পুণ্যে নিয়মমাস্থিতঃ।
কালং কাঙ্ক্ষে সদ্য এব রামেণ সহিতো বনে ॥২৯॥
এবমুক্ত্বা হৃষীকেশো মামচিন্ত্যপরাক্রমঃ।
হিত্বা মাং বালকৈঃ সার্দ্ধং দিশং কামপ্যগাৎ প্রভুঃ ॥৩০॥
সোঽহং তৌ চ মহাত্মানৌ চিন্তয়ন্ রামকেশবৌ।
ঘোরং জ্ঞাতিবধঞ্চৈব ন ভুঞ্জে শোককর্ষিতঃ ॥৩১॥

ভারতকৌমুদী

স ইতি। প্রাপ্তকালাসু মৃতাসু। প্রতিপৎস্যতি সম্পাদয়িষ্যতি ॥২৭॥
ভাবিনীমবস্থামাহ ইমামিতি। প্রতিযাতে হস্তিনাং প্রতি গতে ॥২৮॥
অহমিতি। নিয়মং তপস্যাব্রতম্। কালম্ আয়ুঃশেষসময়ম্ ॥২৯॥
এবমিতি। বালকৈঃ সার্দ্ধমিতি কৃষ্ণে প্রস্থিতে বালকাস্তমন্বগচ্ছন্নিত্যর্থঃ ॥৩০॥
স ইতি। ঘোরং জ্ঞাতিবধঞ্চ চিন্তয়ন্নিতি সম্বন্ধঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

ভাবঃ ॥২৬—২৮॥ কালং মৃত্যুমাত্মনঃ কর্ত্তা করিষ্যামি, সত্য ইত্যনেন সদ্বাক্যে সংশয়ো ন কর্ত্তব্য ইত্যুক্তম্ ॥২৯—৩৩॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে মৌসলপর্ব্বণি ষষ্ঠোঽধ্যায়ঃ ॥৬॥

স্ত্রীলোকগণ, বালকগণ এবং আপনি কালপ্রাপ্ত হইলে, পাণ্ডুনন্দন সেই অর্জ্জুন আপনাদের ঔর্দ্ধদেহিক কার্য্য করিবেন ॥২৭॥

অর্জ্জুন চলিয়া গেলে সমুদ্র সদ্যই প্রাচীর ও অট্টালিকার সহিত এই দ্বারকানগরীকে প্লাবিত করিবে ॥২৮॥

আমি রামের সহিত বনে কোন পবিত্র স্থানে নিয়ম অবলম্বন করিয়া সদ্যই কালপ্রাপ্তির আকাঙ্ক্ষা করি' ॥২৯॥

অর্জ্জুন! অচিন্ত্যপরাক্রম ও প্রভাবশালী কৃষ্ণ এইরূপ বলিয়া আমাকে পরিত্যাগ করিয়া বালকগণের সহিত কোন দিকে চলিয়া গিয়াছেন ॥৩০॥

---

(২৯) কালং কর্ত্তা সত্য এব—পি বঙ্গ বৰ্দ্ধ সো।
(৩১)…চিন্তয়ন্ ভ্রাতরৌ তব—পি বঙ্গ বৰ্দ্ধ সো।

ন ভোক্ষ্যে ন চ জীবিষ্যে দিষ্ট্যা প্রাপ্তোঽসি পাণ্ডব ! ।
যদুক্তং পার্থ ! কৃষ্ণেন তৎসর্বমখিলং কুরু ॥৩২॥
এতত্তে পার্থ ! রাজ্যঞ্চ স্ত্রিয়ো রত্নানি চৈব হি।
ইষ্টান্ প্রাণানহং হীমাংস্ত্যক্ষ্যামি রিপুসূদন ! ॥৩৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং মৌসল-
পর্ব্বণি অর্জ্জুনবসুদেবসংবাদে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

সপ্তমোঽধ্যায়ঃ

—:০:—

বৈশম্পায়ন উবাচ।
এবমুক্তঃ স বীভৎসুর্মাতুলেন পরন্তপ ! ।
দুর্ম্মনা দীনবদনং বসুদেবমুবাচ হ ॥১॥

ভারতকৌমুদী

নেতি। ন ভোক্ষ্যে শোকাতিশয়াৎ ন ভক্ষয়িষ্যামি, তথা চ সতি ন জীবিষ্যে, দিষ্ট্যা ভাগ্যেন। অখিলং নির্ব্বিঘ্নম্ ॥৩২॥

এতদিতি। এতদ্রাজ্যং রত্নঞ্চ ইমাঃ স্ত্রিয়শ্চ তে তবাধীনাঃ, অতঃ খল্বেষাং সুব্যবস্থাং যথেষ্টং কর্ত্তুমর্হসীতি ভাবঃ ॥৩৩॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযাং মৌসলপর্ব্বণি ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

এবমিতি। বীভৎসুরর্জ্জুনঃ। দীনবদনং বিষাদেন মলিনমুখম্ ॥১॥

সেই আমি মহাত্মা রাম ও কৃষ্ণের এবং ভয়ঙ্কর জ্ঞাতিবধের চিন্তা করিতে থাকিয়া শোকক্লিষ্ট হইয়া ভোজনই করি না ॥৩১॥

পাণ্ডুনন্দন ! আমি ভোজন করিব না, জীবিতও থাকিব না ; ভাগ্যবশতঃ তুমি উপস্থিত হইয়াছ ; অতএব পৃথানন্দন ! কৃষ্ণ যাহা যাহা বলিয়াছেন, তুমি সেই সমস্ত কার্য্য নির্ব্বিঘ্নে সম্পাদন কর ॥৩২॥

রিপুদমন পৃথানন্দন ! এই রাজ্য ও রত্ন এবং এই স্ত্রীলোক সকল এখন তোমারই অধীন। প্রিয় হইলেও আমি এই প্রাণ ত্যাগ করিব' ॥৩৩॥

---

(৩২) ন মোক্ষ্যে ন চ জীবিষ্যে—নি। * '...সপ্তমোঽধ্যায়ঃ'—পি নি।

নাহং বৃষ্ণিপ্রবীরেণ বন্ধুভিশ্চৈব মাতুল ! ।
বিহীনাং পৃথিবীং দ্রষ্টুং শক্যামীহ কথঞ্চন ॥২॥
রাজা চ ভীমসেনশ্চ সহদেবশ্চ পাণ্ডবঃ ।
নকুলো যাজ্ঞসেনী চ ষড়েকমনসো বয়ম্ ॥৩॥
রাজ্ঞঃ সংক্রমণে চাপি কালোঽয়ং নিত্যমেব হি ।
তমিমং বিদ্ধি সম্প্রাপ্তং কালং কালবিদাংবর ! ॥৪॥
সর্ব্বথা বৃষ্ণিদারাংস্তু বালং বৃদ্ধং তথৈব চ ।
নয়িষ্যে পরিগৃহ্যাহমিন্দ্রপ্রস্থমরিন্দম ! ॥৫॥
ইত্যুক্ত্বা দারুকমিদং বাক্যমাহ ধনঞ্জয়ঃ ।
অমাত্যান্ বৃষ্ণিবীরাণাং দ্রষ্টুমিচ্ছামি মা চিরম্ ॥৬॥

ভারতকৌমুদী

নেতি। বৃষ্ণিপ্রবীরেণ কৃষ্ণেন, বন্ধুভিঃ সাত্যকিপ্রভৃতিভিঃ ॥২॥

রাজেতি। রাজা যুধিষ্ঠিরঃ। পাণ্ডবোঽহম্। ষণ্ণামেকমনস্কতয়া যদহং করোমি, তে পঞ্চাপি তদেব করিষ্যন্তীতি ভাবঃ ॥৩॥

রাজ্ঞ ইতি। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য, সংক্রমণে বৃষ্ণিদারাদীনাম্ ইন্দ্রপ্রস্থপ্রাপণে। তং সংক্রমণোচিতম্ ॥৪॥

অতএবাহ সর্ব্বথেতি। বৃষ্ণিদারান্ বৃষ্ণিবংশীয়ানাং কলত্রাণি ॥৫॥

ইতীতি। মা চিরং তেষামানয়নে বিলম্বং ন কুরু ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—শত্রুসন্তাপক রাজা! মাতুল বসুদেব এইরূপ বলিলে, দুঃখিত চিত্ত অর্জ্জুন শোকবশতঃ মলিনবদন বসুদেবকে বলিলেন—॥১॥

'মাতুল! বৃষ্ণিবংশপ্রবীর কৃষ্ণ এবং সাত্যকিপ্রভৃতি বন্ধুগণ না থাকায়, এখানে থাকিয়া আমি কোন প্রকারেই পৃথিবীর দর্শনও করিতে পারিতেছি না ॥২॥

যুধিষ্ঠির, ভীম, আমি, নকুল, সহদেব ও দ্রৌপদী—আমাদের এই ছয় জনেরই একপ্রকার মনোভাব চলিয়া আসিতেছে ॥৩॥

কালজ্ঞশ্রেষ্ঠ! বৃষ্ণিবংশীয় বীরগণের ভার্য্যা প্রভৃতিকে ইন্দ্রপ্রস্থে লইয়া যাওয়ার পক্ষে রাজা যুধিষ্ঠিরের চিরদিনই ইচ্ছা আছে। এই তাহার কাল উপস্থিত হইয়াছে, ইহা আপনি অবগত হউন ॥৪॥

অতএব শত্রুদমন! নিশ্চয়ই আমি বৃষ্ণিবংশীয়গণের ভার্য্যাগণ, বালকগণ ও বৃদ্ধগণকে ইন্দ্রপ্রস্থে লইয়া যাইব' ॥৫॥

---

(৪) ··কালোঽয়ং বর্ত্ততে ধ্রুবম্—বঙ্গ বর্দ্ধ সো।

ইত্যেবমুক্ত্বা বচনং সুধর্ম্মাং যাদবীং সভাম্।
প্রবিবেশার্জ্জুনঃ শূরঃ শোচমানো মহারথান্ ॥৭॥
তমাসনগতং তত্র সর্বাঃ প্রকৃতয়স্তথা।
ব্রাহ্মণা নাগরাস্তত্র পরিবার্য্যোপতস্থিরে ॥৮॥
তান্ দীনমনসঃ সর্বান্ বিমূঢ়ান্ গতচেতসঃ।
উবাচেদং বচঃ কালে পার্থো দীনতরস্তদা ॥৯॥
শক্রপ্রস্থমহং নেষ্যে বৃষ্ণ্যন্ধকজনং স্বয়ম্।
ইদন্তু নগরং সর্বং সমুদ্রঃ প্লাবয়িষ্যতি ॥১০॥
সজ্জীকুরুত যানানি রত্নানি বিবিধানি চ।
বজ্রোঽয়ং ভবতাং রাজা শক্রপ্রস্থে ভবিষ্যতি ॥১১॥

ভারতকৌমুদী

ইতীতি। সুধর্ম্মাং নাম। মহারথান্ কৃষ্ণাদীন্, শোচমানঃ শোচন্ ॥৭॥

তমিতি। তমর্জ্জুনম্, তত্র যাদবসভায়াম্, প্রকৃতয়ঃ প্রজাঃ ॥৮॥

তানিতি। তান্ প্রকৃতিপ্রভৃতীন্, গতচেতসঃ শোকেনাচেতনানিব ॥৯॥

শক্রেতি। শক্রপ্রস্থমিন্দ্রপ্রস্থম্ ? কথমিন্দ্রপ্রস্থং নেষ্যসীত্যাহ ইদমিতি ॥১০॥

সজ্জীতি। বজ্রো নামানিরুদ্ধপুত্রঃ। তথা চ শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে নবতিতমাধ্যায়ে—"তস্যাং ততোঽনিরুদ্ধোঽভূন্নাগাযুতবলান্বিতঃ। স চাপি রুক্মিণঃ পৌত্রীং দৌহিত্রো জগৃহে ততঃ॥ বজ্রস্তস্যামভূদ্‌যস্তু মৌসলাদবশেষিতঃ।" ॥১১॥

এই কথা বলিয়া অর্জ্জুন দারুককে বলিলেন—'বৃষ্ণিবীরগণের অমাত্যবর্গকে আমি দেখিতে ইচ্ছা করি ; সুতরাং তুমি বিলম্ব করিও না' ॥৬॥

এই কথা বলিয়া বীর অর্জ্জুন মহারথ কৃষ্ণপ্রভৃতির জন্য শোক করিতে থাকিয়া সুধর্ম্মানাম্নী যাদবসভায় প্রবেশ করিলেন ॥৭॥

অর্জ্জুন যাদবসভায় উপস্থিত হইয়া আসনে উপবেশন করিলে, সমস্ত প্রজা, ব্রাহ্মণগণ ও নগরবাসিগণ সেস্থানে উপস্থিত হইয়া অর্জ্জুনকে পরিবেষ্টন করিয়া অবস্থান করিতে লাগিল ॥৮॥

তাহারা সকলেই শোকে বিষণ্ণচিত্ত, কর্ত্তব্যবিমূঢ, এমন কি অচেতনপ্রায় ছিল। সেই সময়ে অত্যন্ত বিষণ্ণ অর্জ্জুন তাহাদিগকে এই কথা বলিলেন—॥৯॥

'আমি নিজে বৃষ্ণিবংশীয় ও অন্ধকবংশীয় সমস্ত লোককে ইন্দ্রপ্রস্থে লইয়া যাইব। কারণ, সমুদ্র এই সমগ্র দ্বারকানগরীকে প্লাবিত করিবে ॥১০॥

অতএব আপনারা যান ও নানাবিধ রত্ন সজ্জিত করুন। এই বজ্র সেই ইন্দ্রপ্রস্থে আপনাদের রাজা হইবেন ॥১১॥

---

(৭) ..শোচমানো মহাভুজঃ—নি। (৯) নিহতান্ গতচেতসঃ—পি বঙ্গ বর্দ্ধ সো।

সপ্তমে দিবসে চৈব রবৌ বিমল উদ্গতে।
বহির্বৎস্যামহে সর্ব্বে সজ্জীভবত মা চিরম্ ॥১২॥
ইত্যুক্তাস্তেন তে সর্বে পার্থেনাক্লিষ্টকর্ম্মণা।
সজ্জমাশু ততশ্চক্রুঃ স্বসিদ্ধ্যর্থং সমুৎসুকাঃ ॥১৩॥
তাং রাত্রিমবসৎ পার্থঃ কেশবস্য নিবেশনে।
মহতা শোকমোহেন সহসাভিপরিপ্লুতঃ ॥১৪॥
শ্বোভূতেঽথ ততঃ শৌরির্বসুদেবঃ প্রতাপবান্।
যুক্ত্বাত্মানং মহাতেজা জগাম গতিমুত্তমাম্ ॥১৫॥
ততঃ শব্দো মহানাসীদ্বসুদেবনিবেশনে।
দারুণঃ ক্রোশতীনাঞ্চ রুদতীনাঞ্চ যোষিতাম্ ॥১৬॥

ভারতকৌমুদী

সপ্তম ইতি। বহিঃ দ্বারকানগরাদ্‌বহির্দেশে। তৎপরমেব সমুদ্রেন দ্বারকায়াঃ প্লাবনাবশ্যম্ভাবাৎ ॥১২॥

ইতীতি। স্বসিদ্ধ্যর্থং স্বস্বজীবনরক্ষার্থম্ ॥১৩॥

তামিতি। নিবেশনে ভবনে ॥১৪॥

শ্ব ইতি। শ্বোভূতে পরদিনে জাতে, শৌরিঃ শূরপুত্রঃ। আত্মানং জীবম্, যুক্ত্বা পরমাত্মনি সংযোজ্য ॥১৫॥

তত ইতি। শব্দ আর্ত্তনাদঃ। ক্রোশন্তীনামাহ্বয়ন্তীনাম্ ॥১৬॥

অদ্য হইতে সপ্তম দিবসে নির্ম্মল প্রভাতকালে আমরা সকলে দ্বারকানগরীর বাহিরে বাস করিব; অতএব আপনারা সকলে সজ্জিত হউন, বিলম্ব করিবেন না' ॥১২॥

অনায়াসে কার্য্যকারী অর্জ্জুন এইরূপ বলিলে, তাহারা সকলে আপন আপন জীবন রক্ষার নিমিত্ত উৎকণ্ঠিত হইয়া সত্বর সমস্ত বস্তু সজ্জিত করিল ॥১৩॥

অর্জ্জুন হঠাৎ শোকে ও মোহে আক্রান্ত হইয়া, কৃষ্ণের গৃহে সেই রাত্রি বাস করিলেন ॥১৪॥

তাহার পর পরদিন প্রভাতকালে প্রতাপশালী ও মহাতেজা শূরনন্দন বসুদেব পরমাত্মাতে জীবাত্মাকে সংযুক্ত করিয়া উত্তমগতি লাভ করিলেন ॥১৫॥

তদনন্তর বসুদেবের গৃহে সম্বোধনকারিণী ও রোদনপ্রবৃত্তা নারীদের বিশাল ও ভীষণ আর্ত্তনাদ উত্থিত হইল ॥১৬॥

প্রকীর্ণমূর্দ্ধজাঃ সর্ব্বা বিমুক্তাভরণস্রজঃ।
উরাংসি পাণিভির্ঘ্নন্ত্যো ব্যলপন্ করুণং স্ত্রিয়ঃ ॥১৭॥
তং দেবকী চ ভদ্রা চ রোহিণী মদিরা তথা।
অন্বারোঢুং ব্যবসিতা ভর্ত্তারং যোষিতাংবরাঃ ॥১৮॥
ততঃ শৌরিং নৃযুক্তেন বহুমূল্যেন ভারত!।
যানেন মহতা পার্থো বহির্নিস্ক্রামযত্তদা ॥১৯॥
তমন্বয়ুস্তত্র তত্র দুঃখশোকসমন্বিতাঃ।
দ্বারকাবাসিনঃ সর্ব্বে পৌরজানপদাঃ হিতাঃ ॥২০॥
তস্যাশ্বমেধিকং ছত্রং দীপ্যমানাশ্চ পাবকাঃ।
পুরস্তাত্তস্য যানস্য যাজকাশ্চ ততো যযুঃ ॥২১॥

ভারতকৌমুদী

প্রকীর্ণেতি। প্রকীর্ণমূর্দ্ধজা বিক্ষিপ্তকেশাঃ। উরাংসি বক্ষাংসি, ঘ্নন্ত্যোঘ্নন্ত্যস্তাড়যন্ত্যঃ ॥১৭॥

তমিতি। দেবক্যাদয়শ্চতস্রো বসুদেবভার্য্যাঃ। ভর্ত্তারমনু লক্ষ্যীকৃত্য আরোঢুং চিতায়ামিতি শেষঃ, ব্যবসিতা উদ্যুক্তা আসন্ ॥১৮॥

তত ইতি। শৌরিং বসুদেবম্, নৃযুক্তেন মনুষ্যবাহিতেন। পার্থোঽর্জ্জুনঃ ॥১৯॥

তমিতি। অন্বযুরন্বগচ্ছন্ ॥২০॥

তস্যেতি। আশ্বমেধিকম্ অশ্বমেধযজ্ঞযোগ্যম্, দীপ্যমানাঃ প্রজ্বলন্তঃ পাবকা অগ্নয়ঃ ॥২১॥

সকল নারীই মালা ও অলঙ্কার পরিত্যাগ করিয়া হস্তদ্বারা বক্ষ তাড়ন করিতে থাকিয়া বিক্ষিপ্ত কেশে ও করুণ স্বরে বিলাপ করিতে লাগিলেন ॥১৭॥

তখন নারীশ্রেষ্ঠা দেবকী, ভদ্রা, রোহিণী ও মদিরা ভর্ত্তার অনুগমন করিবার জন্য প্রস্তুত হইলেন ॥১৮॥

ভরতনন্দন! তৎপরে অর্জ্জুন মনুষ্যবাহিত, বহু মূল্য ও উত্তম যানে আরোহণ করাইয়া বসুদেবকে বাহিরে লইয়া গেলেন ॥১৯॥

ক্রমে দুঃখে ও শোকে সমাকুল লোকেরা সেই সেই স্থানে বসুদেবের অনুগমন করিতে লাগিল এবং দ্বারকাবাসী, সন্নিহিত পুরবাসী ও দেশবাসী লোকেরা পথে দাঁড়াইয়া থাকিল ॥২০॥

অশ্বমেধের যোগ্য ছত্র ও প্রজ্বলিত অগ্নি বসুদেবের সেই যানের অগ্রে অগ্রে চলিতে লাগিল এবং যাজক ব্রাহ্মণেরাও যাইতে লাগিলেন ॥২১॥

---

(১৮) অন্বারোহস্ব চ তদা—পি বঙ্গ বর্দ্ধ সো।

অনুজগ্মুশ্চ তং বীরং দেব্যস্তা বৈ স্বলঙ্কৃতাঃ।
স্ত্রীসহস্রৈঃ পরিবৃতা বধূভিশ্চ সহস্রশঃ ॥২২॥
যস্তু দেশঃ প্রিয়স্তস্য জীবতোঽভূন্মহাত্মনঃ।
তত্ৰৈনমুপসঙ্কল্প্য পিতৃমেধং প্রচক্রিরে ॥২৩॥
তং চিতাগ্নিগতং বীরং শূরপুত্রং বরাঙ্গনাঃ।
ততোঽন্বারুরুহুঃ পত্ন্যশ্চতস্রঃ পতিলোকগাঃ ॥২৪॥
তং বৈ চতসৃভিঃ স্ত্রীভিরন্বিতং পাণ্ডুনন্দনঃ।
অদাহয়চ্চন্দনৈশ্চ গন্ধৈরুচ্চাবচৈরপি ॥২৫॥
ততঃ প্রাদুরভূচ্ছব্দঃ সমিদ্ধস্য বিভাবসোঃ।
সামগানাঞ্চ নির্ঘোষো নরাণাং রুদতামপি ॥২৬॥
ততো বজ্রপ্রধানাস্তে বৃষ্ণ্যন্ধককুমারকাঃ।
সর্বে চৈবোদকং চক্রুঃ স্ত্রিয়শ্চৈব মহাত্মনঃ ॥২৭॥

ভারতকৌমুদী

অন্বিতি। দেব্যো দেবকীপ্রভৃতয়ঃ। বধূভিঃ পুত্রপৌত্রভার্য্যাভিঃ ॥২২॥

য ইতি। উপসঙ্কল্প্য সঙ্কল্পপূর্ব্বকং স্থাপয়িত্বা, পিতৃমেধম্ অন্ত্যেষ্টিম্ ॥২৩॥

তমিতি। বরাঙ্গনা দেবকীপ্রভৃতয়ঃ। পতিলোকগাঃ পতিলোকগমনেচ্ছবঃ ॥২৪॥

তমিতি। পাণ্ডুনন্দনোঽর্জ্জুনঃ। চন্দনৈঃ কাষ্ঠৈঃ, উচ্চাবচৈর্নানাবিধৈঃ ॥২৫॥

তত ইতি। সমিদ্ধস্য প্রজ্বলিতস্য, বিভাবসোরগ্নেঃ, নির্ঘোষো বেদপাঠধ্বনিঃ ॥২৬॥

তত ইতি। বজ্রস্তদাখ্যোঽনিরুদ্ধপুত্র এব প্রধানো যেষাং তে। উদকং তর্পণম্, মহাত্মনো বসুদেবস্য ॥২৭॥

ক্রমে দেবকীপ্রভৃতি বসুদেবভার্য্যারা সমীচীনভাবে অলঙ্কৃত এবং সহস্র সহস্র পুত্রবধূ ও অন্যান্য বহু স্ত্রীলোকে পরিবেষ্টিত হইয়া বসুদেবের অনুগমন করিলেন ॥২২॥

জীবিত অবস্থায় মহাত্মা বসুদেবের যে স্থানটী প্রিয় ছিল, সেই স্থানে তাঁহাকে লইয়া যাইয়া সঙ্কল্পপূর্ব্বক সকলে তাঁহার অন্ত্যেষ্টি করিল ॥২৩॥

বসুদেব চিতাগ্নিতে স্থাপিত হইলে, দেবকীপ্রভৃতি তাঁহার চারিটী ভার্য্যা পতিলোক লাভ করিবার ইচ্ছা করিয়া সেই চিতায় আরোহণ করিলেন ॥২৪॥

বসুদেব চারিটী ভার্য্যার সহিত চিতায় মিলিত হইলে, অর্জ্জুন চন্দনকাষ্ঠ ও নানাবিধ গন্ধদ্রব্যদ্বারা তাঁহাকে দাহ করাইলেন ॥২৫॥

তাহার পর প্রজ্বলিত অগ্নির শব্দ, ব্রাহ্মণগণের সামগানধ্বনি এবং রোদনকারী লোকদিগের আর্ত্তনাদ উত্থিত হইল ॥২৬॥

অলুপ্তধর্ম্মস্তং ধর্ম্মং কারয়িত্বা স ফাল্গুনঃ।
জগাম বৃষ্ণয়ো যত্র বিনষ্টা ভরতর্ষভ! ॥২৮॥
স তান্ দৃষ্ট্বা নিপতিতান্ কদনে ভৃশদুঃখিতঃ।
বভূবাতীব কৌরব্যঃ প্রাপ্তকালং চকার হ ॥২৯॥
যথাপ্রধানতশ্চৈব চক্রে সর্বাস্তথা ক্রিয়াঃ।
যে হতা ব্রহ্মশাপেন মুসলৈরেরকোদ্ভবৈঃ ॥৩০॥
ততঃ শরীরে রামস্য বাসুদেবস্য চোভয়োঃ।
অন্বিষ্য দাহয়ামাস পুরুষৈরাপ্তকারিভিঃ ॥৩১॥
স তেষাং বিধিবৎ কৃত্বা প্রেতকার্য্যাণি পাণ্ডবঃ।
সপ্তমে দিবসে প্রায়াদ্রথমারুহ্য সত্বরঃ ॥৩২॥

ভারতকৌমুদী

অলুপ্তেতি। ন লুপ্তো ধর্ম্মো যস্মিন্ সঃ, ধর্ম্মং ধর্ম্মক্রিয়াম্, ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥২৮॥

স ইতি। কদনে সর্ব্বযাদববিনাশস্থানে। প্রাপ্তকালং তৎকালোচিতং কার্য্যম্ ॥২৯॥

যথেতি। যথাপ্রধানতঃ প্রধানানুক্রমেণ। এরকাস্তৃণবিশেষা উদ্ভবস্তেভ্য ইতি তৈঃ মুসলরেণুৎপন্নশরাখ্যতৃণৈরিত্যর্থঃ। মুসলৈরিতি গুরুত্বাদ্বহুবচনম্ ॥৩০॥

তত ইতি। শরীরে দেহদ্বয়ম্। আপ্তা বিশ্বস্তাঃ কারিণ ঔর্দ্ধদেহিকক্রিয়াধিকারিণশ্চ তৈঃ ॥৩১॥

স ইতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ। প্রায়াৎ স্বদেশং প্রতি প্রস্থিতবান্ ॥৩২॥

তদনন্তর বজ্রপ্রভৃতি সেই বৃষ্ণিবংশীয় ও অন্ধকবংশীয় কুমারেরা সকলে এবং স্ত্রীলোকেরা মহাত্মা বসুদেবের তর্পণ করিল ॥২৭॥

ভরতশ্রেষ্ঠ! পরে অক্ষুণ্ণধর্ম্মা অর্জ্জুন বসুদেবের অন্ত্যেষ্টি করাইয়া, যেস্থানে বৃষ্ণিগণ বিনষ্ট হইয়াছিলেন, সেইস্থানে গমন করিলেন ॥২৮॥

অর্জ্জুন যাদবগণকে বিনাশস্থানে নিপতিত দেখিয়া অত্যন্ত দুঃখিত হইয়া তৎকালোচিত কার্য্য করিলেন ॥২৯॥

যাহারা ব্রহ্মশাপের প্রভাবে মুসলরেণুজাত এরকাদ্বারা নিহত হইয়াছিল, প্রধানানুক্রমে তাহাদের সমস্ত ক্রিয়া অর্জ্জুন করাইলেন ॥৩০॥

তাহার পর অর্জ্জুন রাম ও কৃষ্ণের শরীর দুইটী অন্বেষণ করিয়া বিশ্বস্ত ঔর্দ্ধদেহিক ক্রিয়াধিকারী পুরুষগণদ্বারা সেই শরীর দুইটী দাহ করাইলেন ॥৩১॥

অর্জ্জুন যথাবিধানে তাঁহাদের প্রেতকার্য্য করাইয়া সপ্তম দিবসে রথে আরোহণ করিয়া সত্বর দ্বারকা হইতে প্রস্থান করিলেন ॥৩২॥

অশ্বযুক্তৈ রথৈশ্চাপি গোখরোষ্ট্রযুতৈরপি।
স্ত্রিয়স্তা বৃষ্ণিবীরাণাং রুদত্যঃ শোককর্শিতাঃ ॥৩৩॥
অনুজগ্মুর্মহাত্মানং পাণ্ডুপুত্রং ধনঞ্জয়ম্।
ভৃত্যাশ্চান্ধকবৃষ্ণীনাং সাদিনো রথিনশ্চ যে ॥৩৪॥ (যুগ্মকম্)
বীরহীনা বৃদ্ধবালাঃ পৌরজানাপদাস্তথা।
যযুস্তে পরিবার্য্যাথ কলত্রং পার্থশাসনাৎ ॥৩৫॥
কুঞ্জরৈশ্চ গজারোহা যযুঃ শৈলনিভৈস্তথা।
সপাদরক্ষৈঃ সংযুক্তাঃ সোত্তরায়ুধিকা যযুঃ ॥৩৬॥
পুত্রাশ্চান্ধকবৃষ্ণীনাং সর্ব্বে পার্থমনুব্রতাঃ।
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রাশ্চৈব মহাধনাঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

অশ্বেতি। খরা গর্দ্দভাঃ। সাদিনোঽশ্বারোহিণঃ ॥৩৩—৩৪॥

বীরেতি। বীরহীনা রক্ষকবীরজনরহিতাঃ। কলত্রং বৃষ্ণিবংশীয়ানাং ভার্য্যাগণম্ ॥৩৫॥

কুঞ্জরৈরিতি। উত্তরৈরগ্রগামিভিঃ আয়ুধিকৈরস্ত্রধারিভিঃ সহেতি তে ॥৩৬॥

পুত্রা ইতি। পার্থমর্জ্জুনম্ অনু লক্ষ্যীকৃত্য ব্রতং গমননিয়মো যেষাং তে। মহাধনা ধনিনশ্চ ॥৩৭॥

তৎকালে বৃষ্ণিবংশীয়গণেব শোকার্ত্ত স্ত্রীগণ রোদন করিতে থাকিয়া অশ্বযুক্ত রথে এবং গো, গর্দ্দভ, উষ্ট্রযুক্ত যানে আরোহণ করিয়া মহাত্মা অর্জ্জুনের অনুগমন কবিতে লাগিলেন, আর অন্ধক ও বৃষ্ণিবংশীয়গণের যে সকল ভৃত্য ছিল, তাহারা অশ্বে ও রথে আরোহণ কবিয়া অর্জ্জুনেব পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিল। ৩৩—৩৪॥

অর্জ্জুনের আদেশক্রমে রক্ষাকারী বীরবিহীন বৃদ্ধগণ, বালকগণ, পুববাসিগণ ও দেশবাসিগণ বৃষ্ণিবংশীয় পুরুষগণের ভার্য্যাদিগকে পরিবেষ্টন করিয়া যাইতে লাগিল ॥৩৫॥

গজারোহীরা পর্ব্বতপ্রমাণ গজে আরোহণ করিয়া গমন করিতে থাকিল এবং সম্মুখগামী অস্ত্রধারিগণ পাদরক্ষকদের সহিত মিলিত হইয়া যাইতে লাগিল ॥৩৬॥

নিহত অন্ধক ও বৃষ্ণিবংশীয়গণের পুত্রেরা সকলে এবং ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রগণ আব মহাধনীরা অর্জ্জুনের অনুগমন করিতে লাগিলেন ॥৩৭॥

---

(৩৫) বীরহীনং বৃদ্ধবালং পৌরজানপদাস্তথা—পি বঙ্গ বর্দ্ধ সো।

(৩৬)...সাস্তরায়ুধিকা যযুঃ—পি বঙ্গ বর্দ্ধ সো।

দশ ষট্ চ সহস্রাণি বাসুদেবাবরোধনম্ ।
পুরস্কৃত্য যযুর্বজ্রং পৌত্রং কৃষ্ণস্য ধীমতঃ ॥৩৮॥
বহূনি চ সহস্রাণি প্রযুতান্যর্বুদানি চ ।
ভোজবৃষ্ণ্যন্ধকস্ত্রীণাং হতনাথানি নির্যযুঃ ॥৩৯॥
তৎসাগরসমপ্রখ্যং বৃষ্ণিচক্রং মহর্দ্ধিমৎ ।
উবাহ রথিনাং শ্রেষ্ঠঃ পার্থঃ পরপুরঞ্জয়ঃ ॥৪০॥
নির্যাতে তু জনে তস্মিন্ সাগরো মকরালয়ঃ ।
দ্বারকাং রত্নসম্পূর্ণাং জলেনাপ্লাবয়ত্তদা ॥৪১॥
যদ্যদ্ধি পুরুষব্যাঘ্রো ভূমেস্তস্যা ব্যমুঞ্চত ।
তত্তৎ সংপ্লাবয়ামাস সলিলেন স সাগরঃ ॥৪২॥
তদদ্ভুতমভিপ্রেক্ষ্য দ্বারকাবাসিনো জনাঃ ।
তূর্ণাত্তূর্ণতরং জগ্মুরহো দৈবমিতি ব্রুবন্ ॥৪৩॥

ভারতকৌমুদী

দশেতি। বাসুদেবস্য কৃষ্ণস্য অবরোধনম্ অন্তঃপুরবাসিন্যো ভার্য্যাঃ। কৃষ্ণস্য পৌত্রং পূর্ব্বোক্তভাগবতবচনাৎ প্রপৌত্রম্, বজ্রং পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য যযুঃ ॥৩৮॥

বহূনীতি। প্রযুতানি নিযুতানি। হতনাথানি নিহতপতিকানি ॥৩৯॥

তদিতি। সাগরসমপ্রখ্যং সমুদ্রতুল্যম্, বৃষ্ণীনাং চক্রং বালবৃদ্ধাদিজনসমূহং, মহর্দ্ধিমৎ বহুমূল্যবসনাভরণাদিমত্ত্বাৎ মহাসম্পত্তিযুক্তম্। উবাহ বহন্ নিনায় ॥৪০॥

নির্যাত ইতি। জনে লোকসমূহে, মকরা জলজন্তুবিশেষাস্তেষামালয়ঃ ॥৪১॥

যদিতি। যদ্যৎস্থানম্, পুরুষব্যাঘ্রোঽর্জ্জুনঃ ব্যমুঞ্চত পরিত্যাগমকরোৎ ॥৪২॥

তদিতি। তূর্ণাত্তূর্ণতরম্ অতীব দ্রুতম্ ॥৪৩॥

কৃষ্ণের ষোড়শ সহস্র ভার্য্যা ধীমান্ কৃষ্ণের প্রপৌত্র বজ্রকে অগ্রবর্ত্তী করিয়া গমন করিতে থাকিলেন ॥৩৮॥

ভোজ, অন্ধক ও বৃষ্ণিবংশীয়গণের বহুতর বিধবা; তাহারা দ্বারকা হইতে নির্গত হইলেন ॥৩৯॥

রথিশ্রেষ্ঠ ও বিপক্ষনগরবিজয়ী অর্জ্জুন মহাসমৃদ্ধিযুক্ত ও সমুদ্রতুল্য সেই যদুবংশীয় লোকদিগকে লইয়া চলিলেন ॥৪০॥

সেই লোকসমূহ দ্বারকা হইতে নির্গত হইলে, মকরালয় সমুদ্র আপন জলধারা তখনই রত্নপূর্ণা দ্বারকানগরীকে প্লাবিত করিল ॥৪১॥

পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন সেই দ্বারকার যে যে স্থান পরিত্যাগ করিতে লাগিলেন, সমুদ্র জলধারা সেই সেই স্থান প্লাবিত করিতে থাকিল ॥৪২॥

কাননেষু চ রম্যেষু পর্বতেষু নদীষু চ।
নিবসন্নানয়ামাস বৃষ্ণিদারান্ ধনঞ্জয়ঃ ॥৪৪॥
স পঞ্চনদমাসাদ্য ধীমানতিসমৃদ্ধিমৎ।
দেশে গোপশুধান্যাঢ্যে নিবাসমকরোৎ প্রভুঃ ॥৪৫॥
ততো লোভঃ সমভবদ্দস্যূনাং নিহতেশ্বরাঃ।
দৃষ্ট্বা স্ত্রিযো নীযমানাঃ পার্থেনৈকেন ভারত! ॥৪৬॥
ততস্তে পাপকর্ম্মাণো লোভোপহতচেতসঃ।
আভীরা মন্ত্রয়ামাসুঃ সমেত্যাশুভদর্শনাঃ ॥৪৭॥
অয়মেকোঽর্জ্জুনো ধন্বী বৃদ্ধবালং হতেশ্বরম্।
নয়ত্যস্মানতিক্রম্য যোধাশ্চেমে হতৌজসঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

কাননেষ্বিতি। নদীষু নদীতীরেষু। নিবসন্ নিবাসেন বিশ্রম্য বিশ্রম্য ॥৪৪॥

স ইতি। পঞ্চনদং তদাখ্যং দেশম্। গোপশুধান্যাঢ্যত্বাদেব অতিসমৃদ্ধিমত্ত্বমিতি ভাবঃ। ক্লীবত্বমার্ষম্ ॥৪৫॥

তত ইতি। নিহতা ঈশ্বরাঃ স্বামিনো যাসাং তাঃ। পার্থেন অর্জ্জুনেন ॥৪৬॥

তত ইতি। আভীরা গোপালাঃ, সমেত্য উপেত্য ॥৪৭॥

অয়মিতি। ধন্বী ধনুর্দ্ধরঃ, হতেশ্বরং স্ত্রীবৃন্দমিতি শেষঃ। হতৌজসঃ শোকাকুলত্বাদেব ॥৪৮॥

দ্বারকাবাসী লোকেরা সেই অদ্ভুত ব্যাপার দেখিয়া 'অহো! দৈব' এইরূপ বলিতে থাকিয়া দ্রুত হইতে দ্রুতবেগে যাইতে লাগিল ॥৪৩॥

অর্জ্জুন ক্রমে মনোহর বন, পর্ব্বত ও নদীতীরে বাস করিয়া করিয়া বৃষ্ণি-বংশীয় পুরুষগণের ভার্য্যাদিগকে আনয়ন করিতে লাগিলেন ॥৪৪॥

বুদ্ধি ও প্রভাবশালী অর্জ্জুন অত্যন্ত সমৃদ্ধিশালী পঞ্চনদদেশে উপস্থিত হইয়া গো, অন্যান্য পশু ও ধান্যসম্পন্ন স্থানে বাস করিলেন ॥৪৫॥

ভরতনন্দন! তাহার পর একমাত্র অর্জ্জুন লইয়া চলিয়াছেন—এহেন বিধবা স্ত্রীদিগকে দেখিয়া দস্যুগণের লোভ হইল ॥৪৬॥

তদনন্তর পাপকর্ম্মা, লুব্ধচিত্ত ও বিকটাকৃতি গোপগণ উপস্থিত হইয়া মন্ত্রণা করিল—॥৪৭॥

'এই ধনুর্দ্ধর একমাত্র অর্জ্জুন এবং এই সকল দুর্ব্বল যোদ্ধা আমাদিগকে অতিক্রম করিয়া বালক, বৃদ্ধ ও বিধবা স্ত্রীদিগকে লইয়া যাইতেছে' ॥৪৮॥

---

(৪৭)···সামত্যাঃ শুভদর্শিনঃ—পি বঙ্গ বর্দ্ধ সো।

ততো যষ্টিপ্রহরণা দস্যবস্তে সহস্রশঃ।
অভ্যধাবন্ত বৃষ্ণীণাং তং জনং লোপ্ত্রহারিণঃ ॥৪৯॥
মহতা সিংহনাদেন ত্রাসয়ন্তঃ পৃথগ্‌জনম্‌।
অভিপেতুর্ধনার্থং তে কালপর্য্যায়চোদিতাঃ ॥৫০॥
ততো নিবৃত্তঃ কৌন্তেয়ঃ সহসা সপদানুগঃ।
উবাচ তান্মহাবাহুরর্জ্জুনঃ প্রহসন্নিব ॥৫১॥
নিবর্ত্তধ্বমধর্ম্মজ্ঞাঃ! যদি জীবিতুমিচ্ছথ।
ইদানীং শরনির্ভিন্নাঃ শোচধ্বং নিহতা ময়া ॥৫২॥
তথোক্তাস্তেন বীরেণ কদর্থীকৃত্য তদ্বচঃ।
অভিপেতুর্জনং মূঢ়া বার্য্যমাণাঃ পুনঃ পুনঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

তত ইতি। যষ্টয়ো দণ্ডা এব প্রহরণান্যস্ত্রাণি যেষাং তে। লোপ্ত্রহারিণো বলেন পরদ্রব্য-গ্রাহিণঃ ॥৪৯॥

মহতেতি। পৃথগ্‌জনং নীচলোকম্‌। কালস্য পর্য্যায়েণ পরিবর্ত্তনেন চোদিতাঃ প্রেরিতাঃ ॥৫০॥

তত ইতি। পদানুগৈরনুচরৈঃ সহেতি সঃ ॥৫১॥

নীতি। অধর্ম্মজ্ঞাঃ পরস্বাপহরণপ্রবৃত্তত্বাৎ ॥৫২॥

তথেতি। কদর্থীকৃত্য মিথ্যাবোধেন নিন্দিত্বা। বার্য্যমাণা অর্জ্জুনেন ॥৫৩॥

তদনন্তর পরস্বাপহারী ও যষ্টিধারী সেই সহস্র সহস্র দস্যু বৃষ্ণিবংশসংপৃক্ত সেই লোকদিগের প্রতি ধাবিত হইল ॥৪৯॥

তাহারা কালপ্রেরিত হইয়া বিশাল সিংহনাদে নীচ লোকদিগের ভয় জন্মাইতে থাকিয়া ধনের জন্য আসিয়া পড়িল ॥৫০॥

তাহার পর কুন্তীনন্দন মহাবাহু অর্জ্জুন তৎক্ষণাৎ অনুচরবর্গের সহিত নিবৃত্ত হইয়া হাস্য করিতে থাকিয়াই যেন তাহাদিগকে বলিলেন—॥৫১॥

'অরে পাপিষ্ঠগণ! তোদের যদি বাঁচিবার ইচ্ছা থাকে, তাহা হইলে নিবৃত্ত হ। না হইলে এখনই আমার বাণে বিদীর্ণ ও নিহত হইয়া শোক করিতে থাক' ॥৫২॥

মহাবীর অর্জ্জুন সেইরূপ বলিলেও এবং বার বার বারণ করিতে থাকিলেও মূর্খ দস্যুগণ অর্জ্জুনের বাক্য অগ্রাহ্য করিয়া তাঁহার উপরে আসিয়া পতিত হইল ॥৫৩॥

ততোঽর্জ্জুনো ধনুর্দিব্যং গাণ্ডীবমজরং মহৎ।
আরোপয়িতুমারেভে যত্নাদিব কথঞ্চন ॥৫৪॥
চকার সজ্যং কৃচ্ছ্রেণ সম্ভ্রমে তুমুলে সতি।
চিন্তয়ামাস শস্ত্রাণি ন চ সস্মার তান্যপি ॥৫৫॥
বৈকৃতং তন্মহদ্‌দৃষ্ট্বা ভুজবীর্য্যং তথা যুধি।
দিব্যানাঞ্চ মহাস্ত্রাণাং বিনাশাদ্‌ব্রীড়িতোঽভবৎ ॥৫৬॥
বৃষ্ণিযোধাশ্চ তে সর্ব্বে গজাশ্বরথযোধিনঃ।
ন শেকুরাবর্ত্তয়িতুং হ্রিয়মাণং স্বকং ধনম্ ॥৫৭॥
কলত্রস্য বহুত্বাদ্ধি সম্পতৎসু ততস্ততঃ।
প্রযত্নমকরোৎ পার্থো জনস্য পরিরক্ষণে ॥৫৮॥

ভারতকৌমুদী

তত ইতি। অজরম্ অতিপুরাতনত্বেঽপি জীর্ণতাশূন্যম্। কথঞ্চন কষ্টেনেত্যর্থঃ ॥৫৪॥

চকারেতি। সজ্যমারোপিতগুণম্। সম্ভ্রমে ত্বরায়াম্, তুমুলে মহতি ॥৫৫॥

বৈকৃতমিতি। বৈকৃতং বিকারম্ আত্মনো বৈপরীত্যম্, ভুজবীর্য্যং ক্ষুণ্ণমিতি শেষঃ। বিনাশাদ্‌বিস্মরণেন লোপাৎ ॥৫৬॥

বৃষ্ণীতি। আবর্ত্তয়িতুং প্রত্যাহর্ত্তুম্, হ্রিয়মাণং তৈর্দস্যুভিঃ ॥৫৭॥

কলত্রস্যেতি। কলত্রস্য বৃষ্ণিভার্য্যাগণস্য, সম্পতৎসু দস্যুষু ॥৫৮॥

তাহার পর অর্জ্জুন যত্নক্রমে অতিকষ্টেই যেন অলৌকিক, জীর্ণতাবিহীন ও বিশাল গাণ্ডীব ধনুতে গুণ আরোপণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৫৪॥

তদনন্তর অর্জ্জুন গুরুতর ত্বরার সময়ে কষ্টক্রমে ধনুতে গুণ আরোপণ করিলেন এবং নিজের অস্ত্রগুলির চিন্তা করিলেন; কিন্তু সেগুলির স্মরণ করিতে পারিলেন না ॥৫৫॥

নিজের সেই গুরুতর বৈষম্য এবং যুদ্ধে বাহুবলের ক্ষয় দেখিয়া, বিশেষতঃ অলৌকিক মহাস্ত্রগুলির বিস্মরণ হওয়ায় অর্জ্জুন লজ্জিত হইলেন ॥৫৬॥

দস্যুরা স্বকীয় ধন হরণ করিতে লাগিলেও হস্তী, অশ্ব ও রথযোধী সেই সকল বৃষ্ণিযোদ্ধা সেই ধন ফিরাইয়া আনিতে পারিল না ॥৫৭॥

বৃষ্ণিবংশীয় পুরুষগণের ভার্য্যারা বহুতর ছিল এবং দস্যুরাও নানা স্থান হইতে আসিয়া পড়িতেছিল, সুতরাং অর্জ্জুন সেই সকল স্ত্রীলোকদিগকে রক্ষা করিবার জন্য গুরুতর চেষ্টা করিতে লাগিলেন ॥৫৮॥

(৫৬) বৈকৃত্যং তন্মহদ্দৃষ্ট্বা—বঙ্গ বর্দ্ধ সো।
(৫৭)…হ্রিয়মাণঞ্চ তং জনম্—পি বঙ্গ বর্দ্ধ সো।

মিষতাং সর্ব্বযোধানাং ততস্তাঃ প্রমদোত্তমাঃ।
সমন্ততোঽবকৃষ্যন্ত কামাচ্চান্যাঃ প্রবব্রজুঃ ॥৫৯॥
ততো গাণ্ডীবনির্ম্মুক্তৈঃ শরৈঃ পার্থো ধনঞ্জয়ঃ।
জঘান দস্যূন্ সোদ্বেগো বৃষ্ণিভৃত্যৈঃ সহস্রশঃ ॥৬০॥
ক্ষণেন তস্য তে রাজন্! ক্ষয়ং জগ্মুরজিহ্মগাঃ।
অক্ষয়া হি পুরা ভূত্বা ক্ষীণাঃ ক্ষতজভোজনাঃ ॥৬১॥
স শরক্ষয়মাসাদ্য দুঃখশোকসমাহতঃ।
ধনুষ্কোট্যা তদা দস্যূনবধীৎ পাকশাসনিঃ ॥৬২॥
প্রেক্ষতস্ত্বেব পার্থস্য বৃষ্ণ্যন্ধকবরস্ত্রিয়ঃ।
জগ্মুরাদায় তে ম্লেচ্ছাঃ সমন্তাজ্জনমেজয়! ॥৬৩॥

ভারতকৌমুদী

মিষতামিতি। মিষতাং পশ্যতাম্। অবকৃষ্যন্ত দস্যুভিরাকৃষ্যানীয়ন্ত, প্রবব্রজুর্দস্যূনাম্ অধীনতাং জগ্মুঃ ॥৫৯॥

তত ইতি। সোদ্বেগো দস্যুভিঃ স্ত্রীহরণদর্শনাৎ বৃষ্ণিভৃত্যৈঃ সহ মিলিত্বেতি শেষঃ ॥৬০॥

ক্ষণেনেতি। তস্য অর্জ্জুনস্য, অজিহ্মগা বাণাঃ। ক্ষতজভোজনা রক্তপায়িনঃ ॥৬১॥

স ইতি। আসাদ্য প্রাপ্য জ্ঞাত্বেত্যর্থঃ। ধনুষঃ কোট্যা অগ্রদেশেন, পাকশাসনিরর্জ্জুনঃ ॥৬২॥

প্রেক্ষত ইতি। প্রেক্ষতঃ প্রেক্ষমাণস্য। ম্লেচ্ছা ম্লেচ্ছবদ্ধর্ম্মহীনা দস্যবঃ ॥৬৩॥

তখন দস্যুরা সকল যোদ্ধার সমক্ষেই সকল দিক্ হইতে সেই উত্তম নারীগণকে আকর্ষণ করিয়া লইয়া যাইতে লাগিল এবং অনেক স্ত্রীলোক ইচ্ছানুসারে দস্যুদের অধীন হইল ॥৫৯॥

তৎপরে উদ্বিগ্ন চিত্ত অর্জ্জুন সহস্র সহস্র বৃষ্ণিভৃত্যগণের সহিত মিলিত হইয়া গাণ্ডীবনিক্ষিপ্ত বাণসমূহদ্বারা দস্যুগণকে বধ করিতে লাগিলেন ॥৬০॥

রাজা! ক্ষণকালমধ্যেই অর্জ্জুনের সেই বাণ সকল ক্ষয় পাইল। কি আশ্চর্য্য! রক্তপায়ী সেই বাণগুলি পূর্ব্বে অক্ষয় হইয়া তৎকালে ক্ষয় প্রাপ্ত হইল! ॥৬১॥

অর্জ্জুন শর সকল ক্ষয় পাইয়াছে জানিয়া দুঃখে ও শোকে তাড়িত হইয়া তখন ধনুর অগ্রদ্বারা দস্যুগণকে বধ করিতে লাগিলেন ॥৬২॥

রাজা জনমেজয়! ম্লেচ্ছের ন্যায় ধর্ম্মবিহীন সেই গোপজাতীয় দস্যুরা অর্জ্জুনের সমক্ষেই যাদবদিগের উত্তমস্ত্রীগণকে লইয়া সকল দিকে যাইতে লাগিল ॥৬৩॥

ধনঞ্জয়স্তু দৈবং তন্মনসাঽচিন্তয়ৎ প্রভুঃ।
দুঃখশোকসমাবিষ্টো নিঃশ্বাসপরমোঽভবৎ ॥৬৪॥
অস্ত্রাণাঞ্চ প্রণাশেন বাহুবীর্য্যস্য চ ক্ষয়াৎ।
ধনুষশ্চাবিধেয়ত্বাচ্ছরাণাং সংক্ষয়েণ চ ॥৬৫॥
বভূব বিমনাঃ পার্থো দৈবমিত্যনুচিন্তয়ন্।
ন্যবর্ত্তত ততো রাজন্! নেদমস্তীতি চাব্রবীৎ ॥৬৬॥ (যুগ্মকম্)
এবমাত্মক্ষয়ং পশ্যন্ ফাল্গুনো ভৃশদুর্ম্মনাঃ।
অন্বতপ্যত মেধাবী পূর্ব্ববৃত্তান্যনুস্মরন্ ॥৬৭॥
যেন জিত্বামরশ্রেষ্ঠান্ খাণ্ডবেঽগ্নিমতর্পয়ম্।
অদ্য তত্রৈব গাণ্ডীবে গুণারোপে শ্রমো মহান্ ॥৬৮॥

ভারতকৌমুদী

ধনঞ্জয় ইতি। তদ্দস্যুভিঃ স্ত্রীহরণম্, দৈবং দৈবকৃতম্। নিঃশ্বাস এব পরমঃ প্রধানো যস্য সঃ ॥৬৪॥

অস্ত্রাণামিতি। প্রণাশেন বিস্মরণাল্লোপেন। অবিধেয়ত্বাৎ অবশীভূতত্বাৎ। ইদং মন্মাহাত্ম্যং নাস্তি ইতি চাব্রবীৎ মনসা ॥৬৫—৬৬॥

এবমিতি। আত্মনঃ ক্ষয়মবনতিম্, ফাল্গুনোঽর্জ্জুনঃ। মেধাবী স্মৃতিশক্তিমান্ ॥৬৭॥

পূর্ব্ববৃত্তানি কানীত্যাহ যেনেতি। অমরশ্রেষ্ঠান্ ইন্দ্রাদীন্ ॥৬৮॥

তখন প্রভাবশালী অর্জ্জুন সেই ব্যাপারটাকে দৈবকৃত বলিয়া মনে মনে ভাবিলেন এবং দুঃখে ও শোকে আক্রান্ত হইয়া বিশাল নিঃশ্বাস ত্যাগ করিতে লাগিলেন ॥৬৪॥

রাজা! অস্ত্রগুলির বিস্মরণ, বাহুবলের ক্ষয়, ধনুর অবশ্যতা এবং বাণগুলির সম্পূর্ণ ক্ষয়বশতঃ অর্জ্জুন বিষণ্ণ চিত্ত হইলেন এবং তাহার পর 'ইহা দৈব' এইরূপ ভাবিয়া যুদ্ধ হইতে নিবৃত্তি পাইলেন; তার পর, 'আমার সেই মাহাত্ম্য আর নাই' ইহা মনে মনে বলিলেন ॥৬৫—৬৬॥

মেধাবী অর্জ্জুন এইরূপ নিজের অবনতি দেখিয়া অত্যন্ত দুঃখিত হইয়া পূর্ব্ববৃত্তান্ত স্মরণ করিয়া অনুতাপ করিতে লাগিলেন ॥৬৭॥

আমি খাণ্ডবদাহের সময়ে যে ধনুদ্বারা দেবশ্রেষ্ঠগণকে জয় করিয়া অগ্নিকে সন্তুষ্ট করিয়াছিলাম; আজ সেই গাণ্ডীবধনুতেই গুণারোপণ করিতে গুরুতর পরিশ্রম হইল ! ॥৬৮॥

---

(৬৭) ইতঃ প্রভৃতি একাদশ শ্লোকাঃ বঙ্গ বর্দ্ধ নি সো ন সন্তি।

সুখেনারোপিতজ্যেন নিবাতকবচান্ পুরা।
যেনাজয়ং মহৎ কষ্টং তজ্জ্যারোপেঽস্য বর্ত্ততে ॥৬৯॥
যস্য জ্যাঘোষমাকর্ণ্য সহসোত্তরগোগ্রহে।
দ্রোণোঽবুধ্যত মামস্য কার্ম্মুকং তন্মমাবশম্ ॥৭০॥
কুরুক্ষেত্রমহাযুদ্ধে যা তূণী ন ক্ষয়ং গতা।
আভীরৈরল্পকৈঃ সার্দ্ধং যুদ্ধে সাদ্যাগমৎ ক্ষয়ম্ ॥৭১॥
যস্য শ্রবণমাত্রেণ রাজানস্ত্রস্তচেতসঃ।
অভবংস্তেন চাভীরা যুধ্যন্তে সমমস্য বৈ ॥৭২॥
চিরং যস্য প্রসাদেন জিষ্ণুরাসং জয়ন্ রিপূন্।
তদভাবাৎ স এবাদ্য পামরৈরস্মি নির্জ্জিতঃ ॥৭৩॥
পরস্পরং যুধ্যমানা যাদবা ভুবি দুর্জ্জয়াঃ।
মুনিশাপপ্রভাবেণ প্রায়েণৈব ক্ষয়ং গতাঃ ॥৭৪॥

ভারতকৌমুদী

সুখেনেতি। সুখেনায়াসেন আরোপিতা জ্যা গুণো যত্র তেন। যেন ধনুষা ॥৬৯॥
যস্যেতি। জ্যাঘোষং গুণশব্দম্। অবশং গুণারোপণে যত্নাতিরেকাৎ ॥৭০॥
কুর্ব্বিতি। ক্ষয়ং শরশূন্যতাম্। আভীরৈর্গোপালৈঃ ॥৭১॥
যস্যেতি। যস্য মম নাম্ন ইতি শেষঃ। তেন ময়া সমং সহ ॥৭২॥
চিরমিতি। জিষ্ণুর্নাম। তস্য কৃষ্ণস্য অভাবাৎ, স এবাহম্, পামরৈর্নীচজাতীয়ৈর্গোপৈঃ ॥৭৩॥

আমি পূর্ব্বে অনায়াসে গুণারোপণ করিয়া যে ধনুদ্বারা নিবাতকবচদিগকে (অসুরবিশেষদিগকে) জয় করিয়াছিলাম, আজ সেই ধনুতে গুণারোপণ করিতে আমার গুরুতর কষ্ট হইল। ॥৬৯॥

উত্তরগোগ্রহে যে ধনুর টঙ্কার শুনিয়া তৎক্ষণাৎ দ্রোণ আমাকে চিনিতে পারিয়াছিলেন, আজ সেই গাণ্ডীবধনু আমার বশে নাই ॥৭০॥

কুরুক্ষেত্রে কৌরবগণের সহিত মহাযুদ্ধে আমার যে তূণ বাণশূন্য হয় নাই, আজ ক্ষুদ্র গোপগণের সহিত যুদ্ধে সেই তূণ বাণশূন্য হইয়াছে ॥৭১॥

যাঁহার নাম শ্রবণমাত্র রাজারা ত্রস্তচিত্ত হইতেন, আজ তাঁহারই (আমারই) সহিত গোপগণ যুদ্ধ করিয়াছে। ॥৭২॥

চিরকাল যাঁহার অনুগ্রহে শত্রুগণকে জয় করিয়া আমি জিষ্ণু হইয়াছিলাম, সেই কৃষ্ণের অভাবে সেই আমিই আজ নীচজাতীয় গোপগণকর্ত্তৃক নির্জিত হইলাম। ॥৭৩॥

গান্ধার্য্যাশ্চ মুনীনাঞ্চ রক্ষিতুং শাপভাষিতম্ ।
সমাপ্তকার্য্যঃ স্বং লোকং জগাম ভগবানপি ॥৭৫॥
প্রভোর্যস্য প্রভাবেণ চিরমাসং প্রভাববান্ ।
তদভাবান্মমেদানীমভাবঃ সর্ব্বসম্পদাম্ ॥৭৬॥
এবং সঞ্চিন্তয়ন্ পার্থঃ শরীরে হৃদয়েঽপি চ ।
অবসাদমনুভবন্নিতান্তং মলিনাননঃ ॥৭৭॥
ততঃ শেষং সমাদায় কলত্রস্য মহামতিঃ ।
হৃতভূয়িষ্ঠরত্নস্য কুরুক্ষেত্রমবাতরৎ ॥৭৮॥
যুধিষ্ঠিরস্যানুমতে বংশকর্ত্তৄন্ কুমারকান্ ।
ন্যবেশয়ত কৌরব্যস্তত্র তত্র ধনঞ্জয়ঃ ॥৭৯॥

ভারতকৌমুদী

পরস্পরমিতি। প্রায়েণৈবেত্যনেন বৃদ্ধা বালাশ্চাবশিষ্টা ইতি সূচিতম্ ॥৭৪॥

কৃষ্ণস্যাপি যাদবত্বাৎ ক্ষয়প্রাপ্তিরিত্যাহ গান্ধার্য্যা ইতি। সমাপ্তানি কার্য্যাণি নিজ-কর্ত্তব্যানি যেন সঃ ॥৭৫॥

প্রভোরিতি। প্রভোঃ সর্ব্বশক্তিমতঃ কৃষ্ণস্য, আসমহম্ ॥৭৬॥

এবমিতি। পার্থোঽর্জ্জুনঃ, শরীরস্যাবসাদো নিশ্চলত্বম্, হৃদয়াবসাদশ্চ নিরুৎসাহত্বম্ ॥৭৭॥

তত ইতি। কলত্রস্য যাদবভার্য্যাগণস্য। দস্যুভির্হৃতানি ভূয়িষ্ঠানি বহুলানি রত্নানি যস্য তস্য ॥৭৮॥

যুধীতি। যুধিষ্ঠিরস্যানুমতে দূতপ্রেরণেন যুধিষ্ঠিরস্য তত্তদ্বিষয়াহনুমতিলাভে সতি। ন্যবেশয়ত সমস্থাপয়ৎ ॥৭৯॥

মর্ত্ত্যলোকে দুর্জ্জয় যাদবগণ মুনিগণের শাপের প্রভাবে পরস্পর যুদ্ধ করিতে থাকিয়া প্রায়ই বিনষ্ট হইয়াছেন ॥৭৪॥

তা'র পর, ভগবান্ কৃষ্ণও গান্ধারী এবং মুনিগণের শাপবাক্য রক্ষা করিবার জন্য নিজের কর্ত্তব্য সমাপ্ত করিয়া এখন নিজেরই লোকে চলিয়া গিয়াছেন ॥৭৫॥

যে প্রভুর প্রভাবে আমি চিরদিন প্রভাবশালী ছিলাম, সেই প্রভুর অভাবে এখন আমার সমস্ত সম্পদেরই অভাব হইয়াছে ॥৭৬॥

এইরূপ চিন্তা করিতে থাকিয়া মলিনবদন অর্জ্জুন দেহে ও মনে অত্যন্ত অবসাদ অনুভব করিতে লাগিলেন ॥৭৭॥

দস্যুগণ বহুতর বিধবা স্ত্রী ও তাহাদের প্রচুর রত্ন অপহরণ করিয়া নিয়াছিল; তাহার পর অবশিষ্ট যাহারা ছিল, তাহাদিগকে লইয়া অর্জ্জুন কুরুক্ষেত্রে আসিয়া উপস্থিত হইলেন ॥৭৮॥

---

(৭৯) পরং কলত্রমানীয় বৃষ্ণীনাং হতশেষিতম্—ইতি প্রথমার্দ্ধপাঠঃ পি বঙ্গ বর্দ্ধ সো।

হার্দ্দিক্যতনয়ং পার্থো নগরে মার্ত্তিকাবতে।
অশ্বপতিং খাণ্ডবারণ্যে রাজ্যে তত্র ন্যবেশয়ৎ।
ভোজরাজকলত্রঞ্চ হৃতশেষং নরোত্তমঃ ॥৮০॥
ততো বৃদ্ধাংশ্চ বালাংশ্চ স্ত্রিয়শ্চাদায় পাণ্ডবঃ।
বীরৈর্বিহীনান্ সর্বাংস্তান্ শক্রপ্রস্থে ন্যবেশয়ৎ ॥৮১॥
যৌযুধানিং সরস্বত্যাং পুত্রং সাত্যকিনঃ প্রিয়ম্।
ন্যবেশয়ত ধর্ম্মাত্মা বৃদ্ধবালপুরস্কৃতম্ ॥৮২॥
ইন্দ্রপ্রস্থে দদৌ রাজ্যং বজ্রায় পরবীরহা।
বজ্রেণাক্রূরদারাস্তু বার্য্যমাণাঃ প্রবব্রজুঃ ॥৮৩॥

ভারতকৌমুদী

হার্দ্দিক্যেতি। হার্দ্দিক্যতনয়ং কৃতবর্ম্মপুত্রম্, মার্ত্তিকাবতে তদাখ্যে প্রসিদ্ধিযুক্তে। অশ্বপতিং নাম। অত্রাক্ষরাধিক্যমার্ষম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৮০॥

তত ইতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ। শক্রপ্রস্থে ইন্দ্রপ্রস্থে ॥৮১॥

যৌযুধানিমিতি। যুযুধানস্যাপত্যমিতি যৌযুধানিস্তম্, সাত্যকিনস্তাতীতি ব্রীহ্যাদিত্বা-দিন্। তস্য সাত্যকিসংপৃক্তজনমাত্রস্য ॥৮২॥

ইন্দ্রেতি। বজ্রায় তদাখ্যায়ানিরুদ্ধপুত্রায়। বার্য্যমাণা অপি প্রবব্রজুঃ তপশ্চরণায়েতি শেষঃ ॥৮৩॥

ক্রমে দূত প্রেরণ করিয়া যুধিষ্ঠিরের অনুমতি লইয়া অর্জ্জুন বংশরক্ষক কুমারদিগকে বিভিন্ন স্থানে স্থাপন করিলেন ॥৭৯॥

নরশ্রেষ্ঠ অর্জ্জুন কৃতবর্ম্মার পুত্র অশ্বপতিকে খাণ্ডবারণ্য প্রদেশে মার্ত্তিকাবত-নগরে স্থাপন করিলেন এবং অবশিষ্ট ভোজরাজভার্য্যাগণকেও সেই স্থানেই রাখিলেন ॥৮০॥

তাহার পর অর্জ্জুন বালক, বৃদ্ধ ও স্ত্রীলোকদিগকে লইয়া যাইয়া বীর-বিহীন সেই সকলকে ইন্দ্রপ্রস্থে সন্নিবেশিত করিলেন ॥৮১॥

ক্রমে ধর্ম্মাত্মা অর্জ্জুন সাত্যকির আত্মীয়গণের প্রিয়, তাঁহারই পুত্রকে বৃদ্ধ ও বালকদিগের সহিত সরস্বতীনদীর তীরে বাস করাইলেন ॥৮২॥

বিপক্ষবীরহন্তা অর্জ্জুন অনিরুদ্ধের পুত্র বজ্রকে ইন্দ্রপ্রস্থ রাজ্য দান করিলেন। তৎকালে বজ্র বারণ করিলেও অক্রূরের ভার্য্যারা তপস্যা করিবার জন্য চলিয়া গেলেন ॥৮৩॥

---

(৮০)...নগরং মার্ত্তিকাবতম্—পি বঙ্গ বর্দ্ধ সো। দ্বিতীয়ার্দ্ধং নাস্তি পি বঙ্গ বর্দ্ধ সো।

রুক্মিণী ত্বথ গান্ধারী শৈব্যা হৈমবতীত্যপি।
দেবী জাম্ববতী চৈব বিবিশুর্জাতবেদসম্ ॥৮৪॥
সত্যভামা তথৈবান্যা দেব্যঃ কৃষ্ণস্য সম্মতাঃ।
বনং প্রবিবিশূ রাজন্! তাপস্যে কৃতনিশ্চয়াঃ ॥৮৫॥
দ্বারকাবাসিনো যে তু পুরুষাঃ পার্থমভ্যয়ুঃ।
যথার্হং সংবিভজ্যৈনান্ বজ্রে পর্য্যদদজ্জয়ঃ ॥৮৬॥
স তৎ কৃত্বা প্রাপ্তকালং বাষ্পেণাপিহিতোঽর্জ্জুনঃ।
কৃষ্ণদ্বৈপায়নং ব্যাসং দদর্শাসীনমাশ্রমে ॥৮৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং মৌসলপর্ব্বণি বৃষ্ণিকলত্রাদ্যানয়নে সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

রুক্মিণীতি। ইমাঃ পঞ্চ কৃষ্ণভার্য্যাঃ। জাতবেদসমগ্নিং বিবিশুঃ ॥৮৪॥

সত্যেতি। সম্মতাঃ প্রিয়াঃ। তাপস্যে তপশ্চরণে ॥৮৫॥

দ্বারকেতি। পার্থমর্জ্জুনম্। যথার্হং যথাযোগ্যম্, জয়োঽর্জ্জুনঃ ॥৮৬॥

স ইতি। প্রাপ্তকালং তৎকালোচিতং কার্য্যম্, অপিহিত আবৃতনেত্রঃ। আসীনমুপবিষ্টম্ ॥৮৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং মৌসলপর্ব্বণি সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥

রুক্মিণী, গান্ধারী, শৈব্যা, হৈমবতী ও জাম্ববতী—ইহারা অনুমরণবিধানে অগ্নিতে প্রবেশ করিলেন ॥৮৪॥

রাজা! আর সত্যভামা এবং কৃষ্ণের অন্যান্য প্রিয়ভার্য্যারা তপস্যা করিবার জন্য কৃতনিশ্চয় হইয়া বনে প্রবেশ করিলেন ॥৮৫॥

দ্বারকাবাসী অন্যান্য যে সকল পুরুষ অর্জ্জুনের সঙ্গে আসিয়াছিল, অর্জ্জুন যোগ্যতানুসারে স্থান বিভাগ করিয়া তাহাদিগকে বজ্রের নিকটে সমর্পণ করিলেন ॥৮৬॥

অর্জ্জুন তৎকালোচিত সেই সকল কার্য্য করিয়া বাষ্পাবৃত নেত্রে যাইয়া আশ্রমে উপবিষ্ট কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাসের সহিত সাক্ষাৎ করিলেন ॥৮৭॥

---

(৮৫) ইতঃ পরং "ফলমূলাশনভোজিন্যো হরিধ্যানৈকতৎপরাঃ। হিমবন্তমতিক্রম্য কলাপগ্রামমাবিশন্ ॥" ইত্যধিকঃ শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ সো।

* '...অষ্টমোঽধ্যায়ঃ'—পি নি।

অষ্টমোঽধ্যায়ঃ

—ঃ১ঃ—

বৈশম্পায়ন উবাচ।

প্রবিশ্য ত্বর্জ্জুনো রাজন্! আশ্রমং সত্যবাদিনঃ।
দদর্শাসীনমেকান্তে মুনিং সত্যবতীসুতম্ ॥১॥
স তমাসাদ্য ধর্ম্মজ্ঞমুপতস্থে মহাব্রতম্।
অর্জ্জুনোঽস্মীতি নামাস্মৈ নিবেদ্যাভ্যবদত্ততঃ ॥২॥
স্বাগতং তেঽস্ত্বিতি প্রাহ মুনিঃ সত্যবতীসুতঃ।
আসত্যামিতি হোবাচ প্রসন্নাত্মা মহামুনিঃ ॥৩॥
তমপ্রতীতমনসং নিঃশ্বসন্তং পুনঃ পুনঃ।
নির্ব্বিণ্ণমনসং দৃষ্ট্বা পার্থং ব্যাসোঽব্রবীদিদম্ ॥৪॥

ভারতকৌমুদী

প্রবিশ্যেতি। সত্যবাদিনঃ কৃষ্ণদ্বৈপায়নস্য। একান্তে আশ্রমস্যৈকস্যাং দিশি ॥১॥
স ইতি। উপতস্থে অঞ্জলিবন্ধনেনোপাসাঞ্চক্রে। অভ্যবদৎ প্রাণমৎ ॥২॥
স্বিতি। স্বাগতং শুভমাগমনম্। আসত্যামুপবিশ্যতাম্ ॥৩॥
তমিতি। অপ্রতীতমপ্রসন্নং মনো যস্য তম্। নির্ব্বিণ্ণমনসং গ্লানচিত্তম্ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! অর্জ্জুন সত্যবাদী বেদব্যাসের আশ্রমে প্রবেশ করিয়া একপ্রান্তে উপবিষ্ট সেই মুনিকে দর্শন করিলেন ॥১॥

অর্জ্জুন ক্রমে সেই ধর্ম্মজ্ঞ ও মহাতপা মুনির নিকটে যাইয়া তাঁহার উপাসনা করিলেন এবং 'আমি অর্জ্জুন' এই কথা বলিয়া তাঁহাকে নিজের নাম জানাইয়া তৎপরে অভিবাদন করিলেন ॥২॥

তখন মহর্ষি বেদব্যাস বলিলেন—'তোমার আগমন শুভ হউক' এবং মহর্ষি প্রসন্ন চিত্ত হইয়া আরও বলিলেন যে, 'তুমি উপবেশন কর' ॥৩॥

তৎকালে অর্জ্জুনের মন অপ্রসন্ন ও গ্লানিযুক্ত ছিল এবং তিনি বার বার নিশ্বাস ত্যাগ করিতেছেন—ইহা দেখিয়া বেদব্যাস এই কথা বলিলেন— ॥৪॥

---

(১) প্রবিশন্নর্জ্জুনো রাজন্!—বঙ্গ বর্দ্ধ সো।

নখকেশদশাকুম্ভবারিণা কিং সমুক্ষিতঃ।
আবীরজানুগমনং ব্রাহ্মণো বা হতস্ত্বয়া।
যুদ্ধে পরাজিতো বা'সি গতশ্রীরিব লক্ষ্যসে ॥৫॥
ন ত্বাং প্রভিন্নং জানামি কিমিদং ভরতর্ষভ!।
শ্রোতব্যং চেন্ময়া পার্থ! ক্ষিপ্রমাখ্যাতুমর্হসি ॥৬॥

অর্জ্জুন উবাচ।

যঃ স মেঘবপুঃ শ্রীমান্ বৃহৎপঙ্কজলোচনঃ।
স কৃষ্ণঃ সহ রামেণ ত্যক্ত্বা দেহং দিবং গতঃ ॥৭॥

ভারতকৌমুদী

নখেতি। নখশ্চ কেশশ্চ দশা বস্ত্রপ্রান্তশ্চ তাভির্যুক্তঃ কুম্ভঃ কলসস্তস্য বারিণা জলেন কিং সমুক্ষিতঃ সংসিক্তোঽসি কিংবা আবীরজা রজস্বলা স্ত্রী তস্যা অনুগমনং ত্বয়া কৃতম্, আবিরাবির্ভূতং রজ আর্ত্তবং যস্যাঃ সা আবীরজাঃ। আবিঃশব্দস্য শেষসকারস্য বিসর্গত্বে তস্য চ সন্ধৌ রত্বে "রোরি লোপম্" ইত্যাদিনা রলোপঃ পূর্ব্বস্বরদীর্ঘশ্চ। অন্তিমসকারস্য লোপস্ত্বার্ষঃ। কিংবা ত্বয়া ব্রাহ্মণো হতঃ। অতএব গতশ্রীর্ভ্রষ্টকান্তিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫॥

নেতি। প্রভিন্নং যুদ্ধে পরাজিতম্, ন জানামি মহাবীরতয়া জিষ্ণুত্বাদিতি ভাবঃ ॥৬॥

য ইতি। মেঘ ইব শ্যামং বপুর্যস্য সঃ, শ্রীমান্ কান্তিমান্ ॥৭॥

ভারতভাবদীপঃ

প্রবিশন্নিতি ॥১—৪॥ নখোদকং কেশোদকং বস্ত্রপ্রান্তো দশা তদুদকং কুম্ভমুখোদকঞ্চ আবীরজা নারী রজস্বলা তস্যা রজঃপ্রস্রবকালে দিনত্রয়াদর্ব্বাগনুগমনং তস্যাং মৈথুনং ব্রাহ্মণস্য বধো যুদ্ধে পরাজয়শ্চেতি সপ্তভির্নিমিত্তৈঃ পুরুষো ভ্রষ্টশ্রীর্ভবতি ॥৫॥ প্রভিন্নং পরাজিতং ত্বাং

'অর্জ্জুন! তুমি কি নখ, কেশ ও বস্ত্রের দশাযুক্ত কলসের জলে স্নান করিয়াছ কিংবা রজস্বলা স্ত্রী গমন করিয়াছ অথবা ব্রহ্মহত্যা করিয়াছ, না যুদ্ধে পরাজিত হইয়াছ? যেহেতু তোমাকে ভ্রষ্টশ্রীর ন্যায় দেখা যাইতেছে ॥৫॥

বৎস! আমি তোমাকে যুদ্ধে পরাজিত বলিয়া মনে করিতে পারি না। তবে ভরতশ্রেষ্ঠ! এটা কি? পৃথানন্দন! আমার যদি শ্রোতব্য হয়, তাহা হইলে সত্বর বলিতে পার' ॥৬॥

অর্জ্জুন বলিলেন—'সেই যিনি মেঘের ন্যায় শ্যামবর্ণ, পরমকান্তিসম্পন্ন এবং প্রস্ফুটিত পদ্মতুল্য নয়ন ছিলেন, সেই কৃষ্ণ বলরামের সহিত দেহত্যাগ করিয়া স্বর্গে গিয়াছেন ॥৭॥

তদনুস্মৃত্য সম্মোহং তদা শোকং মহামতে !।
প্রয়ামি সর্ব্বদা মহ্যং মুমূর্ষা চোপজায়তে ॥৮॥
তদ্বাক্যস্পর্শনালোকসুখং চামৃতসন্নিভম্।
সংস্মৃত্য দেবদেবস্য প্রমুহ্যত্যমৃতাত্মনঃ ॥৯॥
মৌসলে বৃষ্ণিবীরাণাং বিনাশো ব্রহ্মশাপজঃ।
বভূব বীরান্তকরঃ প্রভাসে লোমহর্ষণঃ ॥১০॥
এতে শূরা মহাত্মানঃ সিংহদর্পা মহাবলাঃ।
ভোজবৃষ্ণ্যন্ধকা ব্রহ্মন্! অন্যোন্যং তৈর্হতং যুধি ॥১১॥
গদাপরিঘশক্তীনাং সহাঃ পরিঘবাহবঃ।
ত এরকাভির্নিহতাঃ পশ্য কালস্য পর্য্যয়ম্ ॥১২॥

ভারতকৌমুদী

তদিতি। প্রয়ামি প্রাপ্নোমি, মহ্যং মম, মুমূর্ষা মর্ত্তুমিচ্ছা ॥৮॥

তদিতি। তে প্রসিদ্ধাঃ বাক্যং বাক্যশ্রবণং স্পর্শনম্ আলোকো দর্শনঞ্চ তে তেষাং সুখম্। প্রমুহ্যতি অয়ং জন ইতি শেষঃ। অমৃতাত্মনো নিত্যমুক্তস্বরূপস্য কৃষ্ণস্য ॥৯॥

মৌসল ইতি। মৌসলে মুসলোৎপত্তিনিবন্ধনে ব্যসনে ॥১০॥

এত ইতি। প্রথমান্তপদেভ্যঃ পরম্ আসন্নিতি শেষঃ ॥১১॥

গদেতি। সহা আঘাতসহিষ্ণবোঽপি পরিঘা ইব বাহবো যেষাং তে তাদৃশা অপি চ এরকাভিস্তৃণবিশেষৈঃ। পর্য্যয়ং পরিবর্ত্তনম্ ॥১২॥

মহামতি! সেই রাম ও কৃষ্ণের মৃত্যু স্মরণ করিয়া আমি শোকে মূর্চ্ছিত-প্রায় হইতেছি এবং সর্ব্বদাই আমার মরণের ইচ্ছা জন্মিতেছে ॥৮॥

দেবগণেরও দেবতা এবং নিত্যমুক্তস্বরূপ কৃষ্ণের সেই বাক্য শ্রবণ, স্পর্শন ও দর্শনের সুখ অমৃতেরই তুল্য ছিল; সুতরাং তাহা স্মরণ করিয়া এই ব্যক্তি মূর্চ্ছিতপ্রায় হইতেছে ॥৯॥

মুনিগণের শাপবশতঃ একটা মুসল উৎপন্ন হয়। তাহাতে প্রভাসতীর্থে বৃষ্ণিবংশীয় বীরগণের লোমহর্ষণ বিনাশ ঘটিয়াছে ॥১০॥

ব্রাহ্মণ! এই ভোজ, বৃষ্ণি ও অন্ধকবংশীয়েরা বীর, মহাত্মা, সিংহের ন্যায় দর্পশালী ও মহাবল ছিলেন; কিন্তু তাঁহারাই যুদ্ধে পরস্পরকে বধ করিয়াছেন ॥১১॥

যাঁহারা পরিঘের ন্যায় বাহুশালী ছিলেন এবং গদা, পরিঘ ও শক্তির

৮—৯ শ্লোকৌ পি বঙ্গ বর্দ্ধ সো ন স্তঃ।

হতং পঞ্চশতং তেষাং সহস্রং বাহুশালিনাম্।
নিধনং সমনুপ্রাপ্তং সমাসাদ্যেতরেতরম্ ॥১৩॥
শুনা দৃষ্টং ক্রোধবশা হরন্তি যদ্দত্তমিষ্টং বিবৃতমথো হুতঞ্চ।
তস্মাচ্ছুনস্ত্যাগমিমং কুরুষ্ব শুনস্ত্যাগাৎ প্রাপ্স্যসে দেবলোকম্ ॥১৩॥
ত্যক্ত্বা ভ্রাতৃন্ দয়িতাং চাপি কৃষ্ণাং প্রাপ্তো লোকঃ কর্ম্মণা স্বেন বীর!।
শ্বানং চৈনং ন ত্যজসে কথন্তু ত্যাগং কৃৎস্নং চাস্থিতো মুহ্যসেঽদ্য ॥১৪॥

যুধিষ্ঠির উবাচ।

ন বিদ্যতে সন্ধিরথাপি বিগ্রহো মৃতৈর্ম্মর্ত্ত্যৈরিতি লোকেষু নিষ্ঠা।
ন তে ময়া জীবয়িতুং হি শক্যাস্তস্মাত্ত্যাগস্তেষু কৃতো ন জীবতাম্ ॥১৫॥

ভারতকৌমুদী

ভীতমিতি। অন্যৎ শরণং নাস্তীতি হেতোঃ, আর্ত্তং পীড়িতং জনম্, ক্ষীণং রোগাদিনা দুর্ব্বলম্, রক্ষণে প্রাপ্তমুপস্থিতম্। প্রাণত্যাগাদপি প্রাণত্যাগমঙ্গীকৃত্যাপি ॥১২॥

শুনেতি। শুনা কুক্কুরেণ, দৃষ্টং, ইষ্টং যজনম্, বিবৃতং ব্যাখ্যাতং পুরাণাদি ॥১৩॥

ত্যক্ত্বেতি। দয়িতাং প্রিয়াং ভার্য্যাম্, কৃষ্ণাং দ্রৌপদীম্। আস্থিত আশ্রিতঃ ॥১৪॥

নেতি। লোকেষু জগৎসু, মৃতৈর্ম্মর্ত্ত্যৈর্মানুষৈঃ সহ, সন্ধিঃ বিগ্রহো নিষ্ঠা স্থিতিশ্চ ন বিদ্যতে ন ভবিতুমর্হতি। তে ভার্য্যাভ্রাতরঃ। অতএব জীবতঃ শুনস্ত্যাগো ন ক্রিয়ত ইতি ভাবঃ ॥১৫॥

ভীত, ভক্ত, 'আমার রক্ষক অন্য কেহ নাই' এই বলিয়া পীড়াজ্ঞাপক, ক্ষীণ ও প্রাণলিপ্সু—এই সকল ব্যক্তি রক্ষার জন্য উপস্থিত হইলে, আমি প্রাণত্যাগ অঙ্গীকার করিয়াও তাহাদিগকে ত্যাগ করিতে ইচ্ছা করি না, ইহাই আমার নিত্যব্রত' ॥১২॥

ইন্দ্র বলিলেন—'যাহা দত্ত, পূজার্থ উৎসৃষ্ট, বিবৃত ও হুত হয়, তাহা কুক্কুর-কর্ত্তৃক দৃষ্ট হইলে, ক্রোধবশনামক দেবতারা সেগুলি হরণ করেন; অতএব যুধিষ্ঠির! তুমি এই কুকুরকে ত্যাগ কর, ইহাকে ত্যাগ করিলে স্বর্গলোক লাভ করিবে ॥১৩॥

বীর! তুমি ভ্রাতৃগণ ও প্রিয়তমা ভার্য্যাকে ত্যাগ করিয়া আপন কর্ম্মের ফলে স্বর্গলাভ করিতেছ; সুতরাং এই কুকুরটীকে ত্যাগ করিতেছ না কেন? কি জন্যই বা সমগ্র ত্যাগ অবলম্বন করিয়া এখন মুগ্ধ হইতেছ?' ॥১৪॥

যুধিষ্ঠির বলিলেন—'দেবরাজ! জগতে মৃত মানুষদের সহিত সন্ধি, বিগ্রহ বা একত্র অবস্থিতি হইতে পারে না এবং আমি সেই ভার্য্যাপ্রভৃতিকে বাঁচাইতেও পারিব না; সুতরাং তাহাদিগকে ত্যাগ করিয়াছি; কিন্তু জীবিত ব্যক্তিকে ত্যাগ করি নাই ॥১৫॥

ভীতিপ্রদানং শরণাগতস্য স্ত্রিয়ো বধো ব্রাহ্মণস্বাপহারঃ।
মিত্রদ্রোহস্তানি চত্বারি শক্র! ভক্তত্যাগশ্চৈব সমো মতো মে ॥১৬॥

বৈশম্পায়ন উবাচ।

তদ্ধর্ম্মরাজস্য বচো নিশম্য ধর্ম্মস্বরূপী ভগবানুবাচ।
যুধিষ্ঠিরং প্রীতিযুক্তো নরেন্দ্রং শ্লক্ষ্ণৈর্বাক্যৈঃ সংস্তবসম্প্রযুক্তৈঃ ॥১৭॥

ধর্ম্ম উবাচ। *

অভিজাতোঽসি রাজেন্দ্র! পিতুর্বৃত্তেন মেধয়া।
অনুক্রোশেন চানেন সর্ব্বভূতেষু ভারত! ॥১৮॥
পুরা দ্বৈতবনে চাপি ময়া পুত্র! পরীক্ষিতঃ।
পানীয়ার্থে পরাক্রান্তা যত্র তে ভ্রাতরো হতাঃ ॥১৯॥

ভারতকৌমুদী

ভীতীতি। ভীতিপ্রদানং ভয়োৎপাদনম্। সমস্তৈশ্চতুর্ভিস্তুল্যঃ ॥১৬॥

তদিতি। ধর্ম্মস্বরূপী স শ্বা। সংস্তবেন পুত্রতয়া পরিচয়েন সংপ্রযুক্তৈ প্রণোদিতৈঃ, শ্লক্ষ্ণৈঃ কোমলৈর্বাক্যৈঃ। "সংস্তবঃ স্যাৎ পরিচয়ঃ" ইত্যমরঃ ॥১৭॥

অভীতি। হে ভারত রাজেন্দ্র! ত্বং পিতুঃ পাণ্ডোঃ, বৃত্তেন সদৃশেন ব্যবহারেণ, মেধয়া বুদ্ধ্যা অনেন সর্ব্বভূতেষু অনুক্রোশেন দয়যা চ অভিজাতোঽসি সর্ব্বশ্রেষ্ঠোঽসি ॥১৮॥

পুরেতি। ময়া বকরূপেণ। পানীয়ার্থে জলগ্রহণনিমিত্তম্ ॥১৯॥

দেবরাজ! শরণাগতকে ভয়প্রদান, স্ত্রীহত্যা, ব্রাহ্মণদ্রব্যাপহরণ ও মিত্র-দ্রোহ—এই চারিটা গুরুতর পাপ; আর ভক্তত্যাগ সেই চারিটারই সমান বলিয়া আমার ধারণা।' ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠিরের সেই সকল বাক্য শুনিয়া কুক্কুররূপী ভগবান্ ধর্ম্ম সন্তুষ্ট হইয়া পরিচয়প্রযুক্ত কোমল বাক্যদ্বারা রাজা যুধিষ্ঠিরকে বলিলেন ॥১৭॥

ধর্ম্ম বলিলেন—'ভরতনন্দন! রাজশ্রেষ্ঠ! তুমি তোমার পিতার তুল্য ব্যবহার, বুদ্ধি এবং এই সর্ব্বভূতে দয়ার গুণে সর্ব্বশ্রেষ্ঠ হইয়াছ ॥১৮॥

পুত্র! পূর্ব্বে দ্বৈতবনে যখন তোমার পরাক্রমশালী ভ্রাতারা জলের নিমিত্ত মৃত্যুমুখে পতিত হইয়াছিল, তখনও আমি (বকপক্ষিরূপে) তোমাকে পরীক্ষা করিয়াছিলাম ॥১৯॥

---

(১৬) প্রতিপ্রদানং শরণাগতম্—পি নি।

* ধর্ম্মরাজ উবাচ—বঙ্গ বর্দ্ধ। এষ পাঠো নাস্তি নি।

ভীমার্জ্জুনৌ পরিত্যজ্য যত্র ত্বং ভ্রাতরাবুভৌ।
মাদ্রোঃ সাম্যমভীপ্সন্ বৈ নকুলং জীবমিচ্ছসি ॥২০॥
অযং শ্বা ভক্ত ইত্যেবং ত্যক্তো দেবরথস্ত্বযা।
তস্মাৎ স্বর্গে ন তে তুল্যঃ কশ্চিদস্তি নরাধিপঃ ॥২১॥
অতস্তবাক্ষযা লোকাঃ স্বশরীরেণ ভারত!।
প্রাপ্তোঽসি ভরতশ্রেষ্ঠ! দিব্যাং গতিমনুত্তমাম্ ॥২২॥

বৈশম্পায়ন উবাচ।

ততো ধর্ম্মশ্চ শক্রশ্চ মরুতশ্চাশ্বিনাবপি।
দেবা দেবর্ষযশ্চৈব রথমারোপ্য পাণ্ডবম্ ॥২৩॥
প্রযযুঃ স্বৈর্বিমানৈস্তে সিদ্ধাঃ কামবিহারিণঃ।
সর্ব্বে বিরজসঃ পুণ্যাঃ পুণ্যবাগ্‌বুদ্ধিকর্ম্মিণঃ ॥২৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ভীমেতি। মাত্রোঃ কুন্তীমাদ্রোঃ, সাম্যং পুত্রবত্ত্ববিষযে সাদৃশ্যম্, অভীপ্সন্ ইচ্ছন্, নকুলং জ্যেষ্ঠমাদ্রীপুত্রম্, জীবং জীবন্তম্, ইচ্ছসি স্ম। যদি স্থিতে কুন্ত্যাঃ পুত্রবত্ত্বম্, নকুলে জীবিতে মাদ্র্যা অপি পুত্রবত্ত্বমিতি স্বমাতৃমাদ্রোঃ সাম্যমিতি ভাবঃ ॥২০॥

অয়মিতি। শ্বা কুক্কুরঃ, দেবরথ ইন্দ্রানীতং বিমানম্ ॥২১॥

অত ইতি। লোকাঃ স্বর্গাঃ, স্বশরীরেণ মানুষদেহেনৈব। ন বিদ্যতে উত্তমা যস্যাস্তাম্ ॥২২॥

তত ইতি। মরুতো বাযবঃ। পাণ্ডবং যুধিষ্ঠিরম্। বিরজসো রজোগুণজনিতকামক্রোধ-রহিতাঃ, পুণ্যানি বাগ্‌বুদ্ধিকর্ম্মাণি এষাং সন্তীতি তে ॥২৩—২৪॥

তখন তুমি কুন্তী ও মাদ্রী—এই দুই মাতার সাম্য রক্ষা করিবার ইচ্ছা করিয়া ভীম ও অর্জ্জুন—এই দুই ভ্রাতাকে পরিত্যাগপূর্ব্বক নকুলের জীবন ইচ্ছা করিয়াছিলে ॥২০॥

এখন এই কুকুর তোমার ভক্ত বলিয়া, ইহাকে সঙ্গে লইতে না পারায় দেবতার বিমান ত্যাগ করিলে; অতএব স্বর্গলোকে আগত কোন রাজাই তোমার তুল্য নহেন ॥২১॥

অতএব ভরতনন্দন! স্বশরীরেই তোমার স্বর্গ সকল অক্ষয় হইল। ভরতশ্রেষ্ঠ! তুমি ধর্ম্মবলে সর্ব্বোত্তম দিব্য গতি লাভ করিলে' ॥২২॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর যুধিষ্ঠিরকে বিমানে আরোহণ করাইয়া ধর্ম্ম, ইন্দ্র, বায়ু, অশ্বিনীকুমারদ্বয়, অন্য দেবগণ, দেবর্ষিগণ এবং রজোগুণশূন্য,

স তং রথং সমাস্থায় রাজা কুরুকুলোদ্বহঃ।
ঊর্দ্ধমাচক্রমে শীঘ্রং তেজসাবৃত্য রোদসী ॥২৫॥
ততো দেবনিকায়স্থো নারদঃ সর্ব্বলোকবিৎ।
উবাচোচ্চৈস্তদা বাক্যং বৃহদ্‌বাদী বৃহত্তপাঃ ॥২৬॥
যেঽপি রাজর্ষয়ঃ পূর্ব্বে তে চাপি সমুপস্থিতাঃ।
কীর্ত্তিং প্রচ্ছাদ্য তেষাং বৈ কুরুরাজোঽধিতিষ্ঠতি ॥২৭॥
লোকানাবৃত্য যশসা তেজসা বৃত্তসম্পদা।
স্বশরীরেণ সংপ্রাপ্তং নান্যং শুশ্রুম পাণ্ডবাৎ ॥২৮॥

ভারতকৌমুদী

স ইতি। সমাস্থায আরুহ্য। আচক্রমে জগাম, আবৃত্য ব্যাপ্য, রোদসী দ্যাবাপৃথিব্যৌ ॥২৫॥

তত ইতি। দেবানাং নিকায়ে নিলয়ে তিষ্ঠতীতি সঃ। "নিকায্যনিলযালয়াঃ" ইত্যমরঃ। বৃহদ্‌বাদী মহাবক্তা ॥২৬॥

য ইতি। পূর্ব্বে পূর্ব্বমাগতাঃ। প্রচ্ছাদ্য নিজকীর্ত্ত্যা সমাবৃত্য ॥২৭॥

লোকানিতি। বৃত্তসম্পদা সচ্চরিত্রবাহুল্যেন। সংপ্রাপ্তং স্বর্গমাগতম্, পাণ্ডবাদ্-যুধিষ্ঠিরাৎ ॥২৮॥

ভারতভাবদীপঃ

নাস্তি ॥৮—৯॥ শ্ববতামশুচিত্বাদ্দিব্যং স্থানং স্বর্গে নাস্তি, ক্রোধবশা নাম দেবগণা অশুচেরিষ্টা-পূর্ত্তফলং ঘ্নন্তি ॥১০—১৭॥ অভিজাতোঽসি কুলীনোঽসি, পিতুঃ পাণ্ডোঃ ॥১৮—২৫॥ নিকায়স্থো

পুণ্যবান, পুণ্য বাক্য, বুদ্ধি ও কর্ম্মশালী এবং কামচারী সকল সিদ্ধপুরুষ আপন আপন বিমানে আরোহণ করিয়া গমন করিতে লাগিলেন ॥২৩—২৪॥

ক্রমে কুরুকুলশ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠির সেই বিমানে আরোহণপূর্ব্বক নিজের তেজে স্বর্গ ও মর্ত্ত্য ব্যাপ্ত করিযা সত্বর উপরের দিকে উঠিতে লাগিলেন ॥২৫॥

তাহার পর সর্ব্বলোকবৃত্তান্তাভিজ্ঞ, মহাবক্তা ও মহাতপা স্বর্গলোকবাসী নারদ তখন উচ্চ স্বরে এই কথা বলিলেন—॥২৬॥

'যে সকল রাজর্ষি পূর্ব্বে স্বর্গে আসিয়াছিলেন, তাঁহারাও উপস্থিত হইয়াছেন; কিন্তু কুরুরাজ যুধিষ্ঠির আপন কীর্ত্তিদ্বারা তাঁহাদের কীর্ত্তিকে আবৃত করিয়া অধিষ্ঠান করিতেছেন ॥২৭॥

যুধিষ্ঠির ভিন্ন অন্য কোন রাজাই যশ, তেজ ও চরিত্রসম্পদে জগদ্ ব্যাপ্ত করিয়া স্বশরীরে যে স্বর্গে আসিয়াছেন, তাহা আমরা শুনি নাই ॥২৮॥

---

(২৭) যে চ রাজর্ষয়ঃ সর্ব্বে—পি বঙ্গ বৰ্দ্ধ সো।

তেজাংসি যানি দৃষ্টানি ভূমিষ্ঠেন ত্বয়া বিভো!।
বেশ্মানি ভুবি দেবানাং পশ্যামূনি সহস্রশঃ ॥২৯॥
নারদস্য বচঃ শ্রুত্বা রাজা বচনমব্রবীৎ।
ভ্রাতৄনপশ্যন্ ধর্ম্মাত্মা স্বপক্ষাংশ্চৈব পার্থিবান্ ॥৩০॥
শুভং বা যদি বা পাপং ভ্রাতৄণাং স্থানমদ্য মে।
তদেব প্রাপ্তুমিচ্ছামি লোকানন্যান্ন কাময়ে ॥৩১॥
রাজ্ঞস্তু বচনং শ্রুত্বা দেবরাজঃ পুরন্দরঃ।
আনৃশংস্যসমাযুক্তং প্রত্যুবাচ যুধিষ্ঠিরম্ ॥৩২॥

ভারতকৌমুদী

তেজাংসীতি। হে বিভো রাজন্! ভূমিষ্ঠেন স্বর্গসন্নিহিতপথস্থেন ত্বযা যানি তেজাংসি দৃষ্টানি, দেবানাং ভুবি স্বর্গে অমূনি তানি সহস্রশো বেশ্মানি দেবভবনানি সাক্ষাৎ পশ্য ॥২৯॥

নারদস্যেতি। রাজা যুধিষ্ঠিরঃ। স্বপক্ষান্ বিরাটদ্রুপদাদীন্ ॥৩০॥

শুভমিতি। শুভং শুভজনকং পুণ্যম্। পরত্র তদেবেতি শ্রবণাৎ পূর্ব্বত্র যৎস্থানমিতি বোধ্যম্ ॥৩১॥

রাজ্ঞ ইতি। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য। আনৃশংস্যসমাযুক্তং ভ্রাত্রাদীন্ প্রতি দযাসমন্বিতম্ ॥৩২॥

ভারতভাবদীপঃ

নিবাসস্থঃ ॥২৬॥ বাক্যমেবাহ—যেৎপীতি। সমুপস্থিতাঃ স্মৃতিবিষযাঃ সন্তি ॥২৭—৩০॥ যদেব ভ্রাতৄণাং স্থানং তদেব প্রাপ্তুমিচ্ছামি ॥৩১—৩৮॥

ইতি শ্রীমৎপদবাক্যপ্রমাণমর্য্যাদাধুরন্ধরচতুর্দ্ধরবংশাবতংসশ্রীগোবিন্দসূরিসূনোর্নীলকণ্ঠস্য কৃতৌ ভারতভাবদীপে মহাপ্রস্থানিকপর্ব্বণি তৃতীযোঽধ্যায়ঃ ॥৩॥

সমাপ্তঞ্চেদং মহাপ্রস্থানিকপর্ব্ব ॥০॥

—:*:—

রাজা! তুমি ভূতলে থাকিয়া যে সকল তেজ দেখিযাছিলে, স্বর্গে ঐ সেই সকল সহস্র সহস্র ভবন দর্শন কব' ॥২৯॥

নারদেব বাক্য শুনিয়া ধর্ম্মাত্মা যুধিষ্ঠির ভ্রাতৃগণকে ও নিজপক্ষীয় বাজগণকে না দেখিয়া এই কথা বলিলেন—॥৩০॥

'আমার ভ্রাতৃগণের পুণ্যময় বা পাপময় যেরূপ স্থানই হউক না কেন, আমি সেই স্থানই লাভ করিতে ইচ্ছা করি, অন্য লোক কামনা কবি না' ॥৩১॥

দেববাজ ইন্দ্র যুধিষ্ঠিরেব বাক্য শুনিযা সেই দয়ালু যুধিষ্ঠিরকে বলিলেন—॥৩২॥

---

(২৯) অয়ং শ্লোকঃ বৰ্দ্ধ সো নাস্তি। (৩০)…দেবানামন্ত্র্য ধর্ম্মাত্মা—পি বঙ্গ বৰ্দ্ধ সো।

স্থানেঽস্মিন্ বস রাজেন্দ্র ! কর্ম্মভির্নির্জ্জিতে শুভৈঃ।
কিং ত্বং মানুষ্যকং স্নেহমদ্যাপি পরিকর্ষসি ॥৩৩॥
সিদ্ধিং প্রাপ্তোঽসি পরমাং যথা নান্যঃ পুমান্ ক্বচিৎ।
নৈব তে ভ্রাতরঃ স্থানং সংপ্রাপ্তাঃ কুরুনন্দন ! ॥৩৪॥
অদ্যাপি মানুষো ভাবঃ স্পৃশতে ত্বাং নরাধিপ ! ।
স্বর্গোঽয়ং পশ্য দেবর্ষীন্ সিদ্ধাংশ্চ ত্রিদিবালয়ান্ ॥৩৫॥
যুধিষ্ঠিরস্তু দেবেন্দ্রমেবংবাদিনমীশ্বরম্।
পুনরেবাব্রবীদ্ধীমানিদং বচনমর্থবৎ ॥৩৬॥
তৈর্বিনা নোৎসহে বস্তুমিহ দৈত্যনিবর্হণ ! ।
গন্তুমিচ্ছামি তত্রাহং যত্র মে ভ্রাতরো গতাঃ ॥৩৭॥

ভাবতকৌমুদী

স্থান ইতি। নির্জ্জিতে আযত্তীকৃতে। মানুষ্যকং মনুষ্যযোগ্যম্ ॥৩৩॥

সিদ্ধিমিতি। তে তব যোগ্যং স্থানং ভ্রাতরো নৈব সংপ্রাপ্তাঃ, তেষাং ত্বৎসদৃশপুণ্যাভাবাদিত্যাশয়ঃ ॥৩৪॥

অদ্যেতি। ভাবঃ স্বভাবঃ, স্পৃশতে স্পৃশতি গৃহ্নাতীত্যর্থঃ ॥৩৫॥

যুধীতি। ঈশ্বরং স্বর্গাধিপতিম্। অর্থবদ্যুক্তিযুক্তম্ ॥৩৬॥

তৈরিতি। তৈর্ভ্রাতৃভিঃ, হে দৈত্যনিবর্হণ ! অসুরদমন ! ॥৩৭॥

'রাজশ্রেষ্ঠ ! তুমি সৎকর্ম্মদ্বারা যে স্থান আয়ত্ত করিয়া আসিয়াছ, এই সেই স্থানেই বাস কর। তুমি এখনও মনুষ্যোচিত স্নেহ আকর্ষণ করিতেছ কেন ? ॥৩৩॥

কৌরবনন্দন ! অন্য পুরুষ কখনও যাহা লাভ করে নাই, তুমি সেইরূপ পরমসিদ্ধি লাভ করিয়াছ, কিন্তু তোমার ভ্রাতারা তোমার সদৃশ স্থান লাভ করেন নাই ॥৩৪॥

নরনাথ ! এখনও মানুষের স্বভাব তোমাকে স্পর্শ করিতেছে। ইহা স্বর্গলোক, স্বর্গবাসী দেবর্ষি ও সিদ্ধগণকে দর্শন কর' ॥৩৫॥

দেবরাজ এইরূপ বলিতেছিলেন, তখন বুদ্ধিমান্ যুধিষ্ঠির পুনরায় সেই স্বর্গাধিপতিকে এই যুক্তিযুক্ত বাক্য বলিলেন—॥৩৬॥

'দৈত্যদমন ! আমি ভ্রাতৃগণ ব্যতীত এই স্বর্গে বাস করিতে ইচ্ছা করি না ; অতএব আমার সেই ভ্রাতারা যেস্থানে গিয়াছেন, আমিও সেই স্থানে যাইতে ইচ্ছা করি ॥৩৭॥

যত্র সা বৃহতী শ্যামা বুদ্ধিসত্ত্বগুণান্বিতা।
দ্রৌপদী যোষিতাং শ্রেষ্ঠা যত্র চৈব সুতা মম ॥৩৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং মহাপ্রস্থানিকপর্ব্বণি যুধিষ্ঠিরাদিস্বর্গারোহণে তৃতীয়োঽধ্যায়ঃ ॥০॥

সমাপ্তঞ্চেদং মহাপ্রস্থানিকপর্ব্ব ॥০॥

—:*:—

ভারতকৌমুদী

যত্রেতি। বৃহতী মহতী উদারস্বভাবা, শ্যামা শ্যামবর্ণা, বুদ্ধিশ্চ সত্ত্বগুণশ্চ তাভ্যামন্বিতা। সুতা বিন্ধ্যাদয়ঃ। গন্তুমিচ্ছামি তত্রাহমিত্যনুবৃত্তিঃ। এতেন স্বর্গীয়নির্দ্দিষ্টস্থানপ্রাপ্তিরূপভাবি স্বর্গারোহণপর্ব্বসূচিতম্ ॥৩৮॥

পক্ষাব্ধি-নাগেন্দুমিতে শকাব্দে একত্রিমানেঽহনি মেষগেঽর্কে।
টীকাসকৌ প্রস্থিতিপর্ব্বসংস্থা বঙ্গানুবাদাদিযুতা সমাপ্তা ॥১॥
একস্মিন্নেব বৈশাখে ত্রয়াণামেব পর্ব্বণাম্।
টীকানুবাদয়োঃ শেষাঃ শঙ্করানুগ্রহাৎ কৃতাঃ ॥২॥
কোটালিপাড়ে বিষয়ে বিভাতি গ্রামো মহানূনশিয়াভিধানঃ।
তত্রত্য-গঙ্গাধরশর্ম্মসূনুর্যঃ কাশ্যপঃ শ্রীহরিদাসশর্ম্মা ॥৩॥
চিরমূনশিয়ানিবাসিনা কলিকাতানগরপ্রবাসিনা।
ননু তেন শিবপ্রসাদতো রচিতা শ্রীহরিদাসশর্ম্মণা ॥৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং মহাপ্রস্থানিকপর্ব্বণি তৃতীয়োঽধ্যায়ঃ ॥০॥
সমাপ্তঞ্চেদং মহাপ্রস্থানিকপর্ব্ব ॥০॥

—:*:—

আর উদারস্বভাবা, শ্যামবর্ণা, বুদ্ধি ও সত্ত্বগুণযুক্তা এবং নারীশ্রেষ্ঠা দ্রৌপদী ও আমার পুত্রগণ যেস্থানে গিয়াছেন, আমিও সেই স্থানে যাইতে ইচ্ছা করি' ॥৩৮॥

মহাপ্রস্থানিকপর্ব্বের বঙ্গানুবাদ সমাপ্ত ॥০॥

—০—

(৩৮)···যত্র চৈব গতা মম—পি বঙ্গ বর্দ্ধ সো।

জন্মশতবার্ষিক-সংস্করণম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

স্বর্গারোহনপর্ব্ব

দর্শনাচার্য্য-
শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-
সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণেন
শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া
ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-
বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা-৭০০০০৯

হমীরপুরীতে অবস্থান করিয়া মহাভারতের টীকা রচনা করেন। নীলকণ্ঠ তাঁহার 'ভারত-ভাবদীপ' টীকায় ভীষ্মপর্ব্বের ২৬ অধ্যায়ে (২৭৮ পৃষ্ঠায়) লিখিয়াছেন—"অস্যাধ্যায়স্যার্থঃ সংগৃহীতো মধুসূদনশ্রীপাদৈঃ।" ইহা হইতে সহজেই বুঝা যায় যে, নীলকণ্ঠ আমাদের মধুসূদন সরস্বতীর পরবর্ত্তী এবং সম্ভবতঃ তিনি খ্রীষ্টীয় সপ্তদশ শতাব্দীর প্রথম ভাগে জন্মিয়াছিলেন। এতদতিরিক্ত অন্য কিছু নীলকণ্ঠ সম্বন্ধে নিঃসংশয়ে বলা যায় না।

কলিকাতা, ইণ্টালী, ৪১ নং দেবলেন,
২৭শে বৈশাখ, ১৩৬৬ সাল।

চিরবিধেয়—
শ্রীহরিদাসদেবশর্ম্মা।

পাঠক্রমে মহাভারতের বৃহৎ সূচীপত্র।

—:০:—

স্বর্গারোহণপর্ব্ব

—:*:—

পাঠক্রমে স্বর্গারোহণপর্ব্বের বৃহৎ সূচীপত্র সমাপ্ত॥০॥

—০—

পাঠান্তরে লিখিত সাঙ্কেতিক অক্ষরগুলির বিবরণ।

পি—(আমার) পিতামহলিখিত পূর্ব্ববঙ্গদেশীয় পুস্তক।

বঙ্গ—বঙ্গবাসি-সংবাদপত্র-কার্য্যালয়-মুদ্রিত পশ্চিমবঙ্গদেশীয় পুস্তক।

বর্দ্ধ—বর্দ্ধমান-মহারাজ-মুদ্রিত পশ্চিমবঙ্গদেশীয় পুস্তক।

সো—এসিয়াটিক সোসাইটি মুদ্রিত পুস্তক।

নি—মুম্বয়ীপ্রদেশীয় নির্ণয়সাগর-যন্ত্র মুদ্রিত পুস্তক।

স্বর্গারোহণপর্ব্বের অধ্যায় ও শ্লোকসংখ্যা।

—:*:—

মহর্ষি বেদব্যাস আদিপর্ব্বের দ্বিতীয় অধ্যায়ে স্বর্গারোহণপর্ব্বের অধ্যায় ও শ্লোকসংখ্যা গণনা করিয়া লিখিয়া গিয়াছেন—

"এতদষ্টাদশং পর্ব্ব প্রোক্তং ব্যাসেন ধীমতা।
অধ্যায়াঃ পঞ্চ সংখ্যাতাঃ পর্ব্বণ্যস্মিন্ মহাত্মনা ॥৩৭৮॥
শ্লোকানাং দ্বে শতে চৈব প্রসংখ্যাতে তপোধনাঃ।।
নব শ্লোকাস্তথৈবান্যে সংখ্যাতাঃ পরমর্ষিণা ॥৩৭৯॥"

অর্থাৎ স্বর্গারোহণপর্ব্বে ৫টি অধ্যায় এবং ৩২৩টি শ্লোক আছে।

পাঠকমহোদয়গণ! নিম্নলিখিত তালিকাটি দেখিলে স্বর্গারোহণপর্ব্বে উক্ত অধ্যায়সংখ্যা ও শ্লোকসংখ্যার সম্পূর্ণ মিল দেখিতে পাইবেন।

অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা
১	৩৮
২	৪১
৩	৪৪
৪	২২
৫	১৭৮
	একুন=৩২৩

—:০:—

মহাভারতের উপপর্ব্ব, অধ্যায় ও শ্লোকসংখ্যার সঙ্কলন।

পাঠকমহোদয়গণ! নিম্নলিখিত সঙ্কলনটি দেখিলেই বুঝিতে পারিবেন যে, মহাভারতে ১০০ উপপর্ব্ব, ২৯৬০ অধ্যায় এবং এক লক্ষ শ্লোক আছে। অধ্যায়সংখ্যা ও শ্লোকসংখ্যার সঙ্কলন প্রত্যেক পর্ব্বের প্রথমেই প্রদত্ত হইয়াছে।

কর্ণপর্ব্ব, মৌসলপর্ব্ব, মহাপ্রস্থানিকপর্ব্ব ও স্বর্গারোহণপর্ব্বে কোন উপপর্ব্ব না থাকায় মূল পর্ব্বকেই উপপর্ব্ব হিসাবে গণনা করা হইয়াছে।

	পর্ব্বের নাম	উপপর্ব্ব	অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা
১।	আদিপর্ব্বে	১৯	২২৭	৮৮৮৪
২।	সভাপর্ব্বে	৯	৭৮	২৫১১
৩।	বনপর্ব্বে	১৯	২৬৯	১১৬৬৪
৪।	বিরাটপর্ব্বে	৫	৬৭	২০৫০
৫।	উদ্‌যোগপর্ব্বে	৯	১৮৬	৬৬৯৮
৬।	ভীষ্মপর্ব্বে	৪	১১৭	৫৮৮৪
৭।	দ্রোণপর্ব্বে	৮	১৭০	৮৯০৯
৮।	কর্ণপর্ব্বে	১	৬৯	৪৯৬৪
৯।	শল্যপর্ব্বে	৩	৫৯	৩২২০
১০।	সৌপ্তিকপর্ব্বে	২	১৮	৮৭০
১১।	স্ত্রীপর্ব্বে	৩	২৭	৭৭৫
১২।	শান্তিপর্ব্বে	৬	৩৩৯	১৪৭০৭
১৩।	অনুশাসনপর্ব্বে	২	১৪৬	৮০৯৯
১৪।	আশ্বমেধিকপর্ব্বে	২	১৩০	৬৩২০
১৫।	আশ্রমবাসিকপর্ব্বে	৩	৪২	১১১১
১৬।	মৌসলপর্ব্বে	১	৮	৩২০
১৭।	মহাপ্রস্থানিকপর্ব্বে	১	৩	১২৩
১৮।	স্বর্গারোহণপর্ব্বে	১	৫	৩২৩
	হরিবংশে	২	১০০০	১২০০০
	হরিবংশীয় ভবিষ্যভাগে	—	—	৩৫৬৮
		১০০ *	২৯৬০	১০০০০০

* "ভবিষ্যং পর্ব্ব চাপ্যুক্তং খিলেষেবাদ্ভুতং মহৎ।
এতৎ পর্ব্বশতং পূর্ণং ব্যাসেনোক্তং মহাত্মনা ॥৮৫॥"
আদিপর্ব্ব, দ্বিতীয় অধ্যায়।

অর্থাৎ বেদব্যাস মহাভারতে এক শত উপপর্ব্ব গণনা করিয়াছেন।

স্বর্গারোহণপর্ব্ব

—ঃ*ঃ—

প্রথমোঽধ্যায়ঃ।

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীঞ্চৈব ততো জয়মুদীরয়েৎ॥

জনমেজয় উবাচ।

স্বর্গং ত্রিবিষ্টপং প্রাপ্য মম পূর্ব্বপিতামহাঃ।
পাণ্ডবা ধার্ত্তরাষ্ট্রাশ্চ কানি স্থানানি ভেজিরে ॥১॥

ভারতকৌমুদী

নমো গণেশায়।

মৃত্যুঞ্জয়! প্রবলমৃত্যুজিগীষয়ৈব বোধোদয়াদবধি দেব! ময়াশ্রিতস্ত্বম্।
উদ্যম্য শূলমুপতিষ্ঠ তদেকদৃষ্টিম্ ত্বূর্যথা হরতি মাং ন হঠাদুপেত্য ॥১॥

স্বর্গারোহণসিদ্ধ্যর্থং স্বর্গারোহণপর্ব্বণঃ।
ধর্ম্মরাজস্য ধর্ম্মস্য ব্যাখ্যাং বক্ষ্যে প্রদর্শিনীম্ ॥২॥

অথ পূর্ব্বস্মিন্ পর্ব্বণি দেবরাজো বিমানেন যুধিষ্ঠিরং স্বর্গমুখমনয়ৎ, তত্র চ শুনঃ সহগমনকথা ভীমাদীনাং স্থানপ্রাপ্তিকথা চোক্তা। তৎস্মৃচিত্তমিদানীং স্বর্গারোহণপর্ব্বারভতে জনমেজয় উবাচ। স্বর্গমিতি। মম পিতামহাৎ পূর্ব্ব ইতি পূর্ব্বপিতামহাঃ প্রপিতামহাঃ পাণ্ডবা ধার্ত্তরাষ্ট্রাশ্চ, ত্রীণি বিষ্টপানি স্বর্গ-মর্ত্ত্য-পাতালরূপাণি ভুবনানি নীচোচ্চাবচ-সমতল-স্থানভেদাৎ ত্রিবিধানি স্থানানি যত্র তং ত্রিভুবনতুল্যং বিশালং বা স্বর্গং প্রাপ্য, কানি স্থানানি ভেজিরে আশিশ্রিয়ুঃ। ক্ষত্রধর্ম্মপরায়ণতয়া ধার্ত্তরাষ্ট্রাদীনামপি স্বর্গপ্রাপ্তিমভ্যুহ্য ধার্ত্তরাষ্ট্রাশ্চেত্যুক্তম্ ॥১॥

জনমেজয় বলিলেন—'আমার প্রপিতামহ পাণ্ডবগণ ও ধার্ত্তরাষ্ট্রগণ ত্রিভুবনতুল্য বিশাল স্বর্গে যাইয়া কোন্ কোন্ স্থান লাভ করিয়াছিলেন?॥১॥

এতদিচ্ছাম্যহং শ্রোতুং সর্ববিচ্চাসি মে মতঃ।
মহর্ষিণাভ্যনুজ্ঞাতো ব্যাসেনাদ্ভুতকর্ম্মণা ॥২॥

বৈশম্পায়ন উবাচ।

স্বর্গং ত্রিবিষ্টপং প্রাপ্য তব পূর্বপিতামহাঃ।
যুধিষ্ঠিরপ্রভৃতয়ো যদকুর্বত তচ্ছৃণু ॥৩॥
স্বর্গং ত্রিবিষ্টপং প্রাপ্য ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ;
দুর্য্যোধনং শ্রিয়া জুষ্টং দদর্শাসীনমাসনে ॥৪॥
ভ্রাজমানমিবাদিত্যং বীরলক্ষ্ম্যাভিসংবৃতম্।
দেবৈর্ভ্রাজিষ্ণুভিঃ সাধ্যৈঃ সহিতং পুণ্যকর্ম্মভিঃ ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এতদিতি। সর্ব্ববিদসীতি বক্তুং সমর্থঃ, অনুজ্ঞাতো মহ্যং বক্তুমনুমত ইতি ধ্রুবমেব ব্রূয়াদিতি ভাবঃ ॥২॥

স্বর্গমিতি। প্রভৃতিশব্দেন ভীমদুর্য্যোধনাদীনাং গ্রহণম্ ॥৩॥

স্বর্গমিতি। শ্রিয়া স্বর্গীয়শোভয়া জুষ্টং সেবিতং যুক্তমিত্যর্থঃ। ভ্রাজিষ্ণুভিরুজ্জ্বল-কান্তিভিঃ, সাধ্যৈর্দেবযোনিবিশেষৈঃ ॥৪—৫॥

ভাবভাবদীপঃ

শ্রীগণেশায় নমঃ।

পূর্ব্ব ইতি। পূর্ব্বস্মিন্ পর্ব্বণি ধর্ম্মস্য ফলভূতাস্ত্যাগাস্যাদয়ো যুধিষ্ঠিরদৃষ্টান্তেন দর্শিতাঃ, ইদানীং তস্য মুখ্যং ফলং দর্শয়িতুং স্বর্গারোহণপর্ব্বারভতে—স্বর্গং ত্রিবিষ্টপমিতি। যথা তৎ সংখ্যায়ামল্পসংখ্যান্তর্ভবতি এবং ত্রীণি বিষ্টপানি ভুবনানি উৎকর্ষবশাদ্যত্রান্তর্ভবন্তি তাদৃশমপি

ইহা আমি শুনিতে ইচ্ছা করি। আমি মনে করি, আপনি সর্ব্বজ্ঞ; বিশেষতঃ, অদ্ভুতকর্ম্মা মহর্ষি বেদব্যাস আপনাকে পাণ্ডবাদির চরিত্র বলিতে অনুমতি দিয়াছেন' ॥২॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! আপনার প্রপিতামহ যুধিষ্ঠিরপ্রভৃতি ত্রিভুবনের ন্যায় বিশাল স্বর্গে গমন করিয়া যাহা করিয়াছিলেন, তাহা শ্রবণ করুন ॥৩॥

ধর্ম্মরাজ যুধিষ্ঠির ত্রিভুবনের ন্যায় বিশাল স্বর্গে যাইয়া আসনে উপবিষ্ট স্বর্গীয় শোভায় শোভিত দুর্য্যোধনকে দর্শন করিলেন। তৎকালে দুর্য্যোধন সূর্য্যের ন্যায় উজ্জ্বল মূর্ত্তি, বীরশোভাসমন্বিত এবং দীপ্তকান্তি ও পুণ্যকর্ম্মা দেবগণ ও সাধ্যগণের সহিত সম্মিলিত ছিলেন ॥৪—৫॥

ততো যুধিষ্ঠিরো রাজা দুর্য্যোধনসমর্ষিতঃ।
সহসা সন্নিবৃত্তোঽভূচ্ছ্রিয়ং দৃষ্ট্বা সুযোধনে ॥৬॥
ব্রুবন্নুচ্চৈর্বচস্তান্ বৈ নাহং দুর্য্যোধনেন বৈ।
সহিতঃ কাময়ে লোকাঁল্লুব্ধেনাদীর্ঘদর্শিনা ॥৭॥ (যুগ্মকম্)
যৎকৃতে পৃথিবী সর্বা সুহৃদো বান্ধবাস্তথা।
হতাস্মাভিঃ প্রসহ্যাজৌ ক্লিষ্টৈঃ পূর্ব্বং মহাবনে ॥৮॥
দ্রৌপদী চ সভামধ্যে পাঞ্চালী ধর্ম্মচারিণী।
পর্য্যাকৃষ্টানবদ্যাঙ্গী পত্নী নো গুরুসন্নিধৌ ॥৯॥
অস্তি দেবাঃ! ন মে কামঃ সুযোধনমুদীক্ষিতুম্।
তত্রাহং গন্তুমিচ্ছামি যত্র তে ভ্রাতরো মম ॥১০॥

ভারতকৌমুদী

তত ইতি। অমর্ষিতঃ ক্রুদ্ধঃ। শ্রিয়ং কান্তিম্। মানুষদেহস্থাদেব পূর্ব্বসংস্কারাদমর্ষ ইতি ভাবঃ। লোকান্ স্বর্গান্ ॥৬—৭॥

যদিতি। যৎকৃতে যেন দুর্য্যোধনেন নিমিত্তেন। প্রসহ্য বলেন, আজৌ যুদ্ধে ॥৮॥

দ্রৌপদীতি। অনবদ্যাঙ্গী অনিন্দ্যগাত্রী, নঃ অস্মাকম্ ॥৯॥

অস্তীতি। হে দেবাঃ! সুযোধনমুদীক্ষিতুং মে কাম ইচ্ছা নাস্তি ॥১০॥

ভারতভাবদীপঃ

স্বর্গং প্রাপ্য। "বিষ্টপং ভুবনং জগৎ" ইত্যমরঃ ॥১—৫॥ তত ইতি। স্বর্গেঽপ্যমর্ষো দুস্ত্যজ ইতি সংস্কারাণাং প্রাবল্যমুক্তম্ ॥৬—৭॥ হতাঃ অস্মাভিঃ, সন্ধিরার্ষঃ ॥৮—১০॥ বিরুদ্ধং

তাহার পর যুধিষ্ঠির দুর্য্যোধনকে দেখিয়াই ক্রুদ্ধ হইলেন এবং দুর্য্যোধনের স্বর্গীয় কান্তি দেখিয়া 'আমি লুব্ধ ও অদূরদর্শী দুর্য্যোধনের সহিত স্বর্গ কামনা করি না' এই কথা দেবগণকে উচ্চস্বরে বলিতে থাকিয়া তৎক্ষণাৎ নিবৃত্তি পাইলেন ॥৬—৭॥

'যাহার জন্য আমরা পূর্ব্বে মহাবনে কষ্ট পাইয়া যুদ্ধে বলপূর্ব্বক সুহৃদ্‌গণ ও বন্ধুগণ, এমন কি সমগ্র পৃথিবীকে বিধ্বস্ত করিয়াছি ॥৮॥

তারপর, যাহার জন্য পাঞ্চালরাজনন্দিনী অনিন্দনীয় গাত্রী আমাদের ধর্ম্মচারিণী পত্নী দ্রৌপদী সভামধ্যে গুরুজনসন্নিধানে দুঃশাসনকর্ত্তৃক আকৃষ্টা হইয়াছিলেন ॥৯॥

সুতরাং দেবগণ! দুর্য্যোধনকে দর্শন করিতেও আমার ইচ্ছা নাই। আমার ভ্রাতারা যেখানে রহিয়াছেন, আমি সেইখানে যাইতে ইচ্ছা করি' ॥১০॥

নৈবমিত্যব্রবীত্তন্তু নারদঃ প্রহসন্নিব।
স্বর্গে নিবাসে রাজেন্দ্র! বিরুদ্ধং চাপি নশ্যতি ॥১১॥
যুধিষ্ঠির! মহাবাহো! মৈবং বোচঃ কথঞ্চন।
দুর্য্যোধনং প্রতি নৃপং শৃণু চেদং বচো মম ॥১২॥
এষ দুর্য্যোধনো রাজা পূজ্যতে ত্রিদশৈঃ সহ।
সদ্ভিশ্চ রাজপ্রবরৈর্য ইমে স্বর্গবাসিনঃ ॥১৩॥
বীরলোকগতিং প্রাপ্তা যুদ্ধে হুত্বাত্মনস্তনুম্।
যূয়ং সর্বে সুরসমা যেন যুদ্ধে সমাসিতাঃ ॥১৪॥
স এষ ক্ষত্রধর্ম্মেণ স্থানমেতদবাপ্তবান্।
ভয়ে মহতি যোঽভীতো বভূব পৃথিবীপতিঃ ॥১৫॥

ভারতকৌমুদী

নেতি। স্বর্গে নিবাসে নিবাসকালে, বিরুদ্ধং পূর্ব্বো বিরোধঃ ॥১১॥

যুধিষ্ঠিরেতি। এবং মা বোচঃ ন ব্রূহি ॥১২॥

এষ ইতি। ত্রিদশৈর্দেবৈঃ। সদ্ভিঃ সাধুভিঃ ॥১৩॥

বীরেতি। হুত্বা ত্যক্ত্বা। তথা চ "দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদিনৌ। পরিব্রাড্‌যোগযুক্তশ্চ রণে চাভিমুখো হতঃ ॥" এবঞ্চ দুর্য্যোধনোঽপি সম্মুখযুদ্ধে হতত্বাদেব স্বর্গং প্রাপ্ত ইত্যাশয়ঃ। যূয়ং সর্ব্বেঽপি সুরসমা দেবতুল্যাঃ স্বর্গভাজঃ। যেন হি, যুদ্ধে সমাসিতাঃ সম্মুখ্যেন প্রবৃত্তাঃ ॥১৪॥

স ইতি। মহতি ভয়ে উপস্থিতেঽপি যঃ পৃথিবীপতির্দুর্য্যোধনো গদাযুদ্ধে অভীতো বভূব ॥১৫॥

তখন নারদ হাস্য করিয়াই যেন যুধিষ্ঠিরকে বলিলেন—'এইরূপ বলিও না। রাজশ্রেষ্ঠ! স্বর্গে বাস করিবার সময়ে পূর্ব্বের বিরোধ আর থাকে না ॥১১॥

মহাবাহু! যুধিষ্ঠির! তুমি কোন প্রকারেই রাজা দুর্য্যোধনের প্রতি এই-রূপ বাক্য বলিও না। আমার এই কথা শুন ॥১২॥

এই যাঁহারা স্বর্গে বাস করিতেছেন, সেই সাধুপ্রকৃতি প্রধান রাজারা দেব-গণের সহিত মিলিত হইয়া এই রাজা দুর্য্যোধনের সম্মান করিতেছেন ॥১৩॥

সকল বীরই যুদ্ধে নিজ নিজ দেহ ত্যাগ করিয়া বীরের গতি লাভ করিয়া-ছেন এবং তোমরা সকলেও দেবগণের তুল্য হইয়াছ; যেহেতু সম্মুখযুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলে ॥১৪॥

---

(১৪)···যেন যুদ্ধেন বাধিতাঃ—নি।···সদৈবানেন হিংসিতাঃ—সো।

ন তন্মনসি কর্ত্তব্যং পুত্র! যদ্দ্যূতকারিতম্।
দ্রৌপদ্যাশ্চ পরিক্লেশং ন চিন্তয়িতুমর্হসি ॥১৬॥
যে চান্যেঽপি পরিক্লেশা যুষ্মাকং জ্ঞাতিকারিতাঃ।
সংগ্রামেষ্বথবান্যত্র ন তান্ সংস্মর্ত্তুমর্হসি ॥১৭॥
সমাগচ্ছ যথান্যায়ং রাজ্ঞা দুর্য্যোধনেন বৈ।
স্বর্গোঽয়ং নেহ বৈরাণি ভবন্তি মনুজাধিপ! ॥১৮॥
নারদেনৈবমুক্তস্তু কুরুরাজো যুধিষ্ঠিরঃ।
ভ্রাতৄন্ পপ্রচ্ছ মেধাবী বাক্যমেতদুবাচ হ ॥১৯॥
যদি দুর্য্যোধনস্যৈতে বীরলোকাঃ সনাতনাঃ।
অধর্ম্মজ্ঞস্য পাপস্য পৃথিবীসুহৃদদ্রুহঃ ॥২০॥

ভারতকৌমুদী

নেতি। যদনিষ্টং তত্তৎকর্ম্মণাং মনুষ্যস্বভাবপ্রযুক্তত্বাৎ ইদানীঞ্চ যুষ্মাকং দেবরূপত্বাদিতি ভাবঃ ॥১৬॥

য ইতি। অন্যে অভিমন্যুবধাদিনিবন্ধনাঃ। অন্যত্র ঘোষযাত্রাদৌ ॥১৭॥

সমিতি। সমাগচ্ছ সম্মিলিতো ভব, দুর্য্যোধনেন সহ ॥১৮॥

নারদেনেতি। পপ্রচ্ছ মদ্ভ্রাতরঃ কুত্র বর্ত্তন্তে ইতি জিজ্ঞাসিতবান্ ॥১৯॥

যদীতি। পৃথিব্যৈ চ সুহৃদ্ভ্যশ্চ দ্রুহ্যতীতি তস্য। সুহৃচ্ছব্দস্য অদন্তত্বমার্ষম্। তদা ব্যাধানামপি বীরলোকপ্রাপ্তৌ কো দোষ ইতি শেষঃ ॥২০॥

যে রাজা মহাভয় উপস্থিত হইলেও ভীত হন নাই, এই সেই দুর্য্যোধন ক্ষত্রিয়ধর্ম্মের গুণে এই স্থান লাভ করিয়াছেন ॥১৫॥

পুত্র! দুর্য্যোধন দ্যূতক্রীড়ায় তোমাদের যে অনিষ্ট করিয়াছেন, তাহা তোমার মনে করা উচিত নহে এবং তুমি দ্রৌপদীর কষ্টও স্মরণ করিতে পার না ॥১৬॥

তারপর, জ্ঞাতিরা যুদ্ধে বা অন্য স্থানে তোমাদের অন্য যে সকল ক্লেশ জন্মাইয়াছিল, সেগুলিও তুমি এখন স্মরণ করিতে পার না ॥১৭॥

সুতরাং নরনাথ! তুমি ন্যায় অনুসারে রাজা দুর্য্যোধনের সহিত মিলিত হও। কারণ, এটা স্বর্গ, এখানে শত্রুতা সম্ভবপর হয় না' ॥১৮॥

নারদ এইরূপ বলিলে, মেধাবী কুরুরাজ যুধিষ্ঠির ভ্রাতাদের বিষয় জিজ্ঞাসা করিলেন এবং এই কথা বলিলেন—॥১৯॥

'অধর্ম্মজ্ঞ, পাপাত্মা এবং পৃথিবী ও বন্ধুদ্রোহী দুর্য্যোধনের যদি এই সকল সনাতন বীরলোক হইতে পারে, তবে ব্যাধেরও হইলে দোষ কি? ॥২০॥

যৎকৃতে পৃথিবী নষ্টা সহয়া সনরদ্বিপা।
বয়ঞ্চ মন্যুনা দগ্ধা বৈরং প্রতিচিকীর্ষবঃ ॥২১॥
যে তে বীরা মহাত্মানো ভ্রাতরো মে মহাব্রতাঃ।
সত্যপ্রতিজ্ঞা লোকস্য শূরা বৈ সত্যবাদিনঃ।
তেষামিদানীং কে লোকা দ্রষ্টুমিচ্ছামি তানহম্ ॥২২॥
কর্ণঞ্চৈব মহাত্মানং কৌন্তেয়ং সত্যসঙ্গরম্।
ধৃষ্টদ্যুম্নং সাত্যকিঞ্চ ধৃষ্টদ্যুম্নস্য চাত্মজান্ ॥২৩॥
যে চ শস্ত্রৈর্বধং প্রাপ্তাঃ ক্ষত্রধর্ম্মেণ পার্থিবাঃ।
ক্ব নু তে পার্থিবা ব্রহ্মন্! নৈতান্ পশ্যামি নারদ! ॥২৪॥
বিরাটদ্রুপদৌ চৈব ধৃষ্টকেতুমুখাংশ্চ তান্।
শিখণ্ডিনঞ্চ পাঞ্চাল্যং দ্রৌপদেয়াংশ্চ সর্ব্বশঃ।
অভিমন্যুঞ্চ দুর্দ্ধর্ষং দ্রষ্টুমিচ্ছামি নারদ! ॥২৫॥

ভারতকৌমুদী

যদিতি। হয়ৈরশ্বৈঃ সহেতি সা, নরৈর্দ্বীপৈর্গজৈশ্চ সহেতি সা। মন্যুনা ক্রোধানলেন, প্রতিচিকীর্ষবঃ প্রতিকর্ত্তুমিচ্ছবঃ ॥২১॥

য ইতি। বীরা দৈহিকবলান্বিতাঃ, মহাব্রতা ধর্ম্মানুষ্ঠানে দৃঢ়নিয়মাঃ। লোকস্য জগতো মধ্যে, শূরা মানসবলসম্পন্নাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

কর্ণমিতি। কৌন্তেয়ং কুন্তীগর্ভজাতম্, সত্যসঙ্গরং সত্যপ্রতিজ্ঞম্। দ্রষ্টুমিচ্ছামীত্যনুবৃত্তিঃ ॥২৩॥

য ইতি। পার্থিবা জরাসন্ধপুত্রসহদেবাদয়ঃ ॥২৪॥

যাহার জন্য মনুষ্য, অশ্ব ও হস্তীর সহিত সমগ্র পৃথিবী বিনষ্ট হইয়াছে এবং শত্রুতার প্রতিকারাভিলাষী আমরাও যাহার ক্রোধানলে দগ্ধ হইয়াছি ॥২১॥

দৈহিক বল ও মানসিক বলশালী, মহাত্মা, মহাব্রত, জগতের মধ্যে সত্যপ্রতিজ্ঞ ও সত্যবাদী সেই যে আমার ভ্রাতারা ছিলেন, এখন তাঁহাদের কোন্ কোন্ লোক হইয়াছে? আমি তাঁহাদিগকে দেখিতে ইচ্ছা করি ॥২২॥

কুন্তীনন্দন, মহাত্মা ও সত্যপ্রতিজ্ঞ কর্ণকে এবং ধৃষ্টদ্যুম্ন, সাত্যকি ও ধৃষ্টদ্যুম্নের পুত্রগণকে দর্শন করিতে ইচ্ছা করি ॥২৩॥

ব্রাহ্মণ নারদ! যে সকল রাজা ক্ষত্রিয়ধর্ম্মানুসারে অস্ত্রদ্বারা যুদ্ধে নিহত হইয়াছেন, সেই রাজারা কোথায়? তাঁহাদিগকে ত দেখিতেছি না? ॥২৪॥

---

(২৫) ইতঃ পরম্ অধ্যায়সমাপ্তিঃ। যুধিষ্ঠির উবাচ—বঙ্গ বর্দ্ধ সো নি।

নেহ পশ্যামি বিবুধাঃ! রাধেয়মমিতৌজসম্।
ভ্রাতরৌ চ মহাত্মানৌ যুধামন্যূত্তমৌজসৌ ॥২৬॥
জুহুবুর্যে শরীরাণি রণবহ্নৌ মহারথাঃ।
রাজানো রাজপুত্রাশ্চ যে মদর্থে হতা রণে ॥২৭॥
ক তে মহারথাঃ সর্বে শার্দ্দূলসমবিক্রমাঃ।
তৈরপ্যয়ং জিতো লোকঃ কচ্চিৎ পুরুষসত্তমৈঃ ॥২৮॥ (যুগ্মকম্)
যদি লোকানিমান্ প্রাপ্তাস্তে চ সর্বে মহারথাঃ।
স্থিতং বিত্ত হি মাং দেবাঃ! সহিতং তৈর্মহাত্মভিঃ ॥২৯॥
কচ্চিন্ন তৈরবাপ্তোঽয়ং নৃপৈর্লোকোঽক্ষয়ঃ শুভঃ।
ন তৈরহং বিনা বৎস্যে ভ্রাতৃভির্জ্ঞাতিভিস্তথা ॥৩০॥

ভারতকৌমুদী

বিরাটেতি। ধৃষ্টকেতুমুখান্ ধৃষ্টকেতুপ্রভৃতীন্। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্ বিন্ধ্যাদীন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

নেতি। হে বিবুধাঃ! দেবাঃ! রাধেয়ং রাধায়াঃ পুত্রং কর্ণম্ ॥২৬॥

জুহুবুরিতি। শরীরাণি সমিদ্রূপাণি। জিতঃ সৎকর্ম্মভিরায়ত্তীকৃতঃ ॥২৭—২৮॥

যদীতি। হে দেবাঃ! তৈর্মহাত্মভিঃ সহিতং মাং স্থিতম্, বিত্ত যূয়ং জানীত তথৈব মদভীষ্টত্বাৎ ॥২৯॥

কচ্চিদিতি। বৎস্যে বৎস্যামি, জ্ঞাতিভির্বিশ্রবঃপ্রভৃতিভিঃ ॥৩০॥

মহর্ষি নারদ! বিরাট, দ্রুপদ, ধৃষ্টকেতুপ্রভৃতি রাজা, পাঞ্চালরাজপুত্র শিখণ্ডী, দ্রৌপদীর সকল পুত্র এবং দুর্দ্ধর্ষ অভিমন্যুকে আমি দেখিতে ইচ্ছা করি ॥২৫॥

দেবগণ! অমিততেজা কর্ণ এবং মহাত্মা যুধামন্যু ও উত্তমৌজা—এই দুই ভ্রাতাকেও এখানে দেখিতেছি না ॥২৬॥

যে সকল মহারথ রাজা যুদ্ধরূপ অগ্নিতে নিজেদের শরীররূপ সমিধ ত্যাগ করিয়াছেন এবং যে সকল রাজপুত্র আমার জন্য জীবন বিসর্জ্জন দিয়াছেন, ব্যাঘ্রের তুল্য বিক্রমশালী সেই মহারথেরা সকলে কোথায় গিয়াছেন? সেই পুরুষশ্রেষ্ঠেরাও এই স্বর্গলোক অধিকার করিতে পারিয়াছেন ত? ॥২৭—২৮॥

দেবগণ! সেই মহারথেরা সকলে যদি এই সকল লোক লাভ করিয়া থাকেন, তাহা হইলে সেই মহাত্মাদের সহিতই আমি রহিয়াছি বলিয়া আপনারা অবগত হউন ॥২৯॥

সেই রাজারা এই অক্ষয় ও মঙ্গলজনক লোক লাভ করেন নাই কি? তাহা হইলে আমি সেই ভ্রাতৃগণ ও জ্ঞাতিগণ ব্যতীত এই স্বর্গে বাস করিব না ॥৩০॥

মাতুর্হি বচনং শ্রুত্বা তদা সলিলকর্ম্মণি।
কর্ণস্য ক্রিয়তাং তোয়মিতি তপ্যামি তেন বৈ ॥৩১॥
ইদঞ্চ পরিতপ্যামি পুনঃ পুনরহং সুরাঃ।।
যন্মাতুঃ সদৃশৌ পাদৌ তস্যাহমমিতাত্মনঃ ॥৩২॥
দৃষ্ট্বৈব তং নানুগতঃ কর্ণং পরবলার্দ্দনম্।
ন হ্যস্মান্ কর্ণসহিতান্ জয়েচ্ছক্রোঽপি সংযুগে ॥৩৩॥ (যুগ্মকম্)
তমহং যত্রতত্রস্থং দ্রষ্টুমিচ্ছামি সূর্য্যজম্।
অবিজ্ঞাতো ময়া যোঽসৌ ঘাতিতঃ সব্যসাচিনা ॥৩৪॥
ভীমঞ্চ ভীমবিক্রান্তং প্রাণেভ্যোঽপি প্রিয়ং মম।
অর্জ্জুনং চেন্দ্রসঙ্কাশং যমৌ চৈব যমোপমৌ ॥৩৫॥
দ্রষ্টুমিচ্ছামি তাং চাহং পাঞ্চালীং ধর্ম্মচারিণীম্।
ন চেহ স্থাতুমিচ্ছামি সত্যমেবং ব্রবীমি বঃ ॥৩৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

মাতুরিতি। তদা সর্ব্বেষামন্ত্যেষ্টিকালে, সলিলকর্ম্মণি তর্পণোপক্রমে, মাতুঃ কুন্ত্যাঃ "কর্ণস্য তোয়ং তোয়দ্বারকং তর্পণং ক্রিয়তাম্" ইতি বচনং শ্রুত্বা তৎ তর্পণং কৃতমিতি শেষঃ। তেন চ তপ্যামি ভ্রাতুস্তস্য কর্ণস্যাদর্শনাৎ ॥৩১॥

ইদমিতি। মাতুঃ কুন্ত্যাঃ, তস্য কর্ণস্য। নানুগতো জ্যেষ্ঠভ্রাতৃতয়েতি ভাবঃ ॥৩২—৩৩॥

তমিতি। তং কর্ণম্। সব্যসাচিনা অর্জ্জুনেন ॥৩৪॥

ভীমমিতি। ভীমবিক্রান্তং ভয়ঙ্করবিক্রমযুক্তম্। যমৌ নকুলসহদেবৌ। পাঞ্চালীং দ্রৌপদীম্ ॥৩৫—৩৬॥

তখন সকলের তর্পণ করিবার সময়ে আমার মাতা কুন্তীদেবী আমাকে বলিয়াছিলেন যে, 'কর্ণেরও তর্পণ কর'। মাতার সেই বাক্য শুনিয়া এখন আমি সেই কর্ণের জন্য সন্তপ্ত হইতেছি ॥৩১॥

দেবগণ! এখন আমি বার বার এই অনুতাপ করিতেছি। যেহেতু, আমি তৎকালে অমিততেজা কর্ণের সেই চরণযুগল কুন্তীর চরণযুগলেরই সদৃশ—ইহা দেখিযাই সেই বিপক্ষবিজয়ী কর্ণের অনুগত হই নাই। আমরা কর্ণের সহিত মিলিত হইলে, স্বয়ং ইন্দ্রও যুদ্ধে আমাদিগকে জয় করিতে পারিতেন না ॥৩২—৩৩॥

আমি না জানিয়া অর্জ্জুনদ্বারা যাঁহাকে বধ করাইয়াছি, সেই সূর্য্য হইতে উৎপন্ন কর্ণ যে কোন স্থানেই থাকুন না কেন, আমি তাঁহাকে দেখিতে ইচ্ছা করি ॥৩৪॥

কিং মে ভ্রাতৃবিহীনস্য স্বর্গেণ সুরসত্তমাঃ।
যত্র তে মম স স্বর্গো নায়ং স্বর্গো মতো মম ॥৩৭॥
দেবা ঊচুঃ।
যদি বৈ তত্র তে শ্রদ্ধা গম্যতাং তত্র মা চিরম্।
প্রিয়ে হি তব বর্ত্তামো দেবরাজস্য শাসনাৎ ॥৩৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং স্বর্গারোহণ-পর্ব্বণি দেবযুধিষ্ঠিরসংবাদে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

কিমিতি। তে ভীমাদযো বর্ত্তন্তে নায়ং স্বর্গো মতো মম তৈর্বিহীনত্বাৎ ॥৩৭॥

যদীতি। তত্র ভীমাদীনামধিষ্ঠানস্থানে, শ্রদ্ধা গমনেচ্ছা। প্রিয়ে প্রীতিকরকার্য্য-সম্পাদনে ॥৩৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং স্বর্গারোহণপর্ব্বণি প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

বৈরাদিঝং নশ্যতি অন্তর্ব্বীপশ্চে ॥১১—১৪॥ অভীত ইতি চ্ছেদঃ ॥১৫—১৯॥ সুহৃদ ইত্যদন্তঃ শব্দঃ ॥২০—২৮॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে স্বর্গারোহণপর্ব্বণি প্রথমোঽধ্যায়ঃ ॥১॥

দেবগণ! আমার প্রাণ অপেক্ষাও প্রিয়তম, ভয়ঙ্কর বিক্রমশালী ভীমসেন, ইন্দ্রের তুল্য অর্জ্জুন, যমের সদৃশ নকুল ও সহদেব এবং সহধর্ম্মিণী সেই পাঞ্চালীকে আমি দেখিতে ইচ্ছা করি; কিন্তু এখানে আমি থাকিতে ইচ্ছা করি না; ইহা আমি আপনাদিগকে সত্য বলিতেছি ॥৩৫—৩৬॥

দেবশ্রেষ্ঠগণ! ভ্রাতৃগণ ব্যতীত আমার স্বর্গদ্বারা কি হইবে? যে স্থানে তাহারা রহিয়াছে, সে-ই আমার স্বর্গ; কিন্তু ইহা আমার স্বর্গ বলিয়া অভিমত নহে' ॥৩৭॥

দেবগণ বলিলেন—'রাজা! তাঁহারা যেস্থানে রহিয়াছেন, সেই স্থানেই যদি আপনার গমন করিতে ইচ্ছা হইয়া থাকে, তবে সেই স্থানেই গমন করুন, বিলম্ব করিবেন না। কারণ, আমরা দেবরাজের আদেশে আপনার প্রিয়কার্য্য করিতেই প্রবৃত্ত রহিয়াছি' ॥৩৮॥

---

(৩৮) ..গম্যতাং পুত্র! মা চিরম্—পি বস বর্দ্ধ সো। * অত্রাধ্যায়ঃ সমাপ্তির্নাস্তি বজ বর্দ্ধ সো নি।

দ্বিতীয়োঽধ্যায়ঃ

—:০:—

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্ত্বা তং ততো দেবা দেবদূতমুপাদিশন্।
যুধিষ্ঠিরস্য সুহৃদো দর্শয়েতি পরন্তপ ! ॥১॥
ততঃ কুন্তীসুতো রাজা দেবদূতশ্চ জগ্মতুঃ।
সহিতৌ রাজশার্দ্দূল ! যত্র তে পুরুষর্ষভাঃ ॥২॥
অগ্রতো দেবদূতশ্চ যযৌ রাজা চ পৃষ্ঠতঃ।
পন্থানমশুভং দুর্গং সেবিতং পাপকর্ম্মভিঃ ॥৩॥
তমসা সংবৃতং ঘোরং কেশশৈবলশাদ্বলম্।
যুক্তং পাপকৃতাং গন্ধৈর্ম্মাংসশোণিতকর্দ্দমম্ ॥৪॥
দংশোৎপাতকভল্লূকমক্ষিকামশকাবৃতম্।
ইতশ্চেতশ্চ কুণপৈঃ সমন্তাৎ পরিবারিতম্ ॥৫॥
অস্থিকেশসমাকীর্ণং কৃমিকীটসমাকুলম্।
জ্বলনেন প্রদীপ্তেন সমন্তাৎ পরিবেষ্টিতম্ ॥৬॥
অয়োমুখৈশ্চ কাকাদ্যৈর্গৃধ্রৈশ্চ সমভিদ্রুতম্।
সূচীমুখৈস্তথা প্রেতৈর্বিন্ধ্যশৈলোপমৈর্বৃতম্ ॥৭॥
মেদোরুধিরযুক্তৈশ্চ ছিন্নবাহূরুপাণিভিঃ।
নিকৃত্তোদরপাদৈশ্চ তত্র তত্র প্রবেশিতৈঃ ॥৮॥

ভারতকৌমুদী

ইতীতি। তং যুধিষ্ঠিরম্। পরন্তপেতি জনমেজয়সম্বোধনম্ ॥১॥

তত ইতি। সহিতৌ সম্মিলিতৌ, তে ভীমাদয়ঃ ॥২॥

বৈশম্পায়ন বলিলেন—শত্রুসন্তাপক রাজা! যুধিষ্ঠিরকে এই কথা বলিয়া, তাহার পর দেবতারা একজন দেবদূতকে আদেশ করিলেন যে, 'তুমি যুধিষ্ঠিরকে উঁহার বন্ধুদিগকে দর্শন করাও' ॥১॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর সেই পুরুষশ্রেষ্ঠগণ যে স্থানে ছিলেন, কুন্তীনন্দন যুধিষ্ঠির ও দেবদূত দুইজনে মিলিত হইয়া সেই স্থানে গমন করিতে লাগিলেন ॥২॥

---

(৮)·· তত্র তত্র প্রবেরিতৈঃ—বঙ্গ বর্দ্ধ সো।

স তৎ কুণপদুর্গন্ধমশিবং লোমহর্ষণম্।
জগাম রাজা ধর্ম্মাত্মা মধ্যে বহু বিচিন্তয়ন্ ॥৯॥ (কুলকম্)
দদর্শোষ্ণোদকৈঃ পূর্ণাং নদীং চাপি সুদুর্গমাম্।
অসিপত্রবনং চৈব নিশিতক্ষুরসংভৃতম্ ॥১০॥
করম্ভবালুকাস্তপ্তা আয়সীশ্চ শিলাঃ পৃথক্।
লোহকুম্ভীশ্চ তৈলস্য ক্বাথ্যমানাঃ সমন্ততঃ ॥১১॥

ভারতকৌমুদী

অগ্রত ইতি। অশুভমমঙ্গলসূচকম্, দুর্গং দুর্গমম্। তমসা অন্ধকারেণ। কেশৈঃ শৈবলৈশ্চ শাদ্বলং শ্যামবর্ণম্। মাংসশোণিতাভ্যেব কর্দ্দমা যত্র তম্। দংশৈঃ কীটবিশেষৈঃ উৎপাতকৈঃ উল্লম্ফ্য পতনশীলৈর্ভল্লুকৈর্মক্ষিকাভির্মশকৈশ্চাবৃতম্। কুণপৈঃ শবৈঃ। জ্বলনেন অগ্নিনা, প্রদীপ্তেন প্রজ্বলিতেন। অয়োমুখৈর্লৌহময়বদনৈঃ। সূচ্য ইব সূক্ষ্মাণি মুখানি যেষাং তৈঃ, বিন্ধ্যশৈলোপমৈর্বিশালৈরিত্যর্থঃ। নিকৃত্তাশ্ছিন্না যে উদরপাদাস্তৈঃ, প্রবেশিতৈঃ স্থাপিতৈ-র্বৃতমিত্যন্বয়ঃ। তৈঃ কুণপৈঃ শবৈর্দুর্গন্ধম্, অশিবম্ অমঙ্গলসূচকম্। রাজা যুধিষ্ঠিরঃ ॥৩—৯॥

দদর্শেতি। অসয়ঃ খড্গা ইব পত্রাণি পর্ণানি যেষাং তাদৃশানাং বৃক্ষাণাং বনম্, তচ্চ নিশিতৈঃ ক্ষুরৈরিব সংভৃতং পরিপূর্ণম্ ॥১০॥

অগ্রে অগ্রে দেবদূত এবং পিছনে পিছনে রাজা যুধিষ্ঠির অমঙ্গলসূচক ও দুর্গম পথে গমন করিতে লাগিলেন। সেই পথ পাপিগণসেবিত, ঘোর অন্ধকারে আবৃত, কেশ ও শৈবলে (শেওলায়) কৃষ্ণবর্ণ, পাপীদের গাত্রের দুর্গন্ধ-যুক্ত, মাংস ও রক্তের কর্দ্দমসমন্বিত, দংশ, (ডাঁশ) উল্লম্ফনকারী ভল্লুক, মক্ষিকা ও মশকে আবৃত, কোথায়ও ইতস্ততঃ, কোথায়ও বা সকল দিকে শবে ব্যাপ্ত, অস্থি ও কেশে আকীর্ণ, কৃমি ও কীটে আকুল, প্রজ্বলিত অগ্নিতে পরিবেষ্টিত, লৌহমুখ কাক ও গৃধ্রপ্রভৃতি পক্ষিগণের উপদ্রবযুক্ত, বিন্ধ্যপর্ব্বতের ন্যায় বিশাল দেহ অথচ সূচীমুখ প্রেতগণে বেষ্টিত এবং মেদ ও রুধিরযুক্ত, ছিন্ন বাহু, উরু, হস্ত, উদর ও চরণদ্বারা বিভিন্ন স্থানে আচ্ছন্ন ছিল। ধর্ম্মাত্মা যুধিষ্ঠির নানা বিষয় চিন্তা করিতে করিতে শবের দুর্গন্ধযুক্ত, অমঙ্গলসূচক ও লোমহর্ষণ সেই পথে গমন করিতে লাগিলেন ॥৩—৯॥

ক্রমে যুধিষ্ঠির দেখিলেন—উষ্ণ জলে পরিপূর্ণ একটা অতিদুর্গম নদী প্রবাহিত হইতেছে এবং একটা বন রহিয়াছে। তাহার বৃক্ষের পত্রগুলি তর-বারির ন্যায় সুধার; সুতরাং সে বনটা যেন নিশিত ক্ষুরদ্বারা পরিপূর্ণ করা হইয়াছে ॥১০॥

---

(১০) নিশিতং ক্ষুরসংবৃতম্—বঙ্গ বর্দ্ধ নি।

কূটশাল্মলিকং চাপি দুঃস্পর্শং তীক্ষ্ণকণ্টকম্।
দদর্শান্যাশ্চ কৌন্তেয়ো যাতনাঃ পাপকর্ম্মিণাম্ ॥১২॥
স তং দুর্গন্ধমালক্ষ্য দেবদূতমুবাচ হ।
কিয়দধ্বানমস্মাভির্গন্তব্যমিমমীদৃশম্ ॥১৩॥
ক্ব চ তে ভ্রাতরো মহ্যং তন্মমাখ্যাতুমর্হসি।
দেশোঽয়ং কশ্চ দেবানামেতদিচ্ছামি বেদিতুম্ ॥১৪॥
স সন্নিববৃতে শ্রুত্বা ধর্ম্মরাজস্য ভাষিতম্।
দেবদূতোঽব্রবীচ্চৈনমেতাবদ্গমনং তব ॥১৫॥
নিবর্ত্তিতব্যো হি ময়া তথাস্ম্যুক্তো দিবৌকসৈঃ।
যদি শ্রান্তোঽসি রাজেন্দ্র! ত্বমথাগন্তুমর্হসি ॥১৬॥

ভারতকৌমুদী

করম্ভেতি। তপ্তাঃ করম্ভবালুকাঃ শক্তুনির্ম্মাণোপযোগিবালুকাঃ, আয়সীর্লৌহময়ীঃ। ক্বাথ্যমানাঃ পাচ্যমানাঃ, তৈলস্য লোহকুম্ভীর্লৌহময়ঃ স্থালীশ্চ দদর্শেত্যনুবৃত্তিঃ ॥১১॥

কূটেতি। কূটশাল্মলিকং নাম বৃক্ষম্। এতৎ সকলকৃতযাতনা অন্যাশ্চ যাতনাঃ ॥১২॥

স ইতি। আলক্ষ্য অনুভূয়। গন্তব্যমিতি ভাবে তব্যপ্রত্যযাৎ "কর্ত্তৃপ্রয়োগে নিয়মার্থায়াঃ" ইতি কর্ম্মণি ষষ্ঠীনিষেধেন দ্বিতীয়ৈব "বেগরোধং ন কর্ত্তব্যম্" ইত্যাদিবৎ ॥১৩॥

ক্বেতি। মহ্যং মম। কঃ কিংনামা ॥১৪॥

স ইতি। এতাবৎ তব গমনম্ ইতঃপরং ন গন্তব্যমিতি ভাবঃ ॥১৫॥

নীতি। ময়া ত্বং নিবর্ত্তিতব্যঃ, তথা তাদৃক্, দিবৌকসৈর্দেবৈঃ। অদন্তত্বমার্ষম্ ॥১৬॥

আরও দেখিলেন—খৈ ভাজিবার উপযোগী তপ্ত বালি, লৌহময়ী শিলা এবং তাপ্যমান তৈলের কটাহ সকল দিকে রহিয়াছে ॥১১॥

যুধিষ্ঠির ক্রমে দর্শন করিলেন—ভীষণ শাল্মলিবৃক্ষের বন রহিয়াছে। তাহার কণ্টক সকল তীক্ষ্ণ; সুতরাং সে বৃক্ষ স্পর্শ করাই দুষ্কর এবং পাপীদের নানাবিধ যাতনাও তিনি দর্শন করিলেন ॥১২॥

পরে যুধিষ্ঠির সেই দুর্গন্ধ অনুভব করিয়া দেবদূতকে বলিলেন—'আমাদের এই প্রকার এই পথ আর কতদূর যাইতে হইবে ॥১৩॥

আমার সেই ভ্রাতারা কোথায়, তাহা তুমি আমার নিকট বলিতে পার? এবং দেবগণের এইটা কোন্ দেশ, তাহা আমি জানিতে ইচ্ছা করি' ॥১৪॥

দেবদূত যুধিষ্ঠিরের বাক্য শুনিয়া দাঁড়াইল এবং বলিল—'এই পর্য্যন্তই আপনার গমন ॥১৫॥

(১২)…দদর্শ চাপি কৌন্তেয়ঃ—পি বঙ্গ বর্দ্ধ সো।

যুধিষ্ঠিরস্তু নির্ব্বিণ্ণস্তেন গন্ধেন মূর্চ্ছিতঃ।
নিবর্ত্তনে ধৃতমনাঃ পর্য্যাবর্ত্তত ভারত! ॥১৭॥
স সন্নিবৃত্তো ধর্ম্মাত্মা দুঃখশোকসমাহতঃ।
শুশ্রাব তত্র বদতাং দীনা বাচঃ সমন্ততঃ ॥১৮॥
ভো ভো ধর্ম্মজ! রাজর্ষে! পুণ্যাভিজন! পাণ্ডব!।
অনুগ্রহার্থমস্মাকং তিষ্ঠ তাবন্মুহূর্ত্তকম্ ॥১৯॥
আয়াতি ত্বয়ি দুর্দ্ধর্ষে! বাতি পুণ্যঃ সমীরণঃ।
তব গন্ধানুগস্তাত! যেনাস্মান্ সুখমাগমৎ ॥২০॥
তে বয়ং পার্থ! দীর্ঘস্য কালস্য পুরুষর্ষভ!।
সুখমাসাদয়িষ্যামস্ত্বাং দৃষ্ট্বা রাজসত্তম! ॥২১॥

ভারতকৌমুদী

যুধীতি। নির্ব্বিণ্ণো গ্লানিমাপন্নঃ, মূর্চ্ছিতঃ অচেতনপ্রায়ঃ। পর্য্যাবর্ত্তত ন্যবর্ত্তত ॥১৭॥

স ইতি। দুঃখশোকাভ্যাং সমাহতস্তাড়িতঃ। দীনা দৈন্যসূচিকাঃ ॥১৮॥

ভো ইতি। হে পুণ্যাভিজন! পবিত্রবংশ!। অনুগ্রহার্থম্ অনুগ্রহকরণার্থম্ ॥১৯॥

আয়াতীতি। হে তাত! পিতৃতুল্যদীনবৎসল! দুর্দ্ধর্ষে ত্বয়ি আয়াতি আগচ্ছতি সতি, তব গন্ধমনুগচ্ছতীতি সঃ, পুণ্যঃ পবিত্রঃ, সমীরণো বায়ুর্বাতি। যেন সমীরণেন সুখং কর্ত্তৃ, অস্মান্, আগমৎ প্রাপ্তম্ ॥২০॥

ত ইতি। দীর্ঘস্য কালস্য পরমিতি শেষঃ। আসাদযিষ্যামঃ প্রাপ্স্যামঃ ॥২১॥

'স্থানবিশেষে আপনাকে আমার ফিরাইতে হইবে' সেইরূপই দেবতারা আমাকে বলিয়া দিয়াছেন; অতএব রাজশ্রেষ্ঠ! আপনি যদি পরিশ্রান্ত হইয়া থাকেন, তাহা হইলে ফিরিয়া আসিতে পারেন' ॥১৬॥

ভরতনন্দন! যুধিষ্ঠির সেই দুর্গন্ধে গ্লানিযুক্ত ও মূর্চ্ছিতপ্রায় হইয়া ফিরিবার ইচ্ছা করিয়া নিবৃত্তি পাইলেন ॥১৭॥

ধর্ম্মাত্মা যুধিষ্ঠির দুঃখে ও শোকে তাড়িত ও নিবৃত্ত হইয়া সেই স্থানে কাতরোক্তিকারী মনুষ্যদিগের কাতর বাক্য সকল সমস্ত দিক্ হইতে শুনিতে পাইলেন ॥১৮॥

'ধর্ম্মপুত্র রাজর্ষি পবিত্রবংশ পাণ্ডুনন্দন! আপনি আমাদের উপরে অনুগ্রহ প্রকাশ করিবার জন্য মুহূর্ত্ত কাল এই স্থানে অবস্থান করুন ॥১৯॥

পিতঃ! আপনি পুণ্যের বলে দুর্দ্ধর্ষ; সুতরাং আপনি আসিতে লাগিলে আপনার গাত্রের সৌরভবাহী পবিত্র বায়ু বহিতেছে, যাহাতে আমাদের সুখ উপস্থিত হইয়াছে ॥২০॥

সংতিষ্ঠস্ব মহাবাহো ! মুহূর্ত্তমিহ ভারত ! ।
ত্বয়ি তিষ্ঠতি কৌরব্য ! যাতনাস্মান্ন বাধতে ॥২২॥
এবং বহুবিধা বাচঃ কৃপণা বেদনাবতাম্ ।
তস্মিন্ দেশে স শুশ্রাব সমন্তাদ্বদতাং নৃপ ! ॥২৩॥
তেষান্তু বচনং শ্রুত্বা দয়াবান্ দীনভাষিণাম্ ।
অহো কৃচ্ছ্রমিতি প্রাহ তস্থৌ স চ যুধিষ্ঠিরঃ ॥২৪॥
স তা গিরঃ পুরস্তাদ্বৈ শ্রুতপূর্ব্বাঃ পুনঃ পুনঃ ।
গ্লানানাং দুঃখিতানাঞ্চ নাভ্যজানত পাণ্ডবঃ ॥২৫॥
অবুধ্যমানস্তা বাচো ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ।
উবাচ কে ভবন্তো বৈ কিমর্থমিহ তিষ্ঠথ ॥২৬॥

ভাবতকৌমুদী

সংতিষ্ঠস্বেতি। ত্বয়ি তিষ্ঠতি সতি, ন বাধতে ন পীড়য়তি ॥২২॥

এবমিতি। কৃপণাঃ কাতরাঃ, বেদনাবতাং জনানাম্ ॥২৩॥

তেষামিতি। দীনভাষিণাং দুর্গতোক্তিকারিণাম্। অহো ইতি খেদে, কৃচ্ছ্রমমীষাং কষ্টম্ ॥২৪॥

স ইতি। পুরস্তাদগ্রতঃ। নাভ্যজানত কে তে বদন্তীতি ন জ্ঞাতবান্ ॥২৫॥

অবুধ্যেতি। অবুধ্যমানঃ তা বাচঃ কে বদন্তীত্যজানন্ ॥২৬॥

রাজশ্রেষ্ঠ পুরুষপ্রধান পৃথানন্দন ! সেই আমরা আপনাকে দেখিয়া দীর্ঘ কালের পর সুখ লাভ করিব ॥২১॥

মহাবাহু ভরতনন্দন ! আপনি এইখানে একটু কাল থাকুন। কৌরবনন্দন ! আপনি থাকিলে যাতনা আমাদিগকে পীড়া দিতে পারিবে না' ॥২২॥

রাজা ! যুধিষ্ঠির সেই স্থানে থাকিয়া বেদনাযুক্ত লোকদিগের এইরূপ দুঃখসূচক বহুবিধ বাক্য সকল দিক্ হইতে শুনিতে লাগিলেন ॥২৩॥

তখন যুধিষ্ঠির সেই কাতরোক্তিকারী লোকদিগের বাক্য শুনিয়া দয়ান্বিত হইয়া 'হায় ! কি কষ্ট' এই কথা বলিলেন এবং সেইখানে দাঁড়াইলেন ॥২৪॥

যুধিষ্ঠির গ্লানিযুক্ত ও দুঃখিত লোকদিগের সেই সকল বাক্য পূর্ব্বেও বার বার শুনিয়াছিলেন ; কিন্তু কাহারা এ সকল বাক্য বলিতেছে, তাহা জানিতে পারিলেন না ॥২৫॥

কাহারা সেই সকল বাক্য বলিতেছে—ইহা বুঝিতে না পারিয়া ধর্ম্মপুত্র যুধিষ্ঠির বলিলেন—'আপনারা কাহারা এবং কি জন্যই বা এখানে রহিয়াছেন' ? ॥২৬॥

ইত্যুক্তান্তে ততঃ সর্ব্বে সমন্তাদবভাষিরে।
কর্ণোঽহং ভীমসেনোঽহমর্জ্জুনোঽহমিতি প্রভো! ॥২৭॥
নকুলঃ সহদেবোঽহং ধৃষ্টদ্যুম্নোঽহমিত্যুত।
দ্রৌপদী দ্রৌপদেয়াশ্চ ইত্যেবং তে বিচুক্রুশুঃ ॥২৮॥
তা বাচঃ স তদা শ্রুত্বা তদ্দেশসদৃশীর্নৃপ!।
ততো বিমমৃশে রাজা কিং স্বিদং দৈবকারিতম্ ॥২৯॥
কিং নু তৎ কলুষং কর্ম্ম কৃতমেভির্মহাত্মভিঃ।
কর্ণেন দ্রৌপদেয়ৈর্বা পাঞ্চাল্যা বা সুমধ্যয়া ॥৩০॥
য ইমে পাপগন্ধেঽস্মিন্ দেশে সন্তি সুদারুণে।
নাহং জানামি সর্বেষাং দুষ্কৃতং পুণ্যকর্ম্মণাম্ ॥৩১॥
কিং কৃত্বা ধৃতরাষ্ট্রস্য পুত্রো রাজা সুযোধনঃ।
তথা শ্রিয়া যুতঃ পাপৈঃ সহ সর্বৈঃ পদানুগৈঃ ॥৩২॥
মহেন্দ্র ইব লক্ষ্মীবানাস্তে পরমপূজিতঃ।
কস্যেদানীং বিকারোঽয়ং য ইমে নরকং গতাঃ ॥৩৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ইতীতি। সমন্তাৎ সর্ব্বাভ্যো দিগ্‌ভ্যঃ ॥২৭॥
নকুল ইতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ, বিচুক্রুশুঃ আর্ত্তস্বরেণোচুঃ ॥২৮॥
তা ইতি। তদ্দেশসদৃশীস্তৎস্থানযোগ্যাঃ কষ্টসূচিকা ইত্যর্থঃ। বিমমৃশে চিন্তয়ামাস ॥২৯॥
কিমিতি। কলুষং পাপং পাপজনকম্, এভির্মহাদিভিঃ। দ্রৌপদেয়ৈর্দ্রৌপদ্যাঃ পুত্রৈঃ ॥৩০॥
য ইতি। পাপগন্ধে দুর্গন্ধময়ে, সন্তি তিষ্ঠন্তি ॥৩১॥

যুধিষ্ঠির এই কথা বলিলে, তাহার পর তাঁহারা সকলে সকল দিক্ হইতে বলিয়া উঠিলেন—'প্রভু! আমি কর্ণ, আমি ভীমসেন, আমি অর্জ্জুন ॥২৭॥

আমি নকুল, আমি সহদেব, আমি ধৃষ্টদ্যুম্ন, আমি দ্রৌপদী এবং আমরা দ্রৌপদীর পুত্রগণ'। এইভাবে তাঁহারা আর্ত্তস্বরে বলিলেন ॥২৮॥

রাজা! তখন সেই স্থানের উপযুক্ত সেই সকল বাক্য শুনিয়া, যুধিষ্ঠির বিষণ্ণ মনে চিন্তা করিলেন—'ইহা কি দৈবকৃত ॥২৯॥

এই মহাত্মারা এবং কর্ণ, দ্রৌপদীর পুত্রগণ ও সুমধ্যমা দ্রৌপদী কোন্ পাপ কর্ম্ম করিয়াছিলেন ॥৩০॥

এই যাঁহারা এই অতিভীষণ দুর্গন্ধময় স্থানে রহিয়াছেন। ইঁহারা সকলেই পুণ্যকর্ম্মা; কিন্তু ইঁহাদের কোন পাপকর্ম্মের বিষয় আমি জানি না ॥৩১॥

---

(২৯) কিমিদং দৈবকারিতম্—পি। কিঙ্কিদং দৈবকারিতম্—বঙ্গ বর্দ্ধ নি।

সর্ব্বে ধর্ম্মবিদঃ শূরাঃ সত্যাগমপরায়ণাঃ।
ক্ষত্রধর্ম্মরতাঃ সন্তো যজ্বানো ভূরিদক্ষিণাঃ ॥৩৪॥
কিং নু সুপ্তোঽসি জাগর্ম্মি চেতয়ামি ন চেতয়ে।
অহো চিত্তবিকারোঽয়ং স্যাদ্বা মে চিত্তবিভ্রমঃ ॥৩৫॥
এবং বহুবিধং রাজা বিমমর্শ যুধিষ্ঠিরঃ।
দুঃখশোকসমাবিষ্টশ্চিন্তাব্যাকুলিতেন্দ্রিয়ঃ ॥৩৬॥
ক্রোধমাহারয়চ্চৈব তীব্রং ধর্ম্মসুতো নৃপ।।
দেবাংশ্চ গর্হয়ামাস ধর্ম্মঞ্চৈব যুধিষ্ঠিরঃ ॥৩৭॥
স তীব্রশোকসন্তপ্তো দেবদূতমুবাচ হ।
গম্যতাং ভদ্র! যেষাং ত্বং দূতস্তেষামুপান্তিকম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

কিমিতি। তথা তাদৃশ্যা, শ্রিয়া স্বর্গসুখসম্পদা, পদানুগৈরনুচরৈঃ। লক্ষ্মীবান্ শোভান্বিতঃ। যোপধস্বান্বিতঃ। কস্য কর্ম্মণঃ, বিকারঃ পরিণামঃ ॥৩২—৩৩॥

সর্ব্ব ইতি। সত্যঞ্চ আগমঃ শাস্ত্রঞ্চ তৎপরায়ণাঃ। সন্তঃ সাধুপ্রকৃতয়ঃ, যজ্বানো যথাবিধানং যজ্ঞকারিণঃ ॥৩৪॥

কিমিতি। সুপ্তো নিদ্রিতঃ, চেতয়ামি চৈতন্যবান্, ন চেতয়ে অচেতনঃ ॥৩৫॥

এবমিতি। বিমমর্শ বিবিধমালোচয়ামাস। চিন্তয়া ব্যাকুলিতম্ ইন্দ্রিয়ং মনো যস্য সঃ ॥৩৬॥

ক্রোধমিতি। ক্রোধম্ ঈদৃশদুর্ব্যবস্থাকারিণো দেবান্ প্রতি কোপম্, আহারয়দকরোৎ ॥৩৭॥

ধৃতরাষ্ট্রের পুত্র রাজা দুর্য্যোধন কোন্ কার্য্য করিয়া সেইরূপ স্বর্গীয় সুখযুক্ত ও কান্তিসমন্বিত হইয়া পাপিষ্ঠ অনুচরবর্গের সহিত ইন্দ্রের ন্যায় রহিয়াছে এবং অত্যন্ত সম্মানিত হইতেছে। আর কোন্ কার্য্যের এই পরিণাম যে, ইঁহারা নরকে গিয়াছেন। ॥৩২—৩৩॥

ইঁহারা সকলেই ধর্ম্মজ্ঞ, বীর, সত্য ও শাস্ত্রপরায়ণ, ক্ষত্রিয়ধর্ম্মে নিরত, সাধুপ্রকৃতি, যথাবিধানে যজ্ঞকারী এবং প্রচুর দক্ষিণাদাতা ॥৩৪॥

আমি কি নিদ্রিত, না, জাগরিত? আমার কি চৈতন্য আছে, না, চৈতন্য নাই? হায়! এটা কি আমার মনের বিকার, না, মনের ভ্রমই হইবে' ॥৩৫॥

রাজা যুধিষ্ঠির দুঃখ ও শোকসমন্বিত এবং চিন্তায় আকুল চিত্ত হইয়া মনে মনে এইরূপ নানাবিধ আলোচনা করিলেন ॥৩৬॥

রাজা! তাহার পর ধর্ম্মপুত্র যুধিষ্ঠির দেবগণের উপরে তীব্র ক্রোধ করিলেন এবং দেবগণ ও ধর্ম্মকে নিন্দা করিতে লাগিলেন ॥৩৭॥

---

(৩৮) স তীব্রগন্ধসন্তপ্তঃ—পি বঙ্গ বর্দ্ধ সো। গম্যতাং তত্র যেষাং ত্বং—বঙ্গ বর্দ্ধ নি সো।

নহ্যহং তত্র যাস্যামি স্থিতোঽস্মীতি নিবেদ্যতাম্।
মৎসংশ্রয়াদিমে দূনাঃ সুখিনো ভ্রাতরো হি মে ॥৩৯॥
ইত্যুক্তঃ স তদা দূতঃ পাণ্ডুপুত্রেণ ধীমতা।
জগাম তত্র যত্রাস্তে দেবরাজঃ শতক্রতুঃ ॥৪০॥
নিবেদয়ামাস চ তদ্ধর্ম্মরাজচিকীর্ষিতম্।
যথোক্তং ধর্ম্মপুত্রেণ সর্ব্বমেব জনাধিপ! ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং স্বর্গারোহণ-পর্ব্বণি যুধিষ্ঠিরনরকদর্শনে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

ভারতকৌমুদী

স ইতি। স যুধিষ্ঠিরঃ। হে ভদ্র! সজ্জন! ॥৩৮॥

নহীতি। দূনাঃ কষ্টসন্তপ্তাঃ, সুখিনো ভবন্তীতি শেষঃ ॥৩৯॥

ইতীতি। ধীমতা বুদ্ধিমতা ন্যায্যকার্য্যকরণাদিতি ভাবঃ ॥৪০॥

নিবেদেতি। নিবেদয়ামাস স দূতঃ, ধর্ম্মরাজেন চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্ ॥৪১॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং স্বর্গারোহণপর্ব্বণি দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

ইতীতি ॥১—৭॥ প্রবেরিতৈরিতস্ততঃ পাতিতৈঃ ॥৮—১০॥ করম্ভবালুকাঃ শ্বেতসূক্ষ্মবালুকাঃ ভ্রাষ্ট্রবালুকা ইত্যর্থঃ ॥১১—৩৫॥ বিমর্শং বিচারং কৃতবান্ ॥৩৬—৩৮॥ দূনাঃ খিন্নাঃ ॥৩৯—৪১॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে স্বর্গারোহণপর্ব্বণি দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥২॥

—:*:—

পরে অত্যন্ত শোকসন্তপ্ত যুধিষ্ঠির দেবদূতকে বলিলেন—'ভদ্র! তুমি যাঁহাদের দূত; তাঁহাদের নিকটে যাও ॥৩৮॥

যাইয়া জানাও যে, আমি সে স্থানে যাইব না, এই স্থানেই রহিলাম। কারণ, আমার এই কষ্টসন্তপ্ত ভ্রাতারা আমার সংশ্রবে সুখ অনুভব করিতেছেন' ॥৩৯॥

বুদ্ধিমান্ যুধিষ্ঠির এইরূপ বলিলে, তখনই সেই দূত—দেবরাজ ইন্দ্র যে স্থানে ছিলেন, সেই স্থানে গমন করিল ॥৪০॥

নরনাথ! দূত যাইয়া যুধিষ্ঠির যাহা বলিয়াছেন এবং যাহা করিবার ইচ্ছা করিয়াছেন, সে সমস্তই দেবরাজকে জানাইল ॥৪১॥

তৃতীয়োঽধ্যায়ঃ

—ঃ০ঃ—

বৈশম্পায়ন উবাচ।

স্থিতে মুহূর্ত্তং পার্থে তু ধর্ম্মরাজে যুধিষ্ঠিরে।
আজগ্মুস্তত্র কৌরব্য! দেবাঃ শক্রপুরোগমাঃ ॥১॥
স চ বিগ্রহবান্ ধর্ম্মো রাজানং প্রসমীক্ষিতুম্।
তত্রাজগাম যত্রাসৌ কুরুরাজো যুধিষ্ঠিরঃ ॥২॥
তেষু ভাস্বরদেহেষু পুণ্যাভিজনকর্ম্মসু।
সমাগতেষু দেবেষু ব্যগমত্তত্তমো নৃপ! ॥৩॥
নাদৃশ্যন্ত চ তাস্তত্র যাতনাঃ পাপকর্ম্মণাম্।
নদী বৈতরণী চৈব কূটশাল্মলিনা সহ ॥৪॥

ভারতকৌমুদী

স্থিত ইতি। শক্র ইন্দ্রঃ পুরোগমঃ অগ্রগামী যেষাং তে ॥১॥

স ইতি। বিগ্রহবান্ পুরুষমূর্ত্তিমান্, রাজানং যুধিষ্ঠিরম্ ॥২॥

তেম্বিতি। ভাস্বরা দীপ্তিমন্তো দেহা যেষাং তেষু, পুণ্যানি অভিজনকর্ম্মাণি বংশকার্য্যাণি যেষাং তেষু। তমঃ অন্ধকারঃ ॥৩॥

নেতি। কূটশাল্মলিনা সহ বৈতরণী নাম নদী চ নাদৃশ্যতেতি বচনবিপরিণামেনানুবৃত্তিঃ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—কৌরবনন্দন! পৃথানন্দন ধর্ম্মরাজ যুধিষ্ঠির সেই স্থানে কিয়ৎকাল থাকিলে, ইন্দ্রপ্রভৃতি দেবগণ সেই স্থানে আগমন করিলেন ॥১॥

এবং কুরুরাজ যুধিষ্ঠির যে স্থানে ছিলেন, মূর্ত্তিমান্ ধর্ম্ম তাঁহাকে দেখিবার জন্য সেই স্থানে আসিলেন ॥২॥

রাজা! উজ্জ্বলমূর্ত্তি, পবিত্র বংশ ও পুণ্যকর্ম্মা সেই দেবগণ আগমন করিলে, পূর্ব্ববর্ত্তী অন্ধকার তিরোহিত হইল ॥৩॥

এবং পাপীদের সেই যাতনা, বৈতরণী নদী ও কূটশাল্মলি বন আর সেখানে দেখা গেল না ॥৪॥

---

(২)…রাজানং সংপরীক্ষ্য তম্—নি।

লোহকুম্ভ্যঃ শিলাশ্চৈব নাদৃশ্যন্ত ভয়ানকাঃ।
বিকৃতানি শরীরাণি যানি তত্র সমন্ততঃ।
দদর্শ রাজা কৌরব্যস্তান্ সর্বান্ সুমহাপ্রভান্ ॥৫॥
ততো বায়ুঃ সুখস্পর্শঃ পুণ্যগন্ধবহঃ শুচিঃ।
ববৌ দেবসমীপস্থঃ শীতলোঽতীব ভারত ! ॥৬॥
মরুতঃ সহ শক্রেণ বসবশ্চাশ্বিনৌ সহ।
সাধ্যা রুদ্রাস্তথাদিত্যা যে চান্যেঽপি দিবৌকসঃ ॥৭॥
সর্বে তত্র সমাজগ্মুঃ সিদ্ধাশ্চ পরমর্ষয়ঃ।
যত্র রাজা মহাতেজা ধর্ম্মপুত্রঃ স্থিতোঽভবৎ ॥৮॥ (যুগ্মকম্)
ততঃ শক্রঃ সুরপতিঃ শ্রিয়া পরময়া যুতঃ।
যুধিষ্ঠিরমুবাচেদং সান্ত্বপূর্ব্বমিদং বচঃ ॥৯॥

ভারতকৌমুদী

লোহেতি। তত্র সমন্ততো যান্যাসন্নিতি শেষঃ। সুমহাপ্রভান্ অতীবশোভনকান্তীন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫॥

তত ইতি। সুখঃ সুখজনকঃ স্পর্শো যস্য সঃ, শুচিঃ পবিত্রঃ ॥৬॥

মরুত ইতি। মরুতো বায়বঃ। ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৭—৮॥

তত ইতি। সান্ত্বপূর্ব্বং সান্ত্বনাপূর্ব্বকং দুঃখনিবারকমিত্যর্থঃ ॥৯॥

ভয়ঙ্কর লৌহকুম্ভ ও শিলা দৃষ্টিগোচর হইল না এবং সে স্থানে সকল দিকে যে সকল বিকৃত শরীর ছিল, সেগুলিকেও অত্যন্ত সুন্দররূপে যুধিষ্ঠির দেখিলেন ॥৫॥

ভরতনন্দন! তাহার পর সুখস্পর্শ, মনোহর সৌরভবাহী, পবিত্র ও অত্যন্ত শীতল বায়ু দেবগণের নিকট দিয়া বহিতে লাগিল ॥৬॥

মহাতেজা ধর্ম্মপুত্র যুধিষ্ঠির যে স্থানে ছিলেন, ক্রমে ইন্দ্রের সহিত বায়ু, অশ্বিনীকুমারদের সহিত বসুগণ, সাধ্যগণ, রুদ্রগণ, আদিত্যগণ এবং অন্য যে সকল দেবতা আছেন তাঁহারা সকলে, আর সিদ্ধ মহর্ষিরা সেই স্থানে আগমন করিলেন ॥৭—৮॥

তাহার পর পরমকান্তিসম্পন্ন দেবরাজ ইন্দ্র সান্ত্বনাপূর্ব্বক যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন—॥৯॥

---

(৫)…তান্যদৃশ্যানি চাভবন্—বি বঙ্গ বর্দ্ধ।

যুধিষ্ঠির! মহাবাহো! প্রীতা দেবগণাস্ত্বয়া।
এহ্যেহি পুরুষব্যাঘ্র! কৃতমেতাবতা বিভো! ॥১০॥
সিদ্ধিঃ প্রাপ্তা মহাবাহো! লোকাশ্চাপ্যক্ষয়াস্তব।
ভ্রাতৃণাং সুহৃদাং চৈব গতির্নিত্যা সুপূজিতা ॥১১॥
ন চ মন্যুস্ত্বয়া কার্য্যঃ শৃণু চেদং বচো মম।
অবশ্যং নরকস্তাত! দ্রষ্টব্যঃ সর্ব্বরাজভিঃ ॥১২॥
শুভানামশুভানাঞ্চ দ্বৌ রাশী পুরুষর্ষভ!।
যঃ পূর্ব্বং সুকৃতং ভুঙ্‌ক্তে পশ্চান্নিরয়মেব সঃ ॥১৩॥
পূর্ব্বং নরকভাগ্‌যস্তু পশ্চাৎ স্বর্গমুপৈতি সঃ।
ভূয়িষ্ঠং পাপকর্ম্মা যঃ স পূর্ব্বং স্বর্গমশ্নুতে ॥১৪॥

ভারতকৌমুদী

যুধীতি। ত্বয়া ত্বদীয়ধর্ম্মেণ। এতাবতা অন্যায্যতাদর্শনাদাক্ষেপেণ, কৃতমলম্ ॥১০॥

সিদ্ধিরিতি। প্রাপ্তা ত্বয়া। সুপূজিতা অতীবপ্রশস্তা ॥১১॥

নেতি। মন্যুর্দৈন্যং কোপো বা। সর্ব্বরাজভিরিত্যদন্তত্বাভাব আর্ষঃ। তেষাং রাজ্য-শাসনে প্রায়েণ পুণ্যপাপয়োরুভয়োরেব কর্ত্তব্যত্বাদিতি ভাবঃ ॥১২॥

শুভানামিতি। শুভানাং পুণ্যানাম্, অশুভানাং পাপানাঞ্চ, দ্বৌ রাশী বিশালৌ ভাগৌ সম্ভবত ইতি শেষঃ। তয়োর্ম্মধ্যে যো রাজা পূর্ব্বং সুকৃতং পুণ্যফলং ভুঙ্‌ক্তে, স পশ্চাৎ নিরয়ং নরকম্, ভুঙ্‌ক্ত এব। ভোগং বিনা পুণ্যপাপক্ষয়াসম্ভবাৎ ॥১৩॥

পূর্ব্বমিতি। ভূয়িষ্ঠং পাপকর্ম্ম যস্য সঃ। এবমলুক্‌সমাস আর্ষঃ। পশ্চাচ্চ নরকং সূচীকটাহ-ন্যায়াদিতি ভাবঃ ॥১৪॥

'মহাবাহু যুধিষ্ঠির! তুমি দেবগণকে সন্তুষ্ট করিয়াছ; অতএব পুরুষশ্রেষ্ঠ! আইস আইস। রাজা! তোমার এত আক্ষেপ করিবার প্রয়োজন নাই ॥১০॥

মহাবাহু! তুমি সিদ্ধিলাভ করিয়াছ এবং তোমার অক্ষয় স্বর্গ হইয়াছে; আর তোমার ভ্রাতৃগণ ও বন্ধুগণের চিরস্থায়িনী প্রশস্ত গতি হইয়াছে ॥১১॥

বৎস! তুমি দুঃখ করিও না, আমার এই বাক্য শ্রবণ কর—সকল রাজারই নিশ্চয় নরক দর্শন করিতে হয় ॥১২॥

পুরুষশ্রেষ্ঠ! সকল লোকেরই পুণ্য ও পাপের দুইটা ভাগ থাকে। তাহার মধ্যে যে লোক প্রথমে পুণ্যের ফল ভোগ করে, সে পরে নরক ভোগ করিয়া থাকে ॥১৩॥

যে লোক প্রথমে নরক ভোগ করে, সে লোক পরে স্বর্গে যায়; আর যাহার পাপ অধিক, সে পূর্ব্বে স্বর্গ ভোগ করে ॥১৪॥

---

(১০) ইতঃ প্রভৃতি পুস্তকভেদাদেব পাঠভেদো দৃশ্যতে।

ভূয়িষ্ঠশুভকর্ম্মা ত্বমল্পজিহ্মতযাচ্যুত!।
তেন ত্বমেবং গমিতো ময়া শ্রেয়োঽর্থিনা নৃপ! ॥১৫॥
ব্যাজেন হি ত্বযা দ্রোণ উপচীর্ণঃ সুতং প্রতি।
ব্যাজেনৈব ততো রাজন্! দর্শিতো নরকস্তব ॥১৬॥
যথৈব ত্বং তথা ভীমস্তথা পার্থো যমৌ তথা।
দ্রৌপদী চ তথা কৃষ্ণা ব্যাজেন নরকং গতাঃ।
আগচ্ছ নরশার্দ্দূল! মুক্তাস্তে চৈব কল্মষাৎ ॥১৭॥
স্বপক্ষাশ্চৈব যে তুভ্যং পার্থিবা নিহতা রণে।
সর্ব্বে স্বর্গমনুপ্রাপ্তাস্তান্ পশ্য ভরতর্ষভ! ॥১৮॥

ভারতকৌমুদী

ভূয়িষ্ঠেতি। ভূয়িষ্ঠং বহুলং শুভকর্ম্ম যস্য সঃ, অল্পজিহ্মতযা ঈষৎকুটিলত্বযা। তেন হেতুনা, শ্রেয়োঽর্থিনা তব মঙ্গলাভিলাষিণা ময়া, ত্বমেবং গমিতঃ পূর্ব্বং নরকং প্রাপিতঃ ॥১৫॥

অথ মমাল্পমপি জিহ্মকার্য্যং কুত্রেত্যাহ ব্যাজেনেতি। হে রাজন্! সুতং প্রতি দ্রোণস্যৈব পুত্রবিষয়ে, ব্যাজেন চ্ছলেন, ত্বযা দ্রোণঃ, উপচীর্ণ আচরিতঃ, গজং মনসি নিধায, "অশ্বত্থামা হতঃ" ইত্যুক্তঃ, সত্যবাদিনস্তব তদ্বাক্যবিশ্বাসেনাস্ত্রত্যাগাৎ ধৃষ্টদ্যুম্নেন দ্রোণো হত ইত্যাশয়ঃ। ততঃ কারণাৎ, ময়া ব্যাজেনৈব তব সম্বন্ধে নরকো দর্শিতঃ। অত্র পূর্ব্বার্দ্ধবৃত্তান্তো দ্রোণপর্ব্বণি দ্রষ্টব্যঃ। বিরাটভবনপ্রবেশকালে যাঃ পুনর্যুধিষ্ঠিরাদীনাং মিথ্যোক্তযস্তাসামুপপত্তিস্তত্রৈব দর্শিতা ॥১৬॥

যথেতি। ত্বং যথৈব ব্যাজেন নরকং গতঃ, পার্থোঽর্জ্জুনঃ, যমৌ নকুলসহদেবৌ। ব্যাজেন চ্ছলেন অস্মাকং মাযয়েত্যর্থঃ। তে তব ভ্রাত্রাদযঃ, কল্মষাৎ কল্মষজনিতনরকাৎ। ষট্পাদোঽযং শ্লোকঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

স্থিত ইতি ॥১—১২॥ শত্রূণাং স্বর্গো ভ্রাতৄণাং নরক ইতি যুধিষ্ঠিরস্য ঈর্ষ্যাবিষাদাবপনয়তি—য ইতি ॥১৩—১৫॥ হতঃ কুঞ্জর ইতি অশ্বত্থামবধে দ্রোণ উপচীর্ণো বঞ্চিতঃ, গজবাচী

রাজা! তোমার অল্প কুটিলতা ছিল বলিযা পুণ্যকার্য্যই অধিক হইযাছিল; ধার্ম্মিক! সেই জন্যই আমি তোমার মঙ্গলার্থী হইয়া এইভাবে প্রথমে তোমাকে নরক দেখাইয়াছি ॥১৫॥

রাজা! তুমি অশ্বত্থামার বিষয়ে দ্রোণের সহিত ছল ব্যবহার করিযাছিলে, সেই জন্যই আমি তোমাকে ছলপূর্ব্বক নরক দেখাইযাছি ॥১৬॥

নরশ্রেষ্ঠ! তুমি যেমন দেবমাযায় নরক দেখিয়াছ, তেমন ভীম, অর্জ্জুন, নকুল, সহদেব ও দ্রৌপদী দেবমায়াতেই নরকে গিযাছিলেন। তুমি আগমন কর, তাঁহারা সকলেই নরক হইতে মুক্তি লাভ করিয়াছেন ॥১৭॥

কর্ণশ্চৈব মহেষ্বাসঃ সর্বশস্ত্রভৃতাংবরঃ।
স গতঃ পরমাং সিদ্ধিং যদর্থং পরিতপ্যসে ॥১৯॥
তং পশ্য পুরুষব্যাঘ্রমাদিত্যতনয়ং বিভো!।
স্বস্থানস্থং মহাবাহো! জহি শোকং নরর্ষভ! ॥২০॥
ভ্রাতৄন্ পুত্রাংস্তথা পশ্য স্বপক্ষাংশ্চৈব পার্থিবান্।
